# বংশ-পরিচয়

-650020-

#### ষষ্ট খণ্ড

প্রজাপতি-সম্পাদক

## শ্রীজ্ঞানেন্দ্রনাথ কুমার-সঙ্কলিত

কলিকাতা ২০৯নং কর্ণওয়ালিস খ্রীট হইছে

শ্রীজ্ঞানেক্রনাথ কুমার কর্তৃক
প্রকাশিত
ও

২০৯নং কর্ণওয়ালিস খ্রীট
প্রোক্রিন প্রেক্রে

কার্ত্তিক, ১৩৩৪

#### উৎসর্গ-পত্র

ইতি বিভাগের হাজি বর্ণা শ্রমধ্যের একটা বিভাগ-স্থান্থ থাসিয়ে পাডিয়াছে, যিনি ভিন্দ্র যৌগ-প্রিবারের এক মহান হাদেশ জগণের সম্মোক্ত বাশিয়ে গিয়াছেন, যাতার হাায়ে, নিছা, সংযাম, বিভিন্দা প্রভাবে হিন্দ্রই মন্ত্রকরনীয়ে, যাতার ভালয় পারের ছাজেস্থারে বিভিন্ন সদাই ইদ্বেলি ওইইন, যিনি ইন্স্যার ইচ্চস্থারে প্রতিটিত্ত প্রাক্ষণাভ জনক্ষায়ির হাায়ে নিলোভ এব নিশাজি মহাপুরুষ ভিলেন, প্রবর্গের, সই, গ্রাব্র-গ্রিমামতি ও ভাপস্থারর ফ্রীয়ে ভেমচন্দ্র, চৌগরীর পুণা-প্রতির ইদ্বেশে শর্ম-প্রিচয়া যুই গও ইংস্কিতি হইল ।



৺পুণাপ্লোক —হেমচন্দ্ৰ চৌৰুবী

আবিভাব—আহারিয়া, ২৪শে কার্তিব, ১২৬৯ বজাক তিরোভাব—মোক্ষনাম ধকাশাধান, ২৯শে আবাত , ১৩৩২ বঙ্গাক

# সূচীপত্ৰ

বিষয়	<b>নৃষ্ঠা</b>
১। স্থান্ধ রাজবংশ	>>>
२। তोनन देयव अभिनात-वःभ	>>\$>
৩। চক্রনাথের মোহান্তগণ	99-09
৪ ৷ চন্দ্রনাথের সেবায়েত-বংশ	C3 PC
ে। নাকাশিপাড়া সিংহরায় জমিদার-বংশ	88-84
৬। চৌদরশীর জমিদার-বংশ	•86 68
৭। রায় বাহাচর শ্রীযুক্ত পঞ্চানন মজুমদার	287789
৮। কাড়াপাড়া (খুলন) ) রায় চৌধুরী-বংশ	>8 <b>9&gt;</b> 52
ন। রায় বাহাহর ডাক্তার শ্রীযুক্ত দীননাথ সাভাল	> 50->65
১০। ভাণ্ডারহাটা (হুগলি) চৌধুরী-বংশ	192-192
১১। ভারেঙ্গার (পাবনা) চক্রবর্ত্তী-বংশ	245-767
১২। রার বাহাতর ত্রীযুক্ত যোগেক্রনাধ সিংহ	342248
১৩। বাট্যারীর জমিদার-বংশ	>>65.5
১৪। বারেক্র শ্রেণী কায়স্থ নাগ-বংশ	> • > <del> &gt; &gt; •</del>
> <b>৫ হাবেলী বাসাবাটীর</b> নাগ-বংশ	२२१—२€७
১৬। সঙ্গীতকেশরী স্বর্গীয় অনস্তচরণ বন্দ্যোপাধ্যার	३ € 8 — २ ७ ४
১৭। <b>রায় বাহাত্ত্র শ্রীযুক্ত গোপালচক্ত</b> বন্দ্যোপাধ্যায়	२७৯— २৯७
১৮। প্রধান বিচারপতি ভার নলিনীরঞ্জন চটোপাধ্যার	₹28 <b>—-\$2</b> ₽
১৯। স্বৰ্গীয় বিচারপতি ছারকানাথ মিত্র	5.0 -665
২০। চট্টপ্রামের বৈখানরগোত্তীয় সেন-বংশ	35 <b>03</b> 8
২১৷ দরমাহাটার বস্ত-বংশ	೨ <b>२8</b> —- <b>೨</b> 8∙

२२	স্বৰ্গীয় মোহিনামোহন চক্ৰবৰ্ত্তী 🤔	982—968
२०।	স্বর্গীয় যোগেক্তচক্র চট্টোপাধ্যায়	occoc9
२8	শ্রীযুক্ত গোলকবিহারী রায	00-400
२৫।	শ্রীযুক্ত প্রমস্থ হাজরা '	96°967
२ <b>७</b> ।	শ্রীযুক্ত চক্রভূষণ শর্মামণ্ডল	<b>৩৬</b> ২ ৩ <b>৬</b> ৫
२१ ।	ত্রীবাটীর ( বর্দ্ধমান ) চক্র-বংশ	৩৬৬৩৭ •
२৮।	অনারেবল দৈয়দ মহম্মদ সয়াহ্রা	৩৭১—৩৭৩
२२ ।	খাঁ বাহাহর দৈয়দ আব্দুল লভিফ	998—99b
9.	বিচারপতি রায় ঘারকানাথ চক্রবর্তী বাহাছর	800
52 1	স্বৰ্গীয় নিমাইচক্ৰ বস্থ	cac-04c
ا ډو	<b>ডা: স্থীলকুমা</b> র মুখোপাধ্যায়	عرد — بردو المرابع
၁၁	রায় বাহাত্র যতীক্রমোহন সিংহ কবিরঞ্ন	9-8-9
<b>98</b>	রা <b>র'সাহে</b> ব রাধাগোবিক রায়	805-850
901	চাঁচল রাজ-বংশ	8 > 8
96	রার বাহাত্র ভারাপ্রসর মুখোপাধ্যায় সি-আই-ই	8२ <b>৫—</b> 8७०
991	বহরমপুর শ্রীদেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় কুলজী	80>80>

# বংশ-পারতর

## ( = = = = )

#### ন্দ্ৰসঙ্গ-রাজবংশ

বে সমত প্রচান চামিরার বংশ বদাদাশে এখনও বিজয়ান, ভালাদের মধো নামননিও জিলাভিত স্থান বাজবংশ প্রথাতান : বস্ততং এলাভ প্রাত্রীন বাশ দ্বিত্রীয় এবটাও আছে কি না সন্দেহের বিষয়। স্থান বাভ-বংশের প্রতিষ্ঠাত। মহাধ্যার সোমেশ্বর পাঠকের পুণা-শোণিত ভাগেও বংশবরগণের ধমনীতে সমভাবে প্রবাহিত হুইতেছে। এই দৈবাহুগুটাত বংশে এই প্রান্ত ''দত্তক'' গ্রহণ করিতে হয় নাই। তাহিরপুর রাজবংশ ও এই বিষয়ে শ্রাদা করিছে পারেন কিন্তু তথাকার বর্ত্তনান রাজ্য-শভ দৌহিত্র বংশ। ভূমিকম্প ও অগ্নির কবল হুইতে উদ্ধারপ্রাপ্ত প্রাচীন জার্ণ দলিল এবং অক্তাক্ত প্রাচীন পুস্তকাদির সাহায্যে স্থসঙ্গের বতুনান মহারাজা ভূপেন্দ্রচন্দ্র টিড, বি-এ একটা পারাবাহিক প্রামাণিক ইভিংক লিধিবার প্রবাস করি:তাত্র। আমরা আশা করি, এই ইতিহাস বিভিন্ন হুইলে স্ত্রমান রাজগরিবার সহয়ের বহু তথা সাধারণের জানিবার স্ত্রান্থ হুইবে। এই প্রামাণিক ইতিহাস বাহিত্র হুইলে ব্যক্তিবিশেষের স্থান্ধ রাজবংশকে ক্ষত্রিয় বংশ প্রমাণিত করিবার উপহাসাম্পদ প্রচেষ্টা বিষক্ হুইবে, ভাষাতে সংক্ষাত্র নাই। বিশেষ লক্ষ্যের বিষয় এই বে, নান, উৎপাত, অধংপাত এবং সজ্বাত, প্রতিঘাতের ভিতর দিয়াও বংশস্কলত নৈতিক উচ্চাদর্শ এবং বিনয় বর্ত্তমান বংশধরগণও অক্স্প রাধিয়াছেন। বস্তুতঃ মহারাজা কুমুদচন্দ্রের ন্তায় চরিত্রবান, বিনয়ী, স্বধর্মনিষ্ঠ, স্থাশিকিত এবং সর্বজনাদৃত, অজাতশক্র মহরপুরুষের আবির্ভাব এই বংশে সেই দিনও তইয়। গিয়াছে। যাহা হউক, এই সময়ের মধ্যে স্থাপের সম্পূর্ণ ইতিহাস দেওয়া সম্ভবপর হইবে না—স্থতরাং সংক্ষেপে প্রধান প্রধান ঘটনা সকল বিবৃত করা হইবে। বর্ত্তমান ক্ষেত্রে খ্যাত পুরুষগণের কর্মজীবনের কিঞ্চিৎ আভাষ এবং প্রধান প্রধান ছই একটা ঘটনা বর্ণনা করিয়া ক্ষান্ত হওয়া ঘটবে।

খ্ষীয় ঘাদশ শতাব্দীর মধ্যভাগে কান্যকৃত্ত হুইতে সোমেশ্বর পাঠিক নানক জনৈক তেজস্বী, মহাপ্রতিভাশালী ব্রাহ্মণ যুবক কামরূপ তীর্থ-প্রাটনের পথে গারো পর্বতের ভিতর আদিয়া উপস্থিত হন। বর্ত্তমান ''ভংবাজারের'' এক মাইল পথ উত্তরে সোমেশ্বরীর স্ফটিক-স্বচ্ছতোর-বিগৌত একটা স্থবিশাল প্রস্তর্থণ্ড দেখিতে পাইয়া প্রকৃতির নয়ন-মনোহরণ শোভায় আরুষ্ট হইয়া সেইস্থানে তপ-জ্বপাদি ক্রিয়া-সম্পাদনে প্রবৃত্ত হ'ন। এমন সময়ে কতিপর ধীবর আসিয়া পার্বতা গারোদের হতে অশেষবিধ নির্য্যাতনের কাহিনী এই ব্রাহ্মণকুমারের নিকট নিবেদন ক্রিল। আত্রয় ভিক্ষা করিল। ব্রাহ্মণকুমার ইহাদের করুণ কাহিনী খবংগ বিচলিত হইলেন এবং ধীব্রগণকে অভয় প্রদান করিয়া কহিলেন ে, তিনি স্বদেশে ফিরিয়া বহুসংখ্যক লোকজন আনিয়া গারোদিগকে শাক করিবেন। বস্ততঃ কিছুকাল পরই বহুসংখ্যক সাধু সমভিব্যহারে আসিয়া অচিরেই গারো সন্ধারকে বশীভূত করিয়া সমগ্র গারো জাতিকে করতলগত করিলেন। সাধুগণের পরামর্শে দেশে প্রত্যাবর্ত্তন না করিয়া স্থবিস্তীর্ণ গারে। গর্বত এবং স্থবিস্তৃত সমতল ভূমিতে স্বাধীন রাজ্য স্থাপন করিলেন। রাজ্যের নাম স্থাক হইল এবং রাজধানী হইল স্থাক।
স্থাক হইতে নদী তথন বহু দ্রে প্রবাহিত হইত। প্রবাদ আছে, নিজ
লোগবলে দোমেশ্বর পাঠক নদীর গতি পরিবর্ত্তিত করিয়া নিজ রাজধানীর
পার্থ দিয়া বহাইয়া দেন। এই কারণে স্থাক্তের পাদধৌতকারিণী স্বচ্ছতোয়া
নদার নাম "দোমেশ্বরী" হয়। স্থাক্তের প্রাকৃতিক দৌন্দ্র্য অতুলনীয়।
আদানের বাহিরে এরপ স্থানর স্থান দ্বিতায় আছে কি না সন্দেহের বিষয়।

সোমেশ্বরের অতি বৃদ্ধ বয়সে দেহান্তর ঘটে। তংপর তংপুত্র গুণাকর শাসনভার প্রাপ্ত হন। তিনি যোগবলে শ্ন্যমার্গে অাসীন থাকিতে পারিতেন বলিয়া তাঁহাকে ''আকাশবাসী'' এই আথ্যা প্রদত্ত হইয়াছিল। বঙ্গের শাসনকর্ত্রা নসিফ্লিনের

পহিত তাহার বিশেষ স্থাতা ছিল । নিসিক্দিন তাহার বৃদ্ধিপ্রাথর্য দেখিয়া 'বৃদ্ধিমন্ত থা' এই উপাধি দেন। ১৩১৮ খৃঃ অঃ শ্রীনিবাস মৈত্র নামক এক কুলানের সহিত গুণাকরের জ্যেষ্ঠা কন্মার বিবাহ হয়, এই ধটনার পর হইতে স্থাপ রাজবংশ বন্ধায় বারেক্স সমাজভুক্ত হইলেন।

জানকীনাথ গুণাকরের পৌত্র। থা উপাধি পরিত্যাগ করিয় সল্লিক উপাধি ধারণ করেন। জানকীনাথের গানকীনাথ মল্লিক সহোদরগণ কুলগত প্রথামুখায়ী ''কোঙর'' বলিয়া

পাত ছিলেন, এবং নিয়মিত ভাতা রাদ্দাংদার হইতে পাইতেন : 
দানকীনাথই প্রথম তাহিরপুর রাজবংশের সহিত কুলজিন: করিয়া বাবেন্দ্র
রাজণসমাজে স্কদন্ধের নায়কত্ব অধিকার অর্জন করেন। তদবিধি স্কদ্দ দমানে "উদয়াচল," তাহিরপুর অন্তাচল" এবং পাবনা জিলাব রায় পরিবার 'স্নেরু পর্বতে" বলিয়া খ্যাত হন। এতদবিধি স্কদ্দ রাজকন্যাগণ ক্লানেই প্রদত্ত হন এবং স্কদ্দ কেবলমাত্র আট পটী ক্লীনেই কাষ্য করার ক্ষমতা প্রাপ্ত হন। স্থিক জানকীনাথের প্রতী ক্ষান্সভা হাত্য হাত্যপা। জগল হাণ্ড্রের ক্ষিপান ও হানায় উল্কেখ্য আগিছালে (সংক্রেই রাজ্য ব্যুন্থ।

এই নাগ ক্ষমতা দল্পায় ব্যক্তি প্রথিবার যে কোন আনে এবং রে কোন জান প্রতিষ্ঠা লাভ ফরিতে গালেন। এপনাথই সর্ক্রপ্রান্ত দিলীর বাদসায়ের সংগ্রান স্মানেন। ইতিপুর্বের স্ক্রনের রাজ্যগণ মধ্যর্শ অন্ত্রিন বিধেন। ঈশ্য পা প্রজা র্বর প্রবল শত্র হিজেন। তিনি মানোগের বাসে ভাত হালা তার্বর এই অবিধান্ত হিনদ্ধান্তর্থ করিলে থাকেন। এ কিকে জ্বোল্যান্ত্রণ করালক সমুবত্র করিবা বযুনাধনে ভগ হংগান ওয়াস করিতে মাগিল এব ১৮ নাগ্র এমকল হালোগ পাইয়া তুলাভ ইংমা উটিল। নানা কালে সভাস এ प्रवास भिक्षांत स्थायाचा-अधीरते इंडेप्यामा कितीय कालनाइ धानकात्त्व শাসন্ধারে বর্গের বিপ্রাভ ছাল্য ভ্রাবার এভার, ব্রেল্রের রাজ্য প্রতাণাদিত। ও সভাত কতিং র প্রথম দিয়ার ব্যক্তারের বিকর্ম দ্রাণাস্থ হন। ভাষাদিগকে দমন কবিবার হল্প রাজা মান্ত্রি স্থাট এডক প্রেরিত হন। সান্সিংহ প্রভাগালিভ্যকে প্রাঞ্জিত করিয়া বভ্রদার ভারণীত কার্ডায়া নদাতে কান কবিতে গিরাছিলেন, তথন বানাণ তথায় উপ্তিত ছিলেন। রাজা মান্তিভ ফালান্তে প্রেছিন্তর নিকট আফ্রেড ১০ আর্ড করিলে পুরোভিত অবিশুক্তার মন্ত্র পাঠ করাইটেট্টেলন বা ইহা শুনিয়া বলিয়া উটিলেন, "নগ্রাম মন্ত্র অভুত্ন হুইছেছে।" ইয়া শুনিয়া মান্সিংহ কহিলেন, "তুমি যদি গুদ্ধ মন্ত্রপাঠ করিতে পার তাব ভালা কর।" রব্নাথ আজা পালন করিবেন। মান্সিংহ রব্না,এর ীজারণের পারিপাট্য-শ্রবণে আহাকে জিজাদা করিলেন, "মহারাজজী না দক্ষিণা চাহিয়ে।'' পশ্চিম গ্ৰণলৈ আন্ধাৰে মহানাত্ৰ বলিয়া সংঘাধন করা হুইরা পাকে। রণুনাথ বলিলেন, "নহারাজ আনি শান্তাব্যায়া ব্রাহ্মণ কিন্তু

বাজন-ব্যবসাধী নহি। আনি স্থাদের স্বানীন নরগতি। যদি আমাকে দক্ষিণা দিনে চান, তবে এই 'মহাবাজ' উপাধিটা সম্রাট কন্তৃক নিদ্দিষ্ট করিয়া দিন।

নাজা মানসিংহেব হন্ত্রাজ তাহার সহিত্রবুনাথ দিলীতে গমন করেন। তথার বাদশাহ তাহার স্থান, শৌর্যা, বার্যা ও অন্যাসাধারণ প্রতিহা দশনে 'নিংহ' এবং 'রাজা' উপাধি প্রদান করেন। এতন্তির 'পঞ্চাজারা' 'মন্দরদার ''গারোতারা' প্রভৃতি অতি উচ্চ সম্মান প্রান করেন। ইহা ভির ৩ং০ জন নায়েকের উপার শাসন-ক্ষমতা দেন। বিংকালে এই সম্মান তার্তায় নুপতিগণের মধ্যে অতি অল্পংথাকের ভাগেই ঘটিত। তদ্ববি দিলাধ্রকে স্বাসাধিপতির আগর কাঠ থাজনাক্রপ দিতে হইত।

"Mallik Janakinath was succeeded by his son Raghunath. The frequest wood called Agar produced largely in the Garo Hills was in request at the Court of Delhi, and Raghunath agreed to supply a quantity of Agar to Delhi yearly as a fribute, in return for the half of an Imperial force which enabled him to subdue his turbulent Garo subjects, and for the title of Raja. It further stated that the Emperor conferred on Raja Raghunath the title of Garotambi, Monshabi o. Commander of five thousands".

-Bridge.

মোগল পাঠান দৈক্তের বংশধরগণ অজ্ঞাপি সামো ও মনাটী গ্রামে
"বঁ: ও "কো" উপাধি পাবণ ক্রিয়ো বাস করে।

বাজা রবুও কমলারণী সধক্ষে বহু কিখদন্তী আছে। রাজা রঘুনাথ একবার ঈশা থাঁ কতুক ধৃত ২ট্যা বন্দী হন। কিন্তু রঘুনাথ কোনও ক্রমে

পলায়ন পূর্ব্বক কারামুক্ত হন। পলায়নসময়ে একটা ক্ষুদ্র খালে তাহার নৌকা আটকাইয়া যাওয়ায় রঘুনাথ নৌকাথানি টানিয়া আনেন। তাহাতে থালটী প্রশন্ত হয়। তদবদি খালটীর নাম রঘুখালী হয়। মাধবপুর নামক স্থানে অমুচ্চ পর্বতশিখরে অপূর্ব্ব কারুকার্য্যথচিত একটা ইষ্টকনিশ্মিত শিবমন্দির স্থাপন করেন। বিপত ১৩০৪ সনের ভূমিকম্পে স্কসঙ্গের নান। প্রকার কীর্ত্তি লোপ হওয়ার সঙ্গে এই মন্দিরও ভূমিসাং হয়। স্থসঙ্গ রাজনাটীর অধিষ্ঠাত্রী দেবী দশভূজা মূর্তির সহিত রাজা রঘুর শৌর্যা ও বীর্যা বিজড়িত। কথিত আছে, বধন তিনি দিল্লীতে ছিলেন তথন বাদশাহ তাহাকে বিজ্ঞ-পুরের চাঁদ রায় ও কেদার রায়কে শাসন করিতে নিযুক্ত করেন। রাজ। রঘু কৌশলে স্বীয় বুদ্ধি ও ভূজবলে ই হাদিগকে পরাজিত করিয়৷ লুষ্ঠিত দ্রব্যের সমস্ত বাদশাহ-দরবারে প্রেরণ করেন, কেবল একটা অষ্টধাতুনিন্দিত দশভূজা মূর্ত্তি আপন বাটীতে আনিয়া প্রতিষ্ঠা করেন। ১২৯৫ খৃঃ আ উক্ত দশভূজা মুর্ত্তি অপহৃতা হুইলে ক্বফনগরের বিখ্যাত ভাষর যত্ত্থালের আদশাহ্যায়ী অতি রমণীয় সিংহবাহিনী দশভূজা মূর্ত্তি রাজবাটীর হুর্গা-মন্দিরে প্রতিষ্ঠিত। হইয়াছিলেন। সেই ঘটনার কতিপয় বংসর পর রাজ-ধানীর কোন সমীপবত্তী জঙ্গলভূমির মধ্যে রাস্তা কাটিতে কুলীগণ অপহতা দশভূজা মূর্ত্তি প্রাপ্ত হয়। তথন সেই মূর্ত্তিকে রাজবাটীতে আনয়ন পূর্কক বথাশাস্ত্র বিশোধিত করিয়া পুন: প্রতিষ্ঠিত করা হয়। নূতন মৃতিটী সরিকা বন্টনের সময় রাজা রাজ্ঞ রুফ্ত পাইয়াছিলেন।

চাদ রায়কে পরাজিত করার পরই রঘুনাথ সম্রাট কৃর্তৃক "পঞ্হাজারী" সম্মানে সম্মানিত হন।

রঘুনাথের মৃত্যুর পর তদীয় জ্যেষ্ঠ পুত্র রামনাথ সনন্দ পাওয়ার অভিপ্রায়ে দিল্লী গমন করেন। কুমার রামনাথের আরও ছয়টি ভাতা ছিলেন। রাজা রামনাথকে সনন্দ দিয়া বাদশাহ তাঁহার ছয়টি কনিষ্ঠ লাতাকে ছয়টী পরগণার জায়গীর দেওয়ার অভিপ্রায় প্রকাশ করিলে রামনাথ বলেন যে, তাহারা নিজেরা আদিয়াই সনন্দ লইয়া যাইবেন : কিন্তু দীর্ঘকাল পর স্বদেশে প্রত্যাগমন করিয়া দেখেন যে, লাতাগণ সকলেই প্রাণত্যাগ করিয়াছেন। কেবলমাত্র তিন লাতুপ্র্ত্ত বর্ত্তমান আছেন। লাত্গণের মৃত্যুতে নৃতন সনন্দ পাওয়ার আশা না থাকায় ধিকারস্বরূপ "মতিনাশ" এই শব্দ স্বীয় নামের শেষে লিখিতেন।

রামনাথের পর রামজীবন সম্পত্তির মালিক হন। তিনিও সম্রাটের যথেষ্ট অমুগ্রহভাজন ছিলেন। রাজা রামজীবনের সময় হইতে আগর কাষ্টের পরিবর্ত্তে রাজস্ব প্রচলিত হইল। স্থলতান স্বজার সময় হইতেই স্ক্যান্থের রীতিমত রাজস্ব দেওয়ার উল্লেখ পাওয়া যায়।

রাজা রামজীবন অপুত্রক হওয়ায় তদীয় ভ্রাতুম্পুত্র রামক্বফ সম্পত্তির অধিকারী হন। তাঁহার মৃত্যুর পর রামসিংহ সম্পত্তির অধিকারী হন। তিনি উচ্চুন্থল, বিলাসী এবং বৃদ্ধিমান ছিলেন।

সনন্দ গ্রহণার্থ দিল্লীতে গমন করিয়া ঔরঙ্গজেবের নিকট সনন্দ গ্রহণ করেন। দিল্লীতে অবস্থানকালে রাজা রামসিংহ অস্ত্রচালন-কৌশলে বাদশাহকে সন্মন্ত করিয়া ৭০০ মনশবদারী ও ৩০০ সওয়ারের অধিকার প্রাপ্ত হন। কিছুকাল দিল্লীতে থাকার পর রামসিংহের স্বাধীন হওয়ার বাসনা বলবতী হয় এবং রাজকার্য্য ত্যাগ করিয়া রাজধানী তুর্গাপুরে প্রভ্যাবর্তন করেন। তুর্গাপুরে দিল্লীর অমুকরণ করিয়া একটি ক্ষুদ্র তুর্গ নির্মাণ করিলন এবং কয়েকটী কামান স্থাপন করিলেন। এমন কি, সম্রাটের বিরুদ্ধে যুদ্ধঘোষণার তুংস্বপ্ররূপ আকাশকুস্থম দেখিলেন, কিন্তু সম্রাটের বিরুদ্ধে যুদ্ধঘোষণার ভ্রম বৃঝিতে পারিয়া অচিরেই তিনি আত্মসমর্পণ করিয়াছিলেন। ফলে মুর্শিনকুলী থা কর্তৃক বলপূর্বক মুসলমানধর্ম্মে দীক্ষিত হন এবং এক ওমরাহের কন্তার সহিত পরিণয়ও হয়। বাদশাহের আদেশে তিনি

পৈত্রিক সম্পত্তি চইতে বৃধিতে হইলেন এক তুলাৰ নতন নাম চইল "আবহুল রভিম"। কিছুকাল পর নবপরিণ্ডে গ্রাস্থ ওদরে উপনীত হুটাল হিন্দু মহিনী জাতিচ্যত স্বামীর সহিত বান এরিছে অসমত হন এজ্ঞ অষ্ট্রক রতিম রাজধানীতে প্রবেশাধিকার প্রত্য হইলেন ন। রাজা বাদসিংহ রাজ্যের অধিকার হইতে। বঞ্চিত হইবেও প্রজাগণ ভাষাকে ভয় এবং ভক্তি করিত। তিনি সময় সময় প্রজাবগের উপর পাধন পরিচালনও করিতেন। ইহা উল্লেখ করা প্রয়োজন যে, হিন্দু পদ্ধীর গাড় রণিসিংহ নামে পর্নেই এক পুত্র ছিল এবং মুসলমানী স্ত্রীর গড়ে স্টিনিলার নামে এক পুত্র এবং তারাবিবি নালে এক কন্তা জন্মে। মুসলমান স্থাব প্ররোচন্যে রামসিংক এক বিভাগপত্র দারা। কুমার রণসিংহকে।৵০ আন। ও রঙিনিয়াইকে 😿 ০ সানা পাওযার ব্যবস্থা করিলেন। বাদশাহের স্থবিচারে এই বন্টনপত্র অ্থাত হল এবং রণ্দিংহট স্মন্ত সম্পত্তিব । লিক হন। ইতিমধ্য এক উল্লেখযোগ্য ঘটনা সটে—রাসসিংহ ওরতে আবহুও রহিনের অভাবে ভাষার সহোদর ভাতা বারসিংহ গোপনে দিলীর বাদশাই ইইতে স্থসঙ্গের সনন্দ হইয়া আদিতেছিলেন : পথিমধ্যে স্তমন্ত্ররাজ্যের প্রন তিতৈয়া কোন বন্ধকে আনন্দসহকারে সেই সনন্দ দেখাইতে গেলে বন্ধবর সেই সমন্দ্র্থানি প্রদান হাতে প্রস্থান করিলেন। এই বিশাসিকভার পুরস্থার-স্বান্ত ইতারা বিশ্বাস উপ্রাধি প্রাপ্ত হয় এবং তদবদি তাতাদের বংশধর্গণ এই উপাধি গৌরবের সহিত ধারণ করিয়া আসিতেছেন। এই ঘটনার পর বীরসিংহ লজ্জিত ও অপমানিত হইয়া পুনর্কার সনন্দ পাওয়ার আশায় দিল্লীতে গমন করেন। ঠিক সেই সমুদ্ধেই স্থসঙ্গের প্রাক্ত অধিকারী রণসিংহ ্থাৰ উপনীত হইয়। সমুদ্য কথা সম্রাটের নিক্ট বিবৃত্ত করিলে স্থাট রণ্দিংহকেই সনন্দ প্রদান করেন।

রাজা রণসিংহের পর রাজা কিশোর সিংহ পিতৃসম্পত্তির অধিকারী

হন। কিশোর সিংহ হাতা থেদা রীতিমতভাবে প্রচলন করার জন্ম বহু হাজংগণকে পর্ব্বতের সান্তদেশে অন্তত্ত হইতে আনাইয়া বাসস্থান দেন। ইহারাই প্রতিবংসর গারো পর্ধত হইতে প্রচুর হস্তা গ্রত করিয়া রাজ্যের আন বৃদ্ধি করিত। তদ্বির পর্ববিভলাত কাঠ বাশের আমদানী ইহাদের দারাই হইত। কিশোর সিংহ ও কুমার রাজিসি'হ এতত্বভারের মত আতৃ-প্রণদের দুষ্টান্ত বিরশ। রাজা কিশোর দিংহ বাকা করের জন্ম जिकान ननाव कर्छक धृष्ट ७ वन्ती व्यवशास जाकास नीच इटेल কুনাৰ রার্জাগংহও স্বেচ্ছায় তাহার অন্তর্গমন করিয়াছিলেন। আর সেই সঞ্জোগিলাছিল প্রম বান্ধব ভূত। বাঞ্জান। চাকার উপনীত হইলে নবাব আদেশ দিলেন, "বদি সাত দিনের মধ্যে তোমাদের তিন পুরুষ হইতে প্রাপ সমস্ত কর পরিশোধ করিতে পার ভাল, নতুবা প্রাণদণ্ড হইবে। আৰু সাত দিন ধাৰং প্ৰতাহ তোমাদিগের অঙ্গে বেত্রাগাত পড়িবে।" প্রন জ্ঞান বাঞ্চারান বেত্রাখাতের শাস্তি নিজে বরণ করিয়া লইয়। অধানবদনে বেত্রাঘাত সহু করিয়া চলিলেন। সপ্তম দিবসে তাহারা মৃত্যুৰ অপেক্ষায় ব্যাস্থা আছেন এখন সময়ে ইংরাজ সৈত ঢাকা নগরী অব্যােষ করিয়াছে গুনিতে পাইলেন। নিরাশার মধ্যেও তাঁহাদের প্রাণে আশার সঞ্চার হইল।

রাজা কশোর সিংহ মাত্র ৩৬ বংসর বয়সে স্বর্গারোহণ করেন। কিশোর সিংহের পুত্রসন্তান না হওয়ায় কিশোর সিংহ রাজসিংহের হস্তে সম্পত্তির ভার অর্পণ করেন।

রাজিসিংহের তায় উদার ও মহাশ্রাণ ব্যক্তি কদাচ দৃষ্ট হয়। তিনি
প্রক্রত দানবার ছিলেন। স্থদঙ্গে এমন কেহ নাই যে, কোনও না কোন
প্রকারে তাঁহার দান না পাইয়াছে। তিনি পাবনা, রাজসাহী অঞ্চল হইতে
অনেক ব্রাহ্মণ আনাইয়া স্থদঙ্গে উপনিবিষ্ট করেন। তিনি একজন স্থকবি

ছিলেন। "ভারতীমঙ্গল কাব্য" "রামায়ণ" "মনসা পাঁচালী" "ঢাকা বর্ণনা" প্রভৃতি থণ্ড কাব্য লিথিয়াছিলেন। তথ্যধ্যে "রাসমালা" ও "মনসা পাঁচালী" তাঁহার প্রপৌত্র কমলক্ষণ সিংহ কর্ভৃক মুদ্রিত হইয়া প্রচারিত হইয়াছে। "ভারতীমঙ্গল কাব্য" মহারাজা কুমুদচন্দ্র "সাহিত্য-সংক্রিতা" পত্রিকায় প্রকাশিত করিয়াছিলেন।

ইঁহার সময় সর্ব্বপ্রথম ভারত সরকার গারো পর্বত সহ স্থান্ধ পরগণ। বোল আনায় ২৮৭০৩/১২ গণ্ডায় দশশাল বন্দোবন্ত করিয়া লন। লর্ড ওয়ারেণ হেষ্টিংসের সময় হইতে ব্রিটিশ গবর্ণমেণ্ট কর্ভৃক স্থান্তম্বর মালীক রাজা উপাধি প্রাপ্ত হ'ন।

এই স্থানে উল্লেখ করা প্রয়োজন বে, রমানাথের পুত্র যাদবেন্দ্রকে রাজা রামনাথ কয়েকটা গ্রাম তালুকস্বরূপ প্রদান করেন। যাদবেন্দ্রের কন্সা এই সম্পত্তি পান এবং তাঁহার দৌহিত্র হয়িরাম ভাতৃড়ী এই তালুক প্রাপ্ত হন। হরিরাম ভাতৃড়ী হইতেই পূর্বধলার জমিদারগণের অভ্যুদয় হয়।

দশশালা বন্দোবন্তের সময় অনেক জমিদারের ভাগ্য-পরিবর্ত্তন ইইয়া-ছিল। সেই সময় তাঁহারা স্থসঙ্গ পরগণার ছই আনী অংশের দাবী করিয়া বন্দোবন্ত করিয়া লন। ভাতৃড়ীগণ তৃই আনা অংশের জমীদার ইইয়া "সিংহ" উপাধি গ্রহণ করেন। তাঁহাদেরই বংশধর পূর্ব্বধলা এবং ঘাগড়ার জমীদারগণ।

রাজা রাজসিংহের পর হইতেই স্থদক্ষের ভাগ্যলক্ষীশ্রী পরিবর্ত্তন হইতে থাকে। রাজসিংহের মৃত্যুর পর বিশ্বনাথ, গোপীনাথ ও জগন্নাথ বর্ত্তমান থাকেন। বিশ্বনাথ মহাবলশালী ও স্থপুরুষ ছিলেন। শরীরচর্চ্চাবিষয়ে তাঁহার যথেষ্ট প্রতিষ্ঠা ছিল। কিন্তু তীক্ষবৃদ্ধি ও দ্রদর্শিতায় এই পরিমাণ প্রতিষ্ঠা থাকিলে স্থসঙ্গের বর্ত্তমান ইতিহাস অন্ত প্রকার হইয়া যাইত। তাঁহার সময়ে প্রধান কর্মচারী ছিলেন নারায়ণডহরের রামচরণ মক্ষ্মদার।

রামচরণ তীক্ষ বিষয়বৃদ্ধিসম্পন্ন ও ধৃত্ত ধ্যক্তি ছিলেন, কিন্তু ত্বংথের বিষয় তাঁহার তীক্ষবৃদ্ধিই সুসঙ্গের সর্বনাশ-সাধনে ও নিজ স্বার্থসাধনেই নিয়োজিত হয়। এই কার্য্যে সহায়ক ছিলেন রাজগুরু কুফহরি বিশারদ। ইহাদের পরান্দর্শে বিশ্বনাণের অজ্ঞাতসারে গোপীনাথ ও জগন্নাথ কালেক্টরীতে নাম জারী করান। বিশ্বনাথ প্রথমে ইহা জানিতে পারেন নাই, কিন্তু অবশেষে জানিয়াও বোধ হয় ইহার ফল ভবিশ্বতে কি হইতে পারে তাহা অনুমান করিতে না পারিবার ফলে এবং সম্ভবতঃ স্বাভাবিক ওদার্য্য ও প্রাত্তমেহ বশতঃ প্রথমতঃ ইহার প্রতিকার-প্রচেষ্টা করেন নাই। কিন্তু প্রাত্তাণের বৈরীভাব যথন ক্রমশঃ গুরুতর আকার ধারণ করিল, তথন আদালত যোগে জ্যেষ্ঠাইক্রমিক সম্পত্তির অধিকারী হওয়ার প্রথা বহাল রাথিবাব চেষ্টা করেন। এই মোকর্দ্ধনা Privy Council পর্যান্ত চলিতে লাগিল।

স্থানের রাজগণ গারো পর্বতের অতুল বিভবরাশির মালিক হওয়ার সমতল ভূমির আয়ের উপর তৎকালে অধিক দৃষ্টিপাত করেন নাই। পাহাড়ে হাতী থেদায় প্রতি বৎসর প্রচুর হাতী গ্বত হইত এবং পর্ববতজাত নানা প্রকার কৃষ্ণ ও থনিজ পদার্থ হইতে প্রভূত পরিমাণ ধনাগম হইত। প্রাচীন পত্রাদি হইতে ইহাও প্রমাণিত হয় যে. একবার স্বয়ং দিল্লীশ্বর স্বসঙ্গে হাতী থেদা দেখার অভিপ্রায় প্রকাশ করিয়াছিলেন। ঠিক এই সময়ে গবর্ণমেন্ট গারো পর্বতের কয়েকটী গ্রাম যাহা পূর্বর স্বসঙ্গ রাজ্যের অধিকার-ভূক্ত ছিল তাহা পৃথকভাবে বন্দোবস্ত করিতে থাকেন (১৮৩৭ খ্রং আঃ)। কিছুদিন ইহা লইয়া গোলযোগ করার পর ১৭ই মার্চ্চ ১৮৪১ খ্রুটাকে আসামের কমিশনার সাহেব সেইসকল গ্রাম ছাড়িয়া দেন এবং স্বসঙ্গের অন্তর্ভুক্ত বলিয়া স্বীকার করেন।

বিশ্বনাথের মৃত্যুর পর তাঁহার একমাত্র পূত্র তীক্ষবৃদ্ধিসম্পন্ন, স্থচতুর, মহাকর্মী প্রাণকৃষ্ণ সকল প্রকার অশাস্তি সহ পিতৃসম্পত্তির অধিকারী হন। বিশ্বনাথের ভ্রাতৃশ্বরের মৃত্যুর পর ভ্রাতৃপত্নীদ্বর সম্পূর্ণরূপে জ্বরুদ্ধি রামচরণের হতে ক্রাড়নক হইন: রামচরণের স্বার্থসিদ্ধির বস্তর্বপে পরিচালিত হইতে লাগিলেন। রামচরণের অক্লান্ত পরিশ্রমের ফলে থান্দানের মোকদ্দমার ফল প্রাণক্ষফের বিরোধী হইল এবং তদবি স্বসন্ধ রাদ্ধবংশে জোচান্ত্রনিক বাছা পাওরার প্রথা বিলুপ্ত হইল। ফলে বন্ধের সমূদ্য জনিদান-গৃতে বাহা হটাত্রে এই স্থানেও তাহা হইবার স্থ্যোগ হইল। ইহার বিজ্ঞান পরিণতি বর্তনান মহারাজা সম্পূর্ণই অক্লভব করিতেছেন।

একে থান্দানের মোকল্যায় নানা প্রকার অর্থহানি ও অণান্তি, তাহার উল্লেখনায় এক সাজ্যাতিক বিপদ দেখা দিল। এইবার স্বয়ণ ভারত গবণ্যটের দৃষ্টি স্থপদ বাস্থোর প্রতি পতিত হয়। "১৮৫৭ সালের ৩০শে জুন্ ২৭৯ নং পত্র দ্বারা রেভিনিউ বোড জরিপ স্থপারিণ্টেণ্ডেণ্টকে স্থলদের উত্তর দীনা নিদ্ধারণের জন্ম আদেশ দেন।" উক্ত Superintendent পার্কাতা প্রদেশ সম্পূর্ণ স্থান্দের সীমানার বাহিরে, এইরূপ নিদ্ধিষ্ট করেন। ফলে প্রাণক্রম্বকে এক মোকর্দ্ধনা দারের করিতে হয়। এই মোকন্দ্রনা Privy Councila মহারাজা রাজরুম্বের সময় শেষ হয়। প্রাণক্রম্ব নানা অশান্তিতে দীর্ঘায় হইতে পারেন নাই। তাহার তায় অনানান্ম বৃদ্ধিনান বিক্তি অল্পই দৃষ্ট হয়। গ্রপ্রেণ্ট ১৮৬২ খুষ্টান্দে প্রাণক্রম্ব সিণ্ডকে জাবিত কালের জন্ম 'রাজা বাহাত্বর' উপাধি প্রদান করেন।

বাজা প্রাণক্ষের মৃত্যুর পর তদীয় জ্যেষ্ঠ পুত্র রাজ্রফ গবর্ণমেন্টের নিকট নাম জারী করেন। পিতৃসম্পত্তির অধিকারের সঙ্গে সম্পে বাবতীর অশান্তি আসিয়া উপস্থিত হয়। কিন্তু রাজ্রফ বৈর্যা, দৃঢ়তা এবং বিচ-কণ্ডার সহিত সংশারিক কার্য্য পরিচালনা করিতে লাগিলেন। এই সময়ে Garo Hills Act পাশ হইয়া সমগ্র গারো পাহাড় স্থদপের বহি ভূতি হইয়া গ্রথনেন্টের অধিকারে যায়। মোকদ্দমায় লক্ষাধিক টাকা ব্যয়িত হর্নছে। গ্রণ্মেণ্ট পাহাছে স্থাদের স্বন্ধ স্থাকার করিলেও রাজনৈতিক কারণে পাহাছ গ্রন করেন। ১৮৭৯ সৃষ্টান্দে কেবলমাত্র দেউলক্ষ টালা ক্রতেপুরণস্থানপ দিয়া স্থাদের অতুল সম্পত্তি পাহাছ স্থানের হত্ত্ব ক্রিয়াণে রাষ্ট্রাপ্ত ক্রিয়াণে রাষ্ট্রাপ্ত ক্রেয়াল লভ্যা হয়। ইহার ফলে স্থাদের আন বক্ত পরিমাণে রাষ্ট্রাপ্ত হয় এনং ১৮৮৪ গুটানের রাজন্ধের "মহারাস্থা" উপাবি প্রাপ্ত হন এবং ১৮৮৪ গুটানের এটি উপাধি প্রথাক্তকমে পাইবার অনিক্রিয়া করিয়া গ্রন্থেটি ভারর নেটার্ডির রাজনিক রাখিয়াছেন। প্রহাছ হত্ত্বাত হর্ট্যাও নি বংশাভ হামিক প্রথা বহাল থাকিত, তাহা হন্ট্রাও সমতলভূমির জ্যিন দাবার আন্ত স্থান্য ক্রাণ্ট্র ফল স্থাকের প্রফে শাহ্যাতিক হন্ট্রাছে।

বিশ্বদ কথনত একা আসে না, ইং বভার ভারই কালে। ইঠাং একদিন বাজা র ক্রিল অভিগত পদশভূজা বিগ্রহ রজনাবোগে অপস্থতা হন এক ১০১৪ বাজাল এনের বৈশাথ মাসে ভীষণ অগ্নিকান্তে বছকালের সংগৃহীত গ্রহদান্ত্রী ও প্রচান কাগজপত্রাদি একেবারে ভস্মীভূত ইইয়া যায়। তুনা বাম, কোন ক্রাভাবীর বিশ্বদ্ধে step লওয়ার ফলেই নাকি এই অগ্নিসংযোগ জিলা সাধিত হল্যাছিলেন।

মহারাছা রাজ্যুক্ত ধান্দিক, ভারপরায়ণ, বুদ্ধিমান, গুণগ্রাহা এবং দক্ষ-প্রকার সংক্রার্থ উৎসাহদাতা ছিলেন। তিনিই প্রথমে চা বাগান, কমলা বাগান, গ্রানো পর্কতে করলার খনিতে কাজ করান এবং চূলের ব্যবসা ত্যাদির প্রথমিরত করেন। তিনিই গ্রামে উচ্চ ইংরেজী বিজ্ঞার স্থাপন, চিনিই গ্রামে উচ্চ ইংরেজী বিজ্ঞার স্থাপন, চিনিই গ্রামে উচ্চ ইংরেজী বিজ্ঞার স্থাপন, চিনিই গ্রামে উচ্চ ইংরেজী বিজ্ঞার স্থাপন, বাতা তৈয়ারী প্রভৃতি বছবিধ সংকাষেত্র অনুষ্ঠান করিয়াছেন। বিদেশ হইতে স্বদেশবাসীকে সর্কপ্রকারে ক্রিণ প্রদান করিয়া আনিয়া প্রামের প্রি ও মুর্যাদা বুদ্ধি করিয়াছেন। ব্রতঃ তাহার ভার দূর্বশী ও ক্রমী লোক বিরল।

তিনি ব্রাহ্মণেতর জাতির মধ্যে অল্পবয়স্কাদের মধ্যে বিধবা বিবাহের প্রচেষ্টা ও স্ত্রীশিক্ষা বিস্তারের চেষ্টা এবং রাটীয় ও বারেন্দ্রগণের মধ্যে বিবাহের চেষ্টা প্রভৃতি করিয়া যান।

তাঁহার ভ্রাতাগণ প্রত্যেকেই প্রাচীন প্রণালীতে শিক্ষিত ছিলেন। অক্লাধিক সাহিত্যচর্চ্চা এবং Natural History চর্চচা এই পরিবারের মজ্জাগত। মহারাজের ভ্রাতাগণের মধ্যে কেহ কেহ সাহিত্যক্ষেত্রে লব্ধ-প্রতিষ্ঠ হইয়া গিয়াছেন।

শিবকৃষ্ণ এখনও জীবিত; তিনি 'কব্তর', 'ময়না' এবং অক্সান্য পশু পক্ষী সম্বন্ধে নিজ ভূয়োদর্শনের ফল প্রবন্ধাকারে জনসমাজকে উপহার দিয়াছেন। কমলকৃষ্ণ সাহিত্যসেবীর উৎসাহদাতা ছিলেন এবং বহু পাঞ্লিপি সংগ্রহ করিয়া গিয়াছেন। পুরাতন পাঞ্লিপি সকলেই সংগ্রহ করিয়া তাঁহাকে উপহার দিত।

স্থসকে পূর্ব্ববঙ্গের দরিদ্র কবি গোবিন্দদাস কিছুকাল ছিলেন। কমলরুষ্ণ "অশ্বতত্ব" "গোপালন" "আত্র" "জাতীয় সন্ধীত" "তুর্ঘানরিন্দিশী" প্রভৃতি পূস্তক প্রকাশ করিয়া যান। জগংক্ষের সংস্কৃত সাহিত্যে স্বিশেষ অধিকার ছিল।

পশ্চিম বঙ্গে বেরূপ ঠাকুরবাড়ী সর্ব্ধপ্রকার শিক্ষাদীক্ষায় অগ্রণী, পূর্ব্ববঙ্গে স্থান পরিবারও সেইরূপ সর্ব্বাগ্রগণ্য। সন্তা বজায় রাখিয়া সময়োপবোগী ভাবগ্রহণের অসাধারণ ক্ষমতা এই পরিবারে বিভামান। বস্তুতঃ সাহিত্যচর্চ্চা এবং সমাজসংস্কারবিষয়ে এই পরিবারের প্রত্যেক ব্যক্তিই বিশেষ উৎসাহ প্রদর্শন করেন।

মহারাজা রাজকৃষ্ণের পর কুমুদচন্দ্র মহারাজা উপাধির অধিকারী হন। নানা কারণে কুমুদচন্দ্রের জীবন নানা প্রকার অশান্তিতে পূর্ণ ছিল। তাঁহার সমরেই বিশ্বনাথের প্রবর্ত্তিত খান্দান প্রথার তিরোভাবে প্রকৃত অশান্তির ভাব বিশেষ ভাবে পরিলক্ষিত হইতে থাকে। বাহাই হউক, রাজপরিবারের মধ্যে বাহাতে কোনও প্রে ধরিয়া অসম্ভাবের স্ষষ্টি না হয়, তজ্জন্য সর্বাদা বিশেষ চেষ্টা করিতেন। মহারাজা কুম্দচন্দ্র স্বধর্মাহুরাগী, মিষ্টভাষী, সদালাপী, বিনয়ী এবং সাহিত্যাহুরাগী ছিলেন। তিনি জমিদারি কার্ব্যে পরিপক হইলেও, আসজিশ্ন্য সংসারী ছিলেন। জমীদার সম্প্রাদারের মধ্যে তাঁহার মত নিঙ্কলক্ষচরিত্র এবং সংস্কৃতসাহিত্যসেবী কেই ছিলেন কিনা সন্দেহ।

তিনি কথনও নিজ বিশ্বাদের বিরুদ্ধে কার্য্য করেন নাই। মরমনসিংহ District partitionএর সময় তিনি রেল লাইন খুলিয়া Head (Juartersএর সহিত বিভিন্ন Subdivision যোগ করিয়া দিলে District partition না করিলেও চলিতে পারে, এই যুক্তিপূর্ণ দ্রদর্শী প্রস্থান করিয়াছিলেন। তিনি বঙ্গভাষায় বহু মাসিক পত্রিকায় স্থচিন্তিত প্রবন্ধাদি প্রেরণ করিয়া গিয়াছেন। যে সকল মহাসন্মিলনের সভাপত্ত করিয়া প্রতিষ্ঠা লাভ করিয়াছেন তন্মধ্যে কালীঘাটের ব্রাহ্মণ মহাসন্মিলনী ও নম্মনসিংহ নগরের সাহিত্য-সন্মিলনী বিশেষভাবে উল্লেখযোগ্য। তদ্ভিন্ন কলিকাতায়, ঢাকায় ও ময়মনসিংহে বহু সাহিত্য-সভা ও সামাজিক সভায় বহু সারগর্ভ বক্তৃতা করিয়া সমবেত লোকের শ্রদ্ধা আকর্ষণ করিয়াছিলেন।

তিনি নানাবিধ রাজসম্মানের অধিকারী হইয়া গিয়াছেন। যদিও
িনি বক্ষণশীলতার পক্ষপাতী ছিলেন তথাপি তিনিই পটী-সমীকরণ-ক্রিয়া
সম্পাদন করিয়া গিয়াছেন এবং নিঃস্বার্থ সমাজ-সংস্কারের বিরল দৃষ্টাস্ত দেগাইয়া গিয়াছেন। অতাস্ত রক্ষণশীলতার পক্ষপাতী হওয়া সন্তেও আধ্নিক বিজ্ঞানের উৎকর্ণ স্বীকার করিতেন। প্রাচ্য ও প্রতীচ্যের
দর্শন বিজ্ঞানের অপূর্ব্ব সম্মিলনে ভারতের ভবিশ্বং উন্নতির সোপান
দেখিয়া গিয়াছেন। তাহার সমস্থ সয়য় সংস্কৃত-সাহিত্য ও দর্শন চর্চা পক্ষীপালন এবং গো-সেবায় বায়িত হইত। তাহার বাহ্নিক এবং ভিতরকার জীবনে এতটুকুও পার্থক্য ছিল না। বস্তুতঃ এইরপ প্রগাঢ় জ্ঞান এবং চরিত্র অর্থশালী লোকের ভিতর ঋচিৎ দৃষ্ট হয়, এমন কি মধ্যবিত্ত অবস্থার লোকের মধ্যেও বিরল।

আনেকে অর্থ বার করিরাই লোক সমাজে প্রতিষ্ঠা লাভ করেন। কিন্দ বিনা অর্থে মহারাজা কুম্দচন্দ্র যে সম্মান পাইরা গিরাছেন তাহা দেশ-নারকদের ভাগোও অল্লই ঘটে। ভারতের সনাতন ভাবধারা ও সাধনার ভাহার প্রতি অসাধারণ আস্তিভিলে।

কুমুদচন্দ্রের জীবি কালের মধ্যে প্রাচীন রাজপ্রাসাদ ভূমিকম্পে গুলিসাং

ইয়া যায়। ইহাতে জনস্বের প্রাচীন কার্দ্রিসমূদ্য লুপ্তপ্রায় হুইয়াছে।
ভূমিকম্পে জগংক্রম্ভ ও তদীয় পুত্র নরেন্দ্রচন্দ্র দেওয়াল চাপায় মৃত্যুমুগে
পতিত হন। রাজবাড়ীর পরিবারবর্গকে ৭ দিন নৌকায় গাকিতে হয়
এবং প্রায় ছয়মাদ কাল গোশালার বাড়ীতে আশ্রম গ্রহণ করিতে হয়।
অবশ্ব ইহার পর সাধারণভাবে বাসোপগোগী গুহাদি নিশ্বিত ইইয়াছে।

দেশবাদীর হৃদয়ে মহারাজা কুমুদচন্দ্র কত উচ্চস্থান অধিকার করিনাছিলেন তাহা তাহার মৃ হ্যুতে শোকপ্রকাশ করিনা সকল সংবাদপত্র ওমাসিক
পত্রে তাহার সম্বন্ধে যেভাবে এবং ভাষায় লিখিত হইয়াছে তাহা পাঠ
করিলে বুঝা যাইবে। বস্ততঃ মহারাজা কুমুদচন্দ্র ক্ষণজন্মা মহাপুরুষ
ছিলেন। মহারাজা তাহার প্রাতা কুমার নীরদচন্দ্রের হতেই সমস্ত বিষয়
কার্য্যের ভার সম্পূর্ণভাবে নাস্ত করিয়াছিলেন। তদীয় খুল্লভাত প্রাতা
প্রমোদচন্দ্র, নরেশচন্দ্র ও নীরদচন্দ্র এই তিন জনে ষ্টেটের কার্য্য পরিচালনা
করিতে থাকেন।


প্রমোদচন্দ্র ও নীরদচন্দ্র উভয়েই অসাধারণ বিষয়বৃদ্ধি সম্পন্ন স্থচতুর ব্যক্তি। যদি কোনও বৃহত্তর কার্য্যে তাহারা ব্যাপ্ত থাকিতেন তাহা ছ্টলে ৫ ভূত যশঃ অর্জন করিতে পারিতেন। পূর্ববঙ্গে বিষয়কার্য্য সম্বন্ধে বিশেষ জ্ঞানসম্পন্ন বলিয়া তাঁহাদের প্রতিষ্ঠা আছে।


বর্ত্তমানে কুমার দিজেন্দ্রচন্দ্র বি-এ, রায় বাহাত্বর স্থরেশচন্দ্র বি-এ, (Police Magistrate) অরুণচন্দ্র সিংহ এম-এ, স্থান্দ্রচন্দ্র সিংহ M. Sc. (Attorney), স্থলচন্দ্র সিংহ, M. A., ও মহারাজা ভূপেন্দ্র-চন্দ্র সিংহ, বি-এ, এই কয়জন গ্রাজ্বরেট আছেন। প্রত্যেকেই সাহিত্যচর্চ্চা করিয়া থাকেন। তন্মধ্যে রায় বাহাত্বর স্বরেশচন্দ্র সাহিত্যিক-সমাজে লক্সপ্রতিষ্ঠ।

বর্তমান মহারাজা ভূপেক্রচক্র সিংহ, বি-এ পিতৃদত্ত সম্পত্তির সহিভ পিতার অনেক গুণরাশি প্রাপ্ত হইয়াছেন। ত্রংপের বিষয়, বিষয়ের জটীল সমস্তা-সমাধানের জন্ম কর্মক্ষেত্রে এতদিন অবতীর্ণ হওয়ার স্থযোগ পাইতে-ছেন না। আমরা আশা করি, তাঁহার মত চরিত্রবান এবং বিদ্বান ব্যক্তি ষ্কচিরেই জনসমাজে প্রতিষ্ঠা লাভ করিবেন। ইতিমধ্যে সামাজিক সংস্থার সম্বন্ধে তাহার স্বাধীন অথচ স্থচিস্তিত মতের আভাষ মাসিক পত্রিকার ভিতর পাওয়া গিয়াছে। ময়মনিশংহের ব্রাহ্মণ মহাসন্মিলনীর অভ্য-র্থনা সমিতির সভাপতিত্ব ও অক্সান্য সভার সভাপতিত্ব করিয়া যথেষ্ট যোগ্যতার পরিচয় দিয়াছেন। মহারাজা ভূপেক্রচক্র সমাজসংস্কার-বিষয়ে রক্ষণশীল হইলেও উদারমতাবলম্বী। তথাকথিত অসভ্য জাতি-গণকে সমাজে গ্রহণ করা তাঁহার মত এবং দেশকালপাত্র-বিবেচনায় স্থানীয় দমস্থার মীমাংদা স্থানীয় আবশুকতা অমুসারে উদার ভাবে করাও তাঁহার মত। এই বিষয়ে এই ছুর্দ্দিনে সমাজকে ঠিক পথে চালিত করিয়া বংশের উপযুক্ত ক্রিয়া করিবেন, বিশাস আছে। মহা-রাজার একনাত্র পুত্র মহারাজকুমার স্করজিৎ দীর্ঘজীবী হউন, ইহাই প্রার্থনা। মহারাজা ভূপেন্দ্রচন্দ্র শীঘ্রই মহারাজা কুমুদচন্দ্রের প্রবন্ধগুলি "কৌমুদী" নাম দিয়। প্রকাশিত করিবেন। মহারাজা ভূপেক্রচক্রও পিতৃপিতামহের ক্রায় রাজ্পপ্রানে ভূষিত হট্যাছেন।


মহামাক্ত যুবরাজের ভারত আগমনের সময় তাঁহার সহিত আলাপ করার সৌভাগ্য ইহার ঘটিয়াছিল। बीएत्रमाहम्म मिश्ह, B. Sc.. कृषिविछा निक्षांत्र मानाम नाम्जन प्राप्तनताम निष्नाहरूम। রাঙ্গপরিবারের প্রতোক যুবকই উচ্চশিক্ষা লাভ করিভেছেন।


# স্মঙ্গ-রাজবংশ তালিকা





#### বংশ-পরিচয়।





## রাজসাহী জেলার অন্তর্গত তালন্দ প্রামের মৈত্র জমিদার-বংশ।

কনৌজ-নিবাসী ব্রাহ্মণ কাশ্রুপগোত্রজ দক্ষের পুত্র স্থাবেণ খৃষ্টীয় অষ্টম
শতান্দীতে কনৌজ হইতে রাজা আদিশ্রের সভায় আগমন করেন।
ইনিই কাশ্রুপগোত্রজ বারেন্দ্র ব্রাহ্মণের আদিপর্কষ। এই স্থাবেণ ওঝার বংশে মতু মৈত্রের
জন্ম হয়। ইহার সময় হইতেই এই বংশে ওঝার স্থালে মৈত্র থেতাব
আরম্ভ হইয়াছে। কুলশাল্রে জানা যায়, ইনি রাজা বল্লাল সেনের
সভায় প্রথম কুলম্থ্যাদা প্রাপ্ত হন। ইহার বংশে প্রীতিকৃষ্ণ মৈত্রের জন্ম
হয়। রাজসাহী জেলাব অন্তর্গত হাপানীয়া গ্রামে ইহার বাস ছিল। ইহার
প্রে ব্রজকিশোর মৈত্র তালন্দ গ্রামে বিবাহ করিয়া তালন্দবাসী হইয়াছিলেন।

বজকিশোর মৈত্রের পুত্র গৌরকিশোর, তংপুত্র কৃষ্ণগোবিন্দ মৈত্র।
তংপুত্র প্রসিদ্ধ আনন্দমোহন মৈত্র মহাশয় স্বীয় বুদ্ধিবলে প্রায় ৮০০০০
হাজার টাকা আয়ের সম্পত্তি অর্চ্ছন করিয়
গিয়াছেন। ইহার নামান্ত্যারেই তদ্পরিত্যক্ত
এটের নাম "তালন্দ আনন্দমোহন এটেট" হইয়াছে। এক জীবনে এই
বিপুল সম্পত্তি অর্চ্ছন করা সহজ কথা নহে। পারসী ভাষাও ইতিহাসে
তিনি বিশেষ অভিজ্ঞ ছিলেন। বিশ্বাশিক্ষা বিষয়ে তাঁহার বিশেষ উৎসাহছিল। স্বগ্রামে প্রথমে একটা উচ্চ প্রাইমারী পাঠশালা স্থাপন ি

ছিলেন ; পরে ১২৯০ সালের পূর্বে ঐ পাঠশালাকে মধ্য ইংরাজী স্কুলে পরিণত করিয়া স্বীয় নামামুসারে "আনন্দমোহন ইনষ্টিটউসন" নাম রাণিয়া গিয়াচেন। তংকালে পার্শ্ববন্তী অন্ত কোন স্থানে কোন স্থল ছিল ন।, স্থাতরাং ঐ অঞ্চলের লোকের শিক্ষার বিশেষ স্থাবিধা হইয়াছিল। বিদেশী ছাত্রদের থাকিবার জন্ম একটা বোর্ডিংও স্থাপন করিয়াছিলেন। তথায় বহু বিদেশী ছাত্র থাকিয়া উক্ত স্কুলে বিভাশিক্ষা করিয়াছে। এই বোর্ডিংএর সমস্ত ব্যয়, এমন কি ছাত্রদের বৈকালের জলপাবারের ব্যয় প্রত্তি তিনি নিজে বহন করিতেন। স্কুল এবং বোর্ডিং এখনও সেইভাবেই চলিতেছে। দানে তিনি মুক্তহণ্ড ছিলেন। কেহ বিপদে পড়িয়া তাঁহার নিকট উপস্থিত হইলে তিনি তাঁহাকে যথেষ্ট সাহায্য করিয়। বিপদ হইতে উদ্ধার করিয়া দিতেন। ইনি পর্ম বৈষ্ণব ছিলেন। শুশ্রীবুন্দাবনধামে পৈতৃক বিগ্রহ ৺শ্রীশ্রীরাধানাধব জিউ ঠাকুরকে স্থাপন করিয়া সেবা চালাইবার নিয়মিত বাবস্থা করিয়া গিয়াছেন। এই শ্রীমন্দির তথায় "মৈত্রকুঞ্জ" নামে খ্যাত। এশানে বাধিক ছয় হাজার টাকার উপর বায় হইয়া থাকে। আগ্রা জেলা-তেও তাঁহার স্থাবর সম্পত্তি আছে। তালন্দের বাড়ীতে শ্রীশ্রী৺মদনমোহন জিউ বিগ্রহ তাহার দারাই প্রতিষ্ঠিত। এই বিগ্রহদেবের শ্রীপাদপীঠের নীচে "রপনারায়ণ শশ্মা" নাম খোদিত আছে। মালদহ জেলার অধীন তাহার জমিদারীর অন্তর্গত চাঁপাই গ্রাম হইতে এই বিগ্রহদেবকে আনন্দ-মোহন মৈত্র মহাশয় তালন্দ গ্রামে আনয়ন করিয়া স্থাপন করিয়াছিলেন। ''রপনারায়ণ শশ্মা'' নাম খোদিত দেখিয়া অন্তমান হয় ''প্রসিদ্ধ গৌরগত-প্রাণ রূপ গোস্বামী" এই বিগ্রহস্থাপনকর্তা। সম্ভবতঃ গৌড়ে তিনি নবাব বাহাতুরের কর্ম্ম করিবার সময় এই বিগ্রহ স্থাপন করিয়া থাকিবেন।

আনন্দমোহন অত্যস্ত অতিথিপ্রিয় ছিলেন। যত অতিথিই আস্থক না কেন, যে সময়েই আস্থক না কেন, তিনি অকাতরে অন্ন দান করিতেন। তিনি অনেক সংকার্য্য করিয়াছেন। পুত্রসন্তান না থাকায় তিনি লালি ও মোহন মৈত্রকে দত্তক গ্রহণ করিয়াছিলেন। লালিতমোহনও কুলান-সন্তান ছিলেন। ১২৯৬ সালের মাঘ মাসে আনন্দমোহন মৈত্র মহাশয় ৯০ বংসল্ল বয়সে শ্রীবৃন্দাবনধাম লাভ করিয়াছেন।

বরণে আর্দাবনবান লাভ কার্রাছেন।
ললিতমোহন অতুল সম্পত্তির অধিকারী হইয়া সম্পত্তির সদ্যবহারই
করিয়াছেন। তিনি অত্যন্ত প্রজারঞ্জক ছিলেন। প্রজাগণের কোন
প্রার্থনাই তাহার নিকট অপূর্ণ থাকিত না।
ঘোহান্ত মহারাজ
ভিক্ষ বা অজন্মার বংসর নিজ গোলা হইতে
ধান্ত দিয়া অভাবগ্রস্ত প্রজাগণকে সাহাব্য করিতেন। এই উদ্দেশ্তে স্বায়
জমিদারী মধ্যে মালদহ জেলার তুইটী মফঃস্বল কাছারীতে এবং রাজসাহা
জেলার একটী মফঃস্বল কাছারীতে ও তালন্দ সদর কাছারীবাড়ী মোকামে
সর্বাদা ধান্ত মজুত রাখিতেন। প্রজাগণ স্থদ দিতে পারিবে না বলিয়া
ধরিলে তিনি তৎক্ষণাং স্থদ বাদ দিতেন। ঐ সমস্ত তুঃস্থ প্রজাকে
তিনি কথন পীড়ন করেন নাই। এমন কি আসল ধান্তও অনেককে মাপ
করিয়াছেন।

তাহার দেড় লক্ষ টাকার এটেটে বাকী খাজনার নালিশ ৩০।৪০টা ব্যতীত বেশী হয় নাই। বাহারা তামাদির আপত্তি করে তাহাদেরই নামে বাধ্য হইয়া নালিশ করিতে হইয়াছে। যাহারা তামাদির আপত্তি করে নাই, তাহাদের নামে কথনই নালিশ হয় নাই। অনেকে আগল খাজনাও মাপ পাইত। এক প্রজার ৬। ৭ বংসরের বাকী থাকিলেও তথাপি তাহার নামে বাকী খাজনার নালিশ হয় নাই। প্রজাগণও তেমনি যে বংসর স্থাবাদ পাইত, সেই বংসর সাধ্যমত সমস্ত খাজনা শোধ করিয়া দিত। তাহার এটেটে প্রজাপীড়ন নাই।

প্রজাদের উপকারার্থে তিনি তালন গ্রামে সম্পূর্ণ নিজ ব্যয়ে একটা

দাতব্য চিকিৎসালয় করিয়া দিয়াছেন। উহা আজিও "ব্রজেন্দ্রমোহন দাতবা চিকিৎসালয়" নামে পরিচিত। তিনি নিজ জমিদারী মধ্যে মালদহ জেলায় নাচোল গ্রামে এবং রাজসাহী জেলায় তানোর গ্রামে ডিষ্ট্রীক্ট বোডের দাতব্য চিকিৎসালয়ে মাদিক সাহায্য দিবার ব্যবস্থা করিয়া গিয়াছেন। ঐ সমস্ত ডিস্পেনসারীতে বহু দরিদ্র প্রজা ঔষধ পাইয়া উপকৃত হইতেছে। পানীয় জল সরবরাহ জন্ম তিনি স্থানে স্থানে জলাশয় খনন করিয়া দিয়াছেন।

শিক্ষাবিস্তারের জন্মও ইনি বিশেষ মনোযোগী ছিলেন। তালক গ্রামে "বিনোদিনী টোল" নামে একটা টোল স্থাপন করিয়া পাড়াগায়ে সংস্কৃতচর্চ্চার বেশ স্থবিধা করিয়া দিয়াছেন। ঐ **টোলের অ**ধ্যাপক মহাশয়ের বেতন, আহার ও বাসস্থান এষ্টেট হইতে বহন করিবার বাবস্থ করিয়া গিয়াছেন। গ্রামে "ললিতমোহন লাইবেরী" নামে একটী পাঠাগার স্থাপন করিয়া এতদঞ্চলস্থ লোকের বিনা ব্যয়ে বিবিধ পুস্তকপাঠের স্থবিধা করিয়াছেন। রাজসাহী সহরে নিজ বাসায় অনেক ছাত্রকে আহার ও বাসস্থান দিয়া রাথিয়া গরীব বিজোৎসাহী ছাত্রের বিশেষ উপকার করিয়া ্গিয়াছেন। গ্রাম্য রাস্তা-ঘাটেরও অনেক হিতসাধন করিয়াছেন। স্ত্রী শিক্ষার বিস্তার জন্ম নিজ গ্রামে "বীণাপাণি বালিকা-বিল্লালয়" নামে একটা প্রাইমারী স্থল প্রতিষ্ঠা করিয়া গিয়াছেন। অতিথিসেবা ও দেবসেবা ইত্যাদি রীতিমত ঠিক রাথিয়াছিলেন। দ্রব্যাদির ত্রিগুণ দিগুণ মূল্য বৃদ্ধি হওয়া সত্তেও ইনি কথন অতিথিসেবার ক্রটী করেন নাই। ইহার ধর্মজীবন যে ভাবে অতিবাহিত করিয়াছেন, তাহাতে বোধ হয় পূর্বজন্মে ইনি কোন माधक ছिल्न । यागचरे रहेग्रा এই জন্ম গ্রহণ করিয়াছিলেন। ধর্মে ইহার থুবই আস্থা ছিল। প্রাসিদ্ধ গোস্বামীমহাশ্রগণ ইহার ধর্মজীবনের পরিচয় পাইয়া ইহাকে "মোহাস্ত মহারাজ" ও "মহর্ষি" উপাধি প্রদান করিয়াছিলেন।

### উপাধি-সমর্পণ-পত্র।

বৈষ্ণবলক্ষণ-লক্ষিত অনস্থানীকৃষ্ণ-ভক্ত তালন্দাধিপতি শ্রীল ললিত মোহন নৈত্র মহাশয় শ্রীনবদ্ধীপস্থিত পণ্ডিত গোস্বামীকৃন্দ-দত্ত, বাজসাহী-স্থিত শ্রীহরি শ্রীধন্ম-সভা সভাবন্দ-দত্ত "মোহাস্ত মহারাজ" উপাধিরত্র পাইবাচেন , আমরা তাহার অঙ্গে নববিধ কুলীন বিপ্রলক্ষণের সাক্ষাং করিয়৷ "মহিষি' উপাধি-ভূষণ অর্পণ করিলাম।

> দাতাস্থণীর সকলভূতস্ত্রন যতাত্মা শাস্ত্রোক্ত ভূস্থর স্থবৈষ্ণবধর্মপালঃ। শ্রীকৃষ্ণপাদরতিধৃক্ সদয়ো মহবি দ্বীব্যাচ্চিরং ললিতমোহন মৈত্র নামা॥

সন ১৩২৭ শ্রীহরিসভা বাষিকোৎসব দিন ২ বৈশাথ।

বগুড়া জেলান্তর্গত রামকালী গ্রামস্থিত শ্রীবৈঞ্ব সনিতি সভা শ্রী**আনন্দলাল** চৌধুরী প্রভৃতি

যোগ্য পাত্রেই যোগ্য উপাধি প্রদন্ত হইয়াছিল। তিনি ৬ শ্রীশ্রীয়াধাবল্লভ জিউ বিগ্রহ প্রতিষ্ঠা করিয়া সর্বাদা সঙ্গে সঙ্গে রাখিতেন এবং তদ্গতিতিও তাঁহারই ব্যানে অধিকাংশ সময় কাটাইতেন। তাঁহার তীর্থ-প্র্যাটন-বাত্রা এক অপূর্ব্ব সমারোহ ব্যাপার। তিনি ভারতের কোন তীর্থক্ষেত্রই পর্য্যটনে বাকী রাথেন নাই। নিজ প্রতিষ্ঠিত বিগ্রহ, ইষ্টদেব, আগ্রীয়-স্বজন, কর্মচারী, পাচক, চাকর, ধোপা, নাপিত, এমন কি কোন বৈক্ষবপ্রবর সঙ্গ প্রার্থনা করিলে আদরে গ্রহণ করিয়া বিপুল লাটবহর সমভিব্যাহারে ভারতীয় সমৃদয় তীর্থ পর্যাটন করিয়াছেন। "তীর্থ-পর্যাটন" নামক পৃত্তিকাতে তাহার তীর্থবাত্রাসম্বন্ধে বিস্তৃত বিবরণ পৃথকভাবে লিপিবদ্ধ করা হইয়াছে। রাজদাহীর শ্রীবৈষ্ণব সভার ভিত্তি স্থাপন করিয়া এবং

উহার উন্নতিকল্পে প্রাণপণ চেষ্টা করিয়া শ্রীবৈষ্ণবপ্রাণজনের হৃদয়ে চিরম্মরণীয় হইয়া রহিয়াছেন।

ললিতমোহনের এবং এপ্টেটের ভূতপূর্ব্ব ম্যানেজার তালন্দ-নিবাসী 'পৃথিবীর পুরাতত্ব'-লেথক, প্রস্থাত্ত্বিক, স্ক্ষেণ-বংশীয় শ্রীযুত বিনোদবিহারী রায় বেদরত্ব মহাশয়ের অসীম পরিশ্রম এবং শাসন-সংরক্ষণের গুণে সম্পত্তির আয় যথেষ্ট বৃদ্ধিপ্রাপ্ত হইরাছে। তাহার পুরস্কারম্বর্রণ ললিতমোহন তাহার 'পৃথিবীর পুরাতত্ব'-প্রকাশে ১৪০০ টাকা সাহায্য করিয়াহেন।

তিনি প্রজাপ্রীতিতে ও লোকহিতার্থে যে সমস্ত সংকাষ্য করিয়া গিয়াছেন সমস্তই স্ত্রী, পুত্র, পুত্রবধূ ও নিজ নামে উৎসর্গ করিয়া গিয়াছেন। ইহাতে মনে হয়, আপন জনকে ভালবাসার তায় ঐ সমস্ত সংকাষ্য করিতেও তিনি থুব ভালবাসিতেন। ৫২ বংসর বয়সে ললিতমোহন ৺আনন্দন্মাহনের শৃত্য বাগান ছই পুত্র, পাঁচটা কত্যা, স্থযোগ্য জামাতা, দৌহিত্র, দৌহিত্রী-জামাতা প্রভৃতিতে সাজাইয়া, পৌনে ছই লক্ষ টাকার আয়ের ভৃসম্পত্তি রাথিয়া গত ১৩৩০ সালের ২১শে পৌষ ইষ্টনাম শ্বরণ করিতে করিতে সজ্ঞানে ৺গোলোকধাম লাভ করিয়াছেন। প্রজাগণ তাঁহাকে শত্যন্ত ভালবাসিত; স্থতরাং তাঁহার মহাপ্রস্থান-সংবাদ কোন প্রজাই শুক্ষ চক্ষে শ্রবণ করিতে পারে নাই।

জ্যেষ্ঠ পুত্র শ্রীমান ব্রজেন্দ্রমোহন মৈত্র, এম-এ, বি-এল, বিশ্ববিচ্চালয়ে উচ্চশিক্ষা লাভ করিয়া অতি যোগ্যতার সহিত এপ্টেট পরিচালন করিরক্ষেল্রমোহন ও তেছেন। দ্বিতীয় পুত্র শ্রীমান গোপীকুলমোহন
গোপীকুলমোহন এখন পাঠ্যাবস্থায় আছেন। তাঁহারা পিতামহ
ও পিতার ক্যায় অত্যন্ত দানশীল। তাঁহাদের সমস্ত কীর্ত্তি ইহারা ঠিক
রাথিয়াছেন। শ্রীপাট থেতুরে একটা বিগ্রহ স্থাপন জন্ম ৭০০২ টাকা দান
করিয়াছেন। নওহাটা দাতব্য চিকিৎসালয়ের উন্নতিকল্পে ১২০০২ টাকা


রাজ্যাহী ডিষ্ট্রীক্ট বোর্ডকে দান করিয়াছেন। রাজ্যাহীতে জলের কল হইলে সাধ্যমত সাহায্য করিবেন, স্বীকৃত হইয়াছেন। এত অল্পকাল মধ্যে উভয় ল্রাতা স্বীয় প্রজাদের নিকট হইতে আশাতীত খ্যাতি, সম্মান, ভক্তিলাভ করিয়াছেন, ইহা কম শ্লাঘার বিষয় নহে। তাঁহাদের দরবার-গৃহের দ্বার প্রজাদের জন্ম সর্বাদা উন্মুক্ত।

কৃষ্ণগোবিন্দ মৈত্রের কনিষ্ঠ পুত্র গোবিন্দমোহন মৈত্র অতিশয় ধার্শ্মিক ছিলেন। তিনি বিষয় তত্ত্বাবধানের ভার জ্যেষ্ঠ আনন্দমোহন মৈত্রের উপর অর্পণ করিয়া জীবনের অবশিষ্টাংশ দেবসেবায় যাপন করিবার মানসে পৈতৃক বিগ্রহ ৬ রাগামাধব জিউ ঠাকুরকে বৃন্দাবন লইয়া যান এবং তথায় মন্দির নিশাণ পূর্বক বিগ্রহ ঠাকুরকে স্থাপন করেন। গোবিন্দমোহনের বুন্দাবনধামেই প্রাণবায়, নির্গত হয়। তাহার কোন পুত্রসন্তান ছিল মা। ক্বফমতি নামে একটা কন্তা ছিল। গোবিন্দমোহনের মৃত্যুর পর তাঁহার खी ज्वनत्माहिनी (नवी दाजमाही (जनाद अस्तर्गठ भाँচवाज़ीया-निवामी প্রসিদ্ধ রায় জমিদার-বংশোদ্ভূত ৺হরচন্দ্র রায়ের পুত্র তারকচন্দ্র রায়কে স্বামীর অমুমতামুসারে নিজ দত্তকরূপে গ্রহণ করেন। দত্তকরূপে গৃহীত হইবার পর তারকচন্দ্রের নাম কুঞ্জমোহন হয়। দম্ভক লওয়ার ৩।৪ বংসর পর ভবনমোহিনী স্বর্গারোহণ করেন। এই সময়ে কুঞ্জমোহনের এষ্টেট-সংক্রাম্ভ অনেক বড় বড় মামলা-মোকদ্দমা হয়। কুঞ্জমোহনের জোষ্ঠা ভন্নী কৃষ্ণমতি দেবী ও ম্যানেজার যোগীক্রচক্র চটোপাধ্যায় স্বীয় বৃদ্ধিবলে এটেট রক্ষা করেন। তৎপরে কুঞ্জমোহনের এটেট সরকার কর্তৃক কোট অফ ওয়ার্ডনে গৃহীত হয়। কোর্টন অফ ওয়ার্ডনে সম্পত্তির থুব উৎকয সাধিত হইয়াছিল। কুঞ্জমোহনের ২১ বংসর বয়সে এষ্টেট কোর্ট অফ ওয়ার্ডদ হইতে মৃক্ত হয়। কুঞ্জমোহনের এখন বয়স প্রায় পঞ্চাশ বংসর। এ যাবংকাল তিনি অতি স্মচাক্ষভাবে এষ্টেট পরিচালন করিয়া আসিতেছেন এবং সম্পত্তি যাহা পাইয়াছিলেন তাহা প্রায় চতুগুর্ণ বন্ধিত করিয়াছেন। তিনি তালন্দ গ্রাম অতিশয় অস্বাস্থ্যকর হেতু রাজসাহী সহরে বসবাস করিয়া থাকেন। এথানে তিনি খুব স্থন্দর বাড়ী তৈয়ারী করিয়াছেন। ठांशत वाफ़ीरे मरदात मत्धा मर्कात्भका तृरः ७ सम्मत् । कुन्नत्मारम অতিশয় সজ্জন ও আদর্শচরিত্র। তাঁহার মত নিম্বলম্ক ও চ ব্রত্তবান ব্যক্তি ৰডলোকদের মধ্যে প্রায়ই দেখা যায় না। তিনি নিজে তামাক বা পানটী প্রাপ্ত থান না। সকলেই নির্মাণ চরিত্রের জন্ম তাঁহাকে গভীর শ্রদা করিয়া পাকেন। কুঞ্জমোহন বড় পরত্বঃথকাতর। তিনি গোপনে অনেক টাকা দান করিয়া থাকেন। তাঁহার নিকট কেই ঘাইয়া নিজের তঃথ বা কটের কথা জানাইলে তিনি যথাসাধ্য তাঁহাকে সাহায্য করিয়া থাকেন। কদাচ কাহাকেও বিমুখ করেন না। তিনি বিলাসপ্রিয়তা পছন্দ করেন না। কুঞ্জমোহনের দেবসেবা ও অতিথিসেবার প্রশংসা সকলেই করিয়া থাকেন। তিনি অধিকাংশ সময় ধর্মগ্রন্থ-পাঠে অতিবাহিত করিয়া থাকেন। সহরের যাব গ্রীয় প্রতিষ্ঠানের সহিতই সংশ্লিষ্ট আছেন। তিনি রাজসাহী ধর্ম-সভা ও বৈষ্ণব সভার সম্পাদক ও সহকারী সভাপতি ছিলেন। বর্তুমানে মিউনিদিপালিটার কমিশনার ও দদর বেঞ্চের অনারারী ম্যাজিষ্টেট। তিনি পূর্বেডিব্লীক্ট বোর্ডের মেম্বরও ছিলেন। তিনি এখন সেন্টাল জেলের ভিজিটর ও জেলের এডভাইদরী বোডের একমাত্র বে-সরকারী হিন্দু মেম্বর। গত ১৩২৯ সালে উত্তর-বঙ্গ জলপ্লাবনে এবং স্থানীয় জলপ্লাবনে কুঞ্জমোহন অনেক টাকা সাহায্য করিয়াছেন। গভর্ণমেন্ট কুঞ্গমোহনের সদাশয়তা ও সচ্চরিত্রতার পরিচয় পাইয়া গত ১৩৩২ সালের জৈষ্ঠ মাদে সমাটের জন্মদিন উপলক্ষে "রায় সাহেব" উপাধিতে সম্মানিত করিয়াছেন। তিনি অতিশয় প্রজারঞ্জক, প্রজার জলকষ্ট-নিবারণের জন্ম স্বীয় জমিদারীর মধ্যে স্থানে স্থানে পুরুর খনন করাইয়া দিয়াছেন।


পরত্থ-নিবারণে তিনি সর্ব্বদাই সচেষ্ট । কুঞ্জমোহন পাবনার অন্তর্গত নাকালিয়ার প্রসিদ্ধ রায়-বংশীয় কোচবিহারের ভূতপূর্ব্ব উকীল ৺আনন্দচন্দ্র রায়ের কলা হির৸য়ী দেবীকে বিবাহ করেন। কুঞ্জমোহনের জোট পূজ্ঞ অবনীমোহন M. Sc., B. L., দিতীয় পূজ্ঞ ধরণীমোহন M. A., B. L., ছতীয় পূজ্ঞ যতীক্রমোহন মেডিক্যাল কলেজে পড়িতেছেন। তাহার ছেলেদের স্বভাব-চরিত্র অতি মধুর। কুঞ্জমোহনের তিম কন্যার বিবাহ হইরাছে। তাঁহার জামাতারা সকলেই কৃতবিশ্ব ও বিশেষ সক্ষতিশালী।

नित्र रेमक वरभात अवकी मरिकश कुनको लागान करा इहेन :--

# তালন্দের মৈত্রবংশ তালিকা।



```
মহামৃ নি
      স্বৰ্ণরেশ
    मदेनका खबा
     মৈতাই (মৈত্রকুল আরম্ভ)
       হ্নির
    (नोग्रां ठाया
মহানিধি আচাৰ্য্য
     বৃহশিত
       কুপ ( মাঝগ্রাম সমাজ )
        নরসিংহ
        স্থকি
       মধু যাই
      রক্ষি তাই
      , লক্ষীধর
     বিভাই
     শ্লপাণি
     ভিঘাই
       জয়রাম
```



চন্দ্রোহন মৈজ क्री दक्षभन्नी মাহন মৈত্ৰ रम राज 100 5 নক্ৰোহন যৈত্ৰ निविधिभारम दिन লো জি নহার্যক ऑक्ट्रिश (कछा) मी किट्नावी माछान (6) <u>क</u>

<u>ब</u>्धारमार्थन ज

DE TO

। শীরাধিক। হিন গৈত শ্রীগোপী হন গৈ

ধন সৈত্র

# চক্রনাথের মোহাত্তগণ।

# उसमाय होया

दक्रामत्म यङ डीर्थन्नान पार्ष्ट, डमार्या ठम्मनाथडीर्थ व्याडि श्राडीन : तम्बीश्रत्नापत देडव गांशाया ठाउका থঙে এই তীৰ্থের উল্লেখ আছে। একদা ঋষিগণ স্তমূনিকে জিজ্ঞাস। করিয়াছিলেন, কলিয়ুগে শিব কোথায় বাস অগ্নিকোণে চক্রশেখনের শিথর দেশে বাকণ বিককেনাটরে পাষাণক্রপী হইয়া স্বয়ষ্কু লিঙ্গ বর্তমান আছেন। ভাহার বিভূতিমভিত শিব বর্তমান রহিষাছেল। এই বাড়বানলে অবোলিসজ্জবা দীতা স্বামী রামচন্দ্র ও দেবর দক্ষিণে মনোহর বাড়বানল, উত্তরে লবণায়ু, গশ্চিমে বাাসকুণ্ড, পূর্বে মিষ্টবারি মনাকিনী, তন্নধো অহিকুলভ্ষিত,

লক্ষণের দহিত স্থান করিয়া পিতৃ-দেবতাসমূদয়কে তর্পণ করিয়াছিলেন। তন্ত্রচূড়ামণি গ্রন্থে আছে যে, চট্টগ্রামস্থ চন্দ্রশেথর আমার দক্ষিণ বাছস্বরূপ, ইনি তত্রতা ভৈরব আর ভৈরবী ভবানী ব্যক্তরূপে বিরাজ করিতেছেন। সেই চন্দ্রশেথর পর্ববতে আরোহণ করিলে পুনর্জন্ম হয় না। লিঙ্গপুরাণে আছে, চন্দ্রশেথর পর্ব্বতের নিকটবর্ত্তী যে সীতাকুণ্ড রহিয়াছে, সকল কুণ্ড হইতে তাহা শ্রেষ্ঠ। এই দীতাকুণ্ডে দীতা পরীক্ষানল-তাপিতা হইয়া শাপ প্রদান করিয়াছিলেন। ব্যাসদেব সীতাকুও নির্মাণ করিয়াছিলেন। তাহার পূর্বেবাত্তর দিকে বুষকুণ্ড সাক্ষ্যস্বরূপ বর্ত্তমান রহিয়াছে। তাহার দক্ষিণে পাতালগামিনী দীতা অবস্থিতা আছেন, সেই কুণ্ডে দকল মানব যাইয়া স্নান করে। তাহারা অনায়াদে নারায়ণের প্রমপদ প্রাপ্ত হয়। ভারতে যে ৫১টা পীঠস্থান আছে, তাহাদের মধ্যে চট্টলে মায়ের দক্ষিণ বাছ পতিত হয়, তথায় চল্রশেখর ভৈরব ও ভবানী নামে ভগবতী বাক্তক্সপা। লিঙ্গপুরাণে আছে. – হে বরাননে ! আমি লোকের হিতার্থ বঙ্গদেশস্থ চন্দ্র-্রেখর পর্বতে তোমার সহিত বাস করিব। আদি ব্রহ্মপুরাণে আছে,— হে শিবে। আমি কলিযুগে দেবতাদিগের সহিত চক্রশেখরে বাস করিব। তথায় জীবের মৃত্যু হইলে তাহাদের মৃক্তি হইবে। বারাহী তম্বে আছে,— তথায় শিবপর্বত হইতে উৎপন্ন সহস্রধারা নামে একটা নদা আছে, তাহাতে न्नान ও দান করিলে লোকে শিবলোকে যায়। চন্দ্রনাথ পঞ্চক্রোশী। বারাহী তন্ত্র বলেন, – পশ্চিমে ব্যাসকুণ্ড, পূর্ব্বে মন্দাকিনী, উদ্ভরে চম্পকারণ্য, मिक्कित वां क्वानल अहे ममुनग्र ज्ञान शक्कालात मीमा। अहे मीमात मत्या প্রাণত্যাগ করিলে যে কোন প্রাণী বা মানব মোক্ষপ্রাপ্ত হইয়া থাকে।

চন্দ্রনাথতীর্থের উৎপত্তি সম্বন্ধে একটা স্থন্দর আখ্যায়িকা আছে।
আখ্যায়িকাটি এই,—চট্টলের শিবপুরে এক ভগবস্তুক্ত রজক ছিল। তাহার
একটা গাভী ছিল, সেই গাভীটা পর্ব্বতের উপর বিচরণ করিতে যাইত।

রজক কথনও সেই হশ্ববতী গাভী দোহন করিয়া একবিন্দু হ্লম্ম পাইত না। রজক ইহার কোন কারণ ঠাওরাইয়া স্থির করিতে পারিত না। একদিন সে গাভী ছাড়িয়া দিয়া তাহার পশ্চাং পশ্চাং চলিতে লাগিল, অদূরে সে একটী স্থন্দর পাহাড় দেখিতে পাইল। দেখিল, সেই গাভী পাহাডের উপর নাইয়া এক জামগায় দাঁড়াইয়া রহিল, আর অবিরামধারে গাভীর বাঁট হইতে ত্বধ ঝরিষা পড়িতে লাগিল। রজক সেইস্থানে যাইয়া দেখে যে, একটা মনোহর শিবলিঙ্গ বিরাজিত রহিয়াছেন। সেইদিন রাত্রে রজক স্বপ্নে দেখিল যেন ভগবান মহেশ্বর তাহাকে বলিতেছেন যে, তিনি ত্রিপুরাস্থন্দরীর সহিত এই চন্দ্রনাথে আদিয়া বদবাদ করিতেছেন। রজক তাহা শুনিয়া তৎপরদিনই মহেশ্বরের দেবার জন্ম একজন ব্রাহ্মণতে নিযুক্ত করিল। ক্রমে সেই রজক অতুল ঐখর্য্যের অধীশ্বর হইয়া পড়িল। ত্রিপুরার মহারাজ এই সংবাদ পাইয়া তথায় যাইয়া শভুনাথের যথাবিহিত পূজা করিলেন। যে স্থানে শস্তুনাথ আবিভূতি হইয়াছিলেন, সেই স্থান মহারাজের অধীন। নহারাজ লোকজন নিযুক্ত করিয়া শস্তুনাথের চারিপার্থে খুঁড়িতে আরম্ভ করিলেন, কিন্তু যত থোঁড়েন, কিছুতেই বিশ্বনাথের মূল আর পান না। অবশেষে মহারাজ স্থপ্ন দেখিলেন যে, মহাদেব তাঁহাকে বলিতেছেন, যতই কেন থোড় না, কিছুতেই তাঁহাকে সে স্থান হইতে স্থানান্তরে লইতে পারিবে না। তথন মহারাজ সেই লিঙ্গের উপর একটা মন্দির রচনা করিয়া দিলেন। তদবধি শস্তুনাথ জগতে প্রকটিত হইলেন।

আর একটা উপাখ্যান এই—একদা এক কণ্ঠুরিয়া কাঠ কাটিবার জন্ম চন্দ্রনাথ পাহাড়ে গিয়াছিল। কাঠ কাটিতে কাটিতে তাহার কুঠারের ধার গেল, তথন সে একটি ফটিক প্রস্তার দেখিতে পাইল। সেই প্রস্তার কুঠার শাণাইবার জন্ম তাহা স্পর্শ করিবামাত্র তাহার লোহার কুঠারখানা সোণা হইয়া গেল। এই অয়স্কাস্ত মণিই পার্যনাথ শিব।

দীতাকুণ্ডে উপস্থিত হইলে চন্দ্ৰনাথ ও বিশ্বপাক্ষ দেবের মন্দির দৃষ্ট হয়। তাহার পর ব্যাসকুণ্ড, এথানে বটুক ভৈরব ব্যাসদেব আছেন। বিরূপাক্ষে উঠিবার পূর্ব্ব পথে কোটিলিঙ্গ, ছত্রশিলা, কপিলাশ্রম দর্শন করা যায়। চন্দ্রনাথের নিকট পাতালে যাইবার রাভা আছে, তথায় হর-গৌরী, শালগ্রাম শিলা প্রভৃতি আছেন। কলিকাতা হইতে রেলযোগে স্গোয়ালন্দ গাইয়া তথা হইতে প্রিমারে দীতাকুণ্ডে যাইতে হয়।

আদিনাগ ও চন্দ্রনাগতীর্থের ইতিবৃত্ত সম্বন্ধে আরও অনেক আখ্যায়িকা আছে। ১৭৬৯ খ্রাষ্টাব্দের বহু শত বৎসর পূর্ব্বে জনৈক মুসলমান মহেশখালির পূর্স্বাংশের পাহাড়ে শিকার করিতে যায় এবং একটা হরিণ শিকার করে। সেই হরিণকে জবাই করিবার উদ্দেশ্যে একথানা লৌহনি<sup>শ্নি</sup>ত ছুরি শাণাই-বার জন্য ঐ আদিনাগদেবের উপর স্পর্শ করা মাত্র লৌহ সোণা হইয়া যায়। পরে মুসলমান লৌহ সোণা হটল দেখিয়া বিষয়াপন্ন হইয়া ঐ মৃর্ত্তি সঙ্গে লইয়া বাড়ী যায়। রাত্রে তাহার প্রতি স্বপ্নাদেশ হয়, "আমি ফেসানে ছিলাম, আনাকে সেই স্থানেই রাপিয়া আয়, আমি আদিনাথদেব।" মুদলমান স্বপ্নের প্রতি আদৌ গ্রাহ্ম করিল না। ফলে তাহার পীড়া হয়, তথন সে ভয়ে মৈনাক পর্ব্বতের উপরে একটী কুটীর নির্মাণ করিয়া জনৈক ব্রাহ্মণ দারা লিঙ্কের পূজার্চনার ব্যবস্থা করেন। ঘটনাক্রমে বর্ত্তমান সময় হুইতে দেড় শত বংসর পূর্ব্বে সাধক গোমতি বন স্বপ্ন দেখেন যে, আদিনাথ তাঁহাকে মহেশগালিতে যাইয়া মোহান্ত-পদে অধিষ্ঠিত হইয়া তাঁহার মাহাত্ম প্রচার করিতে বলেন। গোমতি বন আদিনাথের আজ্ঞা শিরোধার্য্য করিয়া মহেশুখালিতে প্রত্যাবর্ত্তন করেন। শভুনাথের সম্বন্ধেও নানা উপাখ্যান প্রচলিত আছে। শভুনাণের অপর নাম প্রমদীশ্বর। এই শিবলিঙ্গটীর আকার কলার মোচার মত। ইংহার চারিদিকে যোনিপীঠ।

৫৷৬ শত বংসর পূর্ব্বে কোন গোঁসাই চট্টগ্রামে আসিয়া চক্রনাথতীর্থ

আবিষ্কার করেন ও শ্রীশ্রীশন্তুনাথের মূল মন্দির নির্মাণ করেন। তিনি স্বয়ং মোহান্তপদে অধিষ্ঠিত হন। উক্ত মোহান্ত-মহারাজ-বংশের জনৈক মোহান্ত জোয়াল গিরিগোঁসাই শস্তুনাথের দ্বিতীয় বিষ্ণুনাটমন্দির নির্মাণ করেন। তৃতীয় মন্দির অথাৎ প্রথম প্রবেশের চৌচালা মন্দির ৺গোমতি বন মোগান্ত কর্ত্তক নির্মিত হয়। তাহার শিষ্য রামরতন মোহান্ত শভুনাথের বাড়া गাইবার রাস্তা, গরাকুও, তাহার দি ড়ি ও চট্টগ্রাম সহরস্থ পকরুণাময়ী কালালাড়া নির্মাণ করেন। কিশোর বন মোহান্ত-মহারাজ সমাধি গ্রহণ করার পর তাহার শিষ্য ৺যতীক্র বন মোহান্ত-মহারাজ চক্রনাথ, আদিনাথ প্রভৃতি তীর্থের গদি প্রাপ্ত হন। ১৩১১ বদান্দের ২৫শে ফান্ধন তারিখে ৺যতান্দ্র বন বাবান্ধাকে শাস্ত্রান্থ্রায়ী চেলা বা শিষ্যপদে অভিষিক্ত করা হয়। তিনি শস্তনাথ-বাটীস্থিত কিশোর বন মোহান্ত-মহারাজের সমাধি-মন্দির ও শিব স্থাপন করেন। ৺যতীক্র বনের চেলা—শ্রীকুমৃদ বন। কুমৃদ বন বর্ত্ত-মানে চন্দ্রনাথ ও আদিনাথ তুই স্থানেরই নোহান্ত। কুমুদ বন ১২৪২ সনে সাত বংসর বয়সে কিশোর বন মোহাতের সঙ্গে চন্দ্রনাথ আগমন করেন। ১২৩৫ মঘী পৌষী মাদে কাশীধামের গণেশ মহল্লায় ইহার জন্ম হয়। ইহার পিতার নাম মিছির ও মাতার নাম গৌরা। বর্ত্তমানে কুমুদ বনের त्राप्त ( • वरमत । ) २ १ ( भघी होने ठलनाथ ও আদিনাথের মোহান্ত-পদ পান। ইহার চেলা একেশব বন চন্দ্রনাথের ভাবী উত্তরাধিকারী।

## চন্দ্রনাথের সেবায়েত-ব শ।

ভারতের দক্ষিণ-পূর্ব্বভাগে শ্রামরাজ্য হইতে পূর্ব্বক্ষের চট্টগ্রাম জিলার প্রান্তভাগ দিয়া যে শৈলমালা তরঙ্গায়িত হইয়া হিমালয়ের সহিত্ত মিশিয়াছে। তাহার ক্রোড়দেশে ৺চন্দ্রনাথ তীর্থ অবস্থিত। সমুদ্র- গর্ভ হইতে ১১০০ ফুট উচ্চ গিরিশৃঙ্গোপরি শ্রীশ্রীচন্দ্রনাথদেবের লিঙ্গমূতি। তাহার কটিদেশে অষ্টশক্তি অষ্টমূর্ত্তিসমন্থিত ৫১ পীঠের একাংশ শ্রীশ্রীদ স্বয়স্ত্র্লিঙ্গ, শক্তি ভবানী।

বারাহী তন্ত্রে দেখা যায়, মহামুনি ব্যাসদেব এই মহাতীর্থের মাহাত্ম্য বৃদ্ধি করিয়াছেন। যথন ব্যাসদেব নৈমিধারণ্য হইতে ঋষিগণ কর্ভৃক নানা প্রকারে অপমানিত হইয়া বিতাড়িত হইলেন, তথন তিনি স্বীয় যোগবলে ব্যাসকাশী তৈয়ারী করিলেন। তাঁহার তপঃপ্রভাবে শিবের কাশী হইতে ব্যাসকাশী শ্রেষ্ঠ হইল। কারণ শিবের কাশীতে লোকের মোক্ষফল লাভ হয়, আর ব্যাসদেবের কাশী নির্ব্বাণফল প্রদান করে।

জগন্মাতা ব্যাসদেবের সাধনার প্রভাব দেখিয়া ছলনাপূর্ব্বক অভি-সম্পাত দারা ব্যাসকাশীতে লোক দেহত্যাগ করিলে গদভ্যোনি প্রাপ্ত ইইবে বলিয়া অভিসম্পাত করিলেন।

ব্যাসদেব ভগবতীর দারা মৃত্ন কাশী-স্ঞ্জনে বিফলমনোরথ হইয়া শিবের উদ্দেশ্যে আত্মহত্যা করিবার মানসে যথন কাশী পরিত্যাগ করিতেছিলেন তথন ভূতভাবন ভবানীপতি শ্বীয় মৃর্ত্তিতে দেখা দিয়া ব্যাসদেবকে বলিয়াছিলেন—

"বিশেষতঃ কলিযুগে বসামি চক্রশেথরে। অতএব তুমি চক্রশেথরে গমন কর। তোমার অভীষ্ট সিদ্ধ হইবে।"

তিনি প্রথমে যে স্থানে আসন স্থাপন করিয়া তপস্থারম্ভ করিয়াছিলেন, সেই স্থানে এখনও ব্যাসদেবের প্রস্তরময় মূর্ত্তি বিভ্যমান আছে। তপঃ প্রভাবে ব্যাসদেব স্বীয় বাঞ্চিত ফল লাভ করিয়াছিলেন। যথা—

"পরমাণুদমোজীবো যদি পঞ্চত্তমালভেং। "সোহপি নির্বাণতাং যাতি কা কথা স্থুলদেহিনঃ।" তন্ত্র ও পুরাণাদিতে দেখা যায়, অযোধ্যাধিপতি দশর্থাত্মজ রামচন্দ্র বনভ্রমণকালে সাঁতা ও লক্ষণের সহিত চন্দ্রনাথ-দর্শনে আগমন করিয়াছিলেন। মহর্ষি ভার্গব সাতাদেবীর স্নানের জন্ম এইস্থানে একটি কুণ্ড নির্মাণ করিয়াছিলেন। সেই কুণ্ড এখনও বিভ্রমান আছে। কুণ্ডের নামান্ত্রসারে স্থানটীর নাম সাতাকুণ্ড হইয়াছে।

চট্টগ্রাম যথন ত্রিপুরারাজ্যের অংশ ছিল তথন চন্দ্রনাথতীথের প্রচার হয়। রাজমালা-পাঠে ইহার বিবরণ জানা যায়।

তীর্থ-প্রচার-সম্বন্ধে একটা কিংবদস্তী আছে যে, প্রায় ৭০০ বংসর পূর্বে দীতাকুণ্ডের একজ্রোশ উত্তর-পশ্চিমে শিবপুর নামক গ্রামে জনৈক দরিদ্র রজক বাদ করিত। রজকের একটি কামধেম ছিল, প্রতাহ গোচারণের জন্ম রন্ধক ধের সহ পাহাড়ে যাইত, গাভীটীকে ছাড়িয়া দিয়া সে কাষ্ঠ সংগ্রহপূর্ব্বক ধেন্তসহ বাড়ী ফিরিত। একদিন গাভীটি গভীর বনে হারাইয়া যায়। চিরদিন হিন্দুরা গোকে প্রাণের সহিত ভালবাসে। সে গাভীটিকে না পাইয়া বিষম বিপদে পড়িল। অরক্ষণ-জনিত গো-পালনের জন্ম কি করিতে হইবে তাহার জন্ম ব্যাকুল চিত্তে বর্তুমান সেবায়েত-বংশের পূর্ব্ববর্ত্তীকে ইহার পরামর্শ জিজ্ঞাসা করাতে তিনি প্রায়শ্চিত্তের ব্যবস্থা দেন। ব্রাহ্মণ যাহা বলিলেন সেই অমুদারে রজক প্রায়শ্চিত্তের আয়োজন করিল। এই সময়ে এক কাঠুরিয়া সংবাদ দিল যে, পূর্ব্বদিন সে এক পর্ব্বতোপরি গাভীটিকে নিজে দেখিয়াছে। এই সংবাদে রজক গাভীর উদ্দেশে পর্বতপর্য্যটনকালে দেখিতে পাইল, গালীট পর্বতোপরি দাঁড়াইয়া আছে এবং ন্তন হইতে ক্ষীরধারা প্রবাহিত হইয়া স্থানটিকে কর্দ্ধনাক্ত করিতেছে। বিশেষ কৌতৃহলী হইয়া কারণাত্মদ্ধানে দেখিল, একটি স্থন্দর প্রস্তরমূর্ত্তি। ইহা কোন দেবতা হইবে, এই ধারণা করিয়া সেবায়েত-বংশের পূর্ববর্ত্তী রাধাবল্লভকে

প্রথম দেগান। তিনি অষ্ট-মূর্ত্তি অষ্টশক্তি-সমন্বিত বিগ্রহ দর্শনমাত্রেই চিনিতে পারিয়া সেই দিন হইতে পূজা আরম্ভ করিলেন। অ্চাবিধি তাহারই বংশধরগণ সেবায়েতরূপে উক্ত বিগ্রহের অর্চ্চনাদি করিতেচেন।

শিবমূর্বিটী তাঁহাদের "অধিকারে" আচে বলিয়া তাঁহারা অধিকারী নামে পরিচিত। বর্তুমান সময় সেবায়েত পাণ্ডারা ৮ ঘর হইয়াছেন।


তীর্থ-প্রচারের সঙ্গে সঙ্গে বহু সাধু-সন্ন্যাসী ও হিন্দুসাধারণের আগমনে যথন লোকসমাগম অধিক হইতে লাগিল তথন সেবায়েত-বংশের পূর্ব্ববন্তী রাধাবল্লত সাধু-সন্ন্যাসীর সেবা এবং অতিথি-সংকারাদি কার্য্য কষ্টসাধ্য মনে করিয়া, বিশেষতঃ গৃহীদের পক্ষে শিবের কোন দ্রব্য গ্রহণ নিষিদ্ধ বলিয়া, ভোগলালসাহীন জিতেন্দ্রিয় দশনামা সন্ন্যাসীদের মধ্যে একজন উপযুক্ত লোক খুঁজিতে লাগিলেন। চট্টগ্রাম জিলার সম্রান্ত ব্যক্তিগণও পাণ্ডা-বংশের অভিপ্রায়ামুবায়ী গিরিসম্প্রদায়ত্ক বানারস গিরিকে মোহান্ত নিযুক্ত করেন। সেবায়েত পাণ্ডা আপন পারিশ্রমিক-স্বর্গ প্রণামী হইতে তুই আনা অংশ নির্দ্ধারিত করিয়া এবং শক্তিপূজার যাবতীয় দ্র্ব্যাদি নিজে রাখিয়া অবশিষ্ট মোহান্তের তত্ত্বাবধানে ছাড়িয়া দিয়া-ছিলেন। অ্যাবধি পাণ্ডারা প্রণামী হইতে উক্ত রূপ অংশ পাইয়া গাকেন

পাণ্ডা-বংশে শ্রীযুক্ত মহাভারত পাণ্ডা অন্যতম। তিনি চক্রশালা পর-গণার অন্তঃপাতী সারোয়াতলা গ্রামে ১৭৭৬ শকাব্দার বৈশাথ মাসের ২৫শে তারিখ জন্মগ্রহণ করেন। তাঁহার পিতার নাম রামতক্ত; মাতার নাম উষাস্ত্রন্দরী দেবী। নিজ দেশে তিনি ভারতচন্দ্র অধিকারী নামে পরিচিত। ভারতচন্দ্রের ৭ বংসর বয়্যক্রম কালে তিনি পিতৃহীন হন। পরে একমাত্র বৈমাত্রেয় ভ্রাতা ২৪ বংসর বয়সে ইহধাম ত্যাগ করিলে, সংসারে সান্থনা দিতে মাতা ও বৃদ্ধা পিতামহী ভিন্ন কেহ ছিল না। ভারতচন্দ্রের শর্প্রচন্দ্র নামে এক কনিষ্ঠ সহোদর ছিল, সে চারি বংসর বয়সে সকলকে শোকসাগরে ভাসাইয়। অনন্তধামে গমন করে। পিতার মৃত্যুর পর বৈমাত্রেয় ভ্রাতা চারি বংসর মাত্র জীবিত ছিলেন। সংসারে অভিভাবক-হীন অল্পবয়স্ক বালক নাবিক-বিহীন তরণীর মত চলিয়া অল্ল দিনের মধ্যে বছ টাকা ঋণ ফেলিল। বৈমাত্রেয় ভ্রাতার মৃত্যুতে উত্তমর্ণগণ স্থযোগ ব্রিয়া যাহা কিছু ছিল সমস্ত লইয়া যাওয়ার পরেও প্রায় ৭ হাজার টাকা ঋণ রহিয়া গেল। ভারতচন্দ্রের দাঁড়াইবার স্থানটক পর্যান্ত রহিল না। ৮০৬ শকাবে ময়মনদিংহ জিলার মুক্তাগাছার স্থনামপ্রসিদ্ধ রাজা শ্রীযুক্ত জগংকিশোর আচার্য্য চৌধরী মহাশয়ের মাতা স্বর্গীয় রাণী বিগাম্য়ী দেবাা ৺চন্দ্রনাগ দর্শনোপলক্ষে ভারতচন্দ্রের পর্ণকৃটীরে বাস করেন। ভারতচন্দ্রের সাংসারিক যাবতীয় অবস্থা জ্ঞাত হইয়া তিনি তাঁহাকে ঋণমুক্ত করিয়াছেন। ভারতচন্দ্র ঋণমুক্ত হুইয়া স্বীয় প্রতিভ'-বলে এখন দশজনের একজন হইয়াছেন। পাণ্ডাগিরির আয় ব্যতীত ৪।৫ হাজার টাকার ভ্রমম্পত্তি নিজে করিয়াছেন। শৈশবকাল অতিকষ্টে অতিবাহিত হওয়াতে তুঃখীর তুঃখ দূব করিতে তাঁহার মত কাহাকেও দেখা যায় না। দীন-ত্বঃপীকে ও বিপন্ন ব্যক্তিকে অ্যাচিতভাবে তিনি সাধ্যাতীত সাহায় কবিয়া গাকেন।

বিভাগীকৈ সাহায়। কর। তাঁহার জীবনের একটি প্রধান ব্রত। পাণ্ডা-বংশে ভারতচন্দ্রের মত বয়োবৃদ্ধ স্বধর্মনিরত স্থায়নিষ্ঠ আচারবান সান্ত্রিক লোক দ্বিতীয় নাই। ভারতচন্দ্র শৈশবে গুরুমহাশয়ের পাঠশালায় বাঙ্গালা ও সংস্কৃত ভাষা শিক্ষা করিয়া হিন্দুদিগের নিত্যনৈমিন্ত্রিক যাবতীয় কার্য্যাদি শিক্ষা করেন।

ভারতচন্দ্রের দ্বিতীয় সহোদর না থাকাতে এবং শরংচন্দ্র নামক কনিষ্ঠ সহোদরের অভাবে ৺গোপীনাথ পাণ্ডা মহাশয়ের স্ক্রেগায় পুত্র শরচন্দ্রকে তিনি নিজ সহোদরত্ন্য স্নেহ করিতেন। শরচ্চন্দ্রও তাহাকে জ্যেষ্ঠ সহোদরের মত ভক্তি করিত। তীর্থের যাবতীয় কার্য্যাদি সেই প্রাতৃত্যুগলের প্রাণের জিনিষ। যথন যে কোন কার্য্য করিতে হইত একে অন্তের পরামর্শ না লইয়া করিত না। তার্থসম্বন্ধে মোহান্তের সহিত্ সেবায়েত-বংশের যে সমস্ত মনোমালিক্ত হইয়াছিল তাহারই মূল এই প্রাতৃত্যুগল। আজ আমরা তার্থের যে কিছু উন্নতি দেখিতেছি তাহা এই তুই জনের অক্লান্ত পরিশ্রম ও নিংস্বার্থ আত্মত্যাগের ফল। তার্থের যাবতীয় অভাব-দূর্যাকরণের প্রধান নায়ক এই তুই মহাশয়। শর্ৎচন্দ্র আজ শান্তিময়ের কোলে চির শান্তি লাভ করিয়াছে, তাহার বৃদ্ধ প্রাতা এখনও জরাজীর্ণ দেহ লইয়া যতদূর সম্ভব তীর্থকার্য্যে জীবনপাত করিতেছেন।

ভারতচন্দ্রের হুই পুত্র যোগেন্দ্রলাল ও নগেন্দ্রলাল। তাহারাও পিতার স্থায় বিনয়া, শান্ত ও আচারবান। ব্রাহ্মণোচিত কার্য্যে তাহারাও দক্ষ। দর্শনার্থী যাত্রিবৃন্দের যাবতায় কার্য্যাদি সম্বন্ধে পারদর্শী। ইংহাদের স্থায় সম্জনই তীর্থ-পুরোহিত ও তীর্থ-গুক্ক হইবার উপযুক্ত পাত্র।



## নাকাশিপাড়া সিংহরায় জমিদার-বংশ।

পলাশী যুদ্ধের কিছুকাল পূর্বের পশ্চিমে রাজপুতনা হইতে রামরাম সিংহ নামক জনৈক বারওয়ার রাজপুত বহু লোকজন-সমভিব্যাহারে বঙ্গদেশে আসিয়া বসতি স্থাপন করেন। নদীয়া জেলার অন্তর্গত বর্ত্তথান নাকাশি-পাড়াই তাঁহাদের স্থাপিত বাসভূমি এবং এই রামরাম সিংহট বর্ত্তমান নাকাশিপাভার জমিদার-বংশের পূর্ব্বপুরুষ। ইহারা সূর্য্যবংশসন্তত সাবর্ণগোত্রীয় রাজপুত ক্ষত্রিয় জাতি। বঙ্গদেশে আদিয়া রামরাম সিংহ শৌর্য্য-বীর্ষ্য প্রভৃতি গুণে খুব প্রসিদ্ধি লাভ করেন। তাঁহার এক প্রপৌত্র আগম সিংহের শৌর্য্য-বর্ষ্য-দর্শনে নদীয়ার মহাবাজা এরূপ বিমুশ্ধ হন থে. তিনি তাঁহাকে সাদরে দেহরক্ষী পার্শ্বচর নিযুক্ত করেন। এই সময় ইইতেই বর্তুমান নাকাশিপাডার জমিদারীর স্বষ্টি। উক্ত নদীয়ার মহার জা কাথে। সন্তুষ্ট হইয়া কয়েকথানি মহাল তাঁহাকে উপঢৌকন দেন। তিনি তাঁহার প্রতা ভৈরব সিংহকে এই মহালের ও অন্যান্য সম্পত্তির তত্ত্বাবধানের ভার অর্পণ করেন। তিনিও অসাধারণ ক্ষমতাবলে ও কার্য।নিপুণতায় ক্রমশঃ জমীদারীর উন্নতি সাধন করেন। এই সময় হইতেই তাঁহার ভাগ্যলন্দ্রী স্থপ্রসন্না হন। তাহার পর হইতেই ক্রমশঃ তিনি তাহার জমিদারি নদীয়া, যশোহর, খুলনা, বর্জমান ও মুর্শিদাবাদ এই পাঁচটি জেলায় বিস্তু করেন। বঙ্গাব্দ ১১৯৮ সালে এই বিপুল জমিদারির স্ষ্টি। ইহাতে স্পষ্ট বুঝা যায় যে, ইহারা এখানে প্রায় ২০০ বংসর কাল বংশ-পরস্পরায় বাদ করিতেছেন।

বঙ্গীয় ত্রয়োদশ শতাব্দীর মধ্যভাগেই এই জমিদারী সম্পূর্ণ বিস্তৃত হয় ও এই জেলার মধ্যে ইহারাই অর্থের জন্য প্রাসিদ্ধি লাভ করেন। এমন কি তৎকালীন বহু বড় বড় ধনী লোক এই নাকাশিপাড়া জমিদারের নিকট হইতে বহু অর্থ ধার করিতে আসিতেন। তৎকালীন এই নাকাশিপাড়া



স্বৰ্গীয় কেশবচন্দ্ৰ সিংহ রায়



সগীয় দেবেন্দ্রনাথ সিংহ রায়।



শ্রীযুক্ত শিবেশ্রনাথ সিংহ রায় |




শ্রীযুক্ত শচীন্দ্রনাথ সিংহ রায়



बिर्वक्तातः, मगीरवक्तातः, बहीक्तात



শিরেন্দ্রার



ন কাসি-পাড়াবাটীব সম্থ দশ্য

খনাগারই সর্ব্বশ্রেষ্ঠ। তংকালে তাঁহার। এ দেশে প্রসিদ্ধ ধনকুবের বলিয়া থাতি লাভ করেন। কিন্তু কালের এমনই গতি যে, তথন হইতেই গৃহবিবাদ আরম্ভ হয়। এই সময়ই নাকাশিপাড়ার স্থপ্রাদিদ্ধ কেশববাবুর সময়। কেশববাবু বাঙ্গালাদেশের একজন স্থপ্রাদিদ্ধ ব্যক্তি। বাঙ্গালাদেশে আবালবৃদ্ধ পর্যান্ত কেশব বাবুর নাম জানিত। তিনি একজন স্থপ্রাদিদ্ধ অখারোহী বারপুরুষ ছিলেন। তংকালীন বিদ্রোহী পলাশী পরগণার সম্দর্ম মহাল তিনিই স্বয়ং দমন করিয়া এই দেশে শান্তি সংস্থাপন করেন। তাহার ত্র্দমনীয় প্রতাপে জজ, মাাজিট্রেট পয্যন্ত ভয়ে সর্বাদা সম্ভ্রত থাকিত। তাহার ক্রমনায় প্রতাপে জজ, মাাজিট্রেট পয্যন্ত ভয়ে সর্বাদা সম্ভ্রত ছিল এবং অ্যাপি বুদ্ধদের মুথে তাহার অসাধারণ ক্ষমতার কথা শুনিতে পাওয়া যায়। তিনি গোঁড়া হিন্দু ছিলেন। তিনি প্রতাহই অখারোহণে ৫ মাইল পথ অতিক্রম করিয়া গলালান করিতে নাইতেন। তিনি নিজ হত্তে প্রতাহই গলালানান্তর শিব পূজা করিতেন। চল্লিশ পঞ্চাশটী হার্তা, এক শত অস্থ ও তিনশত পালোয়ান তাহার সঙ্গে সর্বাদা থাকিত।

কলিকাত। হাইকোটের ভূতপূর্ব্ব জজ দেওয়ান বাহাত্বর স্বর্গীয় হরিনাথ রায় ও তাহার ভ্রাতা সবজজ স্বর্গীয় রায় বাহাত্বর স্থামচাঁদ রায় কেশব বাব্র দৌহিত্র। তাহারা শৈশবে এই নাকাশিপাড়াতেই লালিত পালিত হয়েন।

গৃহবিবাদের কথা পূর্ব্বেই উল্লেখ করা হইয়াছে। বঙ্গান্ধ ১৮২৫সালে এই বিপুল সম্পত্তি বিভক্ত হইয়া পড়ে এবং ১২৭৬ সালের মধ্যেই কেশব বাবুর খুল্লতাত-ভাতা কেবলমাত্র ডোমনবাবু ভিন্ন অস্তান্ত সকল অংশীদার নিঃস্ব হইয়া পড়েন। ঠিক এই সময়েই এই ডোমনবাবু অকালে কালগ্রাসে পতিত হয়েন। তদীয় নাবালক পুত্র ক্রফনাথ সিংহরায় স্বর্গীয় ঈশ্বরচন্দ্র বিত্তা-সাগর মহাশয় ও কাশিমবাজারের স্বর্গীয়া মহারাণী স্বর্গময়ীর সহায়তায় ও পরামর্শে তাঁহার সম্পত্তির স্ববন্দোবত্ত করিতে প্রয়াস পান। ক্রফনাথ সিংহ রায় ক্রফনগর কলেজে শিক্ষাপ্রাপ্ত হয়েন। হিন্দুধর্শে তাঁহার প্রগাঢ় ভিক্তি

ছিল, তিনি গোঁড়া হিন্দু ছিলেন। প্রতি বংসর তাঁহারই যত্ত্বে ও চেষ্টায় নাকাশিপাড়ায় মাসাধিককাল অবধি একটা বিরাট হরিসভার অধিবেশন হইতে। এই সভায় বহুদূর হইতে, এমন কি কাশী হইতে বহু পণ্ডিতের আমদানী হইত। তিনি সর্বাদা সাধু সঙ্গে বাস করিতে ভালবাসিতেন। ৺কাশীধামের স্বর্গীয় ভাস্করানন্দ স্বামীর নিকট তিনি প্রায়ই যাইতেন ও পরমার্থ শিক্ষালাভ করিতেন। তিনি ষট্চক্র, ভক্তি ও ভক্ত প্রভৃতি কতিপয় পুত্তক রচনা করিয়াছিলেন এবং ঐ পুত্তকগুলি তিনি বিনাম্ল্যে বিতরণ করিতেন। ৪৮ বংসর বয়সে তাঁহার মৃত্যু হয়।

তাঁহার একমাত্র অষ্টাদশবর্ষীয় পুত্র দেবেন্দ্রনাণ এই সময়ে এই সম্পত্তির উত্তরাধিকারী হন। তিনি প্রায় ত্রিশ বংসর কাল এই জমিদারী পরি-চালিত করেন। তিনি এই সময়ের মধ্যে তাঁহার পিতৃদত্ত সম্পত্তির আয় নিজ যত্নে দিগুণের অধিক অবস্থায় পরিণত করেন। আধনিক জমিলার-দিগের মধ্যে তাঁহার আয় একবারে বিলাসিতাশুন্ত বৃদ্ধিমান কর্মাঠ ব্যক্তি অতি বিরল। তিনিও একজন নিষ্ঠাবান হিন্দু ছিলেন এবং ভারতবর্ষের বহু তীর্থ পর্য্যটন করিয়াছিলেন। প্রত্যেক তীর্থেই বহু ব্রাহ্মণ ও দরিদ্রের ভোজনে তিনি বহু অর্থ ব্যয় করিতেন। তিনি নিজগ্রামে একটা মধ্য ইংরাজী বিভালয় ও একটী দাতব্য চিকিংসালয় স্থাপন করেন। তিনি তাঁছার তঃস্থ স্বজাতিদিগের শিক্ষার্থে এককালীন ৮০০০ টাকা দান করিয়া ক্রম্থনগর কলেজে ৩টা Free Studentship ও একটা Free Boardership প্রতিষ্ঠা করেন। সংক্ষত-শিক্ষার্থীদিগের প্রতিও তাঁহার বছ যত্ন ছিল। তিনি এই কার্য্যে বহু মেডেল দান করিতেন। তিনি নবদ্বীপ Maternity House স্থাপনেও বহু অর্থ দান করিয়াছিলেন ও তিনি তাহার একজন সভ্য ছিলেন। তাঁহার নিজ জমিদারীতে তিনি অনেকগুলি পুন্ধরিণী থনন করিয়াছিলেন। তিনি নিজ্গ্রামের ও জমিদারীর উৎকর্ষসাধনে সর্বনা ব্যস্ত ছিলেন। তিনি সহর কিংবা বিদেশবাস ভালবাসিতেন না।

তিনি লোকজনকে ভোজন করাইতে বড় ভালবাসিতেন। গো-দেবায় তাঁহার বিশেষ অহুরাগ ছিল। তিনি হঃছদিগকে দেবা ও সাহায্য করি- তেন এবং ছষ্টের দমন ও শিষ্টের পালন তাঁহার জীবনের একমাত্র মূলমন্ত্র ছিল এবং এই জন্মই তাঁহাকে বহুবার বিপন্ন হইতে ও ত্যাগ স্বীকার করিতে হইয়াছিল। তিনি বঙ্গাব্দ ১৩২৮ সালের অগ্রহায়ণ মাসে কলিকাতা কালীঘাটের গঞ্চাতটে ইহলীলা শেষ করেন। এই সময় তাঁহার স্কুযোগ্য পত্রদায় শিবেন্দ্রনাথ ও শচীন্দ্রনাথ পর্যায়ক্রমে ২২ ও ২০ বংসর বয়সে এই বিপুল সম্পত্তির উত্তরাধিকারী হইয়াছেন। ইঁহারা ত্বই ভ্রাতা গ্রামাস্কলে শিক্ষাপ্রাপ্ত হইয়া পরে গুহে পড়িয়া শিক্ষা শেষ করেন। বর্ত্তমানে ৺দেবেন্দ্র বারুর প্রথম পুত্র শিবেক্তনাথ সিংহ রায়ই এই জমিদারীর তত্ত্বাবধান করেন। তিনি তাঁহার প্রজাবর্গের কৃষিকার্য্যের উন্নতি সাধনের জক্ত স্বগ্রামে একটা Agricultural Farm স্থাপন করিয়াছেন। তিনি নদীয়ার District Agri শাঁtural Associationএর একজন সভা। তাহার সদাশয়তার জন্ম গতর্ণমেণ্ট তাহাকে Hony. Magistrate নিযুক্ত করিয়া-ছেন। তিনি Nadia Local Board, District Board, In lian Red Cross Society প্রভৃতির সভ্য নির্বাচিত হইয়াছেন। দেশের ও দশের কার্য্যে তিনি সর্বাদা উৎস্থক এবং তিনি থব লোকপ্রিয়। তাহার প্রজাদের পশুচিকিৎসার জন্ম নিজগ্রামে তাহার পিতাঠাকুরের নামে পশু চিকিৎসালয় স্থাপন করিয়াছেন। তিনি তাহার পিতৃ-প্রতিষ্ঠিত বিন্থালয় ও দাতব্য চিকিৎসালয়েরও বহু উন্নতি সাধন করিয়াছেন। তিনি ধর্ম সম্বন্ধে অত্যন্ত উদারচেতা। দানশীলতার জন্ম তিনি ইতিমধ্যে প্রভৃত খ্যাতি লাভ করিয়াছেন। তিনি বহু দীন ব্রাহ্মণ, দরিদ্র ভদ্রবিধবা এবং দ্বিস্ত ছাত্রদের মাদোহারার বন্দোবন্ত করিয়াছেন। গুপ্ত দানও তাঁহ+ব অনেক আছে। তিনি স্থচাকভাবে প্রজাপালন করিবার মানসে নিজ্গ্রামে স্থানীয় ভদ্র যুবককে লইয়া একটা দেবক-সমিতি স্থাপন করিয়াছেন। নদীয়ার Honourable Maharaja Bahadur,বিভাগীয় Commissiomer ও Director of Agriculture প্রভৃতি মহোদয়গণ নাকাশিপাডায় আগমন করিয়া তাঁহার এই সমস্ত কার্য্যাবলী দর্শনে তাঁহার যথেষ্ট প্রশংসা করিয়া গিয়াছেন। নদীয়ার মহারাজাবাহাত্বর তাঁহার এই সমস্ত কার্য্য দর্শনে এত বিমুগ্ধ হইয়াছিলেন যে, তাঁহার নিজের হন্তের একটা অঙ্গুরী

খুলিয়া তাঁহার হত্তে পরাইয়া দিয়া আনন্দ প্রকাশ করিয়া গিয়াছেন। তিনি অশ্বারোহণ, টেনিস থেলা ও শিকার সম্বন্ধে খুব পারদর্শী। তিনি শিকারো-পলক্ষে বন্ধদেশের নানাস্থান, উড়িয়া, বিহার, মধ্যপ্রদেশ ও আসাম প্রভৃতি প্রদেশ পর্য্যটন করিয়াছেন। ২৩ বংসর বয়সে তিনি তালচীড়, ঢেম্বানল প্রভৃতি রাজাদের সহযোগে বামড়ায় রাজঅতিথি হইয়া কয়েকটা Royal Tiger ও Bison এবং পুরীর রাজা ও নাটোরের কুমার বারেন্দ্রনাথ রায়ের সহিত পুরীতে শিকার করেন ও তৎপূর্ব্বে উড়িয়া প্রদেশের মধ্য ভাগে একটা Royal Tiger শিকার করিয়া উডিযাায় Lieutenant Governor গেট সাহেবকে উহার চাম্ডা উপঢৌকন প্রদান করেন। তিনি নিদ্ধ হতে তাঁহার ছোট ভাতা শচীন্দ্রনাথ ও জ্ঞাতি-ভাতা ভোলানাথ সিংহ রায়কে শিকার শিক্ষা দিয়াছেন ও বর্ত্তমানে একটা শিকার সমিতি সংগঠিত করিয়াছেন। এতদ্বারা অবগত হওয়া বাইতেছে যে, তিনি বহু জেলার একজন স্থদক্ষ শিকারী। তাহার কনিষ্ঠ ভ্রাতা শচীন্দ্রনাথ হিন্দধর্মে বিশেষ অন্নবক্ত। তিনি ২১ বৎসর বয়সে দাক্ষা লাভ করিয়াছেন। তিনি সঙ্গীতে বিশেষ আস্থাবান। ইনি প্রফেসর সতীশচন্দ্র বাগটা মুদপ্তরত্ব নহাশয়কে গাখিয়া মূদত্ব ও তবলা এবং প্রফেসর রাধিকাপ্রসাদ গোস্বামী মহাশয়ের প্রিয় ছাত্র শরচ্চক্র চটোপাধ্যায়কে রাথিয়া সঙ্গী । শিক্ষা করি-তেছেন। শিক্ষার সম্বন্ধেও তাহার বিশেষ অন্তরাগ আছে। তিনিও অনেক ব্যাঘ্র, হরিণ ইত্যাদি শিকার করিয়াছেন। জ্যেষ্ঠ আতার উপর সমান্ত জমিদারীর ভার অর্পণ করিয়া তিনি নিজের বিলামুশীলন ও শিকার কার্ষ্যে রত থাকেন। বর্ত্তমানে শিবেন্দ্রবাবুর একটী পুত্র ও একটা কলা দ্রভান জন্মগ্রহণ করিয়াছে। শহীন্দ্রের একটা নাত্র ক্যাসস্থান জন্মগ্রহণ করিয়াছে। বর্ত্তনানে শিবেন্দ্রবাবুর বয়স ২৬ বংসর। এই নাকাশিপাড়া ষ্টেটের বর্ত্তমান আয় অন্যূন ৮০ হাজার টাক।।



नाक्रिम-भाष्ट्रताजीत यनकत प्रम

## (は出) はんだい に出) ながかる) বাহলাল 57.20 নাকাশিশাড়া জমিদার বংলের কুরচিনাম আলোম (পরগুষ্ঠা দেশ) निहात्रो (मारबन्ध मी.वस 8 विटनामिवश्वी मिश्र बाब রামরাম সিংহ রায় নীলকণ্ঠ সিংহ রায় उक क्रिना याचना कागिनी 田で20 (स्थान 24 50 50 कितिक ग्रहत ड्यायक्षी (5) ( वस्य D (4) 0 রাধামণি निधिदाभ 制山

( भत्रश्रुष्टी (मन्य

मशीरङ्

तिक्रम

少祭官司

## टोफत्रगीत जिमात वर्ग।

ফরিদপুর জিলার অন্তর্গত সহর হইতে ২৩ মাইল পূর্ব্বদিকে একটা পুলিশ ষ্টেশন, ষ্টেশনের নাম সদরপুর; সদরপুর ষ্টেশন, সতররশী প্রামের উত্তর-পশ্চিম কোণে অবস্থিত। ঐ ষ্টেশনের সন্নিকটে দক্ষিণ দিকে পোষ্ঠাফিস, থানার উত্তর দিকে সাহার বন্দর নামে বহুকালের একটা বন্দর, বন্দরটীর ধ্বংসাবশেষ এখনও বর্ত্তমান আছে। ঐ বন্দরের উত্তরভাগে ভূবনেশ্বর নদ এককালে প্রবল ভাবে প্রবাহিত ছিল। এক সময়ে ফরিদপুর যাইবার ষ্ঠীমার লাইনের ঐ স্থানে একটী ঘাট ছিল, ভুবনেশ্বর কালে যখন রীতিমত প্রবাহিত ছিল তথন নানা স্থান হইতে বিবিধ প্রকার জিনিষপত্র নৌকাযোগে আমদানী রপ্তানী হইত, কিন্তু কালক্রমে ভূবনেশ্বর মজিয়া যাওয়ায় এখন সার ঐ অঞ্চলের সমৃদ্ধি নাই। যে নদ ভুবনেশ্বর কোন কালে সংস্থা কুন্তীর ইতাদি জলজন্তু দারা পরিপূর্ণ ছিল, আজ তাহার বংক স্থানে স্থানে বিশাল চর পড়িয়া শস্ত পূর্ণ চাষের জমি হইয়াছে। এখনও হৈজান্ত হুইতে কার্ত্তিক মাস পর্যান্ত নৌকা চলাচল হয়, কিন্তু তারপর জলাভাবে আর ঐরপ সন্তব হয় না! ভুবনেশ্বরের এই শোচনীয় পরিবর্ত্তনে দেশের অনেক প্রকার অস্ক্রবিধা সংঘটিত হইয়াছে।

উক্ত থানা ও বন্দরের পশ্চিম দিক দিয়া একটা রাস্তা পুথরিয়া পর্যান্ত যাইরা ভাঙ্গা ষ্টেশন হইতে ফরিদপুরের বড় রাস্তার সহিত মিলিত হইয়াছে। সতেররণী গ্রামের দক্ষিণ-পশ্চিমে চাররণী, সতেররশী আটরণী, আড়াইরণী সাড়েসাতরণী প্রভৃতি কয়েকটা ক্ষুদ্র ক্ষুদ্র গ্রাম। ভাহার পশ্চিমে বাইশরণী থানার পশ্চিম দিয়া রাস্তাটী ঐ সকল গ্রামেরণ প্রান্ত ও মধ্য দিয়া পশ্চিমাভিমুখে চলিয়া গিয়াছে। থানা হইতে ১ মাইল পশ্চিমে রাস্তার উপর একটা বাজার আছে, এই বাজারের প্রকাশ নাম চৌদ্বন্দীর বাজার। বাজারটাতে দোকানপসার বেশ আছে, বাজারে ত্র্য় মংস্থ তরিতরকারী ইত্যাদি যথেষ্ট পাওয়া যায়। ঐ বাজার বাইশরশীর বাবৃদিগের উভয় হিস্থার এজমালী বাজার। বাজারের উন্নতিকয়ে বাবৃদিগের সমবেত চেষ্টা বেশ আছে। ঐ বাজারে বর্ত্তমানে কাপড়ের দোকান, বেনে দোকান, মনোহারী দোকান, ময়রার দোকান প্রভৃতি ভিন্ন ভিন্ন আবশুকীয় তৈজসের দোকান আছে। এই হাটে দেশীয় কারিকর ও তাঁতিদিগের তৈয়ারী বহু কাপড় আমদানী রপ্তানী হয়। এই বাজারটী থাকায় নিকটবর্ত্তী বহুগ্রামের হিশেষ স্থবিধা হইয়াছে।

বছকাল পূর্বের ফরিদপুর জিলায় মকুটচর গ্রাম নিবাসী রগুরাম সাহা নামক এক ব্যক্তি ছিলেন। তিনি পূর্ব্বে বরিশাল জিলার অন্তর্গত কালইয়া নামক স্থানে যাইয়া এক সামাগু মুদীর দোকান করিয়া ব্যবসায় করিতেন। এই স্থানটা তথন প্রায়ই গড়াবাদী জঙ্গলাকীর্ন 'ছিল এবং মামুষের বসতিও বিরল ছিল। জঙ্গলে বাঘ, জলে কুন্তীর, হাঙ্গর প্রভৃতি জন্তুর উপদ্রবে, ঐ দেশে লোক খুব কমই যাইত। তথন ঐ অঞ্চলে ষ্টামার চলাচল আরম্ভ হয় নাই। আহার্য্য বস্তু সংগ্রহ করিয়া এমন কি থাবার জল পর্যান্ত নৌকায় লইয়া নৌপণে ঐ অঞ্চলে এতদ্বেশের লোক কেহ কেহ ব্যবসাবাণিজ্য করিতে যাইতেন। সাহাজী মহাশন্ত সেখানে গিয়া ব্যবসাবাণিজ্য করিতেন : তিনি শুধু দোকানে বসিয়া জিনিষ পত্র বিক্রেয় করিয়া ক্ষাস্ত থাকিতেন না. কালইয়ার নিকটবর্ত্তী যে সকল হাট ছিল, তথায় হাটবারে গিয়া মুদী দোকান করিতেন। তখন ঐ দেশে ব্যবসায়ে বেশ উপার্জন ছিল, ভগবান কুপায় তাঁহার দিন দিন বেশ উরতি হইতে লাগিল। কথায় বলে "বাণিজ্যে বসতে লক্ষ্মীঃ" এখানে ভাছার বেশ প্রমাণ দেখা যায়।

কিছুদিন পরে সাহাজী মহাশায় তাঁহার বড় পুত্রটীকে তথায় লইয়া গোলেন, পুত্রের নাম উদ্ধব চন্দ্র সাহা। উদ্ধব চন্দ্রের চেহারা বড়ই স্থানর ও মনোরম ছিল, তাঁহাকে দেখিলে সকলেরই ভালবাসিতে ইচ্ছা হইত। উদ্ধবকে লইয়া পিতা উৎসাহের সহিত কাজ কর্ম করিতে লাগিলেন। এইভাবে কিছুকাল অতিবাহিত হইলে যথন উদ্ধব চন্দ্র পো স্থানের বিষয় বেশ অবগত হইলেন, তথন সাহাজী কোন কোন দিন উদ্ধবকে দোকানে রাখিয়া অন্তর্গ্র হাট করিতে যাইতেন।

মাস্থ্যের ভাগ্যচক্র কি ভাবে পরিবর্তন হয় তাহা কিছুই ব্ঝিবার সাধ্য নাই। কালইয়ার দোকানের জনভিদ্রে এক বটরুক্ষ মূলে হঠাং একদিন ভেজঃপুঞ্গশালী এক সন্ন্যাসীকে দেখা গেল। সন্ন্যাসী ধুনী জালাইয়া দিন রাত্রি ঐ বটমূলে অবস্থান করিতে লাগিলেন। ক্রমে তাঁহার নিকট লোক সমাগম হইতে লাগিল। আবাল রদ্ধ সকলেই তাঁহাকে দেখিতে যাইত এবং অনেকেই ইচ্ছা করিয়া ফল হয় প্রভৃতি দিয়া তাঁহাকে প্রণাম করিত। উদ্ধবের পিতা সন্নাসীকে খুব ভক্তি করিতেন এবং তাঁহার নিকট যাইবার সময় উদ্ধবকে সঙ্গে লইয়া যাইতেন। পিতা পুত্রে ভক্তিভাবে প্রণাম করিলে সন্ন্যাসী উদ্ধবের দিকে সকরণ নেত্রে চাহিয়া থাকিতেন; সন্ন্যাসী লোকের সহিত্ত বড় কথা বলিতেন না।

এক দিন উদ্ধবের পিতা দূরে হাট করিতে গিরাছেন, উদ্ধব দোকানে একাকী; উদ্ধবের ইচ্ছা হইল যে একবার সন্ন্যাসীকে দেখিয়া আসেন। উদ্ধব সন্ন্যাসীর নিকট পঁছছিয়া সাষ্টাঙ্গে প্রণাম করিলে সন্ন্যাসী উদ্ধবক দেখিয়া বলিলেন, "বাবা! তুমি আমার কাছে এস।" উদ্ধব ভাবিয়া চিস্তিয়া সন্ন্যাসীর নিকট গেলেন, সন্ন্যাসী অনিমেষ লোচনে তাঁহার আপাদমন্তক নিরীকণ করিয়া বলিলেন, "বাবা। ভোমার ডাইন হাতথানা দেখি।" উদ্ধবচক্র সভ্যে সন্ন্যাসীর কথা মত ডাইন হাত

প্রসারিত করিলে, হাত থানা ধরিয়া সন্ন্যাসী স্থির ভাবে সব দেখিলেন।
তৎপরে তিনি বলিলেন, "বাবা! তুমি বড়ই ভাগ্যবান, তোমার হাতে
বে সব চিহ্ন দেখিলাম তাহা মহাপুরুষদিগেরই থাকে, তুমিও চেষ্টা
করিলে কালে বিশেষ উরতি করিতে পারিবে তাহাতে কোন সন্দেহ
নাই। তবে সম্বর তোমার একটা কাজ করিতে হইবে, তোমার দীক্ষা
হত্যা আবশুক, শুরু বিনা কোন কাজ সিদ্ধ হয় না। এ বিষয়ে আফি
অধিক আর কি বলিব, বোধ হয় তোমার জন্যই আমার এই তুর্গমস্থানে
আগমন হইয়াছে। অতএব আগামী কল্যই তুমি আমার নিকট দীক্ষিত
হইবে। এজন্ত তোমার বিশেষ কিছু যোগাড় করিতে হইবে, না,
মাহা কিছু আবশুক তাহা আমিই করিয়া লইব, তুমি আজকার দিন
নিরামিব এক বেলা আহার করিবে; এ সম্বন্ধে তোমার পিতার
নিকট কিছু প্রকাশ করিও না।"

্ উদ্ধব সন্ন্যাসীর কথা শুনিয়া ভক্তিভাবে প্রণাম পূর্ব্ধক নানারূপ চিন্তা করিতে করিতে দোকানে ফিরিয়া যাইলেন। উদ্ধব ভাবিতে লাগিলেন "আমি এই অন্ন বয়সে দীক্ষিত হইয়া গুরুদেবের উপদেশ প্রতিপালন করিতে পারিব কি ? দীক্ষা হইলে তো এ ভাবে যথক তথন থাওয়া চলিবে না, বাবাকে না বলিয়া কাজ করিতে হইলে সেই বা কেমন কথা।" এইরূপ চিন্তায় দিন অতিবাহিত হইল। সন্ন্যাসীর আদেশ অনুসারে নিজে নিরামিষ পাক করিয়া অপরাহ্নে আহার করিলেন। পিতা হাট হইতে আসিয়া রান্নার উত্থোগ করিলে, উদ্ধবচক্র বলিলেন "বাবা! আমার ক্ষ্ণা নাই, আমি আজ রাত্রিতে থাইব না। আপনার নিজের জন্ম বাহার কছ্ব পাক করন।" তৎপরে তাহাই হইল।

রাত্রিতে নিদ্রিতাবহার উদ্ধব এইরূপ স্বপ্ন দেখিলেন—একটী জ্যোতির্মায় পদার্থ যেন তাঁহার শরীরে প্রবেশ করিতে আসিয়াছে, উদ্ধব যেন জার এখন সামান্য দোকানদার নহেন, যেন কত বড় একজন ন্ধনী, দোকানপদার খুব বাড়িয়াছে। জমিজমা যথেষ্ট হইয়াছে,
ন্থবং তিনি যেন একজন গল্পমাল লোক হইয়া পড়িয়াছেন। এই দেখিতে
নদেখিতে উদ্ধবের নিদ্রা ভঙ্গ হইল। স্বপ্নটা দেখা অবধি যেন উদ্ধবের
মনে আরও কত কথা উদয় হইতে লাগিল, উদ্ধব তাহার কিছুই দিদ্ধান্ত
করিতে পারিলেন না।

রাত্রি প্রভাত হইতে উদ্ধবের পিতা প্রাতঃক্ত্য শেষ করিয়া তাগাদার বাহির হইলেন এবং প্রকে বলিয়া গেলেন, "আজ একটু সকালেই হাটে যাইতে হইবে, তুমি আমার জন্ম তাড়াতাড়ি কিছু সিদ্ধপোড়া করিয়া থাবার প্রস্তুত করিও, আমি তাগাদা হইতে আসিয়া আহার করিয়া যেন সকালেই হাটে যাইতে পারি।" উদ্ধবচন্দ্র পিতার আদেশ মত থাবার প্রস্তুত করিয়া রাখিলেন। পিতা তাগাদা হইতে আসিয়া সানাস্তে আহারে বসিলেন এবং পুত্রকে বলিলেন, "তুমি কাল রাত্রে কিছু থাও নাই; এখন ছটো ভাত খাইয়া পরে বেলা হইলে হবেলার উপযুক্ত রান্না করিয়া খাইও।" উত্তরে উদ্ধব সম্মতি জানাইয়া পিতার আচমনের জল, পান, তামাক ঠিক করিয়া দিয়া দোকান প্যার গুটাইরা ঠিক করিলেন। উদ্ধবের পিতা আচমনাস্তে পান তামাক খাইয়া নৌকাযোগে হাটে চলিয়া গেলেন।

পিতা হাটে চলিয়া যাওয়ার পর উদ্ধব স্থান করিয়া শুভক্ষণে সন্ন্যাসীর
নিকট চলিলেন। যাইবার সময় উদ্ধব মনে মনে চিস্তা করিলেন "গুরুদেব
আমাকে মন্ত্র দিয়া আমার দেহ পবিত্র করিবেন, আমি গুরু দক্ষিণ।
কি দিব।" এই চিস্তা করিতে করিতে হঠাৎ শ্বরণ হইল—"অনেক দিন
হইল বাবা, আমাকে মিঠাই খাইবার জন্ত একটা টাকা দিয়াছিলেন, সেই
টাকাটা আমি গুরু দক্ষিণা দিব"। এই স্থির করিয়া বাক্য খুলিয়া একটা
নেক্ডায় বাধা সেই টাকাটা লইয়া অতি আনন্দে সন্ন্যাসীর নিকট
উপস্থিত হইলেন। সন্ন্যাসী বলিলেন "আমি তোমাকে না দেখিয়া এতক্ষ

বড়ই উদিগ্ন ছিলাম।" উদ্ধব চন্দ্র সাষ্টাঙ্গে প্রণাম করিয়া বলিলেন, "দেব। পিতাঠাকুর এই মাত্র হাটে গিয়াছেন, তাঁহার জন্মই আমার আসিতে এক বিলম্ব হইয়াছে।" এই কথার পর সন্ন্যাসী বলিলেন "তোমার আসিবার পূর্ব্বেই আমি তোমার এদিকের কাজ সমস্ত ঠিক করিয়া রাখিয়াছি, তুমি আমার পাশে এসে বসো, শুভক্ষণে তোমাকে মন্ত্র প্রদান করিব।" উদ্ধব চন্দ্র ধীর পদবিক্ষেপে যাইয়া সন্ন্যাসীর পার্ধে বসিলেন এবং সন্ন্যাসী শুভযোগে উদ্ধবের কর্ণমূলে বীজ মন্ত্র প্রদান করিলেন।

সন্ন্যাসী এই উর্বরা ভূমিতে বীজ রোপণ করিয়া কতক্ষণ ধ্যানে মগ্ন থাকিয়া পরে উদ্ধবকে তাঁহার কর্ত্তবা বিষয় নির্দ্ধারণ করিয়া সব বিষয় বিশদভাবে বুঝাইয়া দিয়া বলিলেন "তুমি এই মন্ত্র শ্বরণ রাখিতে বিশেষ সাবধান হইবে, যেন কোন মতে বিশ্বরণ না হও, আমি এখানে বেশীক্ষণ থাকিতে পারিব না। আমি তোমাকে যে উপদেশ দিয়া যাইতেছি, তাহা উপযুক্তভাবে প্রতিপালন করিয়া কাজ করিতে পারিলে তুমি বিশেষ ক্ষমতা লাভ করিতে পারিবে। আজ হইতে তুমি ঐহিক, পারমার্থিক যে কোন বিষয়ে যত্ন করিবে তাহাই ভগবান রূপায় তোমার সিক্ষ হইবে। ভূমি মুখে যাহা বলিবে তাহাই ঠিক হইবে। এমন কি পশু. পক্ষী, গ্রভৃতি জীব জন্তও তোমার কথা মানিবে, মানুষ কোন ছার।" এই বলিয়া সন্ত্যাদী একটা কমগুল দিয়া উদ্ধবকে বলিলেন "বাবা এই নদী হইতে এক কমণ্ডলুজল আন।" উদ্ধব বলিলেন, "গুরুদেব। পিতাঠাকুর আমাকে নদীতে যাইতে নিষেধ করিয়াছেন, কেননা এখানে নদীতে ভয়ানক কুন্তীরের ভয়।" সয়াদী বলিলেন, "যাও বাবা! কোন ভয় নাই। কুন্তীর দেখিলে সরিয়া যাইতে বলিও।" উদ্ধব গুরুবলে বলীয়ান ও সাহসী হইয়া জল লইয়া গুরুদেবের নিকট আসিলেন। সেই জল ছারা উদ্ধবকে মৃত্তি স্নান করাইয়া দিয়া নানারপ আশীর্কাদ করিয়া তিনি বলিলেন, "বাবা! উদ্ধব! নিতান্ত ভাগ্য প্রসন্ধ না হইলে এরপ কাহারও অদৃষ্টে ঘটে না। কোন কারণে যদি এইমহামন্ত্র তোমার ভূল হইয়া বায়, তাহা হইলে তুমি ঘোর বিপদে পড়িবে।
আমি শীঘ্রই এখান হইতে চলিয়া যাইতেছি, আমার থাকার কোন
নির্দিষ্ট স্থান নাই, আমার সঙ্গে তোমার পুনরায় দেখা হওয়াও অসম্ভব।
ভবে তোমাকে একটা কথা বলিয়া যাইতেছি, তুমি কোন সময়ে কোন
বিপদে পড়িলে আমাকে শ্বরণ করিও, তাহা হইলে যে কোনভাবে
প্রতিকারের উপায় হইবে। তোমাকে যে মন্ত্র দিয়াছি, তুমি স্থিরভাবে
মনে মনে শ্বরণ করিতে থাক, আমি এখানে থাকিতে কোনরূপ ভূলা
হইলে পুনরায় বলিয়া দিব।"

উদ্ধব গুরুদেবের উপদেশানুসারে সেই স্থানে বসিয়া মন্ত্রটী মনে মনে একাগ্রচিত্তে শ্বরণ করিতে লাগিলেন। এই ভাবে কিছুক্ষণ কাটিয়া গেলে সন্নাসী বলিলেন "এখন এভাবে তোমার এখানে আর বসিষ্টা থাকার প্রয়োজন নাই। একণে প্রণাম করিয়া বাসায় যাও, বেলা অধিক হইয়াছে, ঘরে যাইয়া আহারাদি কর।" উদ্ধব এই কথা শুনিয়া। শুরুদেবের চরণপ্রাম্ভে সেই টাকাটী রাখিয়া ভক্তিভাবে সাষ্টাঙ্গে প্রণাম कतिलान, প্রণামান্তে আশীর্কাদী নির্মান্য লইয়া যথন উদ্ধব দাড়াইলেন.. তথন সন্নাসী বলিলেন "এই নির্মাল্য একটা কবচ করিয়া দক্ষিণ হস্তে ধারণ করিও। সাবধানে কাপড়ে বাঁধিয়া রাখ।" সেই মহাবস্ত উদ্ধব অতি সাবধানে কাপড়ে বাঁধিয়া রাখিলেন। তথন সন্নাসী উদ্ধবকে প্রসাদ স্বরূপ কিছু ফল মূল দিলেন। উদ্ধব প্রসাদ লইয়া বাসায় ফিরিবেন এমন সময় সন্ন্যাসী বলিলেন "উদ্ধব। এই টাকাটী কেন ?" উত্তরে উদ্ধন বলিলেন "গুরুদেব, আপনি দয়া করিয়া আমার এই পাপ দেহ পবিত্র করিলেন, আমি সাধ্যহীন, তাই একটী টাকা **मिक्किना अक्राप्त मिग्नाहि, मग्ना कित्रमा श्राप्त कित्रमा क्राप्त क्राप्त हिला** সন্ন্যাসী বলিলেন "উদ্ধব। আমি গুরুদক্ষিণার লোভে কি মন্ত্র দান

করিয়াছি ? তা নয়, বাবা ! সংসারে ক্বকগণ বেরূপ উর্বরা ভূমিতে -বীজ বপন করিয়া সুফল লাভ করে এবং সেই ফলে ভবিশ্যতে সহস্র সহস্র লোকের উপকার হয়, সেইক্লপ আমিও তোমাকে উপযুক্ত পাত্র বিবেচনা করিয়া মন্ত্র দান করিলাম। বাবা উদ্ধবচক্ত ! তুমি ছেলে মানুষ এখনও তুমি বিশেষ কিছু বুঝ না, দেখ বাবা! স্বর্ণকার যেমন উত্তম স্বর্ণ পাইলে তাহাতে হীরা, মণি, মুক্তা প্রভৃতি বছমূল্যবান পাণর বসাইয়া নোণার সৌন্দর্য্য বৃদ্ধি করিয়া বছমূল্যবান জিনিষ প্রস্তুত করত: স্বাপন শিল্প-কৌশলতার পরিচর দিয়া থাকে, সন্ন্যাসীরাও সেইরূপ উর্ব্তর মানব দেহ চিনিয়া তাহাতে যত্নপূর্বক উপযুক্ত বীজ বপন করেন। ক্ষক ও অর্থকার বেমন নিজ নিজ আর্থের জন্ম কাজ করিয়া থাকে. সক্লাসীরা সেরূপ করেন না। তাঁহারা বিরাগী, অনাসক্ত-ভাবে আপন কর্ত্তব্য বোধে জগতের উপকার করিতে সর্ন্ধদাই প্রস্তুত। তাই আমি আমার কর্ত্তব্য কাজ করিয়াছি তাহার জন্ম আমার তো কোন অর্থের কামনা নাই, তবে তোমার টাকাটী দিবার প্রয়োজন কি ?" এবস্প্রকার নানা উপদেশ দিয়া উদ্ধবকে টাকাটী নিতে বলিলেন। উদ্ধক তাহা না শুনিয়া অনেক অন্তুনয় বিনয় করিয়া আবার টাকাটী **দেও**য়ার আগ্রহ প্রকাশ করিলেন। তথন সন্ন্যাসী বলিলেন, "বংস উদ্ধব ! দক্ষিণা দিবার যথন তোমার ঐকান্তিক বাসনা তথন তোমার ইচ্ছা পূর্ণ হউক।" এই বলিয়া টাকাটী স্পর্শ করিয়া বলিলেন "বাবা! এই আমি গ্রহণ করিলাম। উদ্ধব তুমি এখনও বালক। তুমি এখন কিছু বৃঝিতে পারিবে না। স্থাের কিরণে তিমির নাশ না হইলে বেমন সূর্য্য উদয় হইয়াছে বলিয়া জানা যায় না, এও সেই প্রকার, সময়ে বুঝিতে পারিবে। আমার আর বেশী বলিবার কিছু নাই, তোমার বাবা ভভক্ষণে থিঠাই থাবার এই টাকাটা ভোষায় দিয়াছিলেন, তাই ছিল বলিয়া আজ এই অমূল্য মিঠাই লইতে দেই টাকাটী আনিরাছ। তোমার

আনের শান্তির জন্ম টাকাটা গ্রহণ করিলাম, বেলা ৩র প্রহর অতীত প্রায়, সম্বর বাসায় যাও।" উদ্ধব সেই শক্তিসম্পন্ন গুরুদেবের অমৃত-সদৃশ উপদেশ বাক্যে আনন্দে পূর্ণ হইয়া ভক্তি সহকারে প্রণাম পূর্বক পদ্ধিলি গ্রহণ করিয়া ঘরে ফিরিলেন।

উদ্ধব যে যোগভ্রষ্ট মহাত্মা, কামনাবশে নহার মানব দেহ ধারণ -করিয়াছেন, তাহাতে আর সন্দেহ নাই। সন্ন্যাসীর প্রদন্ত এই মহামন্ত্র উদ্ধবের তেজঃপূর্ণ দেহে প্রবেশ করিয়া যথাসময়ে শক্তিয় পরিচর দিয়াছিল।

গুরুদেবের নিকট বিদায় লইয়া মন্ত্রটী শ্বরণ করিতে করিতে উদ্ধব আনন্দিত মনে দোকানে প্তছিলেন। গুরু দেবের প্রদত্ত ফলাদি প্রসাদ কতক তাঁহার পিতৃদেবের জন্ম পুণক ভাবে রাথিয়া ভক্তি সহকারে অবশিষ্ট প্রসাদ গ্রহণ করিলেন। তৎপরে পিতার আদেশাহুরূপ পাক করিতে আরম্ভ করিলেন। পাকশেষ করিয়া তাহা হইতে রাত্রির আহারোপযোগী অন্ন ব্যঞ্জন পৃথক ভাবে রাখিয়া নিজে আহার করিলেন। এই ভাবে দিনটা কাটিয়া গেল। রজনী সমাগত প্রায়. উদ্ধব চিস্তা করিতে লাগিলেন, "গুরু দেবের আদেশমত আমার মন্ত্র-গ্রহণ বিষয়ে পিতৃদেবকে বলা হইবে না; তবে যে নির্মাল্য কবচে শূরিয়া ধারণ করিতে বলিয়াছেন তাহা তো না জানাইয়া করা ষাইবে না, যে কোন ভাবেই হউক বাবা তাহা জানিতে পারিবেন. বিশেষ গোপনভাবে করিতে গেলে বাবার মনে খারাপ ধারণা মাসিবে, স্থতরাং এই কার্য্যটী বাধ্য হইয়াই তাঁহাকে স্থামার জানান কর্ত্ব্য।" উদ্ধব দোকানে সাদ্ধ্য প্রদীপ দিয়া ধূপ পোড়াইয়া একাকী -রসিয়া নানারপ চিন্তা করিতে লাগিলেন।

রাত্রিতে উদ্ধবচন্দ্র একাকী বলিয়া এই সব চিস্তা করিতেছেন এমন সময় তাঁহার পিতাঠাকুর হাট হইতে আসিয়া ঘাটে নৌকা লাগাইলেন। উদ্ধব ভাড়াভাড়ি ঘাটে গিয়া পিভার সঙ্গে সঙ্গে নৌকা হৈছিতে জিনিসপত্র আনিয়া ঘরে যথা স্থানে রাখিলেন। উদ্ধবের পিতা হস্ত পদাদি ধৌত করিয়া সন্ধ্যা বন্দনাদি কার্য্য শেষ করিয়া আহারে বসিলেন। আহার করিতে করিতে বলিলেন, "বাবা উদ্ধব, আজ সন্ন্যাসী ঠাকুরের নিকট গিয়াছিলে কি? আজ হাটে যাওয়ার সময় সন্ন্যাসীকে মানসা করিয়া গিয়াছিলাম, ভাঁহার কুপায় আজ হাটে যথেষ্ঠ লাভ হইয়াছে। তাই তাঁহাকে দিবার জন্ম ভরমুজ, ফুটী, সবরী কলা প্রভৃতি ফল আসিয়াছি। কাল কিছু হ্গ্ম লইয়া গিয়া ফলাদি সন্ন্যাসী ঠাকুরকে দিয়া আসিতে হইবে।"

উদ্ধব বলিলেন "বাবা! আপনি হাটে যাওয়ার পর আমি একবার সরাসী ঠাকুরের নিকট গিবাছিলাম। তখন অন্ত লোক কেহছিল না। সন্ন্যাসী ঠাকুরকে প্রণাম করিলে, সন্ন্যাসী ঠাকুর রূপা করিয়া আশীর্কাদী নির্ম্মাল্য ও থাবার কিছু ফল দিয়া বলিলেন 'এই নির্ম্মল্যটী কবচে ভরিয়া দক্ষিণ হস্তে ধারণ করিও, ইহার প্রভাবে তোমার সর্ক্ষবিষয়ে মক্ষল হইরে।' বাসায় আসিয়া সেই ফলগুলি আপনার জন্ত কিছু রাখিয়া আমি খাইয়াছি আর সেই বস্তুটী এখনও আমি সাবধানে রাখিয়াছি।'' উদ্ধবের কথা শুনিয়া তাঁহার পিতা ববিলেন, "বেশ তো বাবা। এই সন্ন্যাসী ঠাকুর সহজ লোক নহেন, তাঁহার রূপায় সবই হইতে পারে। আচ্ছা, আমি তোমাকে সোণার কবচ প্রস্তুত করাইয়াদিব। সে জন্ত ভূমি কোন চিন্তা করিও না। এইরূপ কথা বলিতে বলিতে আহারাদি শেষ করিয়া আচমনান্তে পান তামাক খাইয়া পিতাপুত্রে শয়ন করিয়া নিদ্রাভিভূত হইলেন।

পরদিন প্রাতে উঠিয়া প্রাত্যক্তা সমাপন করিয়া উদ্ধবের পিতা তাগাদায় বাহির হইয়া গেলেন এবং যণাসময় কিছু হুধ ও একটা পাঁকা কাঁঠাল সহ ঘরে ফিরিলেন, তৎপর পিতাপুত্রে স্নান করিয়া একত্রে

তথ্য ও ফলাদি সহ সন্ন্যাসী ঠাকুরের নিকট ঘাইয়া ভক্তিভাবে প্রণাম করিয়া ফলাদি ও হথ্য সন্ন্যাসীর নিকট দিয়া করবোড়ে দাঁড়াইয়া রহিলেন। সন্ন্যাসী ঐ সকল দ্রব্য দেখিয়া হাসিয়া বলিলেন, "কি হে বাপু আজ এত আয়োজন কেন ? কোন মানসা আছে বুঝি।" "আজে হাঁ তাই ছিল, আপনি দয়া করিয়া গ্রহণ করিলে বড়ই স্থুখী হইব। গুনিলাম আপনি কাল দয়া করিয়া এ গরীবের ছেলেটাকে কি মহাবস্তু কবচে ধারণ করিতে দিয়াছেন, আমার নিভাস্ত সৌভাগ্য না হইলে আপনার মত মহাপুরুষের রুপা হইবে কেন, আপনি নিজ গুণে যখন এতদ্র করিয়াছেন, তখন আপনার ভক্তের বাসনা অবশ্রুই পূণ্করিবেন।"

সন্ন্যাসী সহাস্থ বদনে বলিলেন "ভক্তের বাসনা ভগবান অবশ্ব পূর্ণ করিবেন, ভোমরা এখানে উপবেশন কর।" এই বলিয়া সন্ন্যাসী ঠাকুর ফলগুলি সহস্তে প্রস্তুত করিয়া হ্রা সহ ইষ্টদেবকে নিবেদন করিয়া দিলেন এবং তাহা হইতে নিজে কিছু গ্রহণ করিয়া বাকী সমস্ত উদ্ধব ও তাহার পিতাকে দিয়া বলিলেন, "তোমরা এখানে বসিয়াই প্রসাদ পাও।" সন্ন্যাসীর আজ্ঞানুসারে তাহাই হইল। পরে সন্ন্যাসী উদ্ধবের পিতাকে বলিলেন, "রঘুরাম! তুমি-ভাগ্যবান লোক না হইলে এমন রত্ন লাভ হইবে কেন? তুমি ভাগ্যবান লোক না হইলে এমন রত্ন লাভ হইবে কেন? তুমি কিছু ব্ঝিতে পার নাই যে উদ্ধব তোমার কি অমূল্য রত্ন। তাহা তোমার ব্ঝিবার শক্তি হইবে না। উদ্ধব পূর্ণাবস্থা প্রাপ্ত হইলে এই জঙ্গলমর দেশ ইহার সৌরভে আমোদিত হইবে। আমি ইহাকে-যে বস্তুটী দিয়াছি তাঁহা যত্নপূর্বকে রক্ষা করিতে পারিলে সর্ক্ববিষয়ে আশামুরূপ ফল লাভ হইবে।" এই কথার পর পিতা পুত্রে সন্ন্যাসী ঠাকুরকে প্রণাম করিয়া পদধূলি গ্রহণাস্তর বাসায় ফিরিলেন।

পিতাপুত্রের মনে বড়ই শাস্তি ছিল, তাই রাত্রিতে উভয়ে গাঢ় নিদ্রায়

স্থালিভূত হইলেন। রাত্রি প্রায় তিন প্রহরের সময় উদ্ধব এইরূপ স্থান দেখিলেন "পিতার সহিত হাটে যাইবার সময় হঠাৎ নদীর অতল জলে তাঁহাদের নৌকাখানি ডুবিরা গেল, পিতাপুত্রে বহু কষ্টে হার্ডুব্ থাইয়া কোন মতে সাঁতরাইয়া কুল পাইলেন।" অকলাৎ এই অভাবনীয় হঃস্বপ্নে উদ্ধব বিছানায় বিসিয়া গুরুদন্ত মূল মন্ত্র শ্বরণ করিতে চেষ্টা করিলেন। উদ্ধব বারংবার চেষ্টা করিলেন বটে, কিন্তু নাত্রী আর মনে হইল না। বহুক্ষণ বিস্থা চেষ্টা করা সত্তেও যথন মন্ত্র মনে করিতে পারিলেন না, তখন উদ্ধবের মনে এক অসহ উদ্বেগ উপস্থিত হইল।

রাত্রি প্রভাত হইলে উভয়ে শয়াত্যাগ করিলেন। উদ্ধবের পিতা প্রাতঃরুত্য সমাপন করিয়া দোকানে আসিয়া তাঁহার কর্ত্তর কর্ম্মে ননোনিবেশ করিলেন। সে দিন সকালে তিনি কোন স্থানে বাহির হুইলেন না। পিতা, উদ্ধবের রাত্রির ঘটনা কিছুই অবগত নহেন। তিনি অভ্যাসমত উভম সহকারে কার্য্যে প্রহুত্ত হইয়াছেন। উদ্ধব স্বপ্ন দেখা অবধি মন্ত্রটী ভূলিয়া বিষম চিস্তায় পড়িয়াছেন, তবে তাঁহার মনে একটু ভরসা আছে যে গুরুদেবের নিকট গেলে তিনি পুনরায় নমন্ত্র বলিয়া দিবেন। একটু বেলা হুইলে উদ্ধব তাঁহার পিতার নিকট বলিলেন "বাবা! আমি সয়্যাসী ঠাকুরকে দেখিয়া আসি।" পিতা বলিলেন "আছো বাবা! দেখে এসোগে।" এই কথা বলিলে উদ্ধবচন্দ্র বড় আশায় বুক বাধিয়া সয়্যাসীর নিকট চলিলেন।

যেখান হইতে সেই বটমূল বেশ দৃষ্ট হয়, উদ্ধব সেই স্থানে যাইয়া বিশেষ লক্ষ্য করিয়া গাছের মূলে দৃষ্টি করিলেন, কিন্তু সন্ন্যাসীকে তথায় না দেখিয়া হতাশ হইয়া পড়িলেন, তখন উদ্ধব একবার মনে করিলেন, গুরুদেব হয়ত শৌচাদি হেতু কোথায় গিয়া থাকিবেন, ক্রিংবা গাছের অপর দিকে গিয়া বসিয়াছেন। এইরূপ চিন্তা করিতে করিতে ক্রমে যাইয়া সেই বট মূলে প্রছিলেন। চতুর্দিক অমুসন্ধান कतिरानन, किन्छ मन्नामीत रकान मन्नान भारेरानन नाः वृश्विरानन, গুরুদেব নিশ্চই কোথায় চলিয়া গিয়াছেন। গুরুদেবকে না দেখিয়া উদ্ধবের মনের উদ্বেগ শতগুণে বাড়িয়া উঠিল। তথন কি করিবেন স্থির করিতে অসমর্থ হইয়া সন্নাসী ঠাকুর যে স্থানে বসিয়াছিলেন, সেই স্থানের নিকটে গিয়া নিরাশচিত্তে বসিয়া পড়িলেন ৷ মনের উদ্বেগ সম্বরণ করিতে না পারিয়া উদ্ধব একাকী কান্দিতে লাগিলেন. পরে শান্তিময়ীর ইচ্ছায় শান্ত হইয়া এদিক ওদিক চাহিবামাত্র একটা ত্রিখণ্ডী বিষপত্র দেখিতে পাইলেন। তথন চিন্তা করিতে লাগিলেন, বটমূলে বিশ্বপত্র কেন ? বালোচিত চাঞ্চল্য বশতঃ বিশ্বপত্রটা তুলিতে গিয়া দেখেন যে তাঁহার দত্ত দেই গুরু দক্ষিণার টাকাটি পড়িয়া রহিয়াছে, তাহার উপর একটী সিন্দুর বিন্দুমাত। তথন জ্মনেকক্ষণ সেথানে বসিয়া থাকিয়া নানারূপ চিস্তা করিয়া উক্ত বিভ্বপত্র এবং টাকাটী একত্রে কাপডের আঁচলে বাধিয়া ধীরে ধীরে দোকানে ফিরিলেন। দোকানে প্রছিলে তাঁহার পিতা জিজ্ঞাদা করিলেন "কেমন সন্নাসী ঠাকুরকে দেখে এলে, তিনি কিছু বলিলেন কি ?" উদ্ধব নিম্পুন্দ নিস্তম-কোন উত্তর না দেওরায় পিতা বলিলেন, "তবে বৃঝি তুমি-সন্ন্যাসীর নিকট যাও নাই। উত্তরে উদ্ধব বলিলেন, "বাবা সেই বটমূলে গিয়াছিলাম, কিন্তু সন্ন্যাসী ঠাকুরের সহিত সাক্ষাৎ হয় নাই। তিনি কোথার চলিয়া গিয়াছেন। বাবা! কি আশ্চর্য্য তিনি যেখানে ধনী জালাইয়া কয়েক দিন ছিলেন, সেথানে তাঁহার ধূনীর ভম্মের চিহ্নটী পর্যান্ত নাই। কেবল মাত্র সিন্দুরের ফোটা দেওয়া বিল্পত্রে ঢাকা একটা টাকা ছিল। তাহা আমি আনিয়াছ।" শুনিয়া উদ্ধবের পিতা চমকিয়া উঠিলেন, "বল কি । সন্ন্যাসী চলিয়া গিয়াছেন। তা বটে । এসব महाशूक्य मर्सना এक द्यार अधिक निम थाकन ना। कि जन्न देश এখানে তিনি আসিয়াছিলেন তাহা কে বলিবে ?" এইরূপ আলোচনা করিতে করিতে পুনরায় কার্য্যে মনোনিবেশ করিলেন।

আজ पृत्तत शां गोरेट शरेट. मकारमरे भाक रहेन। स्नान করিয়া সাহাজী মহাশর আসিয়া থাইতে বসিলেন, উদ্ধবকে বলিলেন, "তুমিও ভাত লইয়া থাও।" উদ্ধব বলিলেন, আমি একটু পরে থাইব।" সাহাজী আহারাদি সমাপন করিয়া নৌকাবোগে হাটে চলিয়া रगतन। छेक् क ठटम् त िस्राग्न मिवम व्यवमान शहेन। छाँशांत कृथा ত্রকা বলিয়া কোনই উদ্বেগ নাই। রাত্রি হইলে তাঁহার পিতা হাট হইতে আসিলেন এবং দোকান পশার সব উঠাইলেন। আজ উদ্ধব পিতার কোন সাহায্য করিলেন না। উদ্ধবের পিতা বড়ই সহিষ্ণু লোক ছিলেন, বিশেষ, অপত্যান্নেহ উদ্ধবের উপর কিছু বেশী ছিল। তিনি কথন কাজ কর্ম্মের জন্ত পুত্রকে পীড়াপীড়ি করিতেন না। দোকানে আসিয়া প্রয়োজনীয় কার্য্য শেষ করিয়া বিশ্রামান্তে রন্ধন করিতে গেলেন। কিন্তু বিশ্বিত হইয়া দেখিলেন, যে পরিমাণ ভাত পুত্রের জন্ম রাখিয়া গিয়াছিলেন, সে ভাত সেই ভাবেই আছে। তথন উদ্ধৰকে জিজ্ঞাসা করিলেন "তুমি ভাত থাও নাই কেন" ? উদ্ধব বলিলেন,"আমার শরীর যেন কেমন থারাপ বোধ হইডেছে, আমি এ বেলাও থাইব না" এই কথা শুনিয়া উদ্ধবের পিতা ব্যস্ত হইয়া বলিলেন "বাবা, ভোমার কি অমুখ ?'' উদ্ধব বলিলেন, ''আমার যে কি অমুখ তাহা প্রকাশ করিতে পারিতেছি না, শরীর বে কেমন হইয়াছে তাহা বলিবার শক্তি নাই।'' এই কথা শুনিবামাত্র সাহাজী চিন্তিত হইলেন, তুপুর বেলার যাহা ছিল তাহা কোন মতে গলাধ:করণ করিয়া আচমন করত: আসিয়া উদ্ধবের গায়ে হাত দিরা দেখিলেন, শরীর তেমন গরম নয়, অথচ চকু লালবর্ণ, যেন কি এক প্রকার ভাব। এই ভাব দেখিয়া পিডা পুত্রে এক স্থানে শয়ন করিলেন। উদ্ধবও পিতার পার্যে শয়ন করিলেন

বটে, কিন্তু তাঁহার আর নিজা আসিল না। মৃতপ্রায় শ্যায় গা ঢালিয়া অতি কটে রাত্রি যাপন করিলেন।

রাত্রি প্রভাত হইলে উদ্ধবের পিতা জাগিবামাত্র দেখিলেন স্লেহের পুত্র উদ্ধবের ব্দবস্থার কোন পরিবর্ত্তন হয় নাই; অধিকন্ত দেখিতে -পাইলেন বায়গ্রস্ত লোকের মত একা বসিয়া কি যেন নিজ মনে বিড বিচ क्रिया कि विनारण्डिन, कथा श्री वाश कि हुरे वुस्रा यात्र मा आव मानुष দেখিলে কোন কথা না বলিয়া চুপ করিয়া থাকেন, যদিও কোন কথার উত্তর দেন, তাহা অনেক অসংলগ্ন হইয়া পড়ে। বাফিক অবস্থা দেখিয়া বায়ুগ্রস্ত বা ভূতাবিষ্ট বলিয়া অনেকে অনুমান করিলেন। সাহাজী মহাশয় ভাল ওঝা আনিয়া পুত্রের চিকিৎসা করাইতে -লাগিলেন। তাহাতে কোন ফল না পাইয়া এবং পুত্রের অবস্থা একই ্দেথিয়া সাহাজী নিভান্ত উন্থমভঙ্গ হইয়া পড়িলেন। সময়মত আহার -নাই, নিজা নাই, এইরূপে দিনের পর দিন কাটিতে লাগিল। উদ্ধবের শত্যস্ত কাতর অবস্থা দেখিয়া সাহাজী মহাশন্ত একদিন একাকী বসিয়া ক্রন্দন করিতেছেন, আর নিজের কর্ম্বের জন্ম ধিক্কার দিতেছেন-"কেনই বা নাবালক ছেলেকে এই জনপুত্ত স্থানে পানিলাম।" উদ্ধৰ ঐ ক্রন্দন শুনিয়া একাকী বলিতেছে "গুরুদেব! আমাকে ভাল করিতে আসিয়া আমার কর্ম দোষে কি করিয়া গেলেন।" এই কথাটি উরুবের প্রিতা শুনিয়া বেশ বুঝিতে পারিলেন যে সে প্রকৃতিস্থ এবং তাহার ভাষার কোন অসংলগ্নতা নাই। তথন সাহাজী মহাশয় উদ্ধবের নিকট াগিয়া বলিলেন, "বাবা! স্থির হইয়া বলতো সন্নাসী ঠাকুর ভোমার কি ভাল করিতে আসিয়া কি মল করিয়া গিয়াছেন ? কি জন্ম ভোমার এ দশা :बर्টিয়াছে ?" উদ্ধব কণকাল পরে বলিলেন, "বাবা। আপনার নিকট না বলিয়া আমি কোন কার্য্য করিয়াছি, তাহার পাপে বোধ হয় আমার এ হেন দশা বটিয়াছে।" তথন উদ্ধবের পিতা বলিলেন "তুমি कি কার্য্য

कतिवाह रा व्यामारक এड मिन रा नारे ?" उद्भाव का निएंड का निएंड বলিলেন "বাবা! আমায় ক্ষমা করিবেন, সন্ন্যাসী ঠাকুর আমাকে আপনার নিকট বলিতে নিষেধ করিয়াছিলেন বলিয়া আমি বলি নাই।" তথন সাহাজী মহাশয় মিষ্টবাক্যে উদ্ধবকে বলিলেন, "বাবা উদ্ধব ! তোমার কোন ভয় নাই, তুমি আমার নিকট সমস্ত খুলিয়া বল।" উদ্ধব ক্ষণকাল পরে ধীরে ধীরে বলিলেন ''বাবা! সন্ন্যাসী ঠাকুর আমাকে দীক্ষা মন্ত্র দিয়াছিলেন, ঐ মন্ত্রটী ভূলিয়া গিয়া আমার এই দশা হইরাছে।" ন্ধনিয়া সাহাজী চমকিত হইয়া বলিলেন "এতদিন আমাকে একথা বল নাই কেন ?' উদ্ধব বলিলেন, "আপনাকে বলিলে আপনি কি করিতেন: সেই সন্নাসী ভিন্ন আর কেহ আমার এ ব্যাধি আরোগ্য করিতে পারিবেন না।" "উদ্ধব, সন্ন্যাসী তোমাকে মন্ত্র দিয়া আর কিছু বলিয়াছিলেন কি পূ তিনি কোথায় থাকেন, তাঁহার নাম কি ? এসব কিছু জানিতে পারিয়াছ কি ?'' উদ্ধব বলিলেন, "এসব কথা জিজ্ঞাসা করিবার পূর্বে গুরুদেব আমাকে মন্ত্র দান করিয়া বলিয়াছিলেন "ভূমি সাবধানে এই মন্ত্র স্থরণ রাথিতে যত্ন করিও. মন্ত্র ভূলিলে বিষম বিপদে পড়িবে; আমার থাকার কোন নির্দিষ্ট স্থান নাই: আমার সহিত তোমার সাক্ষাং হওয়া অসম্ভব: ভবে তুমি কোন বিপদে পড়িলে আমাকে মরণ করিও, তাহা হইলে ষে কোন ভাবে বিপদের প্রতিকার হইবে।" মহাত্মা মহাপুরুষদের বাক্য কখন মিথ্যা হয় না: এই বিশ্বাদে সাহাজীর নিরাশ প্রাণে আশার সঞ্চার হইল, এক্ষেত্রে তিনি কায়মনোবাক্যে তাঁহাকে শ্বরণ করাই এক মাত্র সার চেষ্টা স্থির করিয়া কিছুক্ষণ কি চিস্তা করিলেন।

সাহাজী মহাশয় সারাদিন অনাহারে থাকেন এবং ছেলের অন্তথা ভাল না হইলে থাইব না—সঙ্কল্ল করিয়া সন্ন্যাসী ঠাকুরের উদ্দেশে প্রাণাম করিয়া প্রথমত নতজাম হইয়া পরে ক্রমে সাষ্টাঙ্গে ধরায় লুটাইয়া পাড়িলেন। তৎপরে ক্রতসঙ্কল্ল হইয়া উদ্ধকে বলিলেন "বাবা! উদ্ধক ভূমিও একাগ্রচিত্তে তোমার গুরুদেবকে শ্বরণ কর. তিনি অবশ্র ভোষার প্রতি দয়া করিবেন।" তথন পিতার বাক্যে উদ্ধব যেন टेठ्ड नां कतिया श्रक्रामयाक चत्राव कतिए नांशितन, माराष्ट्री ষহাশয়ও সন্ন্যাসীর নামে হতা৷ দিয়া রহিলেন, রাত্রি প্রায় তিন প্রহর এমন সময় উদ্ধবের একটু ভক্রার মত আসিয়াছে তথন উদ্ধব দেখিলেন যেন তাঁহার শিয়রে শ্যার পার্থে বসিয়া সেই সন্ন্যাসী ঠাকুর বলিতেছেন, "বাবা উদ্ধব তুমি মল মন্ত্র হারাইয়া এইরূপ হইয়া পড়িরাছ। বংগ, উদ্ধব। বাবা, তোমার কোন ভয় নাই। তোমার সেই মন্ত্র সাবধানে স্মরণ করিতে থাক; মন্ত্র তোষার আর কখন ভুক হটবে না।" উত্তব স্বপ্নে গুরুদেবকে ও তাঁহার দত্ত মন্ত্র পাইয়া, অতি-আনন্দে তাঁহাকে প্রণাম করিবার জন্ম হঠাৎ মন্তক উত্তোলন করিয়া "গুরুদেব। গুরুদেব। গুরুদেব।" বলিরা ভরানক চীৎকার করিয়া উঠিলেন। অন্ধকার গৃহে সেই বিরাট মূর্ত্তি সন্ন্যাসী ঠাকুরকে শিয়রে: উপবিষ্ট বলিয়া স্বপ্ন দেখায় তাঁহার শরীর রোমাঞ্চিত হইল ; ইহা স্বপ্ন হইলেও তাঁহার কার্যা প্রত্যক্ষ-স্বরূপ, তিনি মন্ত্রটী স্মরণ করিতে করিতে সভরে পিতাকে ডাকিলেন এবং কোন সাড়া না পাইয়া নিজেই ৰবে আলো আলিয়া দেখেন যে পিতা সংজ্ঞা-শুক্ত অবস্থায় পড়িয়া আছেন। তখন গায়ে হাত দিয়া ডাকিলেন "বাবা। বাবা।" এমন সময় চমকিয়া সাহাজী মহাশয় জড়িত কঠে বলিলেন, "বাবা!" উদ্ধব!" উদ্ধব বলিলেন "উঠুন গুরুদেব দয়া করিয়াছেন।" এই কথা ওনিয়া সাহাজী যেন আকাশের চাঁদ হাতে পাইলেন। তৎপক্রে कि ভাবে হারানিধি প্রাপ্ত হইলেন উদ্ধবের মুখে ওনিয়া সন্নাসী ঠাকুরের উদ্দেশ্যে প্রণাম করিতে লাগিলেন।

এই ভাবে কথোপকথনে রাত্রি শেব হইয়া গেল। তথন পিডা--পুত্রে এক্ত্রে পতি সাবধানে গুরু-মন্ত্র প্রপ করিতে করিতে শব্যা ত্যাঞ্চ করিয়া গাত্রোধান করিলেন। বাহিরে আসিয়া পূর্বাভিম্থী হইয়া
পূর্য্য দেবকে প্রণামান্তর হাত মুখ ধোত করিয়া প্রাভঃক্বতা সমাপন
করিয়া দোকান ঘরে বসিলেন। তখন উদ্ধব বলিলেন "বাবা আমার
বড়ই ক্ষ্মা পাইয়াছে।" এই কথা ভনিয়া সাহাজী মহাশ্য, তাড়াতাড়ি
হবিন্তার প্রস্তুত করিয়া উদ্ধবকে থাইতে দিলেন। পরে সাহাজী
মহাশ্য স্বয়ং আহার করিলেন। সপ্তাহাধিক কাল অনিক্রায়
ত্রশিক্তায় উভয়েরই শরীর ক্লান্ত হইয়া পড়িয়াছিল; আহারান্তে এক
শ্বায় উভয়েই শান্তির সহিত নিদ্রিত হইলেন। বেলা অবসানে
উভয়ে গাত্রোখান করিয়া হাত মুখ ধুইয়া নিজ নিজ কাজে মনোনিবেশ
করিলেন।

পরদিন হইতে সাহাজী মহাশয় যথারীতি হাট বাজার করিতে লাগিলেন, উদ্ধব বাসায় থাকিয়া সাধামত পিতার সাহায়্য করিতে লাগিলেন, এইরূপে কয়েক দিন পর ভগবানের রূপায় উদ্ধবের শরীর স্বস্থ হইল। উদ্ধব এখন প্রয়োজনমত পিতার সহিত হাট বাজার করেন। মা কমলার রূপায় দিন দিন তাঁহাদের ব্যবসায়ে বিশেষ লাভ হইতে লাগিল। উদ্ধব যথন যে কাজে হাত দেন তাহাতেই আশাতীত ফল লাভ করেন। অরদিন মধ্যে তাঁহাদের বিশেষ উদ্ধতি হইয়া উঠিল, ক্রমে কৃদ্র দোকানের আয়তন বৃদ্ধি করিয়া গোমজা কর্মচারী রাখিলেন। একবংসর পৌষ মাসে যথাকালে উপয়্কলপরিমাণ চাউল রাখিয়া ভগবানের রূপায় তাহাতে মথেষ্ট লাভবান হইলেন। এই প্রকারে দিন দিন সর্ব্ধ বিষয়ে বানের জলের ভায় অর্থাগম হইতে লাগিল। মায়ুবের ভাগ্য পরিবর্ত্তনের সময় এইরূপেই দৈব সহায় হয়।

উশ্বব চক্র একঙ্গন প্রিয়দর্শন পুরুষ ছিলেন তাহাতে আবার উদ্বব্যক্তিদশ্লর হওয়ায় বেন মনিকাঞ্চণ যোগ ঘটিয়াছিল। তাঁহার -শরীরের জ্যোতি: গুরু পক্ষের চক্রের স্থায় দিন দিন বৃদ্ধি পাইল, তাঁহাকে একবার দেখিলে মন আপনিই মুগ্ধ হইত। উদ্ধৰ ক্ত মুখে যাকে যে কথা বলিয়া দেন তাহাই সিদ্ধ হয়, ক্ৰমে তিনি একজন সিদ্ধ পুরুষ বলিয়া পরিগণিত হইলেন। এমন কি জলের কুম্ভীর, জঙ্গলের বাঘ, মহিষ প্রভৃতি হিংস্র জম্ভ পর্যান্ত তাঁহার কথায় বাধ্য হইত। উদ্ধবের এবস্প্রকার প্রতিভা দিন দিন ক্রমশঃ চতুদ্দিকে প্রচার হইতে -লাগিল। পুত্রের এই অলোকিক কার্যা দেখিয়া সাহাজী মহাশ্র অনির্বাচনীয় আনন্দে কালাতিপাত করিতে লাগিলেন। উদ্ধব বয়োপ্রাপ্ত .হওয়ায় তাহার বৃদ্ধি পরিচালনায় সমস্ত কার্যা নির্কাহ হইতে লাগিল। সাহাজী মহাশয় পুত্রের উপর তথাকার কার্য্যের ভার গুস্ত করিয়া দেশে আসিলা পুত্রের গুভ বিবাহের উদ্দেশ্যে নানাম্বানে পাত্রী দেখিতে লাগিলেন, অনতিকাল বিলম্বের পর বথা সময় স্থপাত্রী দেখিরা শুভ কার্য্যের দিন নির্দ্ধারিত করিলেন এবং উদ্ধরকে দেশে আনিয়া ভভ বিবাহের বিশেষ আয়োজন করিলেন। নিদিষ্ট সময়ে ভগবং কুপায় শুভকার্য্য অতি আমোদ আহ্লাদের সহিত সম্পন্ন করিয়া আবার পিতা পুল্রে উভয়ে একত্রে কার্য্যস্থলে গ্যন করিলেন ।

সাহাজী মহাশরের চারিটী পুত্র। তন্মধ্যে ১ম উদ্ধবচন্দ্র, হয় রপনারায়ণ, ৩য় গোকুলচন্দ্র, ৪র্থ যাত্রাবর। উদ্ধবচন্দ্র দোকানের কাজ কর্ম্ম পুরা উপ্থমে চলাইতে লাগিলেন, দোকান পশার প্রভৃতিতে ঐ অঞ্চলে তিনি একজন বড় ধনী ব্যবসায়ী বলিয়া গণ্য হইলেন। এই সমরে উদ্ধবের মনে এক নৃতন খেয়াল চাপিল, মানুষ ব্যাবসায়ে যেমন হঠাৎ উন্নতি লাভ করে, আবার অবনতির আশহাও তদ্রপ। কত বড় বড় ব্যবসায়ী উঠিতেছে পড়িতেছে, কিন্তু যার জমি জমা বিষয় সম্পত্তি আছে তাহার পতন তত শীল্প ঘটে না।

সেই সময় ঐ সব দেশে লোকের বসতি বিরল ও অধিকাংশই ঘোরা জঙ্গলাকীর্ণ ছিল; ব্যাঘ্র, মহিষ, শৃকর, হরিণ প্রভৃতি বস্তু জন্তুর উৎপাতে স্থানে যে সকল ভূমি আবাদী ছিল তাহাও লোকে ভয়ে ছাড়িয়া যাইত। ঐ সমস্ত গড়াবাদী ভূমির অধিক স্থান গবর্ণমেণ্টের খাষমহাল ছিল। উদ্ধব নিজ নামে আমলনামা লইয়া গ্রহণ্মেণ্ট ও জমিদার-দিগের নিকট হইতে অনুমতিক্রমে আবাদ করিতে আরম্ভ করিলেন: ভূমি আবাদ করিতে পারিলে ১০ বংসর পর আবাদী ভূমি প্রতি বিঘা।০০ **চারি আনা** নিরীথে থাজনা বন্দোবন্ত হইবে এই মর্মেই আমলনামা লিখা হইয়াছিল। আমলনামা প্রাপ্ত হইয়া উদ্ধব আবাদের জন্ম লোক সংগ্রহে প্রবৃত্ত হইলেন। বিশেষ চেষ্ট করিয়া লোক সংগ্রহ করিলেন. ৰটে, কিন্তু ক্ষকগণ বন্তু পশুর ভয়ে আবাদ করিতে সাহদ করে না প্রাণের আশা সকলেরই আছে, কে সাধ করিয়া বাঘের মুথে দাড়ায়। ষদিও আবাদ করা যায়, তাহা মহিষ, শৃকর, হরিণ প্রভৃতি বন্ত পশুতে নষ্ট করিয়া দিবে। এই সমস্ত প্রস্তাব করিয়া সকল ক্রষক উদ্ধব চল্লের নিকট করযোড়ে দাঁড়াইল। উদ্ধব সকলকে সাল্বা দিয়া বলিলেন "বাপু সকল, তোমরা কোন চিন্তা করিও না. পশু তাড়াইবার বিধান আমি নিজে করিব; আমার সঙ্গে এস।" উদ্ধব অসম্ভব একটা কুণা বলিলেও তাহার প্রতি কাহারও কোন প্রকার বিধা বা সলেত ছইত না। জলের কুন্তীর ও জঙ্গলের বাঘ যে তাঁহার কথা মানে তাহা ঐ অঞ্লের প্রায় সকলেই অবগত আছে। উদ্ধব বহু কৃষক সঙ্গে कत्रिया मिटे अज़ावानी जनन मरश अरवन कत्रितनन, जनन मरश अरवन পূর্বক বছ স্থান পরিভ্রমণ করিয়া চারি কোণে চারিটা নিশান প্তিলেন এবং ভত্তত্ত ব্যাঘ, মহিষ প্রভৃতি জন্তুগণকে বলিতে লাগিলেন "আমি এই অঙ্গলটুকু আবাদ করিব, ভোমরা অন্য দিকে সরিয়া যাও, আমার ক্লবক প্রভৃতি লোক জনের উপর তাহাদের অর্জিত শস্তের.

প্রতি কোনরূপ অনিষ্ঠ করিও না।" এই কণা অনেকেই গর বলিয়া মনে করিতে পারেন, বাস্তবিক তাহা নহে, কণাটা সম্পূর্ণ সতা। দৈবশক্তি সম্পন্ন লোকের পক্ষে অসম্ভব কিছুই নয়। তাহার পর হইতে জঙ্গল আবাদ আরম্ভ হইল; প্রকৃত প্রস্তাবে সেই জঙ্গল মধ্যে ঐ সকল হিংস্র জন্ত আর দেখা গেলনা; ক্রমে লোকের উৎসাহ ও সাহস দিন দিন বৃদ্ধি পাইতে লাগিল। প্রথম বৎসর বহু জমির জঙ্গল মারিয়া চাষাবাদ হইলে যথা সময় ঈশরের রুপায় প্রচুর পরিমাণ ধান্য হইল। শস্তের অবস্থা দেখিয়া রুষকগণ বিশেষ উৎসাহিত হইল। যাহাদের দূরে বাড়ী ছিল তাহারা আবাদের স্মবিধার জন্য ক্রমে আসিয়া ঐস্থানে উপনিবেশ স্থাপন করিতে লাগিল। কালক্রমে তাহারা ঐ স্থানের বাসিন্দা হইরাছে। জমি আবাদ করিয়া তিন বংসর পর্যন্ত উৎপন্ন শস্ত ক্রমকগণ বিনা করে ভোগ করিলে পর উদ্ধবন্দ্য ইচ্ছাত্মগারে ঐ সমস্ত জমি বন্দোবন্ত করিলেন।

প্রথম বংসরের আবাদের কথা ভনিয়া নানা স্থান হইতে বছলোক আসিয়া জনি আবাদ করিবার জন্য ব্যগ্র হইল। লোকজন সহ উদ্ধব জঙ্গলে গিয়া নিশান পুতিয়া জমি চিহ্নিত করিয়া দিয়া ঘরে ফিরিলেন; কৃষকগণ বিশেষ উন্তমের সহিত আবাদ আরম্ভ করিল। ভগবানের কৃপায় এবংসরও বিশেষ রকম শস্ত জন্মিল দেখিয়া বহুদ্র হইতে লোক আসিয়া স্থানে স্থানে ঘরবাড়ী প্রস্তুত করিয়া আবাদে প্রবৃত্ত হইল। এই ভাবে ১০০২ বংসরে প্রায়্ম লক্ষাধিক বিঘা জনি আবাদ হইল।

অবস্থার পরিবর্ত্তনে এখন আর জঙ্গল নাই, এখন সে স্থানে বহু লোকের বসতি হইয়াছে। মালিকগণের সহিত আমলনামার চুক্তি অনুসারে ক্রমে অনেক জমি স্থায়ী বন্দোবস্ত হইতে লাগিল। উদ্ধব সত্যের অপলাপ করিয়া কাহাকেও বঞ্চনা করিবেন এরপ প্রকৃতির লোক ছিলেন না বলিয়া লোকে তাঁহাকে বিশ্বাস করিত এবং তাঁহার মুখের কথায় ও ব্যবহারে সকলেই বাধ্য থাকিত।

এদিকে আবাদী ভূমি প্রজাদিগের সহিত ক্রমান্বয়ে যেমন বলোবস্ত হইয়া কর ধার্য্য হইতে লাগিল, অমনি আদায় তহশীলের জন্ম কর্মচারী নিযুক্ত করিয়া স্থবিধার্থে স্থানে স্থানে কাছারী বাড়ী প্রস্তুত করিয়া দিতে माशिलन। क्राय তिनि । একজন গণ্য**মান্ত ব্যক্তি হইলেন।** निष्क শামারের জমি হইতে প্রতি বংসর প্রচুর পরিমাণ ধাস্ত আনিয়া গোলাজাত করিতে লাগিলেন। প্রজারাও সন সন যথা সমরে शाकाना मिए नाशिन : काज कर्या छेज्य मिएकरे स्वरमावस रहेन। উদ্ধবের প্রতিভা ও প্রতিপত্তিতে দেশময় একটা যশের বাতাস বহিল, বলিলেও অত্যুক্তি হয় না উদ্ধব তথন ও দেশের রাজা। কোন স্থানে কোন প্রকার গোলমাল নাই, নিজের তত্তাবধানে স্ব চলিতে লাগিল। তৎপরে তাঁর সন্ন্যাসী প্রদত্ত সম্পত্তিতে ক্রমেই উন্নতি, উদ্ধবের নাম করিয়া যে যাহা মানস করে তাহাই সিদ্ধ হয়, কত শত ব্যাধিগ্রস্থ বিপন্ন ব্যক্তি তাঁহার রূপায় মুক্তি লাভ করিয়াছে, তাহা বলিয়া শেষ করা অসাধ্য। লোকের কামনা সিদ্ধি হইলে যে ষাহা মানস করিত তাহা আনিয়া সাহাজীকে দিয়া যাইত। প্রতিদিন নানা স্থান হইতে এই প্রকার কত হাজত আসিত তাহার সীমা নাই। মানসিক হাজত আসিলে তাহা উদ্ধব ব্রাহ্মণকে দান করিতেন, নিজে কিছু গ্রহণ করিতেন না হাজত সম্বন্ধে সেই সময়ই ভ্রাতাগণের নিকট বলিয়া রাখিলেন, আমি অভাবে আমার নাম করিয়া কোন লোক হাজত দিলে তাহা সমূদয়ই ব্রাহ্মণদিগকে দিতে হইবে, শূদ্রে বা অন্ত জাতিতে এবং আমাদের বংশের কেহ ইহা কোন কালেই গ্রহণ করিতে পারিবে না। সেই নিয়ম আস্থাপিও চলিতেছে। উদ্ধব একজন স্বার্থত্যাগী পরোপ-কারী লোক ছিলেন, সেই জন্ত সাধারণের চক্ষে তিনি দেব তুলালোক হইলেন। তিনি নানা প্রকার সদ্গুল বিশিষ্ট লোক বলিয়াই তাঁহার প্রতি জন সাধারণের হৃদয়ের টান ছিল, তাই তিনি জমিদার-দিগের চেয়ে বহুগুলে শ্রেষ্ঠ ছিলেন। জমিদারগণ নিজ নিজ্প এলাকার প্রজার উপর আধিপত্য করেন বটে, কিন্তু উদ্ধবচন্দ্র লোক-নির্দ্ধিশেষে সকলের উপরই নিজগুণে এই বিপুল আধিপত্য বিস্তারক করিয়াছিলেন।

লোকের অবস্থার সঙ্গে সজে সকল দিকের ব্যবস্থাই হইয়া থাকে,. উদ্ধব চন্দ্রের দেশের বাড়ী ঘর উপযুক্ত মতই হইয়াছে, উদ্ধবের পিতা সাহাজী মহাশয় এই সময় মধ্যে উদ্ধবের কনিষ্ঠত্রয়ের শুভপরিণয়-কার্য্য যথাসময়ে অতি আমোদ আহলাদের সহিত সম্পন্ন করিয়াছেন। শাহাজী মহাশয় এখন বাড়ীতে থাকিয়া ছেলেদের ছেলে মেয়ে পুত্র-বধুগণ সহ সর্ব্বদা স্থথ শান্তিতে কাল্যাপন করিতে লাগিলেন। এই ভাকে অনেক দিন কাটিয়া গেল, তৎপর সাহাজী মহাশয় ব্যাধিগ্রস্থ হইয়া পুত্র দিগকে বাঙীতে আনাইলেন। সাহাজী মহাশয় আসরকাল সমাগত-প্রায় বৃঝিতে পারিয়া পুত্রদিগকে ডাকিয়া একদিন অনেক কথা বলিয়া. নানা প্রকার উপদেশ দিয়া পুত্র উদ্ধবের হত্তে ছোট ভাইদের দিয়া বলিলেন, তুমি ইহাদের বড়, তোমার হাতে ইহাদের সমর্পণ করিলাম. ঘর বাড়ী বিষয় সম্পত্তি সমস্তই তোমার করে অর্পণ করিলাম। সাবধান ষেন আমার শান্তির ঘরে অশান্তি প্রবেশ না করে। আমি অভাবে ষাতৃআজ্ঞামুসারে কার্য্য করিবে। কয়েকদিন পরে তিনি পরলোক পমন করিলেন। চারি ভাই উৎসাহের সহিত উপযুক্ত ব্যয় করিয়া পিতৃ-দেবের ওর্দ্ধ দৈহিক কার্য্য সম্পন্ন করিলেন। উদ্ধব বছদিন পূর্ব্ধ হইতেই সংসারের গুরু ভার গ্রহণ করিয়াছিলেন স্বতরাং পিতা অভাবে সে ভারু বহন করিতে কষ্ট বোধ করিলেন না। বাড়ীর কাজ কর্ম্ম সমাধা করিয়া উদ্ধবচন্দ্র পূর্বস্থানে ফিরিয়া যাইলেন।

এই সময়ে একটা নৃতন ঘটনা ঘটল। তাঁহার জঙ্গল আবাদী হান মধ্যে পূর্ব্বে যাহাদের জমি জমা ছিল এবং যাহা ঋণদায়ে উদ্বেহের নিকট আবদ্ধ ছিল ঐ সকল প্রজা উদ্ধবের নিকট আসিয়া প্রতিকার মানসে আবেদন করিতে লাগিল। উদ্ধব সেক্ষেত্রে তাহাদের দলীল প্রমাণ গ্রহণ করিয়া আপত্তি সত্য বিবেচনায় অন্তগ্রহ পূর্ব্বক বিনা অর্থে অনেকের জমি ছাড়িয়া দিলেন। এই প্রকারে বহু লোকের জমি জমা ছাড়িয়া দিলেন। এই প্রকারে বহু লোকের জমি জমা ছাড়িয়া দিলেন; কয়েক বৎসরে বহু পরিমাণ জমি উদ্ধব চক্রের অন্তগ্রহে বহু লোকে থালাস পাইল, তাহাতে উদ্ধব চক্র লোক সমাজে আরও ধন্ত হইলেন। এই প্রকারে জমি ছাড়িয়া দেওয়ায় দখলী জমির প্রায় ১০ আনা কমিয়া গেল। তিনি স্তায় ও ধর্ম বিগ্রহিত কার্য্যের কথনও পোষকতা করিতেন না, যাহা সত্য বলিয়া জানিতেন তাহা করিতে নিজের ইষ্টানিষ্ট একটুও চিন্তা করিতেন না। সেই জন্তই তিনি স্থায়ে কোন রূপ অশান্তি বা অনুতাপ বোধ করিতেন না।

উদ্ধব দলিল পত্র দেখিয়া যে সকল লোকের জমি জমা ছাড়িয়া দিয়াছিলেন, তাহাদিগের মধ্যে অনেক চরিত্র হীন লোক, দলিল জাল করিয়া, জাল দলিল দেখাইয়া নিজ নিজ করিল তাহাদের অভিসন্ধি বেশ বৃথিতে পারিয়া এইরূপ সরল ভাবে আর কাহারও জমি জমা ছাড়িয়া দেওয়া হইবেনা বলিয়া এক ঘোষণা করিলেন। তিনি আরও প্রকাশ করিলেন "আমা কর্তৃক যদি কাহার জমি জমা যথল হইয়া থাকে তবে বিনা মোকর্দ্দমায় উহা ছাড়িয়া দিব না।" তথন তাঁহার সে দেশে এত প্রতাপ বা প্রতিপত্তি ছিল যে তাঁহার বিরুদ্ধে দণ্ডায়মান হয় এমন সাধ্য কাহারও ছিল না। মিথাবাদী, শঠ, কুচক্রী, জালিয়াৎ লোকের প্রবঞ্চনায়

এবং তাহাদের কার্য্য ছারায় ভাল লোকের স্থবিধা ধ্বংস হইয়া গেল।

সাহাজী মহাশয়ের এলাকা মধ্যে এখন কোন প্রকার গোলঘোর্স নাই, স্থান্থলার সহিত আদায় ওয়াশীল কার্য্য চলিতেছে। লাত্গণ ও আমলাগণ তাঁহার ব্যবহারে সন্তুইচিত্তে উৎসাহের সহিত কাজকর্ম করিতেছে। দেশের বাড়ীতে পরিবারবর্গের মধ্যে কোনরূপ থগড়া বিবাদ অশান্তি নাই। ভগবৎক্রপায় উদ্ধর সাহাজী মহাশয় যখন এমত অবস্থায় স্থথ শান্তিতে কালাতিপাত করিতেছেন তখন তাঁহার দৈবশক্তি পূর্ণ মাত্রায় বিকশিত হইয়াছিল। এই সময় হইতেই তিনি স্থনামধ্য পুরুষ বলিয়া, লোকে তাঁহার নাম ধরিয়া কেছ কোন কথা বলিতেন না; শুধু "সাহাজী" শব্দ উচ্চারিত হইলেই তাঁহাকে ব্যাইত। আজ পর্যন্ত "সাহাজীর গদী" বলিয়া লোকে কত মান্য করে। সাহাজী মহাশয় এতদেশে একজন প্রাতঃশমরণীয় ব্যক্তি বলিয়া এখনও স্থপরিচিত। তাঁহার বংশধরগণ "হরিয় লুট" দিতে হইলে "সাহাজীর লুট" সঙ্গে না দিয়া হরির লুট দেন না।

ভগবংকপায় সাহাজী মহাশয় চারটা পুত্র সস্তান লাভ করিয়াছেন, ১ম পুত্রের নাম চল্র সাগর, ২য় পুত্রের নাম জগলাধ, তৃতীয় পুত্রের নাম, হরেক্সফ, চতুর্থ ক্রফ্সপ্রসাদ। তাঁহার দিতীয় ভ্রাতা রূপ নারায়ণ সাহার এক মাত্র পুত্র ছিল, তাঁহার নাম মুচিরাম। সাহাজী মহাশয় ভ্রাতৃপ্পুত্র ও নিজের ছেলেদের শিক্ষার জন্ম যদ্বের কোন ত্রুটী করেন নাই। তৎপর মথা যোগ্য বয়সে তাঁহাদের বিবাহাদি দিয়া বিশেষ আমোদ আহ্লাদ করিয়াছেন। এই সময়ে সাহাজী মহাশয়ের মাতৃদেবী বৃদ্ধাবস্থায় হবির দেহ লইয়া অশক্তাবস্থায় জীবিত ছিলেন মাত্র হঠাৎ একদিন বার্দ্ধক্য জনিত পীড়ায় পীড়িত হইয়া পরলোক গমন করিলেন। তিনি পুত্র ও ভ্রাতৃপা্ত্রগণকে কাজ কর্ম্ম শিক্ষা দিবার

কস্ত দক্ষিণ দেশে লইয়া গিয়াছিলেন। সাহাজী অতিশার:
সমদর্শী ছিলেন তাঁহার নিকট কোন পক্ষপাতিত্ব কি স্বার্থপরতা
ছিলনা। এই কারণেই তাঁহার পরিবারস্থ সকলের মনেই শাস্তি
ছিল। সংসারে আর কোন প্রকার কট্ট নাই, কট্টের মধ্যে কেবল
লাতা গোকুলচন্দ্র ও যাত্রাবরের কোন সস্তান সস্ততি জন্মিল না;
লাত্ত্বরের এই কট্টের জন্ম সাহাজী মহাশায় সময় সময় অমৃতাপ ভোগ
করিতেন।

সাহাজী মহাশয় বাড়ীতে ও যেখানে যথা সম্ভব সংকার্য্যের অনুষ্ঠানে ব্রতী ছিলেন, যথা সাধ্য অতিথি সেবা, দরিদ্রকে যখাযোগ্য দান, বিপন্ন ব্দনের উপকার, দেব ছিজে ভক্তি—ইহাই তাঁহার জীবনের একটা প্রধান লক্ষ্য ছিল। কোন উপলক্ষে বিবিধ প্রকার খাতদ্রব্য সংগ্রহ করিয়া অকাতরে লোকজনকে খাওয়াইয়াছেন, উভয় স্থানে রামায়ণ, মহাভারত, শ্রীমন্তাগবত পাঠ করাইয়া মহোৎসব করিয়াছেন,সাধ্যামুসারে এসকল কার্য্যে তাঁহার কোন ক্রটি নাই। সাহাজী মহাশয় বয়োধিকতা হেতু ঘরে বসিয়া বসিয়াই কাজ কর্ম্ম দেখিতেন এবং গুরুদেক প্রদন্ত ইষ্ট মন্ত্র জপ করিয়া কালাতিপাত করিতেন। এই সময় ভথাকার সমৃদয় কারবার ভাই, ভ্রাতৃষ্পুত্রদিগের ভত্বাবধানে রাথিয়া-দেশে আসিলেন। এই ভাবে কিছুদিন কাটিয়া গেল, একদিন রাত্রি ভূতীয় প্রহরে চিন্তা করিতে করিতে নিদ্রাভিভূত হইয়া পড়িলেন এবং ঘুমের ঘোরে স্বপ্নে দেখিলেন যে "ব্যাঘ্র চর্ম্ম পরিধান, মাধায় मीर्च कठा, मंत्रीरत ज्यामाथा, शास्त्र जिम्म महाराजकः पृक्षमानी এक ব্যক্তি তাঁহার শিয়রে বসিয়া বলিতেছেন—উদ্ধব! তোমার বাসনা পূর্ণ হয় নাই কি ? আর কতদিন এইভাবে থাকিবে, সময় অতি নিকট, তমি প্রস্তুত হও।" পরদিন প্রাতে সাহাজী বিশেষ যত্নের সহিত সর্ব্ব প্রকার কাজ কর্ম্মের বিধি বিধান করিতে আরম্ভ করিলেন।

এদিকে কার্যান্থল হইতে ভাই, পুত্র এবং প্রাতৃপুত্রদিগকে বাড়ী আনিবার জন্ত লোক পাঠাইলেন। যথা সময় তাঁহারা সকলে বাড়ী পৌছিলেন। সকলকে একত্র সমবেত করিয়া যথা বিহিত উপদেশাদিরা বলিলেন ''আমি অভাবে এসমন্ত কার্য্যের ভার সকলই তোমাদের ক্ষেদ্ধে পড়িবে, অতএব তোমরা মনোযোগ সহকারে সমন্ত বিষয় বুঝিয়া লও, কারণ আমার সময় প্রায় শেষ হইয়া আসিয়াছে।''

বিষয় সম্পত্তি টাকাকড়ি যেখানে যাহা কিছু অন্তের অজ্ঞাতভাবে ছিল তাহা সাহাজী মহাশয় ভ্রাতা ও পুত্রদিগের সমীপে বুঝাইয়া: দেওয়ার জন্ম সিন্দুক খুলিবার চাবি তাঁহার স্ত্রীর নিকট দিয়া বলিলেন 'সমন্ত এখানে লইয়া আইস।' নিজহাতে বাহাকে বাহা দিবার দিয়া বলিলেন "আমি জীবনের এই সময় মধ্যে বছ পরিশ্রম করিয়া তোমাদের জন্ম যাহা কিছু সংগ্রহ করিয়াছি, আমার অভাবে তাহা তোমরা সম্ভাবে সকলে উপভোগ করিতে সমর্থ হও ইহাই ভগবানের নিকট আমার একমাত্র প্রার্থনা। যত সম্বর সম্ভব তোমরা আমার আত্মীয় স্বজন সকলকে আমার সহিত দেখা করার জন্ম আনিতে পাঠাও।" সাহাজী মহাশয় তাঁহার টাকাকড়ি ধন সম্পত্তি সমস্তই ভ্রাতৃপুত্রদিগকে বঝাইয়া দিয়া তাঁহাদিগের হত্তে সমর্পণ করিলেন, এদিকে তাঁহার ইষ্ট্রদেবের চিস্তা ভিন্ন অন্ত কোন কাজ রহিল না। সর্বাদাই তিনি তাঁহার ইষ্ট্রমন্ত্র জপ করেন এবং সংকার্য্যামুষ্ঠানে ব্রতী থাকেন। সাহাজী মহাশয়ের শরীরে কোন ব্যারাম ছিল না, কিন্তু স্বপ্নটী দেখা অবধি তাঁহার শরীরের বল ও লাবণ্য কৃষ্ণপক্ষের চন্দ্রের গ্রায়-ক্রমশঃ হ্রাস পাইতে লাগিল। সাহাজী মহাশয় বেশ ব্ঝিতে পারিয়াছিলেন যে তাঁহার সেই স্বপ্নের ফল ফলিবার অধিক দিন বাকী নাই। অতএব অল্প সময় মধ্যে যাহা কিছু সংকার্য্য করা দরকার তাহার ব্যবস্থা করিয়া শ্রীমন্তাগবত পাঠ, হরিনাম কীর্ত্তম, ত্রাহ্মণ, বৈষ্ণৰ ভোজন, দরিদ্রে দান ইত্যাদি নিত্য চলিতে লাগিল এবং আত্মীয় বন্ধু বান্ধব প্রভৃতিকে সংবাদ দিয়া আনিয়া তাঁহাদের নিকট চির বিদায় গ্রহণ করিতে লাগিলেন।

সাহাজী মহাশয়ের এবপ্রকার "চির বিদায়" সংবাদ অর সময়
মধ্যেই সর্ব্বত্র প্রচারিত হইয়া পড়িলে নানা স্থানের বহু লোক
নিত্য নিত্য তাঁহাকে দেখিবার জন্ম আসিতে লাগিল। সাহাজী
মহাশয় চির অভ্যাসগুলে ইহাতে কোনরূপ বিরক্ত না হইয়া সকলের
সঙ্গে আলাপ আপ্যায়িত করিয়া বিদায় গ্রহণ করিতে লাগিলেন।

সাহাজী মহাশয় হঠাৎ একদিন ভ্রাতা ও পুত্রদিগকে ও কর্মচারী-বৰ্গকে ডাকাইয়া বলিতে লাগিলেন. "আমি সামাভ একটী মুদি দোকান হইতে অধ্যবসায়গুণে ভগবান কুপায় এই ধন সম্পত্তি অর্জন করিয়াছি, তোমরা রক্ষা করিতে পারিলে বংশ পরস্পরায় ইহা দারা স্থথে স্বচ্ছদে প্রতিপালিত হইতে পারিবে। সর্বাদা ঈশ্বরকে স্মরণ রাথিয়া আমার পথ অমুসরণ করিতে চেষ্টা করিও। স্বার্থপরবশ হইয়া কেহ কখনও বঞ্চনার কার্য্য করিও না: স্বর্থপরতা, হিংসা, দ্বেষ, অলসতা, অভিমান প্রভৃতি যাহাতে তোমাদের মধ্যে প্রবেশ করিতে না পারে তংপ্রতি সর্বাদা সতর্ক থাকিবে। সকলের সমবেত চেষ্টাই সংসারে উর্নতির একমাত্র উপায়। এই সকল অভাব হইলে ক্রমে কলহ বিবাদ স্ষ্টি হইয়া তোমাদিগকে বিচ্ছিন্ন করিয়া দিবে, অতএব তোমরা সকলেই তংপ্রতি বিশেষ লক্ষ্য রাথিয়া সাবধান হইবে। মা কমলার প্রকৃতি চঞ্চল; বিশেষ, কলহ বিবাদ হিংসা দেখিলে তিনি অচিরেই সেম্থান ত্যাগ করিয়া চলিয়া যান। যাহাতে সকলে একবৃদ্ধি একপ্রাণ হইয়া বিষয় সম্পত্তির উন্নতিসাধন করিতে পার, একাস্ত মনোযোগী হইয়া সেইরূপ কার্য্য করিবে। প্রজানির্কিশেষে পরিবার্ত্ত সকলের প্রতি সমদর্শী হইয়া নিঃস্বার্থভাবে কার্য্য করিও।

অধিক স্থলে স্ত্রীলোকের প্ররোচনায় ভাই ভাই মনোমালিন্ত হেতু ভাগভিন্ন হইয়া লোক হর্মল হইয়া পড়ে। তোমরা সেজন্ত বিশেষ সতর্ক হইবে। যে কাজে যাঁর বেশী অধিকার সে কাজ তাঁহারই তবাবধানে রাখিবে। কর্ম্মচারী প্রভৃতির প্রতি কোন প্রকার অসদ্ব্রাবহার করিবে না; কর্ম্মচারীগণও স্বার্থপরবশ হইয়া মালিককে বঞ্চনা করিতে চেষ্টা করিবে না, সকলে একমত হইয়া মিলিয়া মিশিয়া কার্য্য করিবে, বাড়ীতে এবং বিদেশে কাছারী বাড়ীতে বার্ধিক ক্রিয়া কর্ম্ম যাহা আছে তাহা যাহাতে বজায় থাকে তৎপ্রতি বিশেষ দৃষ্টি রাখিবে। অধিক আর কথা বলিতে সাধ্য নাই ক্রমেই শরীর অবসন্ন হইয়া আসিতেছে, এখন আর কথা বলিতে ইচ্ছা হয় না। তবুও তোমাদের ভবিশ্বৎ মঙ্গলের জন্ম এই সব উপদেশ দিলাম। সর্বাদা ইহা স্মরণ রাখিয়া কার্য্য করিতে পারিলে মঙ্গল হইবে।"

২।> দিন মধ্যেই বোধ হয় তাঁহার এই দেহ ত্যাগ করিতে হইবে ইহা তিনি বেশ বৃথিতে পারিয়া পরিবারস্থ লোকের নিকট বলিলেন "তোমরা ২।৩টা হরিসংকীর্তনের দল আনিয়া আগামী কল্য ভোর হইতে হরিনাম কীর্তনের বন্দোবস্ত কর। আষার বোধ হয় আগামী কল্য দিবা মধ্যে আমার দেহত্যাগ হইবে। অস্তান্ত যাহা যোগাড় করিতে হয় তাহা সমুদ্য করিয়া রাখ।"

তদামুসারে একটা পঞ্চবটা প্রস্তুত করিয়া ভোর হইতে তথায় হরিনামকীর্ত্তন আরম্ভ হইল, এবং সাহাজী মহাশয়ের আদেশামুসারে সেখানে একখানি শ্যাও করা হইল। সাহাজী মহাশয় সকলকে কাছে ডাকিয়া বলিলেন "তোমরা কেহ আমার জন্ত অধীর হইওনা, বেলা ৯টার মধ্যে আহারাদি ক্রিয়া সমাপনের উন্তোগ কর।" এই কথা বলিয়া তিনি অতি ধীরপদবিক্ষেপে পঞ্চবটী মূলে যাইয়া পৌছি-লেন, পঞ্চবটী ঘিরিয়া সমস্ত লোকে সমস্বরে হরিনাম কীর্ত্তন করিতে লাগিল। সাহাজী মহাশর সেই পঞ্চবটা মূলে শেষ শয়ার উপবেশন পূর্বক স্থিরভাবে মালা জপ করিতে লাগিলেন। বেলা অনুমান ১০টা, তখন তিনি পরিবারস্থ লোকদিগকে ডাকাইয়া বলিলেন "আর সমর নাই, তোমরা সকলে এখানে এসো এবং আমার মুখে গঙ্গাজল দাও।" ক্রেমে সকলেই তাঁহার মুখে গঙ্গাজল দিতে আরম্ভ করিলে তখনি বিহানার শয়ন করিয়া 'হরিবল, হরিবল' বলিতে বলিতে নয়ন মুদ্রিত করিয়া চির দিনের মত নিদ্রিত হইলেন।

আত্মীয় বন্ধু, শক্ৰ, মিত্ৰ সকলেই উদ্ধবের অভাবে যে কি ক্ষতিপ্ৰস্থ হইলেন, তাহা ভাষায় অব্যক্ত বলিয়াই সকলে নিৰ্ব্ধাক অবস্থায় ব্যাথিত হৃদয়ে বসিয়া রহিলেন। যথা সময়ে অতি সমানোহের সহিত ভাহার ঔদ্ধ দৈহিক কার্যা সম্পন্ন হইয়া গেল।

উদ্ধবের জীবিতাবস্থায় পরিবারস্থ অনেকের মনেই বিষর্ক্ষের বীজ স্থাপন হইয়াছিল, কেবল স্থযোগ প্রতীক্ষায় অন্ধ্রিত হইতে পারে নাই। পরে পারিবারিক অন্তর্কিপ্লব নিবারণে অনত্যোপায় বৃঝিয়া কর্তারা ঘরবাড়ী জিনিষপত্র বিভাগ করত: পৃথকার হইয়া গেলেন, কিন্তু সম্পত্তি ব্যবসায়াদি সমন্ত এজমালীতে রাখিলেন।

উদ্ধবচন্দ্রের অভাবের পর হইতে সকলের সমবেত বিদ্ধেদিন এপ্রেটের কাজকর্ম পূর্ববং চলিতেছিল। এখন পৃথকার হওয়ায় সেই টুকুরও ক্রমে হ্রাস হইতে আরম্ভ হইল।

এটেটের উন্নতির দিকে তাঁহাদের চেষ্টা ও বত্ন ক্রমশঃই শিথিল হইরা আসিতেছিল, এই সময় মধ্যে তেজারতী ব্যবসা অনেক থর্ক হইয়াছে, জমিদারীতেও পূর্কের মত পাঁচরকমের বাজে আয় ছিল ন। স্মৃতরাং পূর্কের তুলনায় আয় অনেক কমিয়া গিয়াছিল।

সাহাজী মহাশয়গণ বংসরে একবার কাছারীতে যাইতেন, তথার গিয়া নিজ নিজ সংসারের প্রয়োজনীয় ধান চাউল, টাকাকড়ি ইত্যাদি সংগ্রহ করিয়া বাড়ী চলিয়া আদিতেন। কর্ত্তা মহাশ্রেরা বাহাতে সম্ভষ্ট থাকেন পূর্ব্ব হইতেই কর্মচারীগণ তাহা যোগাড় করিয়া রাখিতেন স্থতরাং সে স্থানে থাকিয়া আর অধিক দিন কাহাকেও কন্ট পাইতে হইত না:

সাহাজী মহাশয় জীবদদাশায় অনেক সময় বলিতেন "আমার এই এটেটের টাকা যিনি ইহলোক বঞ্চনা করিয়া আত্মসাৎ করিবেন তাঁহার কিছুই থাকিবেনা।" এ বিষয়টী কেহ কেহ প্রত্যক্ষ করিয়া সাবধান হইয়াছেন। এখন পর্যাস্ত কর্ম্মচারীদিগের মধ্যে কেহ উদ্ধব চল্লের সেই কথা মনে করিয়া আগল ভাঙ্গিয়া থাইতে সাহস্পান না।

দেশে ভাগ বণ্টনের কিছুকাল পরে একটা অস্থবিধা উপস্থিত হইয়া সংসার সমধিক বিচ্ছিন্ন করিয়া ফেলিল। সাহাজী মহাশ্রাদিগের ভদ্রাসন বাড়ীর উত্তরে নদ ভ্রনেশ্বর ক্রমে ভাঙ্গিয়া তাহাদের সেই বছকালের বাড়ী নদীগর্ভে গ্রহণ করিলে তাহায়া অনভোপায় হইয়া গ্রামান্তরে বাড়ী ঘর করিলেন। সেই পরিবর্তনে উদ্ধব চল্লের বংশধরগণ কতক আটরশীগ্রামে ও রূপনারায়ণের পুত্র মুচিরাম সাহা বাইশরশী গ্রামে বাড়ী করিয়া বাস করিতে লাগিলেন। এইভাবে নৃতন বাড়ীঘর করিতে সকলেরই মথেষ্ট বায় বাছলা হইল। ভগবৎ রূপায় ক্রমে তাহাদের সন্তান সন্ততি জন্মিয়া পরিবার বৃদ্ধি হওয়ায় সংসারের খরচ ক্রমশঃ বর্দ্ধিত হইতে লাগিল। এটেটের উপযুক্ত ভন্বাবধান না থাকায় আয় ক্রমেই থর্ম হইয়া আসিল। বায়াধিকাতা হেতু অবতা পূর্বের মত থাকা সন্তব নহে। অবত্থামুসারে সংসারিক প্রয়োজন মত থরচ, সম্পত্তির লাভে কুলান না হওয়ায় কেহ কেহ ঋণ গ্রন্থ হইয়া শিড়লেন।

এইভাবে কিছুদিন গত হইল, উদ্ধবের বংশধরগণের আট রশীর বাড়ীতে সকলের বসত-বাসে অস্ত্রিধা হওয়ায় দিতীয় পুত্র জগনাধ

ও তৃতীয় পুত্র হরেক্লফ বাইশ রশী গ্রামে আসিয়া পৃথক পৃথক ৰাড়ী করিলেন। জগরাধ কার্যাথাতি অনুসারে "লালা" উপাধি প্রাপ্ত হইয়াছিলেন, তদবধি ইহার বংশধরগণ "লালা" ও হরেরুষ্ণ "রায়" উপাধি প্রাপ্ত হেতু তাঁহার বংশধরগণ ''রায়" উপাধি ব্যবহার করিতে লাগিলেন। উদ্ধব চন্দ্রের ১ম পুত্র সাগর চক্র সাহার কোন পুত্র সন্তান ছিল না কেবল মাত্র একটা কস্তা সন্তান জন্মিয়াছিল। ২য় পুত্র জগন্নাথ লালার পুত্র বৈছনাথ লালা তাঁহার পুত্র রামনাথ লালা। রামনাথ লালার পুত্র কন্ত। না হওয়ায় দত্তক গ্রহণ করিয়াছিলেন : সেই দত্তক-পুলের নাম দীননাথ লালা, দীননাথ লালার পুত্র ছারকানাথ লালা. ইনি বর্ত্তমানে মধ্যমহিস্থার বাউকল কাচারীর থাজাঞ্চী। পুর্ব্বে এই লালাদিগের অবস্থা উন্নত ছিল। বাউকলে ইহাদের বিষয় সম্পত্তি ইজ্যাদি ছিল: বাড়ীতে বার্ষিক দোল মুর্গোৎসব হইত. বাড়ীতে গৃহাদি উপযুক্তমতই ছিল; লালাদিগের সেই উন্নতির চিহ্ন স্বরূপ বাড়ীসংলগ্ন পূর্কদিকস্থ বৃহদাকার পুন্ধরিণী এখন বর্তমান আছে; যাহা বাবু মহিমাচল রার চৌধুরী মহাশয় ধরিদ করিয়াছেন। এখন কালসহকারে তদ্রূপ কিছুই নাই, তবে মোটামুটী মধ্যবিত্ত অবস্থায় একরূপ আছেন। তৃতীয় পুত্র হরেরুফ রায়, তাঁহার পুত্র মৃত্যুঞ্জর, রামজয়, ধনঞ্জয়, রতনজয় রায় । ধনঞ্জয় ও রতনজয় রায় নিঃসম্ভান ছিলেন, ১ম পুত্র মৃত্যুঞ্জয় রায়ের ২টা পুত্র, ভৈরবচক্র ও রাস-বিহারী রায়। ভৈরবচন্দ্রের ২টী পুত্র ঈশানচন্দ্র ও মহেশচন্দ্র রায়। রাদবিহারী রায়ের একমাত্র পুত্র রাধিকানাথ রায়, ঈশানচক্র রায়ের: ১টী মাত্র পুত্র শ্রীশচক্র রায়, বর্ত্তমানে তিনি ক্লুলে পড়িতেছেন। মহেশচক্র রায়ের পুত্র হরেক্সচক্র রায় ও যোগেশচক্র রায়। বর্ত্তমানে ইহারা সকলেই ৮ রশীর বাড়ীতে বসবাস করেন। রাসবিহারী রায় মহাশয়ের পুত্র রাধিকানাথ রায় নি:সন্তান: তিনি বর্ত্তমানে খানখানাপুর ষ্টেশনের

নিক্টবর্ত্তী খোলাবাড়িয়া নামক স্থানে নিজ বাড়ীভেই আছেন। হরেক্লক রামের বিতীয় পুত্র রামজয়; রামজয়ের ছইটা পুত্র; প্রথম পুত্রের নাম বৈকৃষ্ঠ রাম রায় ও দিতীয় পুত্রের নাম নীলকণ্ঠ রায় 🛊 তাঁহারা নিজ-निक वृद्धियल कमिनात्री कार्सा विरमय नक हिल्लन; छांशालत कार्या প্রভার তাঁহারা "রায় চৌধুরী থ্যাতিলাভ করেন। সেই হইতে তাঁহাদের: ৰংশধরগণ "রায় চৌধুরী" বলিয়া পরিচিত। বৈকুণ্ঠরাম রায় চৌধুরী মহাশরের একমাত্র পুত্র মহিমাচক্র রায় চৌধুরী ও ক্তা রাধারাণী চৌধুরাণী ৷ ফরিদপুর টাউনের নিকট গোয়াল চামট নিবাসী জমিদার হুরিনারায়ণ চৌধুরী মহাশয়ের সহিত রাধারাণীর বিবাহ হয়; চৌধুরী মহাশয় অপুত্রক বিধায় এক দত্তক পুত্র রাখেন; তাঁহার নাম কৈলাসচক্র চৌধুরী, তাঁহার পুত্রন্বয়ের নাম কিশোরীলাল চৌধুরী ও ননীগোপাল চৌধুরী। বর্ত্তমানে কিশোরী বাবুর ছইটা পুত্র ও এক ক্সা মাত্র। ননী বাবু স্কুলে পড়িতেছেন। মহিমাচক্র পিতার একমাত্র পুত্র, ভাগ্যক্রমে ভাঁহার কোন পুত্র সন্তান জন্ম নাই, একটী মাত্র কন্সা সন্তান জন্মে. তাঁহার নাম শ্রীমতী মুঞ্জরী স্থলরী, ঢাকা জিলায় নয়াবাড়ীর জমিদার বেঘনাদ সাহার সহিত তাঁহার বিবাহ হয়। মহিমাচক্র রায় চৌধুরী সংসারে অপুত্রক বিধায় দত্তক গ্রহণে বাধ্য হন ; ঐ দত্তক পুত্রের নাম মহেন্দ্রনারায়ণ রায় চৌধুরী। মহেন্দ্র বাবুর চারিটা পুত্র ও ছইটা কন্তা সম্ভান লাভ করেন। জ্যেষ্ঠ পুত্রের নাম অবিনাশচন্দ্র, ঘিতীয় ভূপতিশুলু, ভূতীয় স্থকুষার, চতুর্থ গৌরগোপাল; ক্সান্বয়ের নাম প্রিয়বালা ও ৰণ বালা। বাবু মহেক্সনারায়ণ রায় চৌধুরী তিন পুত্র ও ছইটা ক্সার-यशकारण योश्यात विवाह नियाहन। अविनाम वावृत এकी রামরঙ্গিনী ও ভূপতিশুক্ত বাবুর একটা ক্সা এবং পুত্ৰ; প্ৰথম ননীগোপাল ও २य ৰহেক্তনারায়ণ বাবু উপযুক্ত ঘরে কম্বা ছুইটাকে বিবাছ ্দিয়াছিলেন। ভাষ্যদোবে কতা হইটা অকালে কালগ্রাসে পতিত হুইয়াছেন।

রারজয় রায়ের বিতীয় পুত্র নীলকণ্ঠ রায় চৌধুরী, নীলকণ্ঠ রায়
চৌধুরীর হুইটী মাত্র পুত্র, প্রথম রাজেক্সচক্র; বিতীয় দেবেক্সচক্র রায়
চৌধুরী, কস্তা মৃক্তারাণী ও জগৎরাণী চৌধুরাণী। রাজেক্র বাব্র ক্রমে
সাতটা কস্তা জয়েয়; কোন পুত্র সন্তান জয়েম নাই। পরিশেষে তিনি
মন্তক্রহণ করেন, তাঁহার নাম রমেশচক্র রায় চৌধুরী। দেবেক্রচক্র রায়
চৌধুরী মহাশরের অপুত্রক অবস্থায় অকালে মৃত্যু হওয়ায় তাঁহারও দত্তক
রক্ষা হইয়াছে। তাঁহার নাম দক্ষিণারঞ্জন রায় চৌধুরী। এই হুই
ভাইরের মধ্যো দক্ষিণারঞ্জন বয়সে বড়। দক্ষিণা বাব্র হুইটী ক্রা,
প্রথম কন্তার বিবাহ দিয়াছেন। রমেশ বাব্র হুইটী পুত্র প্রথমটীয় নাম
রামচক্র, বিতীয়টীয় নাম খোকাবাব্।

রগ্রাম সাহার ভৃতীয় পুত্র গোকুলচন্দ্র সাহা; তাঁহার একমাত্র পুত্র নরোভ্যনার। ইনি কার্যাগতিকে "বাবু" উপাধিতে থ্যাত হন। তদবিধি ইহার বংশধরগণ "বাবু" বলিয়া পরিচিত। নরোভ্য বাবুর পুত্র জীবনকৃষ্ণ বাবু, জীবনকৃষ্ণ বাবুর পুত্র বিশ্বভ্রর বাবু; বিশ্বভ্রর বাবুর একমাত্র পুত্র রাজবল্লভ বাবু। রাজবল্লভ বাবু বৃর্ত্তমানে কলিকাভায় থাকিয়া কলেজে বিভাভাাস করেন।

রখুরাম সাহার দিতীয় পুত্র রূপনারায়ণ সাহা, রূপনারায়ণ সাহার পুত্র মুচিরাম সাহা শিকদার। মুচিরাম কোন কারণে শিকদার উপাধি লাভ করেন। সেই হইতে ইহাঁর বংশধরগণ "শিকদার" বলিয়া পরিচিত। মুচিরামের ছই পুত্র ১ম সাফলটাদ ২য় হকুমটাদ শিকদার। ভকুমটাদ শিকদার একমাত্র পুত্র—হরিনারায়ণ শিকদার, তিনি নি:সম্ভান অবস্থায় পরলোক গমন করিয়াছেন। ছগাপ্রসাদ শিকদার

নহাশয়ের একমাত্র পুত্র শশীভূষণ শিকদার, তাঁহার একমাত্র পুত্র ননীভূষণ শিকদার ও কলা গৌরী দাসী। গৌরী দাসীর বিবাহ যথাকালে ফরিদপুর গোয়াল চামট হরেক্সচক্র সাহার সহিত সম্পন্ন হইয়াছে।

মৃতিরামের প্রথম পুত্র সাফলচাঁদ শিকদারের একমাত্র পুত্র ব্রজনাথ
শিকদার, ব্রজনাথের পুত্র আনলচন্দ্র শিকদার। ইহারা চারি সহোদর
ছিলেন, আর তিনটা অবিবাহিত অবস্থায় অকালে মৃত্যুমুখে পতিত
হইয়াছেন। আনলচন্দ্রের তিনটা পুত্র ১ম যোগেল্স চল্ল, ২য় উপেক্স
মোহন, ৩য় অরেক্সমোহন শিকদার, ইহারা দিতীয় ও তৃতীয় লাতা
বর্তমান আছেন। প্রথমটার অকালে মৃত্যু হয়, তাঁহার কেবলমাত্র
একটা কল্লা-সন্তান বর্তমান আছে। উপেক্সমোহনের ছই পুত্র ১ম
জ্ঞানেক্সমোহন ২য় নৃপেক্রমোহন শিকদার ও কল্লা খুকী বর্তমান আছে।
অরেক্সমোহনের ছই পুত্র ১ম অবণীমোহন, ২য় অরেশচন্দ্র শিকদার।
উপেক্সমোহন বর্তমানে চৌলরণী বড় হিল্লা জমিদারী হৈটে মুন্সী পদে ও
অরেক্রমোহন কলিকাতা হাটখোলা বড় হিল্লার গদী বাড়ীর মোকামী
পদে কার্য্য করিতেছেন।

## "রায় চৌধুরী বংশ"

অনেক কাল পরে উরবচন্দ্র হইতে তিন পুরুষ অস্তে রামজয় রায়ের বংশে ক্রমে হইজন ভাগ্যবান ব্যক্তি জন্মগ্রহণ করেন। রামজয়ের এই পুত্র হইটার মধ্যে প্রথমটার নাম বৈকৃষ্ঠরাম ও দিভীয়টার নাম নীলকণ্ঠ। হইটা ভাই অতি হ্রচেহারা সম্পন্ন ছিলেন, তদর্শনে রায় মহাশয় বিশেষ যত্নের সহিত পুত্রদয়কে লালন পালন করিয়া লেখাপড়া শিক্ষার স্থবন্দোবস্ত করিয়া দেন। বাল্যকাল হইভেই বৈকৃষ্ঠরাম অভিশয় শাস্ত, ধীর প্রকৃতিপূর্ণ এবং নীলকণ্ঠ চঞ্চল, তেজস্বী,

উত্ত প্রকৃতির লোক ছিলেন। ভ্রাতৃষয় তৎকালোচিত কেথাপড়া ব্যাসম্ভব শিক্ষা করেন। শিক্ষা বিধানে ভ্রাতৃষয়ের বাল্যকাল অতি-বাহিত হইয়াছে; এখন হুই ভাই বয়োপ্রাপ্ত হইয়াছেন।

নীলকণ্ঠ বাল্যকাল হইতেই অতি নির্জীক, আলস্থ হীন, উত্থমপূর্ণ ছিলেন। কোন কাজ করিব বলিয়া সঙ্কল করিয়া তাহা না করিয়া ক্ষান্ত থাকেন নাই। তাঁহার হাবভাব সন্দর্শনে অনেক জ্ঞানী লোকে ভখন বলিয়াছেন যে এই ছেলে বাঁচিয়া থাকিলে ইহা দারা "সাহাজীর" বংশের নাম পুনঃ উজ্জল হইবে।

বহু সরিকের স্থলে বিষয় সম্পত্তির যে দশা ঘটিয়া থাকে, এস্থলে সেইরূপ দশা ঘটিয়াছে, স্মৃতরাং সেই সঙ্গে সঙ্গে সরিকদিগের মধ্যে স্থানেকের অবস্থাই থারাপ হইয়া পড়িয়াছে; তবে নিতান্ত সৌভাগ্য বিলয়া রামজয় রায় মহাশয়ের অবস্থা তেমন থারাপ নয়, তিনি এ প্রয়ন্ত সকল দিক বজায় রাথিয়া চালাইয়া আসিয়াছেন।

এ বংসর নীলকণ্ঠ রায় চৌধুরী মহাশয় প্রথম বরিশাল জেলায় তাঁহাদের জমিদারী এলাকা পরিদর্শন করিতে বাইবেন, পূর্ব্বেই এই সংবাদ তথাকার সদর কাছারীর প্রধান কর্মচারীর নিকট জ্ঞাপন করা হইয়াছে, কর্মচারিগণ তাঁহার আগমন উপলক্ষে যথাযোগ্য ভাবে অভ্যর্থনার জন্ম প্রস্তুত হইলে নির্দিষ্ট সময় তথায় পৌছিয়া ভতক্ষণে কাছারীতে ভভাগমন করিলেন। নীলকণ্ঠ বাবুর প্রতাপ, আমলা কর্মচারিগণ পূর্বেই অবগত ছিলেন, আজ তাঁহাকে সাক্ষাৎ দেখিয়া সেই সকল কথা প্রত্যেকের মনেই জাগিতে লাগিল। তিনি সদর কাছারীতে থাকিয়া অন্যন্ম সকল কাছারীর কর্মচারিগণকে তাঁহার সহিত্ব সাক্ষাৎ করার জন্ম আদেশ করিলেন। সংবাদ পাইয়া কর্মচারিগনেন গ্রাহার কর্মচারিগণকে বাহার স্বাহারীয়ে ক্যাকাৎ করার জন্ম আদিশ করিলেন। সংবাদ পাইয়া কর্মচারিগনেন।

নবাগত মালিক মহাশয়ের সহিত সাক্ষাং ও আলাপ করিয়া তাঁহাদের সনে কেমন একটা ভাবের উদয় হইল। নীলক**ঠ**বাব কেবল কর্মচারীদিগের সহিত সাকাৎ করিয়া কান্ত হইলেন না। মহলে 'মহলে প্রজাবৃদ্দকে সাক্ষাৎ করার জন্ম ঘোষণা করা হ**ইল। প্রজাগণ** সংবাদ পাইয়া যথাসময়ে সাক্ষাৎ করিতে লাগিল। তাহাদের স**হিত** অথাযোগ্যভাবে মিষ্ট আলাপ করিয়া বিদায় করিলেন বটে, কিছ আলাপ কালে তাঁহার শরীরস্থ তেজবিতার তাড়িৎ তাহাদের হৃদয়ে পুরিয়া দিতেন; স্বতরাং সাক্ষাৎ আলাপে প্রত্যেকের মনেই যেন একটা ভর-ভীতির সঞ্চার হইত। অর্লিন মধ্যেই কর্মচারীদিগের ও প্রজারন্দের হাদয়ে নীলকণ্ঠবাবুর প্রতিমূর্ত্তি অন্ধিত হইল। নীলকণ্ঠবাবু মনের ভাৰ ্গোপন রাথিয়া কাজ করিভে বিশেষ অভ্যন্ত ছিলেন। তিনি প্রথমে আমলাগণের সহিত মিশিয়া কাঞ্চকর্ম শিক্ষা করিতে লাগিলেন এবং সদর মফ:স্বলের আভ্যন্তরিক অবস্থার গোপন সন্ধান লইতে লাগিলেন। আমলাগণ তাঁহার এই গুঢ় অভিসদ্ধি বুঝিতে না পারিক্বা পূর্ব্ববৎ ভাবেই -কাজকর্ম করিতে লাগিলেন। অক্তান্ত মালিকগণ তথার গিরা **পূর্ক্বৎ** নিজ নিজ কাজ কর্ম করিয়া বাড়ী ফিরিলেন, কিন্তু নীলকণ্ঠ বাবু আর বাড়ী ফিরিলেন না। তিনি বংসরকাল সেখানে পাকিয়া তথাকার সমুদর সন্ধান লইয়া বাড়ী ফিরিলেন। তথাকার কর্মচারীরা বেশ ব্ৰিয়া-ছিলেন যে, নীলকণ্ঠ বাবু ভত্মাছাদিত বহি, হুযোগ পাইলেই জলিয়া উঠিবেন। এই ভয়ে কর্মচারীদিগের মধ্যে একটা আতম্ভ উপস্থিত স্থাছিল তাহাতে বিন্দুমাত্র সন্দেহ নাই। নীলকণ্ঠ বাবু এতদিন **আত্ম**-েগাপন করিয়া নানাপ্রকার অতুসন্ধান করিয়া সকল বিষয় সংগ্রহ করিতেছিলেন, তাহা কেহই বুঝিতে পারেন নাই। কর্মচারিগণ এভদিন অফুকুল বায়ুতে পাল তুলিয়া নিশ্চিত্ত ছিলেন, এখন বাতাস ঘুরিয়াছে; স্থতরাং তাহারা উপারহীন অবস্থায় বিশেষ চিম্বায়িত হইয়াছিলেন ঃ নীলকণ্ঠ বাবু বাড়ী ফিরিলেন, তাহাতে আমলাগণের যেন ঘাম দিয়া।
অর ছাড়িল।

নীলকণ্ঠ বাব্ প্রথমে ও দেশে নিজের এলাকা পরিদর্শন করিতে গিয়াছিলেন, নজর বাজে জমা ইত্যাদিতে যে টাকা সংগ্রহ করিয়াছিলেন বাড়ীতে পৌছিয়া তাহা পিতা মাতার নিকট দিলেন। উদ্ধব চন্দ্রের মৃত্যুর পর হইতে একাল পর্যান্ত কেহই এরপ দক্ষতার সহিত প্রজার নিকট হইতে বাজে জমা করিয়া টাকা আনিতে পারেন নাই। আজপুত্রের দারা এইরপ অভাবনীয় ব্যাপার জানিতে পারিয়া রামজর রায় মহাশয় বিপুল আনল অনুভব করিয়া ঈশ্বরকে ধন্তবাদ দিতে লাগিলেন।

নীলকণ্ঠ বাবু কিছু দিন বাড়ীতে থাকিয়া পুনরায় কাছারীতে হঠাৎ যাইয়া পৌছিলেন। কর্মচারিগণ তাঁহার এরপ আগমন বার্তা এবণে আশক্তিত হইলেন। যথা সময় কাছারীতে গিয়া উঠিলেন। পথশান্ত হেতু কয়েকদিন বিশ্রাম করিয়া একদিন তথাকার প্রধান কর্মচারীকে ভাকাইয়া নানা কথা আলাপ করিয়া পরে বলিলেন, মালেক কাছারীতে উপস্থিত থাকিলে প্রজাবর্গের বিচারাদি যাহা কিছু দরবার হইবে সমস্তই তাঁহার সাক্ষাতে হওয়া উচিত। আপনারা এখন হইতে সেই ভাবে কার্য্য করিবেন। আমার অজ্ঞাতে প্রজার বিচারাদি কি কোন বন্দোবন্ত করিবেন না। যাহা কিছু কাজ কর্ম আমাকে জানাইয়া করিবেন। তিনি কর্মচারিগণের প্রতি প্রথম আদেশ জ্ঞাপন করিলেন। কর্মচারিগণ বিবেচনা করিয়াছিলেন "ছেলে মানুষ আমাদের সাহায্য ব্যতিত কোন কাজ করিতে পারিবেন না।" কিন্তু কয়েক দিন মধ্যেই ভাঁহাদের ভ্রম দূর হইল। নীলকণ্ঠ বাবু প্রক্রাদিগের যতপ্রকার আবেদন নিবেদন তাহা নিজে শুনিয়া বিচার মীমাংসা করিতে আরম্ভ করিলেন। বিচার বন্দোবস্ত প্রভৃতি কার্য্য পদ্ধতি এবং দক্ষতা সন্দর্শনে কর্মচারিরা সকলেই স্তম্ভিত হইলেন। নীলকণ্ঠ বাবু এমন তেজের

সহিত কাজ চালাইতে জারম্ভ করিলেন যে তাহা দেখিয়া সকলে চমংক্বতহইলেন। আমলা কর্মচারিগণ ও প্রজাবৃন্দ সকলেই অবস্থান্থসারে,
নৃতন ভাবে গঠিত হইতে আরম্ভ হইল। নীলকণ্ঠবাবু এই অর বয়সে বিষয়
কার্য্যে এতদ্র ক্ষমতা অর্জন করিতে সমর্থ হইবেন ইহা নিতান্তই
অচিন্তনীয় ব্যাপার। তাঁহার কাজ কর্ম হারভাব দেখিয়া অনেকেই
মনে করিত ইনিও বােধ হয় উদ্ধবের মত কোন দৈবশক্তি প্রাপ্ত
হইয়াছেন। উদ্ধবের স্থায় দৈবশক্তি সম্পন্ন না হইলেও তাঁহার ভিতরে
বে শক্তি আছে তাহাও কম নহে। তিনি জ্বাান্তরের সংশ্বার বশে
জ্বল্ল সময় মধ্যে বিষয় কার্য্যে এতদ্র শক্তি অর্জন করিতে সক্ষম
হইয়াছেন। তাহা না হইলে তিনি এত রাজনৈতিক কার্য্য কোশল শিক্ষা
না করিয়া কেমন করিয়া এত দক্ষতা লাভ করিলেন ? তাঁহার
কার্য্যের ভেদ নাতি বৃথিয়া উঠা বড়ই ছব্লহ ব্যাপার। প্রজাদিগের
মনে বাহাতে ভয় ভক্তি ছই থাকে, তৎপ্রতি তাঁহার বিশেষ লক্ষ্য

চতুর্দ্দিকে তাঁহার এই অসাধারণ দক্ষতা ও প্রতিপত্তির জ্যোতিঃ
পরিবাগি হইলে লোকে তাঁহার বিরুদ্ধে যাইতে ভীত হইতেন। মামলা
মোকদমা দাঙ্গা ফৌজদারীতে নীলকণ্ঠ বাবুর বিশেষ রুচি ছিল। তিনি
ঐ সব ছাড়িয়া একেবারে চুপ করিয়া বসিয়া থাকিতে পারিতেন
না। তখনকার দিনে একটা কথা কার্য্যে বেশ পরিণত হইত; কথাটা
তাই "বার লাঠা তাঁরই মাটা" অর্থাৎ "জোর বার মূর্ক তাঁর"। নীলকণ্ঠ
বাবুর ঐ মহাবাক্য কণ্ঠস্থ ছিল। কোন স্থলে কার সজে বিবাদ
বিসন্ধাদ সভ্যর্থণ বাধিলে বে কোন প্রকারেই হউক তাঁহাকে পরান্ত না
করিয়া ছাড়িতেন না। একারণ ষ্টেটের যথেষ্ট টাকা বাজে থরচ হইত,
ভংপ্রতি তাঁহার ক্রক্ষেপ ছিল না। তিনি আপন বৃদ্ধিতে সব করিতেন,
ভাঁহার ইছার বিরুদ্ধে কাহার কোন কথা ভনিতেন না
।

শস্ত সরিকগণ এ বিষয়ে নীলকৡর বাবু ভরে কোন প্রতিবাদ করিতেন না।

কালচক্রে সময়ে সরিকগণ মধ্যে অনেকরই অর্থ প্রয়োজনে সম্পত্তি বিক্রম করা প্রয়োজন হইয়া পড়িল। নীলকণ্ঠ বাবু স্থবিধা ও স্থবাঙ্গ মত ক্রমে তাহা ধরিদ করিতে লাগিলেন। মাতা রাজলন্ধীর অম্প্রহে নীলকণ্ঠ বাব্র উত্তরোত্তর সম্পদ বৃদ্ধি হইয়া ঐ দেশে তিনি একজন গণ্যমাক্ত ব্যক্তি হইয়া পড়িলেন। এই ভাবে কিছুকাল অতীত্ত হওয়ার পর অবশিষ্ট সরিকগণও নানারূপ অস্থবিধা মনে করিয়া তাঁহাদের সম্পত্তি নীলকণ্ঠ বাব্কে দিয়া বাড়ী চলিয়া আসিলেন। এখন এদিকের সকল সরিকের অংশই তাঁহার হত্তগত হইয়াছে; বিত্ত মধ্যে আর কোন সরিক নাই।

রাম জয় রায় মহাশয় বর্তমানে তাঁহার কনিষ্ঠ পুত্র।নীলকণ্ঠ বাবু
দক্ষিণ দেশের কাজকর্ম লইয়াই থাকিতেন। বিশেষ প্রয়োজন মত
বাড়ীতে আসিতেন মাত্র। তাঁহার জ্যেষ্ঠপুত্র বৈকুণ্ঠ রাম রায় মহাশয়
দেশের কাজ কর্ম লইয়া ব্যস্ত থাকিতেন। বৈকুণ্ঠ বাবু বাল্যকাল
হইতেই নিরীহ প্রকৃতির লোক ছিলেন। তিনি নিজ অধ্যবসায় ভংশজমিদারী ও ভেজারতী কাজকর্ম বিশেষভাবে শিক্ষালাভ করিয়াছিলেন,
ঐ সকল বিষয় সম্মীয় কাজ কর্ম বিষয় কাগজ পত্রে তাঁহার বিশেষ
ব্যুৎপত্তিও অধিকার ছিল। ইনিও অনেক সময় প্রয়োজনমত দক্ষিণ
দেশের কাছারীতে ষাইয়া প্রাতার কাজ কর্মের সাহায়্য করিতেন।
ভত্তই কর্মচারীদিগের হিসাব নিকাশ করার সময় এবং জটিল
কোন মামলা মোকদমা উপস্থিত হইলে তখন দাদার প্রয়োজন
হইত। টেট সংক্রান্ত কোন জটিল বিষয় মীমাংসা করিতে হইলে,
নীলকণ্ঠ বাবু দাদার সহিত পরামর্শ মতে কার্য্য করিতেন। উভরের
অধ্যে প্রাভৃত্যাব ও ভক্তি ভালবাসা বর্ধেষ্ট ছিল। দেশের কাজ কর্ম

সম্বন্ধে যাহা কিছু করা আবশুক, তংসম্বন্ধে দাদার উপরই সম্পূর্ণ নির্ভন্ধ ছিল। যথন যাহা কর্ত্তব্য মনে করিয়া বৈকুণ্ঠ বাবু যে কান্ধ করিছেন, নীলকণ্ঠ বাবু সে বিষয়ে কথনও বিফক্তি করিতেন না। "মা কমলার" ক্রপায় ছ ভাই মিলিয়া মিশিয়া উভয় দিকের কার্য্যই স্কচাক্ষরণে নির্বাহ করিতেছেন।

এই সময় মধ্যে রামজয় রায় মহাশয় যথাকালে প্রন্থয়ের বিবাহ
দেন। এখন বার্ক্করা হেতু সংসারের যাবতীয় কাজ কর্মের ভার
প্রেছরের হস্তে অর্পন করিয়া তিনি সর্কাদাই ঈশ্বর চিস্তায় ময় থাকেন।
রাম জয় রায় মহাশয় এইভাবে কিছুকাল সংসার হৃথ উপভোগ করিয়া
ইহধাম পরিত্যাগ করিলেন। পিতা বর্ত্তমান থাকিতেই প্রেছয় সংসার
ভার গ্রহণ করিতে শিক্ষা করিয়াছেন; স্কতরাং পিতা অভাবে সেই
প্রকার কোন কট্টে পড়িতে হইল না। ছই ভাই পরামর্শ করিয়া
বিধাসন্তব ব্যায়াদি করিয়া পিতৃদেবের ওর্জনৈহিক কার্য্য সম্পায় করিলেন।
এখন হইতে বৈকুঠ বাব্র শিরে দেশের সমন্ত কার্য্যের ভার বিশেষভাবে
চাপিয়া পড়িল। বৈকুঠবার বাড়ী থাকিয়া হ্রবিধা ও হ্রেমাগ মন্ত
তাল্ক জোত জমা ইত্যাদি সম্পত্তি ক্রমে খরিদ করিয়াছেন এবং এখনও
তাহার সেই ইচ্ছা সর্কাদা প্রবল, স্ববিধা মত বিত্ত পাইলে ক্রয় না করিয়া
ক্রান্ত থাকেন না। ক্রমে ক্রমে ইনিও দেশের মধ্যে জমিদারী এলাকা
.বিস্তারিত করিতে লাগিলেন।

বৈকৃষ্ঠ ও নীলকণ্ঠ বাব্র এখন উপযুক্ত ভাবে ঘর বাড়ী প্রস্তুত করার দেরকার হইয়া পড়িয়াছে। আটরশীর যে বাড়ীতে তাঁহারা নদী-বিভৃতির পর আসিয়াছিলেন, সেখানে উপযুক্তভাবে বাড়ী করার স্থানের সন্থান না হওয়ায়, বিশেষ ইচ্ছামুসারে কার্য্য করিতে হইলে-অন্ত সরিকদিগের বিশেষ অস্থবিশা ঘটে ইত্যাদি কারণে, উক্ত বাড়ী পরিত্যাগ পূর্বক ১২৭০ সালে বাইশরশী গ্রামে নৃতন এক বাড়ী করিয়া

ইশারত প্রস্তুত করাইতে লাগিলেন। ১২৭১ সনে উক্ত আটরশির বাড়ী ত্যাগ করিয়া সপরিবারে নৃতন বাড়ীতে আসিলেন।

এই বাড়ীতে আসিবার পূর্বে ১২৫২ সনে বৈকুণ্ঠবাবৃর প্রথম পুত্র বহিষাচন্দ্র রায় চৌধুরী মহাশয় জন্মগ্রহণ করেন। ১২৫৮ সনে নীলকণ্ঠ বাবৃর প্রথম পুত্র রাজেন্দ্র চন্দ্র রায় চৌধুরী মহাশয় জন্ম গ্রহণ করেন এবং দিজীয় পুত্র দেবেন্দ্র চন্দ্র রায় চৌধুরী ১২৬০ সনে জন্মগ্রহণ করেন ওবং দিজীয় পুত্র দেবেন্দ্র চন্দ্র রায় চৌধুরী ১২৬০ সনে জন্মগ্রহণ করেন ও তাঁহার ছইটি কন্সা জন্ম। তাঁহাদের নাম যথাক্রমে মুক্তারাণী ও ক্ষাতরাণী রাখা হইয়াছিল। বাইসরশীন্ত ন্তুন বাড়ী আসিবার কালে মহিমবাবু ১৯২০ বংসর রাজেন্দ্র বাবু ১৪১৫ এবং দেবেন্দ্র বাবু ৮৯ বংসর বয়স্ক ছিলেন। দেশে বেরূপ সম্পত্তি করিয়াছিলেন তাহা রক্ষা করিবার জন্ম বৈকুণ্ঠ বাবুর সর্বাদাই বাড়ী থাকিতে হইত। এখন আর জিনি দক্ষিণ দেশে প্রায়ই যাইতেন না। যথাসময়ে পুত্রের ও প্রাতুম্পুত্র-দিসের লেখাপড়া শিক্ষার জন্ম বত্নের কোন ক্রটি করেন নাই। এই বাড়ীতে আঁসিয়া ৮ দোল, ছর্গোৎসব করিয়া প্রতি বংসর যথোপযুক্ত বান্ধনি করিতেন। তদবধি আজ পর্যান্ত উক্ত বার্ষিক ক্রিয়ালি ব্রীতিমভভাবে চলিতেছে।

বৈকুঠবাবু ও নীলকঠ বাবু ছইজন একে অন্তের বিরুদ্ধ প্রকৃতির লোক হইলেও উভয়ের মধ্যে ভ্রাভ্ভাবের কোন অভাব ছিল না। নীলকঠ বাবুর দাদার প্রতি উপযুক্ত ভয়, ভক্তি ও অস্তরের টান ছিল। তিনি নিজ ক্ষমতায় দক্ষিণ দেশে বহু ধন সম্পত্তি বিস্তার করিয়াছেন বিলয়া দাদার নিকট কোনরূপ অহন্ধার প্রকাশ করেন নাই কিংবা দাদাকে ক্ষমনা করার কোনরূপ বৃদ্ধি হাদয়ে পোষণ করেন নাই। সংসার করিতে যে ছই প্রকার প্রকৃতির লোকের প্রয়োজন ভগবানের ক্রপায় এ সংসারে তাহাই বর্ত্তমান, বেশ স্থা স্বচ্ছদে উভয়িক চিলিয়াছে।

ষে কারণে সংসারের ভাই ভাই পৃথকার হইতে হয়, ইহাদের সংসারে সে ব্যাধির সৃষ্টি হইয়াছে। বৈকুপ্ঠরাম যে প্রকৃতির লোকছিলেন, ভাগ্যগুণে তাঁহার সহধর্মিণী জয়কিশোরী চৌধুরাণীও সেই প্রকৃতির লোকছিলেন। নীলকণ্ঠ বাবুর সহধর্মিণী আনন্দময়ী চৌধুরাণীর প্রকৃতি স্বামীর সহিত অনেকাংশে সাদৃশ্য ছিল, সংসার বিছিনকারী ম্যালেরিয়া নীলকণ্ঠ বাবুর প্রতাণে বিস্তারিত হইতে না পারিয়া একরপ লুপ্ত ছিল।

গৃহ বিচেছদের কারণ সময়ে নীলকণ্ঠ বাবুর কর্ণ গোচর হইত ; কিন্তু তাহাতে তিনি কোনরূপ সহায়ভূতি প্রদান করিতেন না। স্ত্রীলোকের উত্তেজনায় বিব্রত হইয়া ভাই ভাই ভাগ ভিন্ন হওয়া তৎকালের পুরুষের পক্ষে একটা লজ্জাকর বিষয় ছিল, বিশেষতঃ এইপ্রকার কার্য্যকে নীলকণ্ঠ বাবু বড়ই ঘূণা করিতেন। বৈকুণ্ঠ বাবু সর্বাদা বাড়ী থাকিয়া পারিবারিক অশান্তি দূর হওয়ার কোনই উপায় ঠিক করিতে না পারিয়া সময়ে ধৈথ্য চ্যুত হইয়া পড়িতেন। সময়ে সময়ে নীলকণ্ঠ বাবুকে বলিতেন, "ভাই। পারিবারিক কলহে সময়ে তোমাকে বিশেষ অশাস্তি ভোগ করিতে হয়। যথন স্ত্রীলোকদিগের পৃথকার হওয়ার আকাজকা ক্রমশঃ প্রবল হইতেছে তথন যভদিনে হউক ইহা কার্য্যে পরিণত হইবে। অতএব যাহাতে, এই অশান্তি দুর হয় তৎপ্রতি লক্ষ্য করাই কর্ত্তব্য স্থির করা উচিত। ইহার উত্তরে নীলকণ্ঠ বাবু বলিয়াছেন "দাদা। আমি স্ত্রীলোকের কথায় বাধ্য হইয়া পৃথকার করিয়া দিব একথা কথনও ষনে স্থান দিবেন না। একালে থাকিতে যদি কাহার তেমন .অস্থবিধা বোধ হয়, তবে তিনি পুথক ভাবে থাইতে পারেন, আমি যতদিন বেঁচে আছি ততদিন কিছুই ভাগ বণ্টন করিব না।" বৈকুঠ বাবু কনিষ্ঠের এতাদৃশ ভক্তি ও মমতাপূর্ণ বাক্য শ্রবণে সকল কষ্ট ভূলিয়াঃ ৰাইতেন।

এই দেশে যে বংসর ন্তন বাড়ী ঘরের সংশ্বার হইতে লাগিল তাহার পূর্বেই নীলকণ্ঠ বাবু সে দেশে বিশেষ ভাবে কাছারী বাড়ী প্রস্তুতের ব্যবস্থা আরম্ভ করিয়াছেন। তাঁহার এলাকা মধ্যে প্রত্যেক কাছারীর দরজা উপযুক্ত রূপে নির্দ্বাণ করাইয়া বাউকল সদর কাছারীতে একটা দালান ও অক্তান্ত গৃহাদি প্রস্তুত করাইরা দিঘী, প্র্করিনী কাটাইয়া, নানাপ্রকার বৃক্ষাদিতে শোভিত বাগান প্রস্তুত করাইয়া উপযুক্ত কাছারী বাড়ী করিয়া তুলিয়াছেন। এখন সর্ক্ষবিষ্ত্রে কাছারী বাটী নীলকণ্ঠ বাবুর উপযুক্ত যোগ্য কাছারী হইয়াছে।

বোল আনা সম্পত্তি নীলকণ্ঠ বাবুর হস্তগত হওরার পর হইতে
তিনি সমধিক উন্থমে কাজ চালাইতে আরম্ভ করিয়াছেন। নীলকণ্ঠ বাবুর
শাসনেও ভরে দেশ কম্পিত; ভিন্ন এলাকার প্রজারাও নীলকণ্ঠ বাবুর
নামে চমকিয়া উঠিত। তাঁহার এই হর্দান্ত শাসন হইতে ভিন্ন এলাকার
প্রজারও নিস্তার ছিল না। কি ভাবে শাসন সংরক্ষণ করিতে হয়, তাহা
তিনি বেশ ব্ঝিতেন। এরপ শাসন ও বিচারাদি করিয়া বহু টাকা
বাজে জমা করিতে তিনি সিদ্ধ হস্ত ছিলেন।

নীলকণ্ঠ বাবুর এলাকা মধ্যে বগা কালইয়া প্রভৃতি প্রধান বাণিজ্য স্থান। এস্থানে বহু সাহা জাতির বড় বড় ধনীর কারবার; এখনও বহু ধনীর সেখানে বাণিজ্য স্থান। ঐ ব্যবসায়ীদিগের মধ্যে নীলকণ্ঠ বাবুর আত্মীয় কুটুম্বও অনেক ছিল। একদা নীলকণ্ঠ বাবু এক ভেদ নীতি থাটাইয়া কালইয়া বন্দরের বড় ধনী ব্যবসায়ী নীলকণ্ঠ বাবুর শুতুর গোড়াচাঁদ পোন্ধার মহাশরকে কোন এক অভিযোগে তলপ দিয়া বিচারাস্তে ৫০০ শুভ টাকা অর্থ দণ্ড করিলেন। দণ্ডের টাকা না দিয়া যাইতে পারিবেন না ইহাও রায়ে প্রকাশ করিলেন। রায় শুনিরা পোন্ধার মহাশয় লক্ষার অভিমানে নির্বাক হইয়া পড়িলেন। পোন্ধার নহাশয়কে মৃত্তি করার জন্ম ভংশকে বিশেষ চেষ্টায়ও কোন স্থক্ষ

ফলিল না, নীলকণ্ঠ বাবু আরও বলিলেন আজ এক্ষেত্রে তাঁহার সহিত-প্রজা মূনিব স্বদ্ধ; অন্ত সম্পর্ক ভূলিয়া উপস্থিত কার্য্য করিতে পোদার: মহাশয়কে বলুন; অন্তথায় আত্ম-সন্মান রক্ষা হইবে না।

পোদার মহাশয় জামাতার একপ্রকার ব্যবহারে অর্থ দণ্ড জানবার্য্য ব্ৰিয়া লোক ধারা দোকান হইতে ৫০০১ টাকা আনিয়া জামাভাকে জরিমানা যৌতুক দিয়া আশীর্কাদ করিতে করিতে দোকানে যাইলেন। খণ্ডরের প্রতি এরপ ব্যবহার ও স্থাসনের কথা অল্প সময় মধ্যে মহাজনদিগের শ্রুতিগোচর হইল। এই কঠোর শাসন দেখিয়া জয়ে সকলের আত্মা কাঁপিয়া উঠিল। পোন্ধার মহাশয় লজ্জা, অভিমানে ও টাকার শোকে সেদিনে স্থান আহার করিলেন না, তিনি কত কি চিস্তা করিতে লাগিলেন; বলা বাছল্য এইরূপ ভাবনায় দিন কাটিয়া গেল. সন্ধ্যার অব্যবহিত পরে নীলকণ্ঠ বাবু জনৈক লোক পাঠাইয়া অতি গোপনে খণ্ডর মহাশয়কে কাছারীতে আসিতে আদেশ করিলেন। প্রেরিত লোকে আদেশ জ্ঞাপন করা মাত্র পোদ্দার মহাশয় যেন স্পানন-হীন হইয়া দাঁড়াইয়া রহিলেন। প্রেরিত লোকে বলিল, "নৃতন আর কোন চিন্তার কারণ নাই। আপনি অতি গোপনে সম্বর আস্তন, কোন বিশেষ প্রয়োজন আছে।'' পোদার মহাশয় আর চিস্তা করিতে সময় পাইলেন না। ঐ অবস্থাতে নিতান্ত ইচ্ছার বিরুদ্ধে প্রেরিত লোক সঙ্গে জামাতার নিকট উপস্থিত হইলেন। নীলকণ্ঠ বাবুর খশুর মহাশ্রকে যথাবোগ্য আসন দিয়া অভ্যর্থনা করিলেন। কিছুক্ষণ কথোপকথনের পর নীলকণ্ঠ বাবু খণ্ডর মহাশয়কে বলিলেন ''আপনি আমার ব্যবহারে অত্যন্ত অসন্ত্ৰষ্ট হইয়াছেন, আমি কোন বিশেষ উদ্দেশ্যে এই কাৰ্য্য করিয়াছি। আপনি রূপা করিয়া অপরাধ মার্জনা করিবেন।" এই বলিয়া পোদার মহাশয়কে সেই ৫০০১ শত টাকা দিয়া বলিলেন, আপনি এই টাকা লইয়া অভি গোপনে দোকানে চলিয়া বান। এই বিষয় বেন, খুণাক্ষরে কোথাও প্রকাশ না হয়; তদপ্রতি বিশেষ সাবধান থাকিবেন।"
পোলার মহাশয় অন্ধলারে একাকী জামতার আদেশ মত টাকা লইয়া
বাসায় গৌছিয়া গোপনে টাকা সিন্দুকে রাথিয়া দিলেন। খণ্ডরের প্রতি
এরপ আচরণ অন্ন সময় মধ্যেই সর্ব্বে প্রচার হইয়াছিল। তাহাতে
সকলেই ভয়ে স্তন্তিত হইল; খণ্ডরের প্রতি যিনি এরপ আচরণ করিতে
পারেন, তাঁহার নিকট আর অন্ত কাহার অন্তগ্রহের আশা নাই। ইহার
পর হইতে স্বজাতি ব্যবসায়ীদিগের মধ্যে আচার বিচারে কাহারও
জরিমানার টাকা আদায় করিতে আর বেগ পাইতে হয় নাই। কাহার
নামে কোন অভিযোগ উপস্থিত হইলে তিনি পরিমাণ মত একটাতোড়ায়
টাকা বান্ধিয়া বাসায় রাথিয়া নীলকণ্ঠ বাব্র স্বীপে বিচারার্থে যাইতেন,
যেন আবশ্রক হইলে লোক পাঠান মাত্র টাকা লইয়া যাইতে
পারে।

ফৌজদারীতে নীলকণ্ঠ বাবু চির অভ্যন্থ ছিলেন। বছদিন যাবং নানারূপ ফৌজদারী মামলা মোকদ্দমা করিয়া আসিতেছেন, একাল পার্যস্ত ভগবং রূপায় কোনহুলে অপদস্থ হন নাই বলিয়া দিন দিন তাঁহার সাহস বৃদ্ধি হইয়া ক্রমে মাত্রা অভিক্রম করিয়াছে। সেই সমগ্রে একটা দাঙ্গা করিয়া নীলকণ্ঠ বাবু ফৌজদারীতে আসামী হইলেন। নীলকণ্ঠের অভ্যাচার উৎপীড়নে বরিশালের ম্যাজিট্রেট সাহেব অভ্যন্ত বিরক্ত ছিলেন। নীলকণ্ঠকে কোন কায়দায় পাইলে উপযুক্তরূপ শিক্ষা দিবেন, পূর্ব্ব হইতেই সে ষড়যন্ত ছিল। এইবার এই মোকদ্দমায় সেই আশা মিটাইবার অভিপ্রায়ে মোকদ্দমাটী বিচার জন্ত নিজের কাছে রাখিয়া দিলেন। ভাবগতিক দৃষ্টে নীলকণ্ঠ বাবু বৃথিতে পারিলেন, এবার সাহেব আমাকে সহজে ছাড়িবে না। অভএব ইহার একটা প্রতিকার করা কর্ত্তব্য বিবেচনায় তিনি অনেক তদ্বির করিলেন, কিন্তু সমস্তই বার্থ হইল।

ব্যাঘ্র পিঞ্জরে আবদ্ধ হইলে তাহার স্বভাব ভূলিয়া কখনও সাম্ভাব ধারণ করে না। পরিত্রাণের জন্ম যথেষ্ট চেষ্টা করে, কিন্তু সে চেষ্টা বিফল মাত্র। নীলকণ্ঠ বাবু উপযুক্তরূপে মোকদমার তদ্বির করিলেন। ম্যাজিট্রেট সাহেবের নিকট কোন ফল ফলিল না। সাহেব সাক্ষীর জ্বানবন্দী গ্রহণ পূর্বক নীলকণ্ঠের ৩ মাসের কঠিন সম্রম কারাদণ্ডের আদেশ প্রদান করিলেন। নীলকণ্ঠ নিতান্ত নিরূপায় হইয়া কেলে যাইতে বাধ্য হইলেন। তদপর অবিলম্বে কাগজপত্রের নকল লইয়া ঢাকায় আপীল দায়ের করা হইল।

ম্যাজিট্রেট সাহেব বাহাছর নীলকঠের প্রতি এই কঠোর আদেশ প্রদান করিয়া নিজ পরিণাম চিন্তা করিতে লাগিলেন। এই পিঞ্জরাবদ্ধ ব্যাত্র মুক্ত হইলে প্রতিহিংসা সাধন করিবে একধা স্থানিন্দিত। তথন আমার পক্ষে আত্মরক্ষা করা অসম্ভব। অতএব সম্বর বদলী হইয়া স্থানান্তরে যাওয়া ব্যতীত অন্ত আর কোন উপায় নাই। সাহেব এই সব আলোচনা করিয়া তদপর দিবস বদলীর প্রার্থনায় উদ্ভাতন কর্মচারীর নিকট আবেদন করিলেন। সাহেব বৃথিলেন, আপীলে নীলকণ্ঠ বাব্ থালাস পাইবে। তবে যে কয়দিন জেলে আছেন, তাহাতে এমন করিয়া দেওয়া চাই যেন বাকী জীবনে তাহা অরণ থাকে। তদপর দিবস পাকা সড়কের স্থরকী ত্রমুস্ করিতে নীলকণ্ঠ বাবুকে সাহেব আদেশ দিলেন। সেই কাজে নীলকণ্ঠ বাবু নিযুক্ত হইলেন।

জেলের কর্মচারিগণ সকলেই নীলকণ্ঠ বাবুকে জানেন, স্থভরাং তাঁহারা সকলে যথাসাধ্য তাঁহার সম্মান রক্ষার জন্ত যত্ন করিতে লাগিলেন। জেলের কর্মচারিগণ যে নীলকণ্ঠ বাবুর বাধ্য হইবে ইহা সাহেব বৃথিতে পারিয়া নিজেই নীলকণ্ঠ বাবুর কার্য্য পরিদর্শন করিতে যাইতেন।

निया विश्रहत र्यापारतत अथत जारण धत्वीतक छेउछ इहेगाए,

এই সময় নীলকণ্ঠ বাবু ছরমুজ হাতে করিয়া রান্তার উপর রাজ আদেশ পালন করিতে বসিয়াছেন। নীলকণ্ঠ বাবুর হেপাজতের জন্ম জেলের क्रेंतिक निर्णाशी मत्त्र मत्त्र थाकिछ। घृरवद्र लाए निर्णाशी निर्जद र ছাতা ছিল, তত্ত্বারা নীলকণ্ঠ বাবুকে ছায়া প্রদান পূর্বক রৌদ্র নিবারণ ক্রিতেছে। সাহেব এই ব্যাপার দূর হইতে দেখিয়া অতি সম্তর্পণে ভুঠাৎ সিপাহীর পশ্চাৎদিকে গিয়া উপস্থিত হইলেন। সাহেব নিকটে পৌছিলে, তাঁহার পদশবে দিপাহী পিছনে চাহিয়া ম্যাজিষ্টেট সাহেবকে ए थिया खाय कैं। भिया छेठिन। मिशा ही त्मनाम निर्वाद महत्र महत्र मारहर সবেগে নিকটে গিয়া হস্তম্বিত বেতের ছড়ি দারা প্রথম সিপাহীকে করেকটা কশাঘাত করিয়া বলিলেন—"ড্যাম! তোম এয়ছা মাফিক কাম কিয়া!" এই ব্যাপার দেখিয়া নীলকণ্ঠ বাবু তথন নিজমূর্ত্তি ধারণ পূর্বক দণ্ডায়মান হইলেন এবং হস্তস্থিত হরমুজ অস্ত্র উত্তোলনপূর্বক অগ্নিফুলিকের স্তায় সাহেবের প্রতি ধাবিত হইয়া "আগাড়ী তোম্কো ত্রমুজ করেগা" বলিতে বলিতে আক্রমণ করিলে পর, সাহেব বেগতিক ব্ঝিতে পারিয়া সরিয়া পড়িলেন। নীলকণ্ঠ বাবু ক্রোধে অধীর হইয়া সাহেবের পশ্চাদ্ধাবমান হইলে, চতুর্দ্দিক হইতে অস্ত লোক আসিয়া তাঁহাকে বারণ করিলে ক্রোধ সম্বরণ হইল। সাহেব যাইয়া তাঁহার এক্সলাসে বসিলেন।

সাহেব এতদিন দ্র হইতে নীলকঠের তেজস্বীতার কথা শুনিরাছেন বটে, আজ স্বচক্ষে তাহা দেখিয়া তাঁহার চৈতন্ত হইল। বালালী হৃদরে যে জেজবীর্ব্য আছে বলিয়া সাহেবের বিশ্বাস ছিল না, আজ নীলকঠের সংহার মূর্দ্ধি দেখিয়া সাহেবের সে ধারণা দূর হইল। তিনি এজলাসে বসিয়া অক্যান্ত লোকের সহিত এ বিষয়ে আলোচনা করিলে, তাঁহারা সকলেই বলিলেন "সাহেব! কাজটা বড় ভাল হয় নাই। নীলকঠ রায়ের জসাধ্য কোন কুর্ম নাই; আপনি সর্ক্ষা বিশেষ সাবধান নাঃ সুইলে শ্ৰণণ অনিবাৰ্গ। পাহৰে ইহার পর কুঠাতে বাইলা উপায়ক প্রিলিগ পাহালীয় বন্দোৰত পূর্বক তথার কাজ করিতে থাকিলেন। ক্ষেকদিন পরে সাহেবের বদলীর হকুম আদিরা প্রেছিলে, সাহেব রম্বর চার্জ ব্যাইলা দিয়া অবিলয়ে বরিশাল জেলা ত্যাগ করিলেন। সাহেবের ন্দলীর কথা অবণে নীলকঠ বাবু অনেক আন্দেশ ক্ষেক্ষাক করিলেন।

সাতের চলিয়া যাওয়ার ছই দিবস পরই আশীলের মোকদমার সংখ্যাক পৌছিল, "নীলকণ্ঠ রায় বেকজ্বর খালাস"। লাহেব জিলা ত্যাস করিয়া বদলী হওয়াতে নীলকণ্ঠ বাবু মৃত্তি সংবাদে তেনেন কথী হইলেন না। নীলকণ্ঠ বাবু জীবনে জনেক ফৌজদারী মামলা করিয়াছেন, সমস্তই গ্রহবলে পার হইয়া আৰু এবার সাহেব্রর চেষ্টার তাহার জীবনে একটা দাগ পড়িল। জীবনে দাগ পড়িল বলিয়া তাহার অনুমান্ত উভব ভক হইল না; বরং আরও পুরা উভনে কাজ চালাইতে আরম্ভ করিলেন। তিনি বলিতেন, জেল-হাজত প্রন্থের জন্ত স্থানোকের জন্ত নহে, জেল বে ভর করে সংসারে দে কীল করিতে পারে না। কার্ম কাল করিতে গেলে ভাল মন্দ হইরাই থাকে।

অন্ত এক সাহেব বরিশালে ম্যাজিট্রেট হইরা আসিরাছেন। এই সাহেব ভূতপূর্ব সাহেবের রন্তীর কাহিনী শ্রবণে পরিণায় চিন্তা করিয়া স্ববহা বৃথিয়া কার্য্য করিতে কাগিলেন।

তিব দিলান করা আবাতক, তাহার উপ্যাক করিছ করিছে ।

বিধি দিলান করা আবাতক, তাহার উপ্যাক করিছে ।

করিছে করিছে নির্দিশ্য ।

বিধি দিলান করা আবাতক, তাহার উপ্যাক করিছে করিছিল করিছেন ।

বিধি দিলান করা আবাতক, তাহার উপ্যাক করিছে করিছিল করিছেন ।

वह टिहोर नीनकर्श्वात् जाहात जित्रकित माला आगरे भून कित्रगाहिन। ৮ উদ্ধবচন্দ্রের মৃত্যুর পর আজ প্রায় শতাবী বর্বের পর এই বংশে বৈকুঠবাবু ও নীলকঠবাবু জন্মগ্রহণ করিয়াছেন। তাঁহার নামে এখনও: হাৰত সিরি আসিতেছে। উদ্ধবচন্দ্র অন্তমিত হইলে তিন পুরুষ ক্রমে। তাঁহার প্রতিভা কীৰ হইয়া তিমিরাছর প্রায় হইয়াছিল। তৎপর: ভভক্ষে সেই বংশে বৈকুঠ, নীলক্ষ্ঠবাবু ছুইটা রত্ন জন্মগ্রহণ করার সেই **अक्कात मृत्रीकृष्ठ हरेग्राह्म । अर्गीत छक्कान्य हरेएक ७ (मर्ट्स हैश्राह्म)** হাওলা, নিম হাওলা ও নোদ হাওলা প্রভৃতি সম্পত্তির সৃষ্টি হইয়াছে. किस थातिका जानक थ्वरे कम हिल। नीलकर्थवात् उत्परम याउता অবধি মনে মনে সর্বদা এই আকাজ্যা করিতেন যে, "এদেশে একটা শমিদারী পাইলে থরিদ করিতাম।" বরিশাল জিলার উজিরপুর গ্রাম. নিবাসী কায়স্থকুলোড়ব ঈশ্বরচক্র রায় কালিকাপুর পরগণার জমিদারীর জমিদার ছিদেন, ত্রভাগ্যক্রমে তাঁহার সেই সম্পত্তি বাকি খাজনায় পড়িয়া নিলাম হওয়ায় নীলকণ্ঠবাবু তাহা সর্কোচ্চ মূল্যে কালেক্টরের প্রকাশ্র निनारम अतिम कतिलान। त्मरे रहेरा अतिला अमिनात विना हैराता পরিচিত ৷

এখন উত্তয় দেশেই প্রাত্ধয়ের প্রতি মান গৌরব দিন দিন শশীকলার তায় বৃদ্ধি পাইতেছে। পূর্ব হইতেই ইহাদের হেঁটে আমলা
কর্মচারিগণ ব্রাহ্মণ, কায়ত্ব, বৈভবংশীয় ভদ্রলোকই থাকিতেন, ইহায়া
সাহা বংশীয় বড়লোক, জমিদার হইলেও ইহাদের ভদ্রলোকের সহিত
ঘনিইতা বেশী; চিরকাল ঐ সব ভদ্র জাতিকে ইহায়া মথোচিত সমান
করিতেন, ভদ্রবংশীয় প্রতিবাসীদিগের সহিত ইহাদের বিশেষ সভাব ওসদ্বাদহার আছে। এই সকল সদ্তবে ইহায়া ভদ্রলোকের নিকটআদরণীয় ছিলেন।

ডিনি পার্থিৰ স্বাৰ্জন্ব উপভোগ করিয়া সংসারের <sup>ই</sup>বারা পরিভাগে

পূর্বক পূত্রহরকে দাদার হাতে সমর্পণ করিরা ১২৭১ সনে অগ্রহারক বালে অর্রেরানে মৃত্যুম্থে পতিত হইলেন ।

এই প্রকারে শোকাকুলভাবে মাস পূর্ণ হইয়া আসিলে বৈকুঠবাকু
আভি বিষাদচিত্তে কর্তব্যপালনে বাধ্য হইলেন। ক্ষুদ্রালনে নীলকঠ
ৰাকুর প্রাক্তাদি কার্যা ক্ষুদ্রালারণে সম্পন্ন হইল। বৈকুঠবাবু জ্যেঠ
ইইলেও বিষয় কার্য্যের শুক্তভার তাঁহাকে বহন করিছে হয় নাই;
এখন নীলকঠবাবুর অভাবে সকল দিকের ভারবোঝা তাঁহার শিরে
আসিনা চাপিল।

বৈকৃষ্ঠ বাবু চির্লিনই শান্তিপ্রিয় লোক নটে, কিন্তু এতদিনে বঞ্চাট আসিয়া তাঁহাকে আছেয় করিয়া ফেলিল। যথাসাধ্য উভয় কিন্তু কাজ কর্ম দেখিয়া জনিয়া করিতে প্রবৃত্ত হইলেন। নীলকণ্ঠ বাবু দক্ষিণ দেশস্থ জমিদারীতে ষেরপ শাসন বিস্তার করিয়া পিয়াছেন তাঁহার প্রতিভা শীত্র অন্তর্হিত হইবে না। স্কুতরাং আমলা কর্মচারী-সপ বারাই এক প্রকার স্বশুল্লল ভাবে কাজ চলিতে লাগিল। নীল-কঠ বাবুর প্রত্র হইটী নাবালক, তাঁহাদের সর্ব্ধপ্রকার আফারই জ্যেন্টতাত মহাশ্য রক্ষা করেন। বাহিরের কাজকর্ম স্বশুলল ভাবেই জ্যালয়া যাইতেছে; কিন্তু পারিবারিক গোলবোগের শান্তি নাই। ক্যালকণ্ঠের শাসনৈ সকলে নীরব ছিলেন, এখন আর সে ভয় নাই; স্কুত্রাং এক্যেন্তে দে গভি রোধ করা বৈকৃষ্ঠ বাবুর পক্ষে অসাধ্য হইয়া পৃত্তিক হইতে বাধ্য হইলেন।

ন্তন বাড়ী নির্মাণের সমর ভবিশ্বং বিবেচনা পূর্বক হই লাভারং বাস উপযোগী পূথক পূথক দালান প্রস্তুত করাইয়া ছইটা চতুখালাং নির্মাণ করা ইইয়াছিল। পশ্চিমদিকের খণ্ডে বৈকুঠ বাবুও পূর্ব দিক্ষের খণ্ডে নীলক্ঠবাবু ক্ষবাস করিতেন, উপস্থিত কটকে বাড়ীক শৈধ্যের চতুঃশালা তদবছার থাকিল, তৈজস পত্র ইত্যাদি যথারীতি বণ্টক করা হইরাছিল। বার্ষিক জিয়াদি দেবার্চনা এলমালে থাকিল, বর্চিবারীও তদসংলগ্ধ স্থান বিভাগ হইল না। অনুদেশে ও রিদেশে বিবয় সম্পত্তি নামাদ টাকা সংশাল্লসারে বৈকৃষ্ঠ বাব্ নিজের নীলকণ্ঠ বাব্রপুত্র হয়কে অল্লাংশ বন্টক করিয়া দিয়া দিলেন, কিন্তু সম্পত্তির আদার ওয়াশীলের কার্য্য একক থানিল, তহশীল কর্মচারীও জেন্দে স্থাক পৃথক করা হইল। ১২৭৩ সালে এই ভাবে ভাগে বন্টক করিয়া দিয়া বিকণ্ঠ বাবু পারিবারিক অশান্তি দূর করিলেন।

বিভাগ হইয়া যাওয়ার পর হইতে বাড়ীতে দেওয়ান পেয়ার প্রভৃতি আনলা কর্মচারীও পৃথক জাবে উভয় হিস্তায় রাথিয়া কার্য চালাইতে বাজিলেন। বাড়ীতে ঘর দরজা ইত্যাদি নিজ নিজ প্রয়োজন মন্ত নির্মাণের ব্যবস্থা হইল। বৈকৃষ্ঠ বাব্র প্রতী এখন বয়োপ্রাপ্ত হইয়াছেন, নীলকণ্ঠ বাব্র জ্যেষ্ঠ প্র রাজেল বাবু এখনও নাবালক; স্তরাং পৃথকায় হইলেও তাহাদের জন্ত তাহার নিশ্চিম্ভ থাকিবার নাম্ভব ছিল না। বৈকৃষ্ঠ বাবু পিতৃহীন নাবালক ল্রাভপুত্রছয়কে বাল্যাল্ডব ছিল না। বৈকৃষ্ঠ বাবু পিতৃহীন নাবালক ল্রাভপুত্রছয়কে বাল্যাল্ডব হিল না। বৈকৃষ্ঠ বাবু পিতৃহীন নাবালক ল্রাভপুত্রছয়কে বাল্যাল্ডব হিল না। বিকৃষ্ঠ বাবু পিতৃহীন নাবালক ল্রাভপুত্রছয়কে বাল্যাল্ডব হিল না থাকার প্রবাহ লোলন পালন ক্রিয়া অসিয়াছেন। এখনও তাহার পূর্ব ভাবের কোন অভাব হয় নাই, সর্বাদা তাহাছের প্রতি দৃষ্টি রাখিয়া কাজ কর্মা করিভেছেন।

কিছুকাল এই ভাবে বৈকৃষ্ঠ বাবুর ভত্তাবধারণে ষ্টেটের কাজ কর্ম চলিতে লাগিল, কিন্তু সেই ব্যবস্থা বেশী দিন স্থির রাখিতে পারিলেন না। নীলকণ্ঠ বাবুর গৃহিণী শক্তিরপা আনলময়ী চৌধুরাণী স্বয়ং জমিদারী পরিচালনার প্রবৃত্ত হইলেন। আনলময়ী চৌধুরাণী বুদ্ধিস্ভি, সাহলী ও তেজবিনী ছিলেন, ইহাকে পূর্ব হইত্রেই বাটীস্থ সকলে পুর ভয় করিত। তিনি ভগবানকে স্বরণ করিয়া স্বর্গীয় স্বামীর পথ স্ক্র্পারে বিষয় কার্য্য চালাইতে লাগিলেন। নরমভাবে চলিত্রে কে

বিষয় কার্য্য চলে না, ভাহা পূর্ব্য হইতেই তাঁহার ধারণা ছিল; বে কৌশলে কার্য্য সিদ্ধ হয় তাহাও তিনি বেশ শিক্ষা করিয়াছিলেন। একণে সেই সমস্ত নীতি অবলম্বন পূর্ব্বক সংসার চালাইতে লাগিলেন। আমলা কর্ম-চারী হইতে দাধারণ চাকর চাকরাণীগণ তাঁহার ভয়ে সর্বাদা ব্যস্ত থাকিত। পুত্রছয়ের বাবুগিরী আবদার রকা করিতেন বটে, কিন্তু তা চনায় তাঁহাদিগকে সর্বাদা শাসনে রাখিয়া শিক্ষা বিধান দেওয়াইতেন। সংসারের আয় ব্যয় সম্বন্ধে তাঁহার বিশেষ দৃষ্টি ছিল, এমন তীক্ষ দৃষ্টি ছিল যে, স্বদেশ বিদেশ প্রভৃতি স্থানের খরচ বাদে বার্ষিক যে টাকা আত্র ইইবে, তাহা প্রতিবংসর বাডীর সিন্দুকজাত না করিয়া নিশ্চিত্ত থাকিতেন না। অনেক সময় আয় বায় সম্বন্ধে তিনি বিশেষ আত্মীৰ কর্মচারীর নিকট গোপন অমুসন্ধান লইয়া দেওয়ানের নিকট কৈফিয়ত তলব করিয়া তাহা মীমাংসা না করিয়া কান্ত থাকিতেন না: সর্বাদা প্রধান কর্ম-চারীকে বলিতেন, "আমি স্ত্রীলোক বলিয়া আমাকে গোপন করিয়া আপনার কোন কার্য্য করিবেন না। বিশেষ বিশেষ কার্য্যে আমার-অমুষতি ভিন্ন কখনও কোন হকুম দিবেন না।"

সংসারের গুরুভার বহন করা বড়ই কঠকর, কোনরূপ উপলক্ষ্
থাকিলে এই ভার বহন করিতে অগ্রসর হয় এমন লোক সংসাবে
বিরল। বৈকুঠবাবু জীবিত আছেন, প্রেটের কাজকর্ম ভয়ারাই চলিতেছে.
পত্র মহিমা চক্র রায় চৌধুরী অভি নের্লাইটো আনলে দিন কাটাইতে-ছেন। মহিম বাবু পিভার একমাত্র প্রক্ত, তাঁহার সর্বপ্রকার আদরই
পিভার রক্ষা করিতে হইত। মহিম বাবু ইছা করিয়া বৈ কোন কাজকরিতেন, ভায়াতেই পিভা সম্ভই থাকিতেন। মহিম বাবু বড়ই
পিক্রায় ভক্র ছিলেন। কহিম বাবু মতি বছেহালা দপর নিয়া কাবি

রকা করিয়া চলা তাঁহার শৈশব হইতেই অভ্যাস ছিল। বৈকুণ্ঠ বাবু এখন পুত্রের বিবাহ দিবার চেষ্টায় প্রবৃত্ত হইলেন। ঢাকা জিলার কাঞ্চনপুর গ্রামনিবাদী ৺বদনচন্দ্র সাহার কন্তা শিবস্থন্দরী চৌধুরাণীর সহিত ১২৭৪ সনে কার্ত্তিক মাদে মহিম বাবুর ভভ পরিণয় কার্য্য ভভবোগে অসম্পন্ন হয়। বিবাহ উপলকে বৈকুণ্ঠ বাবু যথোচিত ব্যয় বিধান করিয়া আমোদ প্রমোদ করিয়াছিলেন। এই বিবাহ দিয়া বৈকৃষ্ঠ বাবু বেশী দিন নিশ্চিন্ত থাকিতে পারিলেন না। রাঙ্গেক্ত বাব বিবাহের জন্ম পাত্রী অনুসন্ধান করিতে লাগিলেন। কিছু দিন চেষ্টার পর নয়াবাড়ী গ্রামনিবাদী বাউল চন্দ্র পাহার ক্লার সহিত সম্বন্ধ স্থির করিয়া উপযুক্ত ব্যয় বিধান করিয়া ১২৭৫ সনে রাজেক্স বাবুর শুভ পরিণয় কার্য্য সম্পন্ন করিলেন। রাজেন্দ্র বাবু কর্ম বৈগুণা দোবে এই বিবাহ করিয়া স্থী হইতে পারিলেন না। বিবাহের কিছু কাল পরেই তাঁহার স্ত্রীকে উৎকট ব্যাধিতে আক্রমণ করিল। বহুদিন -পর্যান্ত নানারপ চিকিৎসাদি করিয়া কিছুই ফল পাইলেন না। এই অস্ত্রবিধায় কয়েক বংসর কাটিয়া গেল, পরে ১২৮২ সনে ফরিদপুর নিবাদী জমিদার বৈকুণ্ঠ নাথ চৌধুরী মহাশয়ের ক্যা কামিনী -স্থলরী চৌধুরাণীকে বিবাহ করিলেন। শেষবার দার পরিগ্রহের -পর প্রথম পরিণয়ের স্ত্রী পূর্ব্ব ব্যাধিতেই মৃত্যুমুথে পতিত হইয়ছিলেন।

নীলকণ্ঠ বাবু পরলোকগত হওয়ার পর হইতেই বৈদেশিক সম্পত্তির কার্য্য একরপ চলিতেছে বটে, কিন্তু বাজে আয় ক্রমশঃ হাস হইয়া পড়িল। উপযুক্তভাবে পরিদর্শন অভাবে এইরপ আয় কমিয়াছে আনন্দময়ী চৌধুরাণী ইহা বেশ ব্ঝিতে পারিলেন। বাড়ী থাকিয়া তিনি তাহার কোন প্রতিকার করিতে পারিবেন এমত কোন আশা নাই বিবেচনায় তত্ত্ব কর্মচারিগণ হারাই কোনমতে একাল পর্যন্ত জ্ঞাকার কাজ চালাইরাছেন। আনন্দময়ী চৌধুরাণী অবস্থা বৃথিয়া

শূর্ব হইতেই পুল্বয়কে উপযুক্তভাবে গঠন করিতে ক্রটী করেন নাই। এখন হইতে রাজেক্র স্থাবুকে বাউফল পাঠাইবেন এইরূপ পরামর্শ চলিতে লাগিল। রাজেক্র দুবু পিতৃবং সাহসী ও তেজপুঞ্জশীল ব্যক্তি हिल्ला। विल्ला याहेरवन विलया मरन कानक्र हिन्छ। ভावना -कतिरलन नाः वतः श्रीय क्रिमात्रीत धलाका श्रीवर्मात याहरवन -বলিয়া হৃদয়ে আনন্দ উপস্থিত হইল। আনন্দম্যী চৌধুরাণী পুত্রকে বাউফল পাঠাইবেন এমম্বন্ধে বৈকুঠবাবুর সহিত প্রামর্শ হির করিয়া তথাকার প্রধান কর্মচারীকে রাজেন্দ্র বাবুর আগমন বার্তা জ্ঞাপন করাইলেন। রাজেন্দ্র বাবুর আগমন বার্ত্তা অবগত হইরা তথাকার কর্মচারীবর্গ উপযুক্তভাবে প্রস্তুত গাকিলেন। একদিন গুভলথে -রাজেন্র বাবু সঙ্গীয় লোকজন সহ বজরা নৌকা যোগে বাউফল যাত্রা করিলেন। যথাসময় বাউফল কাছারীর ঘাটে রাজেক্র বাবুর বজরা গিয়া পৌছিল। তাঁহার বজরা ঘাটে পৌছিয়াছে শুনিয়া তাঁহাকে দেথিবার জন্ম অসংখ্য লোক আসিয়া কাছারীর ঘাটে উপস্থিত ্হইল। আমলাগণ যথারীতি অভ্যর্থনাপুর্বকে গুভক্ষণে তাঁহাকে কাছারীতে লইয়া চলিলেন। কিন্তু দর্শকর্দ ভেদ করিয়া রাজেক্র বাবুর যাওয়। বড়ই কঠুদাধা হইয়াছিল; অতি কটে কাছারীতে পৌছিলেন। রাজের বাবু কাছারাতে পৌছিয়া উদ্ধবচন্ত্রের উল্লেখ্য ্গদী প্রণাম করত: নিজ আসনে উপবেশন করিলেন।

প্রথম দিন তথাকার সকল কাছারীর আমলা কর্মচারিগণ যথাযোগ্য অর্থ নজর দিয়া ক্রমে নবাগত বাবুর সহিত সাক্ষাৎ করিলেন। রাজেজ্ঞ বাবু তংকালোচিত লেখা পড়া যাহা শিক্ষা করিয়াছিলেন; তদমুপাতে তাঁহার লোক সমাজে আলাপ করিবার ক্ষমতা অপেক্ষাকৃত বেশী ছিল। তিনি এই অল্ল ব্যবে আত্মসন্মান রক্ষা করিয়া চলিতে বেশ শিক্ষা করিয়াছেন। তাঁহার সহিত সাক্ষাৎ ও আলাপ করিয়া সকলে আশাতীত সন্তোষ লাভ করিলেন। পরিদ্বিস প্রজার্ক যথাযোগ্য অর্থ নজর প্রদান পূর্বক ক্রমে ক্রমে রাজেন্দ্র বাবৃত্ত্ব্যাহিন্দ্র দাক্ষাং করিয়া সেলাম জানাইয়া গেল। নীলকণ্ঠ বাবৃর পূজ্ াসিয়াছেন, তিনি কেমন ইছা দেখিবার জন্ম নিঃসম্পর্কীয় অনেক উদ্লাভদ্র ব্যক্তি সমাগত হইত: বাবৃ ছেলে মানুষ হইলেও তাঁহাদের সহিত বথাযোগ্যভাবে আনক্ষকরিতে ক্রটী করিতেন না। রাজেন্দ্র বাবৃ ছেলে মানুষ হইলে কিছিবে গ তাঁহার আলাপ ব্যবহারে জনসমাজে তিনি বেশ উপযুক্ত ছেলে বলিয়াই অল্পসময় মধ্যে রাষ্ট্র হইল।

রাজেন্দ্র বাব্ আয়াগোপন করিয়া তত্ত্ব কর্মচারীদিগের ভাবগতি ক্রেম দেখিতে লাগিলেন! করেন বংসর হইল নীলকণ্ঠ বাব্ পরলোকগত হইয়াছেন বটে, কিন্তু অস্থাপিও তাঁহার ভীষণ শাসন প্রতিভা বিলুপ্ত হয় নাই, প্রজাগণের ভয়ভীতি যথেষ্ট আছে। তাঁহার বিধি বিধান প্রজাগণ অবনত মস্তকে প্রতিপালন করিয়া আসিতেছে। তবে আমলাগণ সময় ব্রিয়া স্থার্থপর হইয়া পড়িয়াছেন; দেখিবার উপয়ুক্ত লোক অভাবে প্রক্রপ দশা ঘটিয়াছে। ইহা নিবারণ করা সহজ নয়, বিশেষ সময় সাপেক। রাজেন্দ্র বাব্ তথাকার অবস্থা হাহা ব্রিতে পারিলেন তাহা কিছুই কাহার নিকট প্রকাশ করিলেন না। এই ভাবে কয়েক মাস গত হইল, এখন তিনি বাড়ী আসিতে ইক্রা করিলেন, তদমুসারে উল্লোগ আয়োজন করিয়া তাঁহাকে দেশে পার্যাইলেন।

ভগবানের কুপার রাজেন্দ্র বাব্ নিরাপদে বাড়ী আসিরা পৌছিলেন, ক্ষেত্রটী রাজা অনেক্দিন পরে প্রাণাধিক পুত্রকে দর্শন করিয়া অত্যক্ত স্থী ইবানের চিত্রক্তিক বাব্ ক্ষাইক্ত বাইছা নজন প্রায়তি বাবেদ পাইয়াছি"। মাতা আশাতীত অর্থ দেখিয়া বিপুল আনন্দ অনুভব করিতে লাগিলেন। এ দিকে যেমন অনির্বাচনীয় আনন্দ উচ্ছ্বাসে ভাসিতে লাগিলেন, এমন সময় অন্তদিকে একটা ভীষণ দারুণ শোক তাঁহার মনে উদয় হওয়ায় অশ্রুনীরে হুইচকু পূর্ণ হইয়া আসিল। মনে মনে নানা কথার উদয় হইতে লাগিল। পতির কথা মরণ করিয়া বিশেষ ব্যথিত হইলেন, কিন্তু রাজেল্র ব্বিতে পারিলে তাঁর মনে কন্তু হইবে; সেই জন্ম তিনি অতিকন্তে অশ্রু সম্বরণ করিয়া বহুতে টাকাগুলি লইয়া যথাস্থানে রাখিয়া দিলেন এবং অন্তান্ত জিনিষ পত্র রাখিবারও বন্দোবস্ত করিতে লাগিলেন।

রাজেক্স বাবু কিছুক্ষণ বিশ্রাম করিয়া স্থান করিতেছেন, এমন সময় মাতা আনন্দময়ী থাওয়ার উপযুক্ত জিনিষাদি রাখিয়া সেখানে বসিয়া আছেন, বথাসময় রাজেক্স বাবু আহার করিতে বসিলেন; তখন মাতা কাছে বসিয়া বাউফলের সমস্ত কথা তুলিলেন। মাতা পুক্রে আনেক কথাই হইতে লাগিল। তথাকার প্রজার ভয় ভক্তি, কর্মচারি-গণের ব্যবহার সবিশেষ মার নিকট বলিলেন।

রাজেন্দ্র বাবুর কথা শুনিয়া মাতা বলিলেন, নিজের কাজ পরের হাতে থাকিলে এবং কেহ সেথানে দেখিবার উপযুক্ত লোক না থাকিলে এইরপই হইয়া থাকে। রাজেন্দ্র ! এই জন্ন বয়সে স্পামি তোমাকে বিদেশে পাঠাইয়া নিভাস্ত নিষ্ঠুরভান্ন পরিচয় দিয়াছি। তুমি সেজন্য মনে কিছু করিও না! যেদিন ভোমরা বাল্যে পিতৃহীন হইয়াছ, সেই দিনই ভোমার জীবনের একটা স্থথের আশা নই হইয়াছে। এই বিশাল সংলাবের শুরুভার এখন ভোমার পিরে হস্ত ইয়াছে; স্পুতরাং ক্রিক্ত ক্রিকে ক্রিকে ক্রিকে ক্রিকে ক্রিকের ব্যক্ত ব্যক্তির ক্রিকের ক্রেকের ক্রিকের ক্রিকের

`ইহাই অমৃতবং মনে করিবে। আমি যেরপ যাহা করিতেছি তাহা ংতোমাদের মঞ্লের জভা।"

পৃথকার হইয়া যাওয়ায় পর উভয় হিস্যার বাহির বাটাতে হইটী বৈঠকথানা এবং বাড়ীর দক্ষিণ দিকে হইটা পৃষ্কিনী খনন করিয়া পাকা ঘাট তৈয়ায়ী করিয়া দেওয়া হইয়াছে। পৃথক হওয়ার পর হইতে নিজ্ঞ নিজ হিস্যায় সম্পত্তি বৃদ্ধির জন্ম বিশেষ চেষ্টা ও যত্ন চলিতেছে। এই সময় নীলকুঠার সাহেবর ডিহি সদরদী ও ডিহি নগর কান্দাগং হইটা পন্তনি মহাল বাকী করে নিলাম বিক্রয় হওয়ায় তাহার মধ্যে নগরকান্দা ডিহি বৈকুণ্ঠ বাবু ও সদরদী ডিহি ভাঙ্গা থানা এলাকাধীন ভাঙ্গার বন্দর সহ পত্তনী মহাল আনন্দময়ী চৌধুরাণী খরিদ করিলেন। এই উভয় পত্তনীর মালেক মহারাজা স্থার যতীমোহন ঠাকুর কে টি মহোদয়। এই পত্তনী নহলে বত বড় বড় ধনী জোতদার ভদ্রলোকের বস্তি। উভয় পত্তনী উভয় হিস্যায় খরিদের পর হইতে দেশের মধ্যে ইহাদের প্রতিপত্তি ক্রমে যথেষ্ট বার্দ্ধত হইতে লাগিল।

পূর্ল বংসর রাজেল বাবু বাউফল গিয়াছিলেন, এ বংসর মহিম বাবু বাউফল যাইবেন বলিয়া পিতার নিকট ইচ্ছা প্রকাশ করিলেন। বৈকুঠ বাবু উপযুক্ত আয়োজন পূর্বক একথানা বজরা নৌকাযোগে লোকজন অমাত্যবর্গসহ তাঁহাকে বাউফল পাঠাইলেন। তথাকার কর্মচারিগণকে মহিম বাবুর আগমন বার্ত্তা পূর্বেই জ্ঞাপন করা হইয়াছিল, আমলাগণ তদমুসারে প্রজামহলে ঘোষণাপূর্বক মহিমবাবুর আগমন বার্ত্তা জ্ঞাপন করিলেন। আমলাগণও উপযুক্ত ভাবে মহিম বাবুকে অভ্যর্থনা করার জন্ত প্রস্তুত হইলেন। যথা সময় তাঁহার বজরা বাউফলের কাছারী ঘাটে উপস্থিত হইল। আমলাবর্গ তাঁহার যথোচিত অভ্যর্থনা করিয়া শুভক্ষণে কাছারীতে উঠাইলেন।

্ৰু মহিম বাবুর "বজরা" বাউকল খাটে পৌছিয়াছে ভনিয়া বহু ভত্ত-

লোক ও প্রজার্ন্দ তাঁহাকে দেখিবার জন্ম ঘাটে উপস্থিত হইয়াছিলেন।
ন্মহিম বাব্ যথাসময় কাছারীতে উঠিয়া "৬ উদ্ধব সাহাঞীর" উদ্দেশ্তে
পদীতে প্রণাম করিয়া আসন গ্রহণ করিলেন। কয়েম মাস কাল
বাউফল ও বরিশাল প্রভৃতি স্থানে অবস্থান করিয়া বাড়ীতে আসিয়া
পৌছিলেন। মাতৃদেবীর আদেশামুসারে এবারও রাজেন্দ্র বাবৃকে
বাউফল যাইতে হইয়াছে। বাউফল গেলেই বিবিধপ্রকার আয়ের
সন্তাবনা, দিতীয়তঃ আমলাদিগের কাজকর্ম পরিদর্শন করা বিশেষ
প্রয়োজন; তাঁহারা একেবারে ভয়ভীতি শৃন্ত হইলে স্বার্থ পরবশ
ভইয়া মালিকের অনিষ্ট করিবেন ইত্যাদি কারণে রাজেন্দ্র বাবৃকে
পাঠান সর্বতোভাবেই কর্তব্য। মাতা ঠাকুরাণীর এই ধুক্তি
রাজেন্দ্র বাবৃ সঙ্গত বিবেচনা করিয়া কর্মক্ষেত্রে অবতীর্ণ ইইয়াছেন।

এতদিন পর্যান্ত নীলকণ্ঠ বাবুর জ্যেষ্ঠ প্তের কথাই সকলের নিকট বলিভেছি, এখন কনিষ্ঠ পুত্র দেবেন্দ্র বাবুর কথা জ্ঞাপন করিতেছি। দেবেন্দ্র বাবু বাল্যে পিতৃহীন হইয়াও মাতা ও জ্যেষ্ঠ ন্রাতার যত্নে কোন-রূপ অভাব অমূভব করিতে পারেন নাই। তিনি শৈশবাবস্থা হইতেই বড় চঞ্চল প্রকৃতি ও স্থির প্রতিজ্ঞ ছিলেন। দেবেন্দ্র বাবুকে কলিকাতা পাঠান হইল। তিনি সেখানে থাকিয়া তত্রস্থ স্থলে পড়েন বটে, কিন্তু লেখা পড়া শিক্ষার সঙ্গে সঙ্গে কলিকাতার চালচলন বিলাসিতাতে বেশ অভ্যন্থ হইলেন। দেবেন্দ্র বাবু শৈশব হইতেই দৃচ প্রকৃতি বিশিষ্ট ছিলেন; তাঁহার ইচ্ছার বিরুদ্ধে অন্তের যুক্তি তর্ক, বুদ্ধি কার্য্যকারী হইত না। ভাবগতি বুঝিয়া মাতা ও ল্রাতা দেবেন্দ্র বাবুর লেখা পড়া শিক্ষার জন্ত চেষ্টায় বিরুত হইলেন। দেবেন্দ্র বাবু কলিকাতায় বাস করিয়া বাবুগিরী বিলাসিতা প্রভৃতি বেশ শিক্ষা করিয়াছেন এবং কলিকাতায়্থ সমবয়ন্ধ অনেক রাজা মহারাজা বড় লোকের সহিত পরিচম্ম ও বন্ধ্ন হইয়াছে। কলিকাতায় বে বড় লোকের বাসন্থান, তাঁহার

সে ধারণা বেশ জন্মিয়াছে! তিনি সর্বাদা কলিকাতায় থাকিতে ভালবাসিতেন; বাড়ীতে বড় আসিতে ইচ্ছা প্রকাশ করিতেন না।
দেবেন্দ্র বাবু বাল্যকাল ও কৈশোর অবস্থা অতিক্রম করিয়া যৌবনেপদার্থণ করিয়াছেন। এ দিকে মাতা ও ভ্রাতা বিশেষ চেষ্টামুসন্ধান
করিয়া ঢাকা জিলার অন্তর্গত কলাকোপা নিবাদী গোবিন্দচন্দ্র সাহার
মুঞ্জরী স্থান্দরী নামী প্রমা স্থান্ধরী কলার সহিত দেবেন্দ্র বাবুর বিবাহের
সম্বাদ্ধ স্থির করিয়া ভাঁহাকে বাড়ী আনাইলেন।

এই বিবাহে ন,তাগীত ও বাছ প্রভৃতি নানা প্রকার আমোদ প্রমোদ বর্থেষ্ট হইয়াছিল। ইহা ব্যতিত লোকদিগকে ভোজন করাইবার বিশেষ বন্দোবন্ত, দরিদ্রকে অর্থ বস্ত্র দান প্রভৃতি বিবিধ প্রকার মশস্কর সং-কার্য্যাত্র্ছান হইয়াছিল। ১২৭৯ সালে দেবেক্সবাবুর শুভ পরিণয় কার্য্য মঞ্কী চৌধুরাণীর সহিত সম্পন্ন ইইল। তথাকার কার্যা স্থসম্পন্ন হইলে ৰববধুসহ দেবেক্স বাবু নির্দ্ধিল্লে বাড়ী আসিলা পৌছিলেন। নববঙ্ দর্শনে সকলেই সম্ভন্ন ইইলেন। দেবেন্দ্র বাবু বংসরের অধিক সময়েই কলিকাতায় বাদ করিতেন। দেবেন্দ্র বাবুকে বাড়ী রাথিয়া মাতা আনন্দময়ী বিষয় কার্য্যে প্রবেশ করার জন্ম বিশেষরূপে চেষ্টা করিয়াছেন: তাহাতে কোন স্থফল লাভ করিতে পারেন নাই। সংসারের এই ভীষণ ভার শিরে না লইয়া ইচ্ছানুসারে চলিতে পারিলে যে বিশেষ শান্তি, ভাহা দেবেক্স বাব বেশ বুঝিজেন। দেবেন্দ্র বাবু অনেক সময় বন্ধু বিশেষ লোকের নিকট-বলিতেন, "যখন দাদা ষ্টেটের কাজকর্মা দেখিয়া করিতেছেন, ইহার যথো আমি প্রবেশ করিলে হয়ত তাঁহার সহিত মতান্তর উপস্থিত হইয় অমূল্য প্রাকৃতাব নই হইতে পারে, অতএব আমার ইহার ভিতর প্রবেশ मा कराष्ट्र मक्क ।" जिस्म बायू क्रिकाणा श्राष्ट्रियाना अपी. वाडीएक বাৰিয়া নিজের ইক্ষানত বিদাবিতা ও বাচুগিরীতে সমতে বালিক বহ क्षेत्रका मात्र करिक्क नानित्त्रम् । सरका वृश्चिक्षक्ष्मका वातृ श्राक्षक मानित्

শরী বিশেষ চিন্তিত হইয়া ইহার প্রতিবিধান করে অনেকরপ চেষ্টা করি-লেন, কিন্তু কিছুফুেই দেবেক্স বাব্র গতিরোধ করিতে পারিলেন না । দেবেক্স বাবু মনের কুর্ভিতে দিন কাটাইতে লাগিলেন।

মহিমবাবু এখন ব্রদ্ধ পিতার উপর বৈষয়িক কার্য্য সম্পূর্ণ নির্ভর না করিয়া নিজেই বিষয় সুমুদ্ধীয় কার্য্য চালাইতে আরম্ভ করিয়াছেন। বিশেষ জটিল কার্য্য উপস্থিত হুইলে পিতার নিকট গিয়া পরামর্শ অস্তে কর্ত্তব্য স্থির করিয়া কার্য্য করিতেন। সাধারণের চকে বাইশ রশীর বাবুগুর রুড়ই স্থী বলিয়া পরিগণিত; কিন্তু ইহাদের সংসারে যে একটা গুরুতর অশান্তির স্চনা হইয়াছে তাহা বাহির হইতে অনেকেই অবগত নহেন। মহিম বাবু ও রাজেল বাবু উভয়েই অপুত্রকু ছিলেন এবং দেবেল বাবুর অকাল মৃত্যু হওয়ায় তাঁহার কোন স্ক্লানই জন্মে নাই। এই যে একটা গুরুতর অশান্তি তাহা অত্যে বৃদ্ধিবার শক্তি নাই। মহিম বাবুর মাত্র একটা কলা সন্তান জনিয়াছেন, তাঁহার নাম মুগুরী স্বন্দরী চৌধুরাণী, শুজুরী স্বন্ধরীর বয়স যথন বিবাহের যোগ্যা তথন নানা স্থানে উপযুক্ত পাত্রের অনুসন্ধানে লোক পাঠান হইল্ঞ্ মনতিবিলমে ঢাকা জিলায় ,জাফরগঙ্গ ( নয়া বাড়ী ) নিবাদী মেখনার্থ সাহার সহিত সুঞ্রী স্থন্দরী চৌধুরাণীর শুভ পরিণয় কার্য্য স্থান্সায় কুইল। মহিমু বাবু একটা প্ত সন্তানের জন্ম সমস্তই শৃতা বোধ করিতেছেন। পুত্রের ধ্যানাবস্থার মির্মান मिश्री वस निका देवक्रवाद् महिम वाव्दक मंडक देकात जातम अनान করিলেন। ভদস্পারে যথাবিধানে মহিমা চক্র রায় চৌধুরী মহাশ্ম ১২ বংসর বর্দ্ধ একটি দত্তক প্ত রাখিলেন, ঐ পুত্তের মহেন্দ্র নারায়ণ চৌধুরী নামকরণ হইল ৷ মহিম বাবু পিতার খাদেশাহ্সারে সংসার রকার জন্ম এই কার্য্য করিয়া তাঁহাকে অপত্য মেটে লালন পালন করিয়া ৰ্মিকা বিধানের ব্যবস্থা করিলেন।

বাবু বৈকুঠরাম রায় চৌধুরী মহাশয় এখন বার্দ্ধরা দশাতে পতিত

ইইয়াছেন। ১২৮৬ সালের ভাদ্র মাসে ৭৯ বংসর বয়সে উপযুক্ত পুলেরঃ হস্তে বিষয় সম্পত্তি সম্পূর্ণ অপণ করিয়া বাত রোগে বৈকুণ্ঠ বাবু পরলোক। গমন করিলেন।

ক্রনে মাদ পূর্ণ হইল, যথোপযুক্ত ব্যয়াদি করিয়া মহিমাবার পিতৃত্রাদ্ধ পশ্পর করিলেন। অবস্থান্থপারে এখন হইতে মহিমা চক্র রায় চৌধুরি মহাশার বিষয় কার্য্যে মনোনিবেশ করিতে আরম্ভ করিলেন। এখন উভয় হিস্তাতেই প্রাচীন কর্ত্তার অভাব; স্কৃতরাং ইহারা কি ভাবে ষ্টেট পরিচালন করিবেন সকলেই সে জন্ম চিস্তিত হইলেন। তখন উভয় হিস্তাতেই উপযুক্ত লোক রাথিয়া তাহাদের সহিত পরামর্শ করিয়া স্কচাক-রূপে ষ্টেটের কার্য্য চালাইতে লাগিলেন।

মহিনাচন্দ্র রায় চৌধুরী মহাশর বিশেষ বৃদ্ধিনান ও কৌশলী লোক ছিলেন, তাহার কৌশল ভেদ করা বড় সহজ নয। তাই তাহার নিকট অনেককেই পরাজয় স্বাকার করিতে হইত। তিনি বিশেষ যত্ন ও চেই। সহকারে যাবভীয় কাজ কম্ম পরিচালন করিতেছেন। পুত মহেলু বাবুকে লিখা পড়া শিক্ষার জন্তা বিশেষ যত্ন করিতে কথনও ক্রটা করেন নাই। তৎপর নাগরপুরনিবাসী রাধাকান্ত দালাল মহাশরের কন্তা শ্রংকালী চৌধুরাণীর সহিত মহেলু বাবুর বিবাহের সম্বন্ধ পির করিয়া ১২৮৭ সনে মানুর্গ্রাহ্মি আতি সমারোহের সহিত আমোদ প্রমোদ করিয়া বাইশরশী নিজ ধামে বিবাহ ক্রার্য্ক, সম্পন্ধ করাইয়া পর দিবদ দান দাতব্য করিয়া, লোকজনদিগকে বিশেষরূপে আহারাদি করাইয়া বিশেষ শান্তি লাভ করেন। মহেলু বাবুর বিবাহের পর এ প্রকার আমোদ উৎসবে আর কোন বিবাহ কার্য্যই এ পর্যন্তে বাইশরশী গামে হয় নাই।

মহিম বাব ও রাজেল বাব উভয়ের মধ্যে ভিন্ন ভাবের বা স্বার্থ-প্রতান বীজ অবগ্রই অঙ্করিত হইয়াছে, বর্ত্তমানে নানাকারণে মনো- মালিন্তের স্ত্রপাত হওয়য়, আলোচা বর্ষে এজমালীতে ৮শারদীয়া পূজা বন্ধ করিয়া পূথক পূথক ভাবে উভয় হিসায় পূজা করা হয়। আপাততঃ এ বংসর প্রত্যেক হিসায় কোনমতে পূজার কার্য্য চালাইলেন; তংপর এজমালী মণ্ডপ ও চিলছত্র ভাঙ্গিয়া পূথক পূথক হিসায় ছইটা পূজার তথালা মণ্ডপ ও চিলছত্র ভাঙ্গিয়া পূথক পূথক হিসায় ছইটা পূজার তথালা প্রত্যুক্ত করতঃ য়থালানে চণ্ডীমণ্ডপ দালান প্রস্তুত করাইয়া অক্তা শাহান বিশেষ নাট মন্দির, আমলাদের থাকার ঘর, পাকের ঘর, অতিব্য়া শারা ঘর, বৈঠকখানা দালান প্রস্তুত করাইয়া বাড়ী কত চিহ্নিত মতে কি বাহ্ করিয়া স্থায়ীভাবের প্রাচীর দেওয়া হইল। মহিন বার্ বরোজ্যেছ স্কর্মা তাঁচাকে সকলে বড় বার্ বলিয়া জানেন এবং তাহার ক্রিশ হকার্ছেছা। রাজেক্র বার্ আভ্রমের মধ্যে মধ্যম সেই হেতু তাহার্থিয়াল্জ বার্ ও দেবেক্র বার্ প্রকালিছ বিধায় তাঁহাকে ছোট বার বিধি ছাল বার্ ও দেবেক্র বার্ একারভুক্ত ছিলেন বলিয়া রাজেক্র বার্ও দেবেক্র বার্ একারভুক্ত ছিলেন বলিয়া রাজেক্র বার্ও দেবেক্র বার্ এক. হিস্তা বিধায় মধ্যম হিসাল আজ পর্যাস্ত চলিতেছে।

রাজেল বাবু প্রত্যেক ক্রের অগ্রহারণ মাসে বাউফল যাইরা বংসরের অধিক সময় তথায় নীকিট্রেন। দেবেল বাবু প্রাণ্ট কলিকাতা বাস করার নানারূপ অনিরমে তাহার স্বাস্থ্য ভঙ্গ হইবা ক্রমে কঠিন বাাধিতে আক্রমণ করে। কনিষ্টের প্রতার্গ বাারামের সংবাদ পাইরা রাজেল বাবু অত্যন্ত ব্যস্তভাবে কলিকাতা পৌছিলেন। তথন দেবেল বাবুর অবস্থা অতীব শোচনীয়, রাজেল বাবু ভাল ভাল ডাক্তার কবিরাজ আনাইয়া বিশেষ যজের সহিত চিকিৎসা কর্মইতে লাগিলেন; কিন্তু তাহাতে স্কুফল ফলিল না। দেবেল বাবু ১২৮৭ সনে ১৭ই ভাল ভারিখে ২৫ বংসর ব্যুসে অকালে কাল কবলে পতিত হইলেন। দেবেল বাবুর অকাল মৃত্যুতে রাজেলবাবু অত্যন্ত শোকাকুল হইয়া প্রিলেন।

দেখিতে দেখিতে মাসকাল পূর্ণ হইল, যথানিয়মে প্রাতৃ শ্রাদ্ধ অল্টান করাইয়া লাভ্বধু দারা ভাইয়ের শেষ কার্য্য সম্পন্ন করাইলেন।

১২৮৯ সনের চৈত্র মাসে ৩২ বংসর বয়সে রাজেন্দ্র বাবু হঠাৎ চক্ষ্পীড়ার আকান্ত হইয়া ভয়ানক অস্ত হইয়া পড়িলেন। মানসিক অশান্তিতে প্রায় বংসরকাল কাটিয়া গেল, এমন সময় স্থেহময়ী বৃদ্ধি । আনন্দময়ী চৌধুরাণী ১২৯০ সনের ১লা মাঘ তারিখে ইছধাখনতাগি করিয়া লোকান্তরে গমন করিলেন। রাজেন্দ্রবাবু যথাসং তেটাতার বর্গার্থে দান সাগর শ্রাদ্ধ করিয়া বহু ব্যয় বিধান করিলেন উরাজেন্দ্র বাবু কর্মান্দেত্রে অবতীর্গ হইলেন বটে, কিন্তু দৃষ্টিশৃল্ফি করি থাকায় আজ কাল মেজাজ বড়ই উগ্র এবং সর্মান্ট্র লোকের ও ক্রিন্তের উপর ক্লিছান হইয়া কার্যা চালাইতে আরম্ভ করিলেন ও

রাজেন্দ্র বাবু মনের ভাব গোপন রাখিয়া ব্রুজ করিতে বড়ই অভ্যন্থ ছিলেন। তাঁহার করনা, কার্য্য শেষ না হওয় প্র্যান্ত বড় প্রকাশ পাইত না। রাজেন্দ্রবাবু ভাতৃহারা হইয়া মনে যে অশান্তি পোষণ করিয়া আসিতেছেন, তাহা অব্যক্ত; এমকারুজ্মি ভাতৃবধূর কথা মনে করিয়া তিনি সর্বানা মিরমান অবস্থার নিল্মাণনি করেন। তাঁহাকে সান্তনা দিবার উপস্কুজ আর কিছুই নালা; যদি একটা দত্তক পুত্র রাখিয়া দেওয়া হয়, তবে তাঁহাকে লালন নিল্ন করিয়া কতকটা শান্তিতে থাকিতে পারিবেন বিবেচনায় ভাতৃবধূর অনুমতিক্রমে ১২৯৫ সনের ২৬শে মাদ তারিকে নথাবিধানে একটা দত্তক পুত্র রাখিয়া দেন, ঐ দত্তক পুত্রের নাম দক্ষিণারঞ্জন রায় চৌধরী রাখা হইল। রাজেন্দ্র বাবুর ঘরে এপর্যন্ত কোন পুত্র সন্তান জন্মে নাই, ভাগ্যক্রমে তিনি ক্রমান্তরে পাঁচটা কন্যা সন্তান লাভ করেন। এ জন্ম তিনি সর্বান্থ একটা অমান্তবিক চিন্তাং সিন্তিত থাকিতেন। অবস্থান্থসারে তাঁহার আর কোন পুত্র সন্তান হওয়ের কোনই সন্তাবনা নাই। কাজে কাজেই রাজেন্দ্রবাবুকে

বাধ্য হইমা প্রাত্রন্তরের পথ অনুসরণের আবশুক হইয়াছে। রাজেন্দ্রবাব ইহা বৃঝিতে পারিয়াছেন, "আমাদের তিন ভাইয়ের মধ্যে একজন নিংস্স্তান, দাদার একটামাত্র কন্তা সন্তান; আমারও কয়েকটামাত্র ক্সা সন্তান জুনিয়াছে. ইহার মধ্যে যখন একটাও পুত্র সন্তান জুনিল না তথন আমাকেও অপুত্রক হইতে হইবে, আমাদের বংশে বোগ হয় আর পুত্র সন্তান জন্মিবে না; অতএব শীঘ্রই পরিণামের বিধান করা কর্ত্তব্য।" এই বৃদ্ধি স্থিরকরতঃ ১৩০০ সনের ২০ শে চৈত্র ভারিখে রাজেন্দ্র বাবু এক দত্তক পুত্র গ্রহণ করিলেন, এই পুত্রের রমেশচন্দ্র রায় চৌধরী নামকরণ করা হইয়াছে। দক্ষিণাবারু ও রমেশবারুকে বিশেষ যত্ন সহকারে লালন পালন করিয়া বিভাভ্যাসের জন্ম উপয*্*ন তুইজন মাষ্টার রাখিয়া লেখা পড়া শিক্ষার বিধান করিয়া দিলেন ! তথন বাটার দক্ষিণ দিকের পুষ্করিণীর উত্তর পূর্ব কোণ প্রাচীর দারা ঘিরিয়া একটা দালান ও কয়েক থানা পাকা ভিত্তি বিশিষ্ট খর প্রস্তুত করাইয়া একটা সংকামনা পূরণার্থ বিশেষ ব্যস্ত চইয়া পড়িলেন!

১০০১ সনে রাজেন্দ্র বাবু সেই সংকামনার উৎসর্গ করেন। রাজেন্দ্র বাবু ইতিপূর্বেই কাশাতে লোক পাঠাইরা পাধাণ মৃতিতে একথানা রুষ্ণ এবং অষ্ট্রধাতু নির্দ্ধিত একথানা রাধা মৃতি আনিয়া রাথিয়াছিলেন, তৎসময় বিশেষ যত্ন সহকারে লক্ষ্মী নারায়ণ চক্র বিশিষ্ট একটা শালগ্রাম বিগ্রহও সংগ্রহ করিয়াছিলেন, আজ শুভক্ষণে উক্ত স্থানে এই সমস্ত বিগ্রহ প্রতিষ্ঠা করিয়া নিত্য সেবা প্রজার বিধান করিলেন। এই যুগল মৃত্তি দেখিতে অতি মনোম্প্রকর; ৮খাম রায় নামে এই বিগ্রহ অভিহিত ইইয়াছেন। নিত্য সেবা পূজার জন্ম, ঠাকুর চাকর নিযুক্ত করিয়া সন্ধ্যা আরতির জন্ম একজন কীর্তনীয়া ঠিক করিবেন। অন্তাপিও উক্ত শ্যাম রায়ের সেবা রীতি-

মত চলিতেছে। এই ঠাকুর বাড়ীটা নির্মাণের পর রাজেন্দ্র বাবুর বাড়ীর সৌন্দর্য্য বিশেষ পরিবদ্ধিত হইয়াছে। রাজেন্দ্র বাব এই ৺খামরায় বিগ্রহ স্থাপন করিয়া বিশেষ শান্তিলাভ করিয়াছেন, কিন্তু নিজ চক্ষে দর্শন না করিয়া মনে যে অশাস্তি তাহা জীবিতকাল প্রয়ন্ত ভোগ করিলেন। ইতিমধ্যে ক্রমে তিনি যে কয়েকটা কলা সন্তান লাভ করিয়াছিলেন, যথাকালে তাঁহাদের যোগা পাত্রস্থ করিয়াছেন। তাকা জেলার অন্তর্গত মামুদপুর গ্রামনিবাদী বাবু হৈলোক্য নাথ শাহার সহিত বড় কন্তা শ্রীমতি সরলা স্থন্দরীকে, ফরিদপুর জেলার অন্তর্গত খোলাবাড়ীয়া গ্রামনিবাসী বাবু কেদার নাগ দেশমুখ্যর সহিত দিতীয় কন্তা শ্রীমতি সরোজিনীকে; ময়মন্সিংহ জিলার নাগরপুর গ্রাম নিবাসী এীযুক্ত বাবু রাধিকালাল সাহা চৌধুরীর সহিত **তৃতী**য় কন্তা শ্রীমতি শরংকুমারীকে, ঢাকা জিলার কলাকোপা গ্রাম নিবাসী বাবু অথিলচক্র পোদারের সহিত চতুর্থ কলা জীমতি গিরিবালাকে ও মামুদপুর গ্রামনিবাদী বাবু শিরিশচক্র চৌধুরীন স্থিত পঞ্চম কলা শ্রীমতি চার বালাকে বিবাহ দিয়াছেন। এই পাচটা কন্তার বিবাহ দিতে রাজেব্রবাব যথোপগক্ত ব্যয় বিধানে কিছু-মাত্র ক্রটি করেন নাই। যে যে ঘরে কন্তা বিবাহ দিয়াছেন তাঁহাদের কাহার অবস্থাই মন্দ নয়; সকলেই নিজ নিজ বাড়ীতে স্থাথে স্বচ্ছলে সংসার করিতেছেন। ইহাদের মধ্যে দিতীয় কন্তার স্বামী গ্রহে শাশুডী প্রভৃতি অন্ত পরিজনের অভাব হেতু বিবাহের কিছুদিন পর হইতেই অধিক সময় পিত্রালয়ে থাকিতেন, জামাতা কেদার বাবু খণ্ডর স্বাণ্ডড়ীর বত্বে অধিক সময় বাইশ্রণা খণ্ডর বাড়ী বাস করিতেন। কেদার বাব শিষ্ট-শাস্ত বুদ্ধিমান লোক; চেহারাটা অতি ফুলর, নির্মাল ও চরিত্রবান বলিয়া রাজেন্দ্রবার ইহার প্রকৃতিবশে অপত্যবৎ স্লেহে সর্বাদা নিকটে নিকটেই রাখিয়াছেন।

রাজেলবাবু ৩২ বৎসর বয়সে চক্ষুরত্ব হারাইয়া তদবস্থায় প্রায় ২৮।১৯ বংগর কাল দেশে বিদেশে বিষয় সম্বন্ধীয় যাবতীয় কাজ কর্ম অতি অশুজ্ঞালার সহিত চালাইয়া স্টেটের সর্ব্বপ্রকার উন্নতি সাধন করিয়া িয়াছেন। তিনি বিশেষ দৈবশক্তিসম্পন্ন লোক ছিলেন, ভাহার অনুমাত্র সন্দেহ নাই। বাড়ীতে মধ্যম হিস্তার ১ম দেওৱান গুরু চরণ রায়ের অভাবে রাধানাথ ঘোষ দেওয়ানজী মহাশয় অনেকদিন যশের পহিত কাজ করিয়াছেন, অতঃপর অনেকেই আসিয়া কাজ করিয়াছেন: কিন্ত কেহট দীৰ্ঘকাল হাগ্ৰী হইতে পারেন নাই। দেওয়ান পদে উপযুক্ত লোক থাকা স্বত্বেও রাজেন্দ্র বাবু তাঁহাদের উপর নির্ভর করিয়া পাকেন নাই, নিজেই স্বিশেষ অবগত হইয়া অবস্থা নির্জিণেষে, শমস্ত কার্য্য করিয়াছেন। রাজেক্রবাবু বৃদ্ধিবলে বিষয় সম্বন্ধীয় কার্য্যে শ্রষ্থান অধিকার করিয়াছিলেন এবং অসাধারণ বিষয় বন্ধিবলে ভাষার হাতে পরিচালনার জন্ম নাত সম্পত্তির বৃদ্ধি করিয়া গিলাছেন। ভাষার অভিক্রতা কার্যা প্রণালী বিষয়ী লোকদিগের পক্ষে বিশেষ আদর্শ স্বরূপ, দেওয়ান হইতে নিমে চাকর চাকরাণী পর্যান্ত কাচ্যকেও তিনি সম্পূর্ণ বিশ্বাস করিয়া স্বীয় কর্ত্তব্য কার্য্যে বিরত হইতেন নাঃ সকলের কাজের প্রতি তাঁহার তীব্র কটাক্ষ সর্বাদাই পরিচালিত হুইত ' ভাষার সেই কৌশল-জাল ভেদ করিয়া কেইই নিজ স্বার্থ সিদ্ধি মান্ত্রে কুপথে যাইতে সাহ্দী হইত না। অনেক আই, এ, বি, এ, পাশ সদক দেওয়ান থাকিতেন বটে, তাঁহারাও অনেক সময় রাজেরবাবর কার্যা কৌশল দেখিয়া অবাক হইয়াছেন। রাজেক্রবার দেকালের. পাঠশালায় গুরু মহাশয়ের ছাত্র, কিন্তু তিনি স্বীয় যতু বলে অধ্যবসাম গুণে বাঙ্গলা ভাষায় বিশেষ অধিকার লাভ করিয়াছিলেন : তাঁহারে আলাপ ও চিঠি পত্রের মুসবিদা শুনিলে তিনি যে কি পরিমাণ বিশ্বান ভাষা কেহ ব্ঝিতে পারেন নাই। তাঁহার অভত স্থরণ শক্তি ছিল্। এটা ভগবানেরই বিধান; চক্রবিন্তিয়ের অভাব হওয়ার পরই এমত অসাধারণ স্বরণ শক্তি হয়। রাজেন্দ্রবার্ এমন কোন বিষয় যাহা কর্মচারিগণ কাগজ পত্র অমুসদ্ধান করিয়া বাহির করিতে অক্ষম হইয়াছেন, তাহা মৌথিক বলিয়াছেন, অনুক সনের অত তারিখের কাগজে লেখা আছে আপনারা তাহাই দেগুন। সতাই সেই বিষয় তঃ কালীন কাগজে পাওয়া গিয়াছে। রাজেন্দ্রবাব্র হৃদয়ে যথেষ্ট মায়া মমতা ছিল, যদিও তিনে অত্যন্ত কড়া মেজাজের লোক তথাপি তিনি গরিবছঃখী বা বিপন্ন লোকদিগকে উপযুক্ত ভাবে দান করিয়াছেন। তাঁহার অলাধিক সকল বিষয়েই বেশ অধিকার ছিল। তিনি গান বাদ্য খোশ গল্পপ্রে ছিলেন। তিনি অধীনম্ব কর্মচারী দিগের মধ্যে ভাল মন্দ বিচার করিয়া যথোপযুক্ত প্রস্কার দিতেন, মোট কথা তাঁহার নিকট কার্যাক্ষম লোকের বিশেষ আদর ছিল। আমলাদিগের প্রতি তিনি উপযুক্ত স্থান দেখাইয়া লোকের নিকট আদরণীয় ও আদর্শ ছিলেন।

রাজেন্দ্রবাব্ যদিও এত কড়া মেজাজের লোক ছিলেন, কিন্তু ইহার মধ্যে সময় বুঝিয়া উপযুক্ত কোন লোকে কোন উচিত কথা তাঁহাকে সাহস করিয়া বলিলে তাহাতে তিনি অসম্ভই হন নাই, তাঁহার নিকট ভায়বাদী লোকের যথেষ্ট সম্মান ছিল।

অনেক সমা বিষয় সম্বন্ধীয় কার্য্য লইয়া মহিম বাবুর সাহিত্ত ভীষণ সভ্যর্য উপস্থিত হইত। তথা প্রত্যেকেই স্বকার্য্য সাধনাথে পরম শক্রর স্থান অধিকার করিয়াছেন। কিন্তু তাহাতে তাঁহানের জ্বদয়ের ক্ষেত্র ভাল কথনও বিনষ্ট হয় নাই; সময়াভরে প্রয়োজন বশতঃ রাজেক্রবাবুর সহিত সাক্ষাৎ পরামর্শ আবেশ্রক হইলে মহিম বাবু সংবাদ পাঠাইয়াছেন। বড় দাদা আসিতেছেন ভনিয়া রাজেক্রবাবু ব্যস্তভাবে দাদার বিস্বার জন্ম ভাল একথানা চেয়ার আনাইয়া

প্রিকার করাইয়া রাথিয়াছেন এবং লোক দাঁড় করাইয়া রাথিয়াছেন, বেন দাদা আসিবামাত্র তাঁহাকে থবর দেয়। তদফুসারে দাদা আসিতেছেন সংবাদ পাওয়ামাত্র রাজেক্রবাবু আসন ত্যাগ করিয়া-দাণাইয়া রহিয়াছেন। মহিম বাবু আসিয়া চেয়ারে বসিয়া বলিয়াছেন, "রাজেন্দ্র। আমি বসিয়াছি, তুমি ব'স।" তথন চাকরে শাণের উপর একখানা ভোয়ালে বিছাইয়া দিয়াছে, রাজেন্দ্রবাবু দাদার নিকট চেয়ারে না বসিয়া সেই নিয়াসনে উপবেশন করিয়া যথারীতি আলাপ করিয়াছেন। মহিম বাব একটু "স্থচী বায়ু গ্রস্ত" লোক ছিলেন, তিনি কাহারও আসনে বসেন না, কাহার হুকায় তামাক থান না। তাই বাজেল বাব দাদার জন্ম স্বতন্ত্র হকা ও বসিবার আসন রাথিয়াছিলেন, দাদার সহিত আলাপ করিতে তিনি কথনও মুথ তুলিয়া কোন কথা বলিতেন না। অতি নুমুভাবে বিনয়াবনত মন্তকে যথারীতি আলাপ করিয়া যে কথা হয় উত্তর দিয়াছেন। এইভাবে উভয়ে কথোপকথন হু হ্যাছে, তাহা সন্দর্শনে লোকে বলিয়াছে "এ আবার কি ভাব, তবে ব্রথ মনের গোল মিটিয়াছে।"

সাধারণ লোকে তাঁহাদের মনের ভাব উপলব্ধি করিতে পারিত না, তাঁহারা সর্কবিষয়ে যে আদশ পুরুষ ছিলেন তাহার বিশুমাত সন্দেহ নাও। ছটের দমন ও শিষ্টের পালন, স্বধর্মে বিশ্বাস, দেব ছিজে ভক্তি, সংকাগোঁ প্রবৃত্তি বিষয় সম্বন্ধে বৈষয়িক কার্য্যকৌশল ইত্যাদি তাঁহারাই সমস্ত প্রদর্শন করিয়া গিয়াছেন। পরবর্তীদিগের জন্ম যেমন ধনসম্পতি রাথিয়া গিয়াছেন, রীতিনীতিও তেমন সন্ধিত রহিয়াছে। উপযুক্ত ব্যবহার কারতে পারিলে কিছুরই অভাব নাই। ইহাদের রীতিনীতি-কার্য্যকৌশল যাহারা শিক্ষা করিতে পারিয়াছেন, তাঁহারাও বর্ত্তমান সময়ে আদশ স্কর্মপ। রাজেন্দ্র বাবু কামিনী স্কন্দরী চৌধুরাণীর সহিত উপযুক্ত দাম্পত্য প্রেণয়ে বিশেষ স্থী ছিলেন। পতিপরায়ণা কামিনী স্কন্দরী চৌধুরাণীঃ

্য পতিদেবা গ্রীজাতির পরম ধর্ম, সেই মহাব্রতে সর্মদা আত্ম সমর্পণ করিয়াছিলেন, স্বতরাং রাজেন্দ্র বাবু তাঁহার যত্নে স্থথেই জীবন কাটাইয়া ছেন। সংসারে স্ত্রী স্থাশিকিতা হইলে বড়ই স্থের কারণ হয়, অভএন প্রীকে স্বামীর শিক্ষা দেওয়া একাস্ত কর্ত্তব্য মনে করিয়া রাজেক্স বারু অনেক সময় কাজ কর্মের বিষয়ে সহধ্মীণীর সহিত নানারূপ প্রাম্শ করিয়াছেন। রাজেল বাবু বড়ই খাইয়ে লোক ছিলেন, তাঁহার সহধর্মিণী নানারূপ নিত্য নৃতন থাবার জিনিষাদি স্বামীর ফরমাইস মঙ তৈয়ারী করাইয়া তাঁহাকে খাইতে দিতেন, এইরূপে অনেক কাল কাটিনা গেল, হঠাৎ রাজেন্দ্রবাবু জর ও উদরাময় রোগে ক্রমে আক্রান্ত হইয়া শ্ব্যা শায়ী হইয়া পড়িলেন। নানা দেশের বড় ডাক্তার কবিরাজগণ আনাইয়া চিকিৎসার বন্দোবস্ত করা হইল; কিন্তু তিনি নিজে বড়ই স্বাধীনচেতঃ লোক বলিয়া আহারাদির বড়ই অনিয়ম হইত, নিজের ইচ্ছামত নানা প্রকার ফরমাইণ দিয়া পূর্ব্ববং আহার করিতে ইচ্ছা করিতেন, কাঙ্গেও ভাহাই করিতেন, কবিরাজ চিকিৎসকগণ এ বিষয়ে প্রতিবাদ করিলে তাঁহাদিগকে বলিতেন, 'মহাশ্য় ! আমি যদি ইচ্ছামত আহারাদি করিতে না পারি, তবে আপনাদের এত অর্থ কেন দেই বলুন দেখি? এ বৃথি আমার বৈছদণ্ড, নয় কি?" ইত্যাদি কারণে চিকিৎসায় ব্যারামের কোন উপশমই হইল না। রাজেন্দ্র বাবুর শরীর ক্রমান্বরে কুশ ও চৰ্মল হইয়া ব্যাধি ক্রমেই স্বল হইয়া দাঁড়াইল। অবস্থামুসারে আরও বিজ্ঞ চিকিৎসক আসিয়া চিকিৎসা আরম্ভ করিলেন। অনেক দিন পর্যাস্ত জ্বর ও উদরাময় রোগে ভূগিয়া তাহাতেই শোথ পর্যাস্ত উঠিয়াছে। ্রোগের গতি থারাপ দেথিয়া চিকিৎসক্গণ সাবধান হইয়া পথ্যাপথঃ निएक विराध नियम निष्नांत्रण कत्रितना. किन्न छेष्ठभ थोटेरना वरहे. রাজেন্দ্র বাবুর পথ্যাদির নিয়ম ঠিক মত চলিল না! তাঁহার চিকিৎসা -করিতে গিয়া চিকিংসকগণের মতবিরুদ্ধে পথ্যাদির ব্যবস্থায় অর্থাৎ

রোগার ইচ্ছামত পথ্যের ব্যবস্থা বিধান দেখিয়া চিকিৎসকগণ বলাবলি করেন যে, রাজেল্র বাবুর নিয়তি কাল নিকটবর্তী হইয়াছে, ইহাকে খারোগ্য করা মনুষ্য শক্তির অতীত। এই বলিয়া অনেকের মন দমিয়া গেল। অবস্থা দৃষ্টে বন্ধু বান্ধব সকলেই বৃঝিলেন এ যাত্রায় তাঁহার পরিত্রাণ নাই। রাজেজ বাবু বেশ ব্ঝিতে পারিয়াছেন. আমার ঐহিক রাজত্বের মেয়াদ শেষপ্রায় হইয়াছে; স্নতরাং চিকিৎগায় দেই মেয়াদ বুদ্ধি হইবে না। অতএব তাহার জ্ঞ এখন শামার প্রস্তুত হওয়া কর্ত্তব্য। রাজেব্দু বাবু মনে মনে এই বিষয় সিদ্ধাস্ত করিয়া স্থাবর-অস্থাবর ধন সম্পত্তি সম্বন্ধে একথানি পত প্রস্তুত করিলেন। কনিষ্ঠ ভ্রান্তা দেবেন্দ্র বাবুর মৃত্যুর পর তাহার শ্বী মৃদ্ধুরী স্কুদরী চৌধুরাণী পুণকান্ন হইয়া অস্থাবর সম্পত্তি এবং বাড়ি গর দালান কোটা বিভাগ করিয়া লইয়াছেন। স্বতরাং নিজাংশের বিধি বিধানে বিশেষ কোন বেগ পাইতে হইল না। সম্পত্তির ভাবি উত্তরাণিকারী পূত্র বাবু রমেশ চন্দ্র রায় চৌধুরী নাবালক থাকা প্রযুক্ত সহধর্মিণী কামিনী স্থলরী চৌধুরাণী জীবিত কাল পর্যান্ত ষ্টেট তাহার কর্ষাধীনে থাকিবে, কলা জামাতা প্রভৃতির জল্ল মথাযোগ্য ব্যবস্থা করিলেন, তাহা চরম পত্রে সলিবেশিত করিয়া উইল সম্পন্ন করতঃ কিছু দিন পর ঐ ব্যারায়ামে রাজেক্র বাবু বিশেষভাবে আক্রান্ত হইয়া ১৩০৭ সনের ২৬শে ফান্তুন ভারিথে সংসারের মহামায়া পরিত্যাগ পূর্বক পরলোক গমন করিলেন।

7

1

মহিম বাবু ভাতৃবধূকে নানারপ প্রবোধ দিয়া সাস্থন। প্রদান করিলেন। ক্রমে চৌধুরাণী দৈর্যাবলম্বনে সমর্থ হইয়া সংসারের কাজে নিবিষ্ট হইলেন। ক্রমে দিনের পর দিন কাটিয়া গেল, এক মাস যাবং রাজেল বাবু পরলোক গমন করিয়াছেন। কামিনী স্করী চৌধুরাণী মহিম বাবুর সহিত পরামর্শ ক্রমে এদিকে যথাসাধ্য যোগাড় করিয়া

নির্দিষ্ট সময়ে স্বামী দেবের স্বর্গার্থে রূপার ষোড়শ করিয়া দান সাগর শ্রাদ্ধ করিলেন। এই শ্রাদ্ধে বহু দেশ বিদেশের পণ্ডিত ব্রাহ্ধণ উপস্থিত ছিলেন। ভগববৎ রূপায় অতি স্থশুখালরূপে এই শ্রাদ্ধ কার্য্য স্ক্র্যান্থিল। এইরূপ শ্রাদ্ধ ইতিপূর্ব্বে দেখা যায় নাই।

কামিনী স্থলরী চৌধুরাণী জীবনের চির সহচর হারাইয় ভগ্নোংসাহ হইয়া পড়িলেন; এদিকে এই বিপুল সংসারের ভীষণ ভার তাঁহার শিরে মন্ত হওয়ায় তিনি শোক বিহ্বল হইয়াও উদাদ-ভাবে থাকিতে পারিলেন না। সংসারের বিবিধ প্রকারের বৈষয়িক কাজকর্ম্মের চিস্তা তাঁহার কোমল সদয়কে অধিকার করিল!

এই বিপুল ষ্টেটের সমস্ত কার্য্য আজ হুইটা স্থ্রীলোক দারা পরিচালিত হুইবে। এটাও ভগবানের এক বিচিত্র লীলা। কামিনী স্থানরী ও মুগুরী স্থানরী চৌধুরাণী উভয়ে পরামাণ করিয়া উপযুক্ত লোক রাথিয়া ষ্টেটের যাবতীর কাজ চালাইয়া ষ্টেট রক্ষা করিতে লাগিলেন। এদিকে নাবালক দক্ষিণা বাবু ও রমেশ বাবকে রীতিমত বিছা ভ্যাসের উপযুক্ত ব্যবহা করিয়া দিলেন। জামাতা কেদার নাথ দেশ-ম্থ্য মহাশয় এই সময় অনেক বিষয়ে ষ্টেটের কার্য্য পরিচালন সম্বন্ধে সাহার্য করিতেন। তথন দক্ষিণা বাবুর মাতুল হারাণ চক্র সাহা মহাশয় আসিয়া তাহার ষ্টেট রক্ষা করিতে লাগিলেন। এই সময় কর্ত্রীদিগের পূর্ব্ব পরিচিত রজনী কান্ত মজ্মদার দেওয়ান পদে নিযুক্ত হইয়া স্তায়পক্ষে সমতা রক্ষা করিরা ষ্টেটের কার্য্য করিতে লাগিলেন। এইরতে লাগিলেন। এইরতে লাগিলেন। এইরতে লাগিলেন। এইরতে লাগিলেন। এইরতে লাগিলেন। এইরতে প্রিটিত রজনী কান্ত মজ্মদার দেওয়ান

ষৌবনের প্রারত্তে কর্মদোষে মুঞ্জুরী স্থলরী চৌধুরাণী পতি হারাইয়া মানসিক অশাস্থিতে ভোগ বিলাগিতা সমস্ত ত্যাগ করিয়। হগানিয়মে জ্যোতিধর্ম প্রতিপালন করিয়া জীবন কাটাইয়া গিয়াছেন।

এই কারণে ভিনি স্ত্রী জাতির মধ্যে আদর্শস্থানীয়া; তাঁহার নানারপ সদ্ভণে তিনি রমণী কুলের শীর্ষ স্থান অধিকার করিয়াছেন। তাঁহার जाठातिनष्ठी, मान, माठवा, त्यर गमठात्र कथा अनितन मकतनत झमराप्रे তাঁহার প্রতি ভক্তির সঞ্চার হয়। তিনি পৃথক হইয়াও রাজেন্দ্র বাবুর অমতে কখন কোন কাজ করেন নাই। অনেক কাজে-ভাণ্ডরের সন্মান রক্ষার জন্ম নিজে ত্যাগ স্বীকার করিতে কৃষ্ঠিত হন নাই। সকলের সঙ্গে মিশামিশি হইয়া শান্তভাবে থাকাই তাহার প্রকৃতি ছিল। ভাশুর জায়ের সহিত তাঁহার বেশ সন্থাব ছিল, তিনি কা মনী স্থলরী চৌধুরাণীকে আপন ভগ্নীর মত ভক্তি করিতেন। মঞ্রী স্করী চৌধুরাণী পুত্র দক্ষিণা বাবৃকে লালন পালন করিয়: বিভা শিক্ষার জন্ম উপযুক্তভাবে যত্নের কোন ত্রুটী করেন নাই। দক্ষিণা বাবু বিশ্ববিভালয়ের কোন উপাধিধারী না হইলেও স্বীয় জমিদারী পরিচালনা করিবার মত শিক্ষা লাভ করিলেন। মুগুরী স্থানরী অনেকদিন হইতে সংসারে ক্সার অভাব বোধ করিয়া আসিতেছিলেন, তাই পুত্র বধূদের আনিয়া সে অভাব পূরণে যতুবতী হইলেন এবং হুয়াজানী গ্রামনিবাসী যোগেল চৌধুরীর কন্তা শ্রীমতী হেমনলিনী চৌধুরাণীর সহিত দক্ষিণা বাবুর বিবাহের সম্বন্ধের কথাবার্তা ঠিক করিয়া ১৩০৮ সনের ১২ ফাল্লন তারিথে বাইশরশী ধামে অতি সমারোহের সহিত শুভ পরিণয় কার্য্য সম্পন্ন করাইলেন। নববধূ গৃহে আনিয়া চৌধুরাণী মনের আনন্দে নববণুসহ জীবন যাপন করিতে লাগিলেন এবং নানা স্থানে লোক পাঠাইয়া স্থপাত্রী অবেষণ পূর্বক ঢাকা জিলার সাভার গ্রাম নিবাসী বাবু ক্ষ্ণচন্দ্র সাহা মহাশয়ের কন্তা শ্রীমতী ষোড়শী বালা চৌধুরাণীর সহিত সম্বন্ধ স্থির পূর্ব্বক ১৩১০ সনের ৮ই ফাল্কন তারিখে কলিকাতার গদী বাড়ীতে র:মশের শুভ পরিণয় কার্যা সম্পন্ন করাইলেন। কামিনী

স্বন্ধরাও পুত্রের শিক্ষা বিষয়ে অমনোযোগী ছিলেন না, এবিবরে ঠাহার চেষ্টা বত্তের ক্রটী হয় নাই, কিন্তু একে একে সমস্ত কস্তাকে পাত্রস্থা করিয়া তিনি বধু ঘারা সে অভাব পূরণে অভিলায়ী হইলেন।

রাজেন্দ্র বাব্র মৃত্যুর পর হইতে সকলের সমবেত চেষ্টায় শাসন সংরক্ষণ এবং বার্ধিক ক্রিয়া কার্য্য সমভাবেই চলিতেছে। দেবার্চনাদি বার্ধিক ক্রিয়া এজমালীতে হয়; কিন্তু এক এক বংসর এক এক হিস্থারও তত্ত্বাবধানে থাকে। এই প্রকারে ভগবং রূপায় কাজ কর্ম্ম স্বশৃষ্টাল ভাবেই চলিয়া আদিতেছে।

মাইম বাবু বড়ই সৌখীন লোক ছিলেন, তাঁহার যত কার্যা, ঠাঁহার মনোমত না হইলে পূন: সেই কর্ম যথাযথভাবে না করিরা ক্ষান্ত থাকেন নাই। ১৩০৭ সালে তিনি একটা মনোরম্য স্থলর চণ্ডীমণ্ডপ দালান প্রস্তুত করাইয়া তাহাতে কাচদারা নানা প্রকার কারুকার্য্য করিয়া সৌন্দর্য্য বৃদ্ধির জন্ম কলিকাতা হইতে নানা রঙ্গিন কাচ এবং উপযুক্ত রাজ মিন্ত্রী আনাইয়া যথা সময় মনোমত দালান প্রস্তুত কার্য্য শেষ করিয়া অতি আনন্দে উৎসাহের সহিত চর্গোৎস্থ পুজা করিলেন, তাহাতে মহামায়ার কুপায় একটা উদ্বেগ শান্তি হইল বটে, কিন্তু মহিম বাবুর আর একটা উদ্বেগ হৃদয়ে একাল যাবং পোবণ করিয়া আসিতেছেন, কি ভাবে কোন কার্য্য ছারা তাঁহার শাস্তি হইবে তাহাই সর্বাদা চিন্তা করেন। মহিম বাবু বড়ই মাতৃভক্ত ছিলেন, মায়ের বিনা অনুমতিক্রমে কথনও কোন কার্য্য করেন না। বুদ্ধা বৃদ্ধিমতি মা পুত্রের আবদার রক্ষার্থে অনেক সময় এত বাগ্র হইতেন যে, তাহা বলিয়া শেষ করা যায় না। একদিন মহিম বাবু বড়ই মৌনভাবে আহার করিতেছেন, মাতা কাছে বসিয়া মহিম বাবুর মুখ ম্লান দেখিয়া বলিলেন "মহিম! আজ ভোমার চেহারা এত বিষৰ্ষ কেন? আমি কখনই তোমার এমন ভাব দেখি

নাই, ব্যাপার কি বল ত ?" তখন মহিম বাবু বলিলেন "মা! আমি ভোষাকে না বলিয়া কোন কার্য্য কখনই করি না। স্ববশ্র ভোষার নিকট সমস্ত বলিব। 'মা। রাজেন্দ্র নিতা দেব সেবার বিধান করিয়া ঠাকুর বাড়ী প্রস্তুত করত: ৮শ্যাম রায় বিগ্রহ স্থাপন করিয়াছে, আমি তোমার নামে উৎসর্গ করিয়া সাধারণের উপকারার্থে কোন কার্য্য করিতে ইচ্ছা করি, এখন তোমার অমুমতি অপেকা মাত্র।" মাতা এই কথা ওনিয়া জিজাসিলেন, কেমন কার্যা করিবে তাহা খোলশা করিয়া বল উভ্তরে মহিম বাবু বলিলেন. 'মা। আমি ভোমার নামে একটা দাতব্য চিকিৎসালয় খুলিতে ইচ্ছা করি।" ইহা ভুনিয়া মাতা বলিলেন, বাবা মহিম। সামাদের দারত জনৈক কবিরাজ আছেন, আবার চিকিৎসাল্যের দরকার কি; তাহা ব্রিয়া উঠিতে পারি না। তচ্নত্তরে মহিম বাব বলিলেন, কবিরাজ দারা আমাদের গরীব প্রজা সাধারণের চিকিৎসা হয় না, কভশত লোক এদেশে অচিকিৎসায় মৃত্যুমুখে পতিত হয়, প্রত্রত্তর সাধারণে যাহাতে উপকার পায় এমত কার্য্য করিতে হইবে। মাতা জয়কিশোরী চৌধুরাণী ভাল মত উদ্দেশ্য বুঝিতে পারিয়া অমুমতি দিলেন, "তোমার খাহা ভাল বিবেচনা হয় কর!" মহিম বাবু তথন যে কত আনন্দ অন্তভব করিলেন, তাহা বলিয়া শেষ করা যায় না।

মহিম বাবু এই অভিপ্রার জিলার ম্যাজিট্রেট সাহেব বাহাত্রকে দরখাতে জানাইলেন, সাহেব অতি আদরের সহিত তাহার প্রাথনা মঞ্র করিয়া অবিলম্বে সিভিল সার্জনের নিকট পাঠাইয়া ইহার বন্দোবস্ত করিতে আদেশ দিলেন। সিভিল সার্জন যথারীতি বন্দোবস্ত করিয়া মহিম বাবুকে স্বিশেষ জানাইলেন, তদমুসারে মহিম বাবুর বাড়ী হইতে অন্তিদ্রে ডাক্তারখানার জন্ম একখানি বড় রক্মের ভাল টানের ঘর এবং ডাক্তারের থাকার জন্ম উপযুক্ত বাসাবাড়ী ও তংগংলগ্ন একখানা

শ্বপারেশন ঘর উঠাইয়া পাকা ভিত্তি করাইয়া তৎসংলগ্ন দক্ষিণে পানীয় জলের অভাব হেতু এক সী পৃক্রিণী কাটাইয়া যথারীতি পাকা ঘাট শ্বস্তুত করতঃ ১৩১০ সনে মাতা "জয় কিশোরী দাতব্য চিকিৎসালয়" নামে এক দাতব্য চিকিৎসালয় খুলিয়া উপযুক্ত এম, বি. ডাক্তার রাথিয়া সাধারণের চিকিৎসার বিশেষ স্থবিধা করিয়া দিয়া জীবনের একটা মহৎ উদ্দেশ্য সাধান করিলেন। মহিম বাবুর ইন্ধিত মতে সকালে যাহাতে ঐ স্থানে সাধারণ বাজার বসে, তিহিধান করিতে আদেশ দিলেন। জ্ঞাত কারণ ডাক্তার বাবু সাধারণ রোগীদের মধ্যে একথা ঘোষণা করিলে পর অবিলম্বে তথায় "ডাক্তারের বাজার" বলিয়া এক দৈনিক বাজারের স্থিতি হয়। আজকাল সেই বাজারে কয়েক জন মূদী স্থায়ী দোকান পশার করায় বাজারের বিশেষ উন্নতি হইয়াছে। মহিম বাবুর বাড়ীতে বেতনভাগী করিরাজ এবং দাতব্য চিকিৎসালয়ের ডাক্তার এম, বি থাকায় উভয় প্রকারেই সাধারণের বিশেষ স্থবিধা হইয়াছে।

মহিম বাব সরল প্রকৃতির লোক ছিলেন। তাঁহার হৃদয় যেরপ নির্মাল ছিল, সকলকেই তিনি সেইরপ মনে করিতেন, কিন্তু স্বার্থপর জগতে লোকের প্রকৃতি সেরপ নহে, সরল বিশ্বাসের কার্য্যে পরিণামে অন্ধতাপ ভোগ করিতে হয়, মহিম বার্ব জীবদ্দশায় সরল বিশ্বাসে অনেক কার্য্য করিয়া বারবার ক্ষতিগ্রস্ত হইয়া অন্তপ্ত হইয়াছেন। তজ্জ্ঞ পরে জেদের বশবর্তী হইয়। বহু অর্থ বয়য় করিয়া মামলা মোকদমা করিয়া প্রবঞ্চক-দিগের সমুচিত দও দেওয়াইয়াছেন।

মহিম বাবু বড়ই সৌখিন লোক ছিলেন, তাঁহার পাখী পালিবার বড় একটা সথ ছিল; তিনি বছ দামী পাখী আনিয়া পুষিয়াছেন। ইহা ভিন্ন তাঁহার গরু, ঘোড়ার প্রতি বিশেষ দৃষ্টি ছিল। নানান্তান হইতে ভাল ভাল গাভী, ঘোড়া আনাইয়া তিনি পুষিতেন। মহিম বাবুর গোধনের প্রতি বিশেষ লক্ষ্য ও ভক্তি ছিল। এমন কি যে মহিম বাবু

একখানা কাপড় এক দিনের বেশী পরেন নাই. পরিয়া তাাগ করিলে আবার কিনিবার প্রয়োজন হইত, সেই মহিম বাব্ নিজ হাতে সময়ে সময়ে গাভীর খাবার জিনিষ দিয়া কাছে বসিয়া গোককে খাওয়াইখা-ছেন। খাবার নিজের তুয়ালে গামছা দিয়া সময়ে গরুর গায়ে বৃলাইয়া গরুর আদর করিয়াছেন।

১২৮৭ সনে বাবু মহেন্দ্র নারায়ণ রায় চৌধুরী মহাশরের বিবাহ হয়, পরে ক্রমে তাঁহার হুইটা ক্লাও চারিটি পুত্র সম্ভান জন্ম। মহিম বাবুর জীবিতকালে প্রথম যে একটা কন্তা সন্তান জন্মে, তাহার নাম প্রিয়বালা, ক্যাটি বাবুর প্রথম সন্তান বিধার ঠাকুর দাদা মহিন বাবু ও তাহার ঠাকুর মাতার নিকট বড়ই আদ্রিণী ছিল। তাই তার অল্লারত্তে মহিম বাবু যেরূপ ব্যয় বিধান করিলাছেন পরে যে ছেলের অন্নপ্রাসন করাইয়াছেন সে অন্নপাতে খরচ হইয়াছে কিনা সন্দেহ। প্রিয়বালার পরে যে ছেলে জন্ম তাহার নাম অবিনাশচন্দ্র রায় চৌধুরী। অবিনাশ বাবু মহেল্র বাবুর প্রথম পুত্র। দিতীয় পুত্রের নাম ভূপতীশ চল্র রায় চৌধুরী, তৃতীয় পুত্রের নাম স্থকুমার রায় চৌধুরী। স্থকুমার বাবুর পরে একটি কন্তা জন্মে, তাঁহার নাম স্বর্ণবালা; স্বর্ণবালার পরে বর্ত্তমানে যে কনিষ্ঠ পুত্র তাহার নাম গৌর গোপাল রায় চৌধরী। মহিম বাবু জীবিত থাকাকালে মহেন্দ্র বাবুর পাচটা মন্তান জন্ম গ্রহণ করে। মহিম বাবু যথোপযুক্ত ব্যয় বিধান কবিশ্ব পৌত্র ও পৌত্রা-দিগের অন্নারম্ভ করাইয়াছিলেন। ইতিমধ্যে চ্রকা নহরের বাজ্ঞা নিবাসী এীযুক্ত নিত্যানন দাস মহাশয়ের সভিত প্রথমা পৌত্রী প্রিয়বালার ওভ বিবাহ দেন; ঐ বিবাহ উপলক্ষে বাড়ীতে যথেষ্ট বায় বিধান করেন, নিজ ধাম বাইশরশাতে এই বিবাহ সম্পন্ন হইরাছিল। ইতিনধ্যে জাযাতা মেঘনাথ বাবুর ভদ্রাসন বাড়ী নদীতে গ্রাস করিলাছে, মহিম বাবুর নিকট এই ভীষণ অন্তভ সংবাদ যথা সময় আসিয়া প্রভৃতিল

মহিম বাবু এই সংবাদে বড়ই চিন্তানিত হইয়া জামতাসহ কলা মুঞ্জী স্তুলরীকে বাড়ীতে আনাইয়া কিঞ্চিং নিশ্চিন্ত হুইলেন। মুধুরী স্তুলরী মহিন বাবর এক মাত্র ক্যা, অত্রাবস্থার স্থানান্তরে রাথাও কাহার মত াই। ভবিষাৎ চিন্তা করিয়া মহিম বাব সময়ে বলিয়াছিলেন, "স্কবিধামত ো কোন স্থানে তোমাদের একটা বাড়ী থাকা আবশুক,নচেৎ পরে কোন অস্কুবিধা হইবে।" মুগুরী স্থল্গীর কোন সন্তান না হওয়ায় মহিম বাব্ বভই মনকট্টে কাল যাপন করেন। জামাতা মেঘনাদ বার্ও সেই কারণ বেশ ব্রিয়া স্থাজিয়া খণ্ডরের মতে সম্মতি প্রদান করিলেন এই যে, ভগবান আমাদের ভাগ্য দোষে যথন নিঃসন্তান করিয়াছেন সামাদের কোন তীর্থ স্থানে থাকাই সন্থত মনে করি। তদকুসারে মহিম বাবু ৮নবদীপধামে একখানা বাড়ী প্রস্তুত করিতে আদেশ করিলেন। স্থান নির্দেশ হইরা ৬ নবরীপ ধামে পোড়ামা তলা নতন বাড়ীতে দালান ঘর প্রস্তুত আরম্ভ হইল। ইতিমধ্যে মহিম বাব অধিকাংশ সময় নানা কারণে কলিকাতা সহরেই থাকেন। দেখানে থাকাকালে অভের গাড়ী ঘোড়া নোংরা বলিয়া নিজের গাড়ী খোডার বন্দোবস্ত করিয়াছিলেন। এরপ সৌথিন গাড়ী ঘোড়া অভাপিও কলিকাতা সহরে বিরল দৃষ্ট হয়। হঠাৎ মহিম বাবুক স্বাস্থ্য ভঙ্গ হইয়া পড়িল। এদিকে বয়দের সঙ্গে সঙ্গে সভাবতঃ দৈহিক শক্তি ক্রমে হ্রাস হইয়া আসিতেছে। রীতিমত ঔষণাদি সেবনেও বিশেষ কোন ফল হয় না, কিছু দিনের মত ব্যাধি স্থগিত থাকে **মা**ত্র। তথন মহিম বাবুর মাতা জয় কিশোরী চৌধুরাণী জীবিতা আছেন: মায়ের অস্থ সংবাদ ভূনিয়া মহিম বাবু কলিকাতা হইতে বাড়ী আসিলেন। মাতা জয়কিশোরী চৌধুরাণীর চিকিৎসা করার বিশেষ বন্দোবস্ত করিলেন; ফলে তিনি আরোগ্য লাভ করিলেন। কির মহিম বাবুর স্বাস্থ্য ভঙ্গ হওয়ায় তিনি হর্বল হইয়া পড়িতেছেন, তথন তাঁহার বয়স প্রায় ৬০ বৎসর ; যদি কোন কঠিন ব্যাধিতে আক্রমণ করে তাহা আরোগ্য হওয়া অসম্ভব এই বিষয় চিস্তা করিয়: সংসারে তাঁহার কর্ত্তব্য সম্পন্ন করিতে প্রস্তুত হইতে লাগিলেন; হঠাৎ একদিন জয়কিশোরী চৌধুরাণী জরাক্রান্ত হইয়া পড়িলেন এই সময় মহিম বাবু বাত ব্যাধিতে কাতর অবস্থায় চিকিৎসাদি করাইতেছেন। তিনি প্রাণাধিক পুত্রের সমক্ষে আনন্দে মুখে হরি নাম করিতে করিতে স্বজ্ঞানে ১৩১২ সনের ৩০ শে আযাত তারিথে দেহত্যাগ করিলেন। মাতৃ শ্রাদ্ধের জন্ম যথাযোগ্য আয়োজন করিয়া স্নেহময়ী মাতৃদেবীর স্বর্গ কামনায় মহিম বাব্ যথা নিয়মে প্রাদ্ধ করিয়া মনে শান্তি বোধ করিতে লাগিলেন। কিন্তু মাতৃশ্বশানে একটা ''মঠ'' দেওয়ার জন্য বড়ই আশা ছিল, জীবনে সে সাধ মিটাইতে পারেন নাই: ক্রমে বাত রোগে বিশেষ অম্বস্থ হইয়া পড়িতেছেন। ্হিম বাবু বড়ই পরিণামদশী লোক ছিলেন, তাঁহার অভাবে সংসারে কোনরূপ অশান্তি উৎপন্ন হইয়া বিশুখনতা উপস্থিত না হয়, তজ্জ্ঞ একথানি চরম পত্রে বিশদভাবে সমস্ত বিষয় উল্লেখ পূর্ব্বক সন্নিবেশিত করিলেন। মহিম বাবু লোকান্তরে তাঁহার সহধর্মিনী শিব স্থন্দরী চৌধুরাণী জীবিত কাল পর্যান্ত ষ্টেটের একজিকিউটা কস হইয়া উপযুক্ত ভাবে কাজ করিলে তদভাবে পুত্র মহেন্দ্র বাবু সর্ব্ধপ্রকার সম্পত্তির উত্তরাধিকারী হইয়া উইলের মর্মান্ত্রায়ী কার্য্য করিবেন। কন্তা, দামাতা ও অন্তান্ত প্রভৃতি সম্বন্ধে উইলে যথাযোগ্য ভাবের সম্প্রি ানর্দেশ করিয়া উইলথানা সম্পন্ন করতঃ পুত্র মহেল বাবুকে নান্ বিষয় উপদেশ প্রদান করিলেন।

মহিম বাবুর শেষ সময়ের সমস্ত কাজ হইল; তাহার ব্যায়ারামের নানা প্রকার চিকিৎসা স্বত্বেও কিছুই উপশম হইতেছে না. দেখিয়া স্ত্রী পুত্র সকলে পরামর্শ করিয়া কলিকাতা হইতে স্থপ্রসিদ্ধ কবিরাজ দ্বারকা নাথ সেন মহাশয়কে আনাইয়া চিকিৎসা করাইতে
লাগিলেন। কিছুদিন উক্ত কবিরাজ মহাশয় চিকিৎসা করিয়া
প্রা কলিকাতা রওনা হইলেন। ঠাহার ব্যবস্থা অনুসারে ঔষধ
পত্র দ্বারা চিকিৎসা চলিতেছে, কিন্তু অবস্থা ক্রমশঃ থারাপ হইয়া উঠিল।
এইরূপে ভূগিয়া ভূগিয়া ১৩১২ সনে অগ্রহায়ণ মাসে ৬১ বৎসর বয়সে
মহিম বাবু অসহ্য ব্যাধি মন্ত্রণা হইতে মৃত্তি লাভ করিয়া চিরশান্তি ধামে
পরলোক গমন করিলেন। মহিম বাবু দেশীয় সর্ব্বসাধারণ লোকের
উপকারার্থে অনেক তাগা স্বীকার করিয়া সকলের হৃদয়ের উচ্চাসন
গ্রহণ করিয়াছেন। আজ সেই নিদানের বল্ব, বিপল্লের আশ্রয় লোকান্তর
হঙ্য়ায় সকলের মনে যেন বিসাদের ছালা প্তিত হইয়াছে।

মহেকু নারায়ণ রায় চৌধুরী মহাশয় এত্দিন সংসারের ওক্তর কোন বিষয় চিন্তা করেন নাই; কর্তাই সমস্ত কাজ কর্মা দেখিয়া ছেন, তবে সময়ে তাঁহার আদেশ মত যাহা কিছু করিয়াছেন মাত। এই সময় সেই কর্তার অভাবে সংসারের সমস্ত চিন্তা আসিয়া তাহার ন্ধদরও অধিকার করিয়াছে। যগুপি পিতৃদেবের উইলের মন্দ্রাম্বসারে মাতা বর্ত্তমানে মহেল্র বাবুর করে প্লেটের ইপ্লানিপ্ল কিছুই অস্ত নাই তথাপি বাহিরের সমস্ত কাজ কর্ম মাতৃদেবীর দেথিয়া শুনিয়া করা অসম্ভব বিধায় এবং মহেন্দ্র বাবু উপযুক্ত পুত্র বলিয়া চৌধুরাণী টেন পুত্রকেই দেখিয়া শুনিয়া চালাইবার আদেশ দিলেন: কিন্তু মহেন্দ্র বাব ভার অভার মাতা শিবস্থনরী চৌধুরাণীর সহিত পরামর্শ না করি। তাহার বিনানুষ্তিতে কোন কাজ করিতেন না। এইরূপে মহেন্দ্র বাব ক্রমে কাজ কর্মে প্রবেশ করিতে লাগিলেন। অল্প সময় মধ্যে আয়োজন করিয়া উপযুক্ত ভাবে পিতৃদেবের শ্রাদ্ধ হইতে পারিবে না, সম্প্রতি যাহা কিছু করা শাস্ত্র সঙ্গত তাহা করিয়া যাগ্যাসিক প্রাদ্ধের যোগাড় করিতে থাকিলেন।

ক্রমে দিনের পর দিন করিয়া কয়েকটা মাস কাটিয়া আম্লল, মথোপ-গুক্ত আয়োজন করিয়া ষাথাসিকে বাবু মহেন্দ্র নারায়ণ রার চৌবুরী মহাশয় পিতৃদেবের দান সাগর শ্রাদ্ধ করিলেন, এই গ্রাদ্ধ উপলক্ষে সংশ্ৰণী ব্ৰাহ্মণ ৬০০০ হাজার ও ভট্ট ২০০০ উপস্থিত হইয়াছিলেন: উক্ত ব্রাহ্মণদিগকে ৮১ টাকা করিয়া বিদায় করিয়াছিলেন। এইরূপ দান সাগর শ্রাদ্ধ এতদেশে পুন্ধে কথন হয় নাই। ছতি স্বন্দোবস্তে এই শ্রাদের ব্যাপার স্ক্রমন্ত্র ছিল। এই কার্য্যে শিবস্থলরী চোৰুৱাণী ও মহেজু বাবু অতি উক্তাশয়তার পরিচয় দিয়াছেন। গ্রাদকে প্রেটের কার্যা পরিচালনের জন্ম তংকালে বিশেষ উপযক্ত ্লাক্ট ছিলেন, তাহাদের স্ঠিত প্রাম্শ ক্রিয়া মাতা শ্বিস্থুন্রা চৌধুরাণার অনুমতিক্রমে মহেন্দ্র বাবু দক্ষতার সহিত বিশেষ বায় মহকারে উপস্ক্রভাবে স্টেটের কার্য্য পরিচালনা করেতে লাগিণেন। এই ভাবে কিছু দিন কাটিরা গেল; শিবস্তল্রী চোধুরাণা এখন বৃদ্ধ ্বভার শেষ জাবনের শান্তি লাভের আশায় পৌত্র ও পৌত্রাদিগের কিনাই দিবার জন্য বড়ই আগ্রহ গ্রকাশ করিলেন। ভাহার আগ্রহে মহেল বাবু উল্লোগা হইয়া ঢাকা মিকাসী বাবু ব্রেছজুক্মার দাসের ক্ল ীনতা লক্ষ্য চোৰুৱাণাৰ সাহত প্ৰদান পুত্ৰ অবিনাশচন্দ্ৰ বাৰ চোৰুৱাৰ ও কলাকোপা এমে নিবাদী বাবু রজনীকান্ত সাহার কলা আমতী জগত-লাগার সাহত দিতায় পুত্র ভূপতিশন্তর রায় চৌধুরীর এবং উক্ত কলা-কোপা গ্রাম নিবাদী বাবু নবকুমার দাহার পুত্র শ্রীমান ফণাভূষণ দাহার সহিত কত। শ্রীমতি স্বর্ণরাণার বিবাহের সম্বন্ধ হির করিয়া ১৩১৪ সালের বৈশাথ মাদে কলিকাতার গদী বাড়িতে গুভ বিবাহ কান্য সম্পন্ন করাইলেন। শিবস্থলারী চৌধুরাণী এখন র্দ্ধাবস্থায় শেষ জীবনে নাতবউ লইরা সংসার কারতে নিতান্ত উংস্ক হুইয়া একটু অন্ন বয়দেই পৌত্রমতে বিবাহ করাইলেন। শেষ জীবনের একটা

আশা বাহা মহিম বারু পূরণ করিয়া যাইতে পারেন নাই, তাই আজপতিবরায়ণা দ্রী শিবস্থলরী চৌধুরাণী করিবেন বলিয়া সঙ্কল্প করিয়া পূত্র মহেন্দ্র বাবুর সহিত পরামর্শ করিলেন। মহেন্দ্র বাবু মাতার বাচনিক তাঁহার স্বর্গীয় পিতার শেষ জীবনের আশা "মাতৃ-শাশানে মঠ দেওয়া" এই কথা শুনিবামাত্র একবাক্যে সন্মতি প্রদান করিলেন এবং বলিলেন এমন সংকার্যা যাহাতে সত্তর হয় তাহাই কর্ত্রাঃ তদমুসারে ৮জয় কিশোরী চৌধুরাণীর শাশানে অত্যাচ্চ একটা মঠ প্রস্থাত করাইয়াছেন; অত বড় মঠ ফরিদপুব জিলায় আর আছে কিনা শুনা বায় না। মঠটা দেখিতে বেমন স্থলর, তেমনই উচ্চ, ২৩১৯ সনে এই মঠ প্রস্থত হইয়াছে, মঠ নিশ্বানের বায় ৮ হাজার টাকা পভিয়াছে।

মহেল বাব্ কন্তা ছইটীকে উপযুক্ত সময়ে যোগ্য ঘরে বিবাহ দিয়া-ছিলেন। ভাগাক্রমে কন্তা ছইটা অকালে কালগ্রাদে পতিত হওয়ায় ইহাদিগকে জীবনে বড়ই কষ্ট ও দারুণ শোক পাইতে হইয়াছে . বড় কন্তা প্রিয়বালার একটা পুত্র ও একটা কন্তা আছে এবং ছোট কন্তা স্থাবালার একটা পুত্র আছে। জামাতাদ্য পরে দারপরিগ্রহ করিয়া সংগার করিতেছেন।

মাতা শিবস্থলরী চৌধুরাণী বর্তমানে সর্কবিধ কাজকর্ম মহেল বানুকে দেখিয়া গুনিয়া করিতে হয়। স্বর্গীয় পিতা দেশের স্বাস্থ্যের উয়তিকল্পে এক দাতব্য চিকিৎসালয় খুলিয়া দেশের এক মহৎ উপকার করিয়াছেন। মহেলুবাবু দেশের শিক্ষা বিষয়ে উয়তিকল্পে এক উচ্চ ইংরাজী বিভালয় স্থাপনের জন্ম উছ্ফোগী হইলেন। মহেলুবাবুর এই মত শুনিয়া সকলেই বিশেষ উৎসাহী হইলেন এবং মাতা শিবস্থলরী চৌধুরাণীর নিকট এই প্রস্তাব প্রকাশ করিলে তিনি ইহা অন্থলিক করিলেন। তদপর ক্রমে চেষ্টা করিয়া ১৩২০ সনের পৌবমাদে

į.

নিজের বাড়ীর অনতিদূরে পাকা পোক্ত স্থন্দর ঘর উঠাইয়া "শিব-স্থানরী একাডেমী" নামে এক বিছালয় খুলিলেন। তদনন্তর দুরবর্ত্তী স্থানের ছেলেদের থাকিবার উপযুক্ত কয়েকথানা ঘর উক্ত প্রকারে পাকা পোক্তা করিয়া ''জয়কিশোরী দাতব্য চিকিৎসালয়ের" উত্তর্জিকে তৎসংলগ্ন স্থানে একটা বোর্ডিং করিয়া দিলেন। হেড মাষ্টার বাবুর থাকার উপযুক্ত এক বাসা বাড়ী এস্তত অভিপ্রায়ে, ডাক্তার বাবুর ৰাসার নিকটে ডাক্তারখানার পুষ্করিণীর পূক্ষ পাহাড়ীতে স্থান নির্চ্চেশ করতঃ চেড মাষ্টারের সপরিবারে থাকার উপযুক্ত এক বাসাবাড় নিশ্বাণ করাইয়া দিয়াছেন। এই স্কুলটা হওয়ায় দেশীয় সর্বসাধারণের এক মহোপকার হইয়াছে। অনেক গরীব ছঃখীর ছেলেও বাড়ীর ভাত থাইয়া ম্যাট্ কুলেশন পাশ করিতেছে ও করিবে। এই স্থূল বোর্ডিং প্রভৃতি নিশ্বাণ কল্পে অনেক টাকা ব্যয় হইয়াছে এই স্থলের ছাত্রদিগের উৎসাহ বর্দ্ধনাথে ৮ টাকার একটা বৃত্তি নিদার করিয়া দিয়াছেন। এই স্বুলের ছাত্রমধ্যে যে ছাত্র এই স্বুলের শেষ পরীক্ষায় প্রথম হইবে সেই ছেলে এই বৃত্তি প্রাপ্ত হইবে। এই স্বৃত্তী স্থাপন করিয়া বাবু মহেল্ড নারায়ণ রায় চৌধুরী মহাশয় পরোপক। রতং ও উদারতার পরিচয় দিয়াছেন।

শিবস্থলরী ১৩২২ সনে বৈশাখ মাসে কলিকাতা মহানগরীতে ৮গঙ্গা প্রাপ্ত হইলেন। মহেন্দ্র বাবু মাতার সঙ্গে কলিকাতাতেই ছিলেন। তিনি যথাবিহিত মাতৃদেবীর অস্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন করিয়া কলিকাতার গঙ্গাতীরে মাতৃ দেবীর ওর্দ্ধ দৈহিক কার্য্য যথাকালে সমাপন করিলেন।

বার মহেন্দ্র নারায়ণ রায় চৌধুরী মহাশয় নির্মাল চরিত্রের লোক।
ভিনি বিবাদ বিসংবাদ মোটেই পছন্দ করেন না, সর্বাদা শান্তিভাবে
থাকিতে ভালবাসেন। পৈতৃক বার্ষিক ক্রিয়া কর্ম্ম অতি যত্ন সহকারে
পূর্ম্বিং নির্মে চালাইয়া আসিতেছেন। দেব দ্বিজে ভক্তি, ক্রিয়া কর্মে

বিখাদ, সংকার্যে প্রবৃত্তি, সংপাত্রে দান প্রভৃতি মহাশক্তি মহেকুবাবৃর্ ক্রদরে সর্রাদ। বিরাজ্যান, সেই জন্ম তিনি জনসমাজে বিশেষ স্মাদরণীয়।

মহেন্দ্রবার তাঁহার তৃতীয় পুত্র শ্রীমান্ স্কুমার রায় চৌধুরীকে উপযুক্ত বয়সে ১০২৪ সনের বৈশাথ মাসে বিবাহ দিয়াছেন। মহেরা গ্রাম নিবাগা শ্রীমুক্ত বাবু দেবেন্দ্র কুমার রায় মহাশয়ের ক্ঞা স্নেচ্ছা চৌধুরাণীয় সহিত স্কুমার বাবুর গুভ পরিণয় কার্যা সম্পন্ন চইয়াছে।

এই বিশহ কলিকাতা নগরীতে বিশেষ স্মারোহের সহিত হাইনাহে। মহেলবাব্র গৃহে আজ চারটী পুত্র মধ্যে তিনটা পুত্র বয়ঃপ্রাপ্ত নিঞ্জিত মুবা পুক্ষ। কনিষ্ঠ পুত্র পাসাবিহায় আছে। প্রথম পুক্ অবিনাশ বাবুর একটা কলা সন্তান জ্যিরাছে, তাহার নাম রাম বাননা। বিভায় পুত্রের এক কলা ও জুইটা পুত্র জ্যিয়াছে, ত্যাবে। একটার নাম ননাগোপাল রার চৌধুরী, অপরটার নামকরণ হব নাই। মতেল বাবু পৌত্র পৌত্রাদিলের অ্যাবস্ত ও নামকরণ বিশেষ আন্দোদ আ্লোদ ও সমারোহের সহিত করিয়াছেন। পুত্র চারিটার মধ্যে যে তিন্টা ব্যঃপ্রাপ্ত হইয়াছেন, তাহারা আজকাল স্তেটের কাজ ক্যাব্রেয়া গুনিয়া শিক্ষালাভ করিতেছেন।

অবিনাশ বাবু সংসারের আয় বায় সহকে অনেক সময় অনেক আলোচনা করেন। মহেন্দ্রবাবুর বাড়ীতে ৺দোলমাত্রা উপলক্ষে যে নোল ভিটা বারা হয়, তত্পলক্ষে প্রত্যেক বংসর ৬০০ টাকা পরিমাণ সাকরাণ থরচ হয়, তাহা দেখিয়া অবিনাশ বাবু উভোগ করিয়া ইয়ক য়ায় একটা পাকা দোলমঞ্জ্রস্ত করাইয়াছেন, ভাহাতে আরায় দেবের দোলমাত্রার কার্যা নির্বাহ হয়। দোলটা দেখিতে অভি স্কলর, এখন আর প্রতিবংসর একপ বাজে থয়চ করিতে হয় না।

বর্ত্তমান সময়ে মহেক্র বাবুর ষ্টেট অতি স্থপৃথলভাবে পরিচালিত


ইইতেছে। ইতিমধ্যে মঙেক্র বাবু তাঁহার ম্যানেজারবাবু দিগেক্রচক্র বন্দোপাণায় মহাশয়ের উদ্যোগে নগরকানা ডিহির অন্তর্গত কাছারীর অনতিদরে বাজারের প্রকাদিকে সন্ন্যাসীর ভিটায় এক পাষাণ >ভির ৮কানী স্থাপন করিয়া নিভা সেবার জন্ম মুখারীতি বন্দোবস্ত করিয়াছেন। এই সন্নাসীর ভিটায় বহুদিন পূর্ব্বে এক সন্তাসী 'পঞ্চমুণ্ডা'' বেদী হাপন করিয়া উলঙ্গ অবস্থায় বাস করিতেন; ভাঁহার বডই প্রতিভা ছিল, অদ্যাপি তথাকার প্রাচীন লোকের বাচনিক অবগত হওয়া যায়। সেই অবধি ঐ স্থানটকে স্ত্রাসীর ভিটা বলে। সন্ত্রাসীর সেই পঞ্চুতী বেদীর উপরেই মহেন্দ্রবাব এইরপ গৃহাদি নির্মাণ করাইয়া ৮কালী প্রতিষ্ঠা করিয়াছেন : তাঁহার উদ্যোগে বাইশ্রশী গ্রামে পাঠ অফিস ইট্রাছে। এই পোষ্ট অফিসের স্থান স্থল বোর্ডিংএর সল্লিকটে অবহিত। হৰ্ত্তমানে জয়কিশোৱী দাতব্য চিকিৎসালয়, বোর্ডিং, পোঠং অফিস, পুলিশ ক্যাম্প, হেড মাষ্টারের বাসা, ডাতারের বাসা, ডাক্তারের বাজার প্রভৃতি একস্থানে সন্নিবেশিত হওয়ায় তানটা বড্ই মনোরম্য হইরাছে।


১৩২২ সনে শিবস্থলারী চৌধুরাণীর মৃত্যুর পর জামাতা মেঘনাদ বাব ৬ নবধীপ ধামে বাস করিতেন; তাঁহার সহধ্য্মিণী মৃজুরীস্থলারী চৌধুরাণীও সেইখানে ছিলেন; এমন সময় হঠাৎ মেঘনাদ বাবুর গলদেশে শত হইয়া চিকিৎসার জন্ম স্ত্রী সমভিব্যাহারে কলিকাতা শ্বাসমন করিয়া বহু চিকিৎসায় কোন ফল না হইয়া ১৩৩১ সনে ৭০ বৎসর বয়সে ৮গঙ্গাপ্রাপ্ত হইলেন। পতিপ্রাণী কলিকাতাতে যথারীতি শ্বগীয় স্বামী মেঘনাদ বাবুর প্রাক্ত করিয়া ৮নবদীপ ধামে বাস করিতেছেন; তিনিও আজকাল হবির দেহে কাল যাপন করিতেছেন। মহেন্দ্র বাবু ভাঁহার শ্বগীয় পিতৃদেবের উইলের মশ্যারুষায়ী মাসহারার টাকা পাঠাইয়া নিজের লোকজন হার। তথাবধান করাইয়া বড় ভগ্নিকে তাঁহার ইচ্ছাক্রমে ৺নবদ্বীপ ধামের বাটাতে -রাথিয়াছেন। মহেন্দ্র বাবুর তৃতীয় পুত্র বাবু স্থকুমার রায় চৌধুরী বংসরের মধ্যে অনেক সময় পিসিমাভাঠাকুরাণীর ভস্বাবধানের জন্ত ৺ নবদীপ ধামে থাকেন।

মধ্যম হিস্তার বাবু রাজেন্দ্র চন্দ্র রায় চৌধুরী মহাশ্রের মৃত্যুর পর রাজেন্দ্র বাবুর হিস্তায় কামিনীস্থলরী চৌধুরাণী এবং দেবেন্দ্র বাবুর হিস্তায় মৃগ্রীস্থলরী চৌধুরাণী এই হুইজনের কর্তৃত্বে ষ্টেট পরিচালিত হুইতেছে। ইহাদের সময়ে এজমালী কাজকর্ম্ম পরিচালনের জন্ত বিশেষ স্থান্দ কেওয়ান কর্মাচারীর পরামর্শে ষ্টেটের কাজকর্ম্ম স্থানারক্ষণ নির্বাহ হুইতেছে, দক্ষিণাবাবু ও রমেশবাবু উভয়েই ষ্টেটের কাজকর্ম্ম দেখিয়া শক্ষা লাভ করিতেছেন।

ইতিমধ্যে ১৩১৯ সনে দক্ষিণাবাবুর একটা কলা সন্তান জন্ম, ঐ কলার অন্নারন্তে মুগুরীস্থলারী চৌধুরাণী বথেষ্ট আনোদ প্রমোদ, দান দাতব্য করিয়াছেন, কলাটার নাম কালিদাসী রাখা ইইয়াছে। সূত্র্রী স্থলারী চৌধুরাণী পৌত্রী কালিদাসীকে বিশেষ যত্নে লালন পালন করিতেছেন এইরূপে আনন্দে কালাতিপাত করিতে লাগিলেন। তৎপর ১৩২১ সনে দক্ষিণাবাবুর একটা পুত্র সন্তান জন্মে, তাঁহার অন্নারন্তে ও নামকরণে বহু ব্যয় ভূষণ করিয়া অতি সমারোহের সহিত মুগুরীস্থলারী চৌধুরাণী কার্য্য সম্পন্ন করিলেন। পুত্র কন্যা দেখিয়া পিতামাতা ও পিতামহী অতি উৎসাহের সহিত সংসার যাত্রা নির্কাহ করিতেছেন। পুত্রটার নাম কালিদাস রায় চৌধুরী রাখা ইইয়াছিল। ইতিমধ্যে কাল-দাস রোগাক্রান্ত ইয়া ৪ বৎসর ব্যয়ে অকালে প্রলোক গমন করে।

ইতিমধ্যে রমেশবাবু এক কন্যা সন্তান জন্মিয়াছে, কন্যার অলারস্তে রমেশবাবুর মাতা কামিনীস্থলরী চৌধুরাণী বিশেষ স্মারোহ করিয়া-ছেন। কন্তাটী লইয়া পিতামহী সর্বদা নানাপ্রকার কৌতুক করিতেন।





স্বৰ্গীয়া কামিনী কুন্দ্ৰবী চৌধবাণী

শনেক সময় এরূপ কৌতুকে ও শাস্তিতে কাটাইতেছেন। একদা হঠাৎ বিস্চিকা বাশ্বামে ৮ বংসর বয়সে কন্তানীর অকাল মৃত্যু হওয়ায় সকলেই শোকে অধীর হইয়া পড়িলেন।

এইরপে অনেকদিন কাটিয়া গেল, রমেশবাবুর আর কোন সস্তান জন্মিল না দেথিয়া হঠাং জররোগে আক্রান্ত হইয়া ১৩২২ সনের মাঘ মাসে কামিনীস্থলরা চৌধুরাণী মানবলীলা সম্বরণ করিলেন।

রমেশবার যথাবিহিত মাতার অস্ত্যেষ্টিক্রিয়া সমাপন অস্তে শ্রাদ্ধের চেষ্টায় প্রবৃত্ত হইয়া যথাসাধ্য যোগাড় করতঃ ত্রিরাত্রে মাতার তোরণ রুষোংস্বর্গ শ্রাদ্ধ করিলেন। এই শ্রাদ্ধ উপলক্ষে স্থানীয় সর্ব্বসাধারণ লোককে পরিতোষরূপে পাকা ফলাহার ভোজন করাইয়া আগস্তুক ব্রাদ্ধণদিগকে ৫ টাকা করিয়া প্রত্যেককে বিদায় করিয়াছিলেন। আগস্তুক ব্রাদ্ধণ সংখ্যা পাঁচ শতু পরিমাণ হইয়াছিল।

রমেশবার্ ভগ্নিপতি কেদারবার্ও অস্তান্ত হিতৈষী ব্যক্তিগণের পরামর্শে ভালমন্দ বিচার করিয়া ষ্টেটের কার্য্য পরিচালন করিতে লাগিলেন।

রমেশবাব্, কার্য্যক্ষেত্রে অবভীর্ণ হইয়া স্বর্গীয় পিতামাতার পথ অন্থসরণ করিয়া চলিতে লাগিলেন। পিতৃদেবের স্থাপিত ৺শ্রামরায় বিগ্রহের
নিত্যসেবা ও বার্ষিক ক্রিয়া কর্ম্ম পূর্ব্ধ নিয়মান্থসারে বিশেষ ষত্মহকারে
চলিতে লাগিল। সংসারে অন্ত কোনরূপ অশাস্তি নাই, স্থশৃঙ্খলভাবে
ষ্টেটের কার্য্য চলিতেছে। বাহিরে অন্ত কোন অশাস্তি নাই বটে, কিন্তু
ভিতরে একটা শুকতর অশাস্তি দিন দিন বৃদ্ধি হইতেছে, রমেশবাব্রক্ত কল্যাটা মারা বাওয়ার পর অনেকদিন কাটিয়া গেল, আর কোন সন্তান
ভইতেছে না। এজন্ম নানারূপ দৈব ক্রিয়া করিয়া কোন ফল পান নাই।
পরে ৺কানাধামের জনৈক শক্তিসম্পন ব্রাহ্মণ দারা ১৩২৫ সনে পুরেষ্টি
যক্ত ৺রাম পূজা করিয়াছিলেন, ঐ কার্য্য করিতে প্রায ১০০০ দশ হাজার

টাকা ব্যয় হইয়াছিল। ঐ কার্ব্যের পর ভগবান কপায় রমেশ বার্র জীর সস্তান সন্তাবনা হইয়া ১৩২৭ সনে অগ্রহারণ নাসে একটা প্রত-সস্তান জন্মিরাছে। এই ছেলের অলারস্তে ও নামকরণে বিশেষ আমোদ উৎসব করিরাছেন, এই ছেলের নাম রামচন্দ্র রার চৌধুরী:


মাতা প্রলোক গমন করার প্র দেশের উন্নতিকলে র্মেশ্বার অতি মহৎ কয়েকটা কার্য্য করিয়াছেন। ফরিদপুর জেলায় কোন কলেজ না পাকাতে উচ্চ শিক্ষা সম্বন্ধে সাধারণের বড়ই অস্কবিধা ছিল। এই অভাব দর করার মানদে দেশ হিতেষী স্বনামধন্ত পুরুব মহান্ত্র অম্বিকাচরণ মজুমদার মহাশয় উদেশাগা হটয়া এই কার্নো প্রবুত্ত হন ৷ রমেশবাব এই কলেজের জন্ম এক কালীন ৫০০০০পঞ্চাশ হাজার টাকা দান করেন এবং তাঁহার স্বর্গীয় পিতা রাজেল বাবর নামে এই কলেজ হইবে বলিয়া অম্বিকাবারের নিকট প্রস্তাব করেন , বর্ত্তমানে ফ্রিদপুরের কলেজ "রাজেন্দ্রকলেজ" বলিয়া পরিচিত। ইতা বাতিত বরিশাল জিলার সংস্কৃত চতুষ্পাঠি বিস্থালয়ের জন্ম এককালীন ৪০০০০ চল্লিশ হাজার টাকাও পটুয়াখালী জলের কলের জন্ত ৭০০০ সাত হাজার টাকা এককালীন দান করিয়াছেন। ঐ চতুপাঠার নাম তাঁহার স্বর্গীয়া জননী কামিনীস্থলরী চৌধুরাণীর নামান্ত্রপাবে 'কামিনীস্থলরী চতুষ্পাঠী" রাখা ইয়াছে। ঐ চতুষ্পাঠীর বায়ভার বহন জ্ঞাতিনি মাসিক ৫০১ টাকা করিয়া দিয়া পাকেন। সুক্তাগঞ্জ নামক গ্রামে জলাভাব হেতু একটা প্রকাও পুষ্করিণী কাটাইয়া জল কষ্ট নিবারণ করিয়াছেন, এই জলাশয় স্বর্গীয় মাতা কামিনীস্করী চৌধুরাণীর নামে উৎসর্গ করিয়াছেন এবং পিতা মাতার খাশানে স্থদৃগ্য হুইটা স্মতিচিহ্য স্বরূপ মঠ সংস্থাপন করিয়াছেন। মঠ ছুইটা দেখিতে বড়ই স্থানর: বর্তুমানে বৈবৃত্তিক কার্য্যে রুমেশবাবুর বেশ জ্ঞান জন্মিয়াছে, ষ্টেটের কার্য্য বিশেষভাবে যত্নসহকারে দক্ষতার সহিত চালাইতেছেন। স্বীয় পৈতৃক



শ্রীয়ক্ত ব্যেশচন্দ্র ব্যেচৌধ্রী



শ্রীমান বামাপদ বায়টোর্বী ও শ্রীমান বামাপ্রজ বায়টোর্বী



সম্পতির উত্রোত্তর বৃদ্ধি সাধন করিয়া পিতা প্রপিতামহের নাম আরও গৌরবান্থিত করা তাঁহার একাস্ত বাসনা। পাবনা জেলার অন্তর্গত এক নৃতন সম্পত্তি থরিদ করিয়া তিনি বিষয় কর্মান্থরাগের পরিচয় দিয়াছেন। এতদ্বির রমেশবাবৃ ও দক্ষিণাবাবৃ উভয় লাতাই সঙ্গীত ও কলা বিছার বিশেষ অন্তরাগী; পূর্কবঙ্গের বহু প্রথিতয়শাঃ কলাবিদ ইহাদের গুণের পক্ষপাতী। নিজ হিস্তায়, হাইকোর্টের নিলামে খলিলপুর ডিহি নিজ নামে নিলাম খরিদ করিয়াছেন, এইটা বিশেষ লাভের সম্পত্তি: এইকপে ক্রমে এলাকা বিস্তার করিতে রমেশবাবৃ বিশেষ যত্ন করিতেছেন। ইনি বহু লক্ষ টাকার মালিক হইলেও বিনয়ী ও মিষ্টভাগী। সাহিত্যের ইনি একজন পৃষ্ঠপোষক। ইতিমধ্যে ১৩২২ সনের বৈশাথ মাসে রমেশবাবুর আর একটা পুল্ব সন্তান জনিয়াছে।

সন ১৩২১ সনে দক্ষিণাবাবুর পুত্র কালিদাসের মৃত্যুর পর আর কোন সন্থান জন্ম নাই, ক্রমে মুঞ্জুরী স্থলরীর স্বাস্থ্য ভঙ্গ হইয়া পড়িল, চিকিৎসার জন্ম তিনি পুত্র ও পুত্রবধূ সহ কলিকাতা গমন করিলেন। সেথানে ভাল ভাল চিকিৎসক দ্বারা চিকিৎসা করিয়াও কোন ফল হইল না; ক্রমে জ্বর ও আমাশয় রোগে আক্রান্ত হইয়া ১৩২৪ সনে ১৮ই শ্রাবণ তারিথে কলিকাতা মহানগরীতে তাঁহার ৺গলা প্রাপ্তি হইল। দক্ষিণা বাবু বত্ব সহকারে মাতার অন্ত্যাষ্ট ক্রিয়া সমাপন করিয়া অল সময় মধ্যে বর্ণাসাধ্য আয়োজন পূর্ব্বক কলিকাতা গদী বাড়ীতে ত্রিরাত্রে বুষোৎস্থর্গ করিয়া যথাবিহিত মাতৃ শ্রাদ্ধ করিলেন। তত্বপলক্ষে ব্রাদ্ধি স্থাতি এবং হঃখী কালালীদের পরিতোষরূপে লুচী নোগু ইত্যাদি ভোজন করাইয়া যথাশক্তি দান দাত্র করিলেন।


পরম হিতাকাক্ষী মাতুল হারাণচন্দ্র সাহা ও উপযুক্ত স্থদক্ষ কর্ম্মচারীর চেষ্টা যত্নে ষ্টেটের কার্য্য উপযুক্ত ভাবেই চলিতে লাগিল। এই ভাবে কিছুদিন অতিবাহিত হইল. এদিকে কন্তা কালিদাসী বয়স্তা ক্রইয়া উঠিল। তাঁহার বিবাহ দিবার জন্ম ইনি বিশেষ ব্যস্ত হইয়া
পড়িলেন। বিশেষ অনুসন্ধানে ঢাকা জিলা নিবাসী শ্রীযুক্ত ব্রজগোপাল
দাসের সহিত সম্বন্ধ স্থির করিলেন; পরে ১৩২৭ সনের বৈশাথ মাসে
শ্রীমতি কালিদাসীকে উপযুক্ত পাত্রে পাত্রস্থ করিয়া বিশেষ আমোদ
প্রমোদ করিলেন। এই শুক্ত পরিণয় ঢাকা সহরে সম্পন্ন হইয়াছে।
দক্ষিণাবাবু ঢাকা জিলান্ন এবং নিজ বাড়ীতে উপযুক্ত ব্যন্ন বিধান করিতে
ক্রটী করেন নাই।


কর্ত্রীন্বয়ের পরলোক গ্র্মনের পর সকলের সমবেত চেষ্টায় ষ্টেটের কাজকর্ম ভালভাবেই চলিতেছে।

কামিনীস্থলরী ও মুগুরীস্থলরী চৌধুরাণী কাজকর্ম দারা নিজ নিজ প্রকৃতির পরিচয় দিয়া সক্ষ্মাধারণের চিরম্মরণীয় হইয়াছেন। তাহাদের লয়া, নায়া, দান, লাতব্য, শাসনাদি সম্বন্ধে স্থযশং ম্ব্যাপিও লোকে কীউন করিয়া থাকে।


এইরপে উভয় হিস্তাতে বিশেষ দক্ষতার সহিত স্কার্করপ ষ্টেটের কাজকর্ম চলিতেছে, সকলেই সদা আনন্দে কাল্যাপন করিতেছেন। এই সময় দক্ষিণাবাবুর গৃহে মাত্র ছুইটা কন্তা; তাঁহাদের মধ্যে বড়টার নাম কাল্দাসী ও ছোটটার নাম পার্লন। কাল্দাসীর বিবাহ দেওয়া হইয়াছে, পার্লল ছোট নাবালিকা। এই স্থথের সময় একটা দৈব- ছুর্ঘটনা ঘটে। মাসাধিক কাল হইতে বিষয় কার্যোপলক্ষে দক্ষিণাবাবু বাউফল গিয়াছেন, রমেশবাবু কলিকাতা গিয়াছেন, এমন সময় একদা দক্ষিণাবাবুর স্থার জর হইয়া বিশেষ কাত্র হইয়া পড়েন, তদর্শনে সকলে বাস্ত হইয়া বিশেষরূপে চিকিৎসার বন্দোবস্ত করিয়া চিকিৎসা আরম্ভ করিলেন এবং সঙ্গে দক্ষিণাবাবুকে বাড়ী আনিবার জন্ম টেলিগ্রাফ করা হইল ও রমেশবাবুকে উপযুক্ত ভাল ডাক্তার সহ বাড়ী আনিবার জন্ম টেলিগ্রাফ করা হইল। যথাকালে দক্ষিণাবাবু ও রমেশবাবু


বাড়ী আসিয়া প্তছিলেন। দক্ষিণাবাব্ বাড়ী আসিয়া ভাগ্যক্রমে সহধর্মিণীকে জীবিত দেখিতে পান নাই। তখন শবদেহ বাহিরে চৌকির উপর শায়িত ছিল, দক্ষিণাবাব্ তদর্শনে উচ্চৈঃ মরে রোদন করিতে করিতে নানারূপ বিলাপ করিতে লাগিলেন। এইরূপে ১৩০০সনে ই শ্রাবণ তারিথে বেলা ১টার সময় স্বামী ও কন্তা তুইটীকে শোক-শাগরে ড্বাইয়া দক্ষিণাবাব্র গৃহলক্ষী অনস্তধামে চলিয়া পেলেন। দক্ষিণাবাব্র এই সহধ্মিণী যেমন দেখিতে স্থলরী, প্রকৃতি তদপেক্ষা স্থলরতর; এরূপ গৃহলক্ষী কম লোকের ভাগ্যেই ঘটে! দক্ষিণাবাব্ কিছুদিন পর আবার দারপরিগ্রহ করিয়া কোনমতে পূর্বে শোক সম্বরণ করিয়া জীবন যাপন করিতেছেন।





হরেজচন্দ্র রায় যোগেশচন্দ্র রায়







শ্রীযুক্ত বায় প্রধানন মজুমদার বাহাছব

## রায় বাহাতুর পঞ্চানন মজুমদার।

জেলা দর্মান, চৌকি কালনা, ধানা পূর্লস্থলীর অন্তর্গত নারাণপুর গ্রামে সন ১২৭৮ সালের তৈত্র মাসে রায় বাহাতুর পঞ্চানন মজুমদার জন্মগ্রহণ করেন। ইহার পিতা বর্গীয় কৈলাস চক্র মজুমদার মহাশয় অতি অমায়িক, ধর্মভীক এবং সর্বাজনপ্রিয় লোক ছিলেন। মজুমদার বংশ অতি প্রাচীন এবং সম্রান্ত বংশ এবং ইহাদের পূস্ব পুরুষগণ নবাব সরকারের উচ্চ পদত্ত কর্মচারী ছিলেন। নবাব সরকার হইতে তাহারা মজুমদার উপাধি লাভ করেন। বাস্তবিক পকে ইহারা দে উপাধিধারী দক্ষিণ রাটীয় কায়ন্ত। এই বংশের অন্ত এক শাখা নদীয়। জেলার অন্তর্গত মাঝের গ্রামে বাস কবেন! রাধ বাহাজরের প্রপিতানহ মাঝের গ্রাম হইতে উটিলা আদিলা গঙ্গার অপর গারে পাটুলী গ্রামে বাস করেন এবং তাঁহার আবাস-ভবন সম্পত্তি আদি গঙ্গা সিক্তি হওয়ার পর নারাণপুর গ্রামে আসিয়া বাস করেন। নিমে ইহার পূর্ব্ব পুরুষগণের বংশ তালিকা প্রদত্ত হইল :---





বালক পঞ্চাননের শৈশবকাল অতি স্থেথই কাটিয়াছিল। তাঁহার জ্যেষ্ঠ হাওটি ভাই শৈশবেই মৃত্যুমুথে পতিত হওয়ায় পাঁচু ঠাকুরের মানত করিয়া পঞ্চাননের জন্ম হয় এবং পিতামাতার একমাত্র পুত্রসম্ভান বিধায় ও পিতামাতার আথিক অবস্থা স্বচ্ছল থাকায় তিনি পরম মত্বে ও আদরে লালিত পালিত হন। কিন্তু তাঁহার পাঁচ বংসর বয়সের সময় পিতার মৃত্যু হয় এবং তৎপর তাঁহার মাতাঠাক্রাণী তাঁহাকে মালুষ করেন।

শৈশবকাল হইতেই পঞ্চানন অত্যন্ত মেবাবী ছিলেন এবং তাঁহার ভীক্ষ বৃদ্ধি দেখিয়া অনেকে বিশ্নিত হইত। প্রথম ভাগের ক, থ, ইত্যাদি সক্ষর তিনি তিন দিনেই চিনিয়া আয়ত্ত করিতে পারিয়াছিলেন। পিতার মৃত্যুতে যদিও পঞ্চানন অভিভাবকহীন হইয়া পড়েন এবং আর্থিক সক্ষলতাও কমিয়া যায়, তথাপি তাঁহার জননী তাঁহার উপযুক্ত শিক্ষার জন্ত কোনও দিন কোনরূপ কার্পাণ্য করেন নাই এবং নিজের অবস্থার অতিরিক্ত বায় করিয়াও পুত্রের স্থাশিক্ষা বিধানে যত্নবতী হইয়াছিলেন। এরূপ মহৎসদয়াও সেহময়ী জননী সকলের ভাগো মিলে না এবং উত্তরকালে তিনি যে সন্মান ও অর্থলাভ করিতে পারিয়াজিন না এবং উত্তরকালে তিনি যে সন্মান ও অর্থলাভ করিতে পারিয়াজিন, তাহার মূল কারণ তাঁহার জননীর আশীর্কাদ। ১৩৩৩সালের ২৫শে শ্রাবণ তারিখে তাঁহার মাতৃদেবী স্বর্গারোহণ করিয়াছেন। তাঁহার ভিম্নপতি ৮য়ছনাথ বস্থ এবং তাঁহার মাসত্ত ভাই শ্রীযুক্ত চারু চক্র বস্তুপ্ত

١

তাঁহার বিত্যাশিক্ষা বিষয়ে যথেষ্ট সাহায্য করিয়াছিলেন। পঞ্চানন প্রথমে নিজ গ্রামন্থিত গুরুমহাশয়ের পাঠশালায় অধ্যয়ন করিতে আরম্ভ করেন। তৎপর পাটুলী মাইনর ক্ষলে (এক্ষণে উক্ত কল উচ্চ ইংরাজি বিত্যালয়ে পরিণত হইয়াছে) পড়াগুনা করেন। তৎপর বগুড়া জেলার অন্তঃপাতী ত্পটাচিয়া ক্ষল হইতে ইনি ছাত্রবৃত্তি পরীক্ষা দেন এবং উক্ত পরীক্ষায় উত্তীপ হইয়া বগুড়া জেলার মধ্যে সর্কোচ্চ পান অধিকার করেন। ক্রমান্যরে প্রবেশিকা পরীক্ষায় ও এফ, এ, পরীক্ষায় উত্তাপ হইয়া ১৮৯৪ সালে ইনি সম্মানের সহিত বি, এ, পরীক্ষায় উত্তাপ হন। অর্থাভাববশতঃ বি, এ, পাশ করার পরেই ইহাকে চাকুরী গ্রহণ করিতে হয় এবং কয়েক স্থানে শিক্ষকতা কার্য্য করিয়া ১৮৯১ সালে বি, এল পরীক্ষা দেন। উক্ত পরীক্ষায় পঞ্চানন প্রথম বিভাগে উত্তাপ ইইয়া কলিকাতা বিশ্ববিত্যালয়ের মধ্যে সর্কোচ্ছ স্থান অধিকার করেন এবং স্থাপদক ও পুরক্ষার স্বরূপ পুস্তকাদি প্রাপ্ত হন। ক্ষমন্যরে এফ্ এ, পড়ার সময় বর্দ্ধমান জেলার অন্তর্গত কাল্নার করেপাড়ার স্থপ্রসিদ্ধ বস্তু মল্লিকের বংশে ইহার বিবাহ হয়।

বি, এল্ পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর কিছুদিন যাবং ভাগলপুরে ওকালতী করেন এবং তাহার পর ১৯০১ সালের ফেব্রুয়ারি মাসে মালদতে আসিয়া ওকালতী আরম্ভ করেন এবং আজ পর্যান্ত সেইখানেই
ওকালতী করিতেছেন।

মালদহে রায় বাহাত্র প্রায় ২৬ বংসর ওকালতী করিতেছেন এবং জেলাবাসী সকলেই তাঁহাকে আন্তরিক ভালবাসে ও বিশেষ শ্রদ্ধা করে। ওকালতীতেও তাঁহার বেশ পসার প্রতিপত্তি আছে এবং তাঁহার সভতা ও ব্যবসায়িক সাধুতার জন্ম সকলেই তাহাকে যথেষ্ট খাতির করিয়া খাকে। ওকালতী ব্যবসায়ের সম্মান বজার রাখিবার জন্ম তিনি সর্বাদাই সচেষ্ট এবং উক্ত ব্যবসায়ে কেছ যাহাতে কোন হীন বা নিক্ষনীয় কাজ ন। করে, তৎপ্রতি তাঁহার দৃষ্টি আছে। দেশের লোকও সরকারী কর্মচারী এই উভয় শ্রেণীর লোকের নিকট হইতে শ্রদ্ধা ও সন্মান লাভ করা কাহা-রও অনৃষ্টে বড় একটা ঘটিয়া উঠে না। কিন্তু রায় বাহাছরের সে সৌভাগ্য হইরাছে। যদিও তাঁহার আদিম বাসন্থান বর্দ্ধান জেলায়, তথাপি মালদহবাসী তাঁহাকে আপনার লোক বলিয়া জ্ঞান করে।

মালদহ জেলার সর্ক্ষবিধ উরতির দিকে রায় বাহাছরের মনোযোগ ও দৃষ্টি আছে। তিনি ডেলিগেট স্বরূপে কাশীর কংগ্রেসে ও তৎপরবন্তী বংসরে কলিকাতার কংগ্রেসে উপস্থিত ছিলেন এবং ১৯০৪।৫ সালের স্থানেশী আন্দোলনের সময় জেলার নানাস্থানে ল্রমণ করিয়া ও সভাসমিতিতে যক্তৃতা করিয়া লোকের মনে স্বদেশাভাব উদ্বৃদ্ধ করিতে তৎপর হইয়াছিলেন।

লেশহিতকর সর্ক্ষবিদ কার্য্যেই রায় বাহাত্র বরাবর যথেষ্ট পরিশ্রম করিয়া থাকেন। মালদহের অকুরমণি বিদ্যালয় ইহারই ঐকান্তিক সত্রে ও চেষ্টার প্রতিষ্ঠিত ও ক্রমে উন্নাত হইয়াছে এবং দাদশ ব্রেষর উন্ধিকাল যাবত ইনি উক্ত স্ক্লের সম্পাদক ছিলেন। ইহার স্ক্রিসীন উন্নতি বিষয়ে ইনি বরাবর বন্ধপরিকর ছিলেন এবং আছেন। উক্ত স্কলের কর্তৃপক্ষগণ স্কুলগৃহে রায় বাহাত্রের তৈল চিত্র রাখার জন্ত মনস্থ করিয়াছেন।

রায় বাহাত্র পঞ্চানন মজুমদারই মালদহ জিলার সমবায় সমিতির জন্মদাতা। মাননীয় মিং কে, সি, দে মহাশয় যথন পূর্ববঙ্গ ও জাসাম প্রদেশের সমবায় সমিতি সমূহের Registrar ছিলেন, ঐ সময় তিনি ১৯১১ সালে কৃষি শিল্ল প্রদর্শনীর সময় মালদহে আসিয়া মালদহ আর্বাণ ব্যাঙ্ক রেজিষ্টারী করিয়া দেন এবং ঐ সময়ে রায় বাহাত্র উক্ত ব্যাঙ্কের ডেপ্টি চেয়ারম্যানের পদ গ্রহণ করিয়া উহা অভিশয় যজের সহিত পরিচালনা করিতে থাকেন। তদবধি তিনি উক্ত ব্যাঙ্কের সহিত

নেরহন্ধারী, উদারচেতা ও সত্যবাদী পুরুষ ছিলেন, এইজ্ঞ মহারাজ ইহাকে বিশেষ সন্মান করিতেন এবং বিষ্ণপ্রবের আবালবুদ্ধবনিতা সকলেই ইহাঁর বাধ্য ছিল। তাহার ছাত্রগণ তাহার জ্ঞানের কিয়দ<sup>্ধ</sup> গ্রহণ করিয়া বাঙ্গালা ও ভারতের মুখোজনল করিয়াছেন। তাঁহার ছাত্র গণের মধ্যে ইহারাই বিশেষ উল্লেখযোগ্য—০ উদয়চক্র গোস্বামী ৷ রাধিকা প্রদাদ গোস্বামী, ভারপিনচক্র চক্রবর্ত্তী, শ্রীযুক্ত রামপ্রদর বন্দ্যোপাধার শ্রীয়ক্ত গোপেশ্বর বন্দ্যোপাধ্যার, শ্রীয়ক্ত অধিকাচরণ কাবাতার্থ, শ্রীয়ক্ত হারাধন চক্রবারী, আঁথুকু ঈশ্বচন্দ্র দ্রকার । সমস্তলালের গার সঙ্গাতে সিকপুক্ষ না জনিলে বিষ্ণুপুর সম্ভবত, এতাদন তাতার পুরুগোরব অক্ল রাখিতে অপারগ হইত। ভাহারট প্রকার ওপে আছ তাহার ছাত্রগণনিক প্রতিভাবলে ভারতের স্কৃতি কলাকে পুনজ্বিত করি তেছেন। তথাকার গায়ক, বাদকসণ চরাদিনই সংস্থলালের নিকট ঋণী থাকিবে, ভদিবয়ে হলেও নাই। ।তনি গৰাৰ বাজিদিগকে অকাত্রে সঙ্গত শৈক্ষা দতেন, তলাক্ত এথ গ্রহণ করিতেন না । ে বা জর কপস্থর উত্তম তাহাকে ভাকিবা গান শিক্ষা দিতেন : এই প্রদক্ষে সঙ্গাত বিশারদ স্বর্গায় রাধিক। প্রসাদ গোস্বামী একবার বলিয়া-ছিলেন যে " ছেলেবেলায় আমরা খেলিয়া বেডাইভাম, ওস্তাদজী যদি দৈবাৎ দোখতে পাইতেন তাহা হইলে তৎক্ষণাৎ খামাদিগকে সঙ্গে লইয়: গিব। প্রাতন গান্ভাল গাহিতে বলিতেন।'' ছাত্রদিগের উপর এইরূপ হত গুক্তাণের মধ্যে জতি বিরল: কিন্তু আমাদের দেশের কতিপথ লোক একপ ই'ন প্রবৃত্তি যে তাহারা প্রকৃত তথা না জ্যানয়া প্রবাদীতে ্রাধিকাপ্রসাদ গোসামী মহাশয়কে অন্ত এক মহাত্মার ছাত্র বালয়া উল্লেখ করিয়াছিলেন ইছা অতি নিরুষ্টতার পারচাত্রক। এই বিষয় প্রতিবাদে উঠে, মৌভাগাক্রমে প্রবাসার সম্পাদক কলে বিষ্ণুপুরে লিখিয়া প্রকৃত তথা অবগত হইয়া শ্রীযুক্ত গোপেশ্বর ২ বুর ১৮ঠি তাহার

প্রকাশীতে প্রকাশ করিয়া সকল প্রকার বিবাদের সমাধান করেন। স্বর্গায় বন্দ্যোপাধার মহাশয় মেদিনীপুরের জমিদার জীবক বার সংখ্যাত্র মাল্লক মহাশয় ও গড় বেতার জ্যাদার শ্রীযক্ত বাব গণেশ ত্ত হত। শ্যাদিগকে মধ্যে মধ্যে যাইয়া গান শিক্ষা দিতেন। ইনি এক দ গভারভাতে বাহার রাগিণা আলাপ করিয়া সকলকে জনাইয়াছিলেন ভাঁহার সেই আলাপ খনিয়া সকলে মগ্ন হইয়া পভিয়াছিলেন , একপ আলাপ পাইবার লোক অধুনা বিরল। তিনি এরপ স্থানর সন্ধভাবে মীডাদর। আলাপ গাহিতেন যে, উপস্থিত ব্যক্তিগণ তাহার স্টাত্ প্রভাবে মোহিত হইয়া পড়িত: ইনি গড়বেতায় থাকিয়া বছলোককে সঞ্জীত শিল্প দিতেন। ইহার রচিত এপদ, খেয়াল গানগুলি অবিকল হিন্দপ্রনিদের লায়। গড়বেতা হইতে বিষ্ণুপুর অন্ধক্রেশ আচিতে হুইত এবং সেই রাস্থা নিবিড় জগলের মধ্যে অব্যিত ছিল, সে সময় রেল ত্যু নাটা, গো-গাড়িতে আমিতে হইত, একদা বিষ্ণুপুর হইতে আমিবার সময় তাতার মধ্যম পুত্র গোপেশ্বর দঙ্গে ছিল। ছইজনে হাইতে যাইতে বালক গোপেশ্বর ফল ফুল শোভিত বনরাজির শোভা দেখিয়া পিতাকে বলিল যে প্রকৃতির এই শোভার ভাব লইয়া একটা গান রচনা করিয়া ভাগাকে শিথাইতে হইবে। অনস্তলাল পুত্রের জন্ম কিবা স্থলার উপ্রন শোভা দৌরতে মুনি মন-লোভা" এই বিখ্যাত গান্টী রচন করিলেন এবং ভাব ও স্তরের মধ্যে প্রকৃত সামঞ্জপ্ত রাখিবার জন্ম তথনি ইহা খাখাজ রাগাণাতে হুর দিয়া গোপেশ্বরকে শিক্ষা দিলেন। ভাগার গানের গুধিকাংশ বিবিধ বিভাবিশারদ স্বর্গীয় জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর মহোদায়ের মানিক পত্রিকাব প্রকাশিত হয়। তাহার রচিত, ".কন হরি যোগীর বেশ" " তার। তার। তার। বলে " " দীন তারিণী বলে মা " প্রভৃতি গান্তাল রচনা ও স্কর হিসাবে অতি উৎরুষ্ট। তাহার গানের কয়েকটা ভলালটাদ বড়াল, ভরাধিকাপ্রসাদ গোস্বামী ও জীযুক্ত

গোপেশ্বর বন্দ্যোপাধ্যায় মহাশয় কর্তৃক গ্রামোফোন-রেকডে প্রদত্ত হয়: ইনি সঙ্গীতের যে কিরূপ উলতি করিয়া গিয়াছেন, তাহা লিথিয়া বর্ণন করা যায় না। ইনি বহু পরিশ্রম দারা যে উৎক্ষ্ট উৎক্ষ্ট ছাত্র করিয়া গিয়াছেন, তন্তারা আজও সঙ্গীত চতুদ্দিকে স্মভাবে বিস্তৃত হইতেছে। ধ্পদ গান অনেকে বড় বেশী জোরে গাইয়া এবং মুখভঙ্গী দারা এমন বিক্লত করেন যে, অনেকে এপদ গান গুনিতে ইচ্ছা করেন না। খাহারা এইকপ গাহিতেন, তাহাদের উপর অনম্বলাল অভাস্থ বিরক্ত হইতেন। তিনি এমন স্লমিষ্ট করিয়া গ্রুপদ গাহিতেন যে, সকলেই তাহা শুনিয়া মোহিত হইত। তাহার ছাত্রগণ ও পুত্রগণ অবিকল সেই ডংয়ে গাইয়া থাকেন। স্বর্গীয় উদয়টাদ গোস্বামী ও স্বর্গীয় রাধিক:-প্রসাদ গোস্বামী সে কপ্রদু গাহিয়া স্ক্রিন্স্মকে প্রশংসাভাজন হইরাছিলেন তাহা কেবল অনন্তলালের শিক্ষা ও তাহাদের নিজেদের সাধনার ফল। ''সগুণ শোহাবন", ''মধুঋতু আই", ''অচল বিরাজ', ্একত যৌবন'', 'হু বল জাউঁ", ''রঙ্গঝরি লাগিরি'' প্রভৃতি গানগুলি অন্তলালের বিশেষ প্রিয় ছিল। স্বগার গোস্বামী মহাশয়ও ঐ গান্ভলি সম্পূর্ণ অনস্কলালের চংয়ে প্রত্যেক মজলিসে প্রায়ই গাহিতেন ৷ এক্ষণে তাহার মধ্যম পুত্র শ্রাফুজ গোপেশ্রর বন্দোপাধার মহাশয় সেইরূপ স্থমিষ্ট করিরা জ্রপদ গাহিয়া কি হিন্দুখানে, কি বঙ্গদেশে, সকল স্থানে ধুপদে বিশেষ স্থাতিলাভ করিয়াছেন, একণে ইহার ভায় গায়ক বিরল। অনন্তলাল একবার বদ্ধমানে গিয়াছিলেন। সে বহু দিনের কথা। সেই সময় মৌলাবল্ল খিনে খা ও গ্রার সঞ্চীতবিশারণ হতুমান দাগজী বন্ধমানে নিমান্তিত হইয়। আগিয়াছিলেন। একটা বড় রক্ষ গানের বৈঠক হল। অন্তলানের জগদ শুনিমা উক্ত মহাআদল ভাহার ভূরি ভূরি প্রশংসা করেন এবং বলেন যে, এরপ বিভদ্ধ মুদ্র-দোষবিহান, স্থামিষ্ট জ্রপদ তাহারা খুব কমই শুনিয়াছেন। নিজের

নাম জাহির করা কিন্বা সাধারণের নিকট প্রশংসাভাজন হওয়া. এই সকল বিষয়ে তাঁহার উলার প্রকৃতি সম্পূর্ণ উলাসীন ছিল। আমরা ছঃখের সহিত জানাইতেছি, তাঁহার একটিও প্রতিকৃতি নাই। জাবনের সমস্ত অংশই প্রায় তিনি বিষ্ণুপুরে কাটাইয়াছিলেন এবং তাঁহার ক্রাথ উলারপ্রকৃতি লোকের এ সমস্ত বিষয়ে লক্ষাই ছিল না। নিজের জীবনের সফলতার প্রতি দ্কপাত না করিয়া বঙ্গদেশে সঙ্গীত যাহাতে সাফল্যমণ্ডিত হয়, কেবল এই বিষয়ে লক্ষ্য রাখিয়াছিলেন। ইনি ১০০৩ সালে পরিণত ব্যুসে পরলোক গমন করেন। যদিও তাহার নম্বর দেহের কোন প্রতিকৃতি নাই, তথাপি তাঁহার সঙ্গীতময়ী প্রকৃতির প্রতিকৃতি বাঙ্গালার ও ভারতের সঙ্গীতার্থালনকারিগণের সদয়ে যে চিরবিরাজ করিবে, ইহাই আমাদের বিশ্বাস ও সাস্থনা।

## দর্স্গাতবিশারদ শ্রীযুক্ত রামপ্রদন্ন বন্দ্যোপাধ্যায়

অনন্তলালের জ্যেষ্ঠ পুত্র শ্রীযুক্ত রামপ্রসন্ধ বন্দোপাধ্যায় মহাশ্য ১০৭৮ সালে আবাঢ় মাসের ২৯শে তারিখে জন্মগ্রহণ করেন। রাম প্রসন্ধ বার পাচ বংসর বর্ষ হইতেই পিতার নিকট সঙ্গীত শিক্ষা আরম্ভ করিয়া অসাধাবল প্রতিভাবলে অন্ধদিনের মধ্যেই গান, সেতার ও আনুস্থিক বিষয়সকলে পারদর্শিতা লাভ করেন। কিছুদিন পরে রামপ্রসন্ধ বাব তাহার পিতার সহিত বিষয়পুর হইতে হুই ক্রোশ দূরবত্তী অযোগা প্রামে গিয়া তথাকার জমিদারের সহিত কলিকাতায় আসিয়া শাত ৬ সেতার বাজ জনাইয়া দেশবিখ্যাত "স্থধাসিন্ধ"-আবিষ্ধারক ছাল্ডার প্রিয়নাথবাব-প্রমুখ অনেকগুলি ভদ্র ও বড়লোককে মুঝ্ করেন। বালক রামপ্রসন্ধর বয়স তখন ১৬ বংসর মাত্র। প্রিয়নাথ বারু সঙ্গীতশিক্ষার মানসে তাঁহাকে বহু যত্রে কলিকাতায় রাখেন। সেই সময়ে কলিকাতায় বড় বড় বড় রাজা জমিদারের বাড়ীতে রামপ্রসন্ধ

বাবুর সঙ্গীত হয়। এত অন্ধ বয়দে একপ সঙ্গীতনিপুণতার জন্ম উাহার স্বয়শঃ চারিদিকে ছড়াইয়। পড়ে। এই সময়ে তিনি তাহার পিতার মাণুলপান মহারাজ ক্রর ষতীক্রমাহন ঠাকুরের সঙ্গীতাচার্য্য নীলমাধক চক্রবাত্তী মহাপ্রাক্ত ক্ররবাহার ও উক্ত মহারাজার প্রদান গায়ক গোপালন্দে চক্রবাত্তীর (ভুলা গোপাল নামে থ্যাত) নিকট ট্রা শিক্ষা করেন। এইকপে কিছুদিন কালকাতায় থাকেয়া তিনি বিস্কুপুরে ফিরিয়া যান এবং বিষ্ণুপর হইতে পাঁচ ক্রোশ দূরবর্তী কুচিয়াকোল রাজবাটাতে গমন করিছা রাজবংশপরগণ কর্তৃক সঙ্গীতাচার্য্য-পদে প্রতিষ্ঠিত হইয়া ক্রিয়াকোল ও বিষ্ণুপুরাধিপতি রায় যোগেক্রনাথ দিছে দেব বাহাতর ও তাহার ভ্রাত। স্বর্গায় রজনানাথ সিংহ দেব বাহাত্রকে ৭ বংসর যাবং সঙ্গাত শিক্ষা দেন। শিক্ষা-দানের ক্রতিই দেখিলা ভাহার উপর অতিশ্য সম্ভন্ত হইয়া তাহারা ১৭ বিঘা নিক্ষর ভূমি উাহাকে দান করেন।

তংকালে তাহার পিতৃবিয়োগ হওয়ায়, তিনি কুাচয়াকোল পরিতাগ কারয়া তিনজন ছার সমভিব্যাহারে বাছয়য়াদি লহয়া মহিয়াদল রাজবাটী ঘাইবার উদ্দেশ্যেরওনা হন। তিনি পথিমধ্যে যে ইয়ারে ঘাইতেছিলেন, সেই য়ায়ারে মেদিনীপুর ও নাড়াজোলাধিপতি স্বর্গায় রাজা নরেকলাল খান মহোদয় কলিকাতায় আসিতেছিলেন, সত্রে তাহার পিতামহের লাতা ছিলেন। সঙ্গীতে ভাহার বিশেষ অনুরাগ ছিল, এমন কি কোন উংক্রই য়য় দেখিল তিনি অবিকল সেইরূপ রয় নিজে তৈয়ায়া করিতে পারিতেন। তিনি রামপ্রসয় বারুর রয়াদি দেখিয়া পুনঃ পুনঃ সেইদিকে যাতায়াত আয়য় করেন। সেই সঙ্গাতায়রালী বাজি অবশেসে থাকিতে না পারেয়া রামপ্রসয় বারুর নিকট যান এবং তাহার পরিচয় পাইয়া তংকণাং রাজা মহোদয়েয় বিন্তি যাইয়া তাহাকে রামপ্রসয় বারুর সঙ্গীতাদি শুনিতে বলেন।

বাজা নরেব্রুলালও ইহাতে অতিশয় সম্ভষ্ট হইয়া সম্মতি দান করেন। ভ্ৰম রামপ্রসন্ন বাব একজন ছাত্রকে সঙ্গে লুইয়া স্করবাহার ও ্সতাৰ সম্ভিবাহারে রাজার কেবিনে যান। সেথানে ভাহার প্রবাহার আলাপের ও সেতার-বাছের আশ্চর্যারূপ ক্রতিছে বিমোহিত হুইয়া বাজাও ঠাহার বুদ্ধ পিতামহ তাহাকে কলিকাত। যাইতে বিশেষরূপে অমুরোধ করেন এবং তাহাকে কলিকাতায় লইয়া গিয়া বাজনরবারে সঙ্গীতাচাট্যের পদে প্রতিষ্ঠিত করেন। স্বর্গীয় রাজা নরেন্দ্র-নাল খান নিজেও তাহার নিকট গান ও সেতার শিথিতে আরম্ব করেন এবং অন্নদিন পরে তিনিও সঙ্গীতে বিশেষ পারদর্শী হইয়া উঠেন। লাজবাটীতে কোন উৎস্বাদি হুইলে রাজা মহোদ্য তৎকালীন শ্রেষ্ঠ পায়ক ও বাদকগণকে নিমন্ত্রণ করিতেন। তৎপরে রামপ্রসরবাব রাজা মহোদয়ের আন্তক্তলা ''সঙ্গীত-মঞ্জরী'' নামক একথানি স্তবৃহৎ সঙ্গীত-প্রান্ত প্রবায়ন করেন। এই গ্রাহে অনেক উৎকৃষ্ট ধ্রপদ থেয়াল টপ্লা ১০রী প্রভৃতি সন্নিবেশিত আছে। এই পুস্তক আর পাওয়া যায় না এবং পুনমু দ্রিতও হয় নাই। ইনি বিষ্ণুপুরে অবস্থানকালীন কেবলমাত্র বাঙ্গালা ভাষাই শিক্ষা করিয়াছিলেন, পরে কুচিয়াকোল রাজবাটীতে ভবরদানাথ মুখোপাধ্যায়ের নিকট সংস্কৃত শিক্ষা করেন, তৎপরে মেদিনীপুরে থাকিবার সময় ইংরাজী ভাষা আয়ত্ত করেন। "সঙ্গীত-মঞ্জরী" ১৩১৪ সালের বৈশাথে প্রকাশিত হয়। রামপ্রাসরবাব ক্রপদে অভিতীয় এবং তাহার প্রতিভা যন্ত-সঙ্গীতের মধ্যেও শতিমুন্দরকপে পরিক্ট হয় ৷ নাড়াজোলে অবস্থানকালে তিনি স্বর্ধাহার সেতার ব্যতিরেকে বীণ, এসরার, কানন, পাখোষাজ গ্রন্থতি ভারতীয় পুরাতন মন্ত্রদমহ উৎকৃষ্ট মপ আয়ত্ত করেন। তাঁহার স্করবাহার ভালাপে এক বাতে মেদিনাপুরবাদিগণ মোহত হইতেন এবং এমন কি ৬রাজ মহোদয়ের পোষা হরিণ, ময়র প্রভৃতি বস্তুত্তগণ্ও তাহার বীণার **একার ভ**নির<sup>ু</sup> নিবিষ্টচিত্তে তাঁহার নিকট দণ্ডায়মান থাকিত

তিনি ১৩২৫ সালে মৃদঙ্গ-দর্পণ ও তব্লাদর্পণ নামক একথানি প্রহক প্রকাশ করেন। এই পুস্তকে তিনি বিখ্যাত পুরাতন মৃদষ্ট বিশারদগণের বোল প্রভৃতি সংগৃহীত করিথাছেন। বৈজ্ঞানিক উপায়ে তিনি হহা একপ সরল করেন যে, সাধারণে অতি সহজে সেই সমস্ত বোল শিখিতে গারেন। সঙ্গাত-সমাজে "এদারার" শিক্ষার তেমন কোন উৎক্লষ্ট পুস্তক না পাকায় তিনি সঙ্গীতামুরাগী ব্যক্তিগণ কত্বক অন্তক্ষ হইয়া ''এসরার্-তর্জ'' নামক একথানি পুস্তক প্রকাশ করেন ইহাতে অতি উৎকৃষ্ট গং এবং শেষাংশে কতিপয় ফুংৱা বাঙ্গালাগান সানবেশিত হইয়াছে ' তা্ঠার রচিত ''এসরার-তরঙ্গ' ও তাহার ছাত্র স্বনামণতা স্বৰ্গায় রাজ। নরেন্দ্রলাল থান মহোদয়ের রচিত "পরিবাদিনী াশকা'' নামক সেতারের পুস্তক—এই ছই পুস্তকের দারা সঙ্গীত-জগতের অভাব দুরীভূত হইরাছে, এবং শিক্ষাবিস্থারের উপায় অতি সহজ্ঞান হইখাছে, ইহা নিঃ৮৫-দহে বলা যাইতে পারে। কিন্তু বড়ই ছঃথের বিষয় যে. ''সঙ্গীত-মঞ্জরী"র ক্রায় প্রস্তকের অন্তাপি ২য় সংস্করণ হইল না স্বর্গায় রাজামহাশ্য 'পরিবাদিনা-শিক্ষা' ১ম ও ২য় ভাগ প্রকাশিত ক্রিয়াছিলেন প্রণ ৩য় ও এগ ভাগ লিখিয়া প্রকাশ ক্রিয়ের সম্ম মাধ্যোজন করেরাছিলেন, এমন সময়ে তিনি পরলোক গমন করেন, তাহার মৃত্যুতে সকলেই শোকাভিত্ত হইয়া পড়েন। সেই বিছোৎসাহী. গুণগ্রাহী, সঙ্গীতজ্ঞ রাজার মৃত্যুতে স্পীত-সমাজ একজন প্রমবন্ধ ও পুছপোষক হারাইলেন ৷ আজকাল রাজা, মহারাজাগণের মধ্যে অণি কাংশই দেশীয় কোন বিছার উন্নতি ও চ্চার প্রতি লক্ষ্য রাথেন না আশা করি, তাহার স্থযোগ্য পুত্র কুমার দেবেক্রলাল খান মহাশ্র তাহার পিতার অমুকরণ করিবেন। বিশেষতঃ তিনি তাঁহার পিতার

অপ্রকাশিত পুস্তক ও "সঙ্গীত-মঞ্জরী" পুনঃ প্রকাশিত করেন, ইহা শঙ্গীতামুরাগীগণের একান্ত ইচ্চা। তাহার অন্তগ্রহ হইলে ইহা অচিরেই প্রাশিত হইবার স্থাবনা, এবং তাঁহার নাম্ও সঙ্গীতের ইতিহাসে চিরশ্বরণীয় থাকিবে। রামপ্রসরবাব তাহার প্রিয় ছাত্র ও প্রপোষক রাজাবাহাছরের মৃত্যুতে অত্যন্ত মর্মাহত হইয়া পড়েন এবং বভ্যান কুমার বাহাত্রকে ৩।৪ বংসর শিক্ষা দান করিয়া ৩০ বংসর যাবং সঙ্গীতা-চার্য্যের কাষ্য পূর্ণ করিয়া মাসিক পূর্ণ বৃত্তি গ্রহণ করেন। বিদেশে থাকিয়া তাহার শরীর খারাপ হওয়ায় তিনি নিকুপুরেই থাকিবার মানস করেন। বিষ্ণুপরে অনেকদিন হইতেই একটা সঙ্গীত-বিভাল্য প্রতিষ্ঠিত আছে। স্বলীঃ অনপুলাল কলোপাধ্যায় মহাশয় সেই বিভালয়ে 'শক্ষা দিতেন, সেই সময়ে স্কুলের যুগেষ্ট উন্নতি ইইয়াছিল এবং দেশ বিদেশ হইতে অনেক শিক্ষাগা সেখানে সঙ্গীত শিক্ষা করিতেন: তাহার মৃত্যুর পর হইতে অনেক দিন প্যান্ত অন্তপ্যক্ত শিক্ষকের হাতে শড়িয়া, বিষ্ণপুর সঙ্গীত-বিছালয়ের পূর্বগোরিক লুপপ্রায় ১ইয়াছিল এবং ইহার কোনকপ উন্নতি লক্ষিত না হওয়াতে সরকারী সাহায্যও বন্ধ হুইয়াছিল। বিভালয়ট উঠিয়া যাইবার উপক্রম হুইয়াছিল। এমন সময় বামপ্রসর বাব বিষ্ণুপুরে আসিতেই সেখানকার কতিপয় সন্ত্রাস্ত ও অন্তানা সঙ্গীতালুরাগী ব্যক্তিগণ মিলিরা রাম প্রসলবাবর সাহায্যে বিক্পুরে শঙ্গীতের উন্নতির চেষ্টা করেন: শুচিরেই তাহাদের সে চেষ্টা সফল হয়। রামপ্রসর্বাব নিজে বিদ্যালয়ের ভাব গ্রহণ করেন, এবং বিদ্যালয়ের ভল্লবধানের জ্ঞা একটা কমিটি গঠন করেন। অভি মন্ত্রকাল মধ্যেই তিনি অনেক ছাত্র তৈয়ার করিয়াছেন। এই বিদ্যালয়ে গান এবং সকল প্রকার যন্ত্রাদি শিক্ষা দেওয়া হয়। সঙ্গীতাচায্য রামপ্রসন্ন বন্দ্যোপাগায় মহাশয় বিদ্যালয়ের উন্নতিকরে প্রাণপুণ চেষ্টা করিতেছেন। আশা করি, তিনি কৃতকার্য্য ২ইবেন এবং তাঁহার পিতার



ন্থায় সকলকে শিক্ষা দিয়া, বিষ্ণুপুরের ও বাঙ্গালার সঙ্গীত-গৌরব অক্ষ্যু রাখিবেন। রামপ্রয়াবার বয়স এখন ৫৫ বংসর।

## দঙ্গীতনায়ক শ্রীযুক্ত গোপেধর বন্দ্যোপাধ্যায়

অনস্তলালের দিতীয় পুত্র শ্রীযুক্ত গোপেশ্বর বন্যোপাধ্যায় মহাশয় ১২৮৬ সালের ২৫শে পৌষ বৃহস্পতিবার জন্মগ্রহণ করেন। ইনি পাচ বংসর বয়স হইতেই পিতার নিকট সঙ্গীতশিক্ষা আরম্ভ করেন। বিষ্ণুরের মহারাজ রামক্ষক সিংহকে সঙ্গীত শিথাইবার জন্ম ইহার পিতা যথন রাজবাটীতে যাইতেন, বালক গোপেশ্বরও তথন সেই সঙ্গে প্রায়ই যাইতেন এবং মধ্যে মধ্যে মহারাজকে গান শুনাইয়া মুগ্ধ করিতেন। শুস্তাতবিছায় ইহার যেমন স্বাভাবিক শক্তি ছিল, চিত্রবিছাতেও তদ্রুপ ্দেখা যাইত। এই দেখিয়া বিষ্ণুপুরের মহারাজ ইহাকে চিত্রবিচ্ঠা শ্থাইবার জন্ম কলিকাতা পাঠাইতে অভিলাষী হন এবং প্রের কিঞ্চিং ইণ্রাজী ভাষা শিক্ষা আবশ্যক বোধে বিষ্ণুপুর ইণ্রাজী পলে ভবি করিয়া দেন। গোপেশ্বর যথারীতি স্থলে যাইতে লাগিলেন এবং পিতার নিকট সঙ্গীত শিক্ষা করিতে লাগিলেন। কিন্তু যিনি প্রণব্ধবনি ধারা অসামান্ত যশোলাভ করিবেন, তাঁহাকে ভাষা-শিক্ষায় কি আরুষ্ট রাখিতে পারে? এই সময় বিষ্ণুপুরাধিপতি স্বয়ং অপুত্রক হেডু ্গাপেশরকে পোষ্য লওয়ার প্রস্তাব করেন, কিন্তু হহার নিলোভ, ্তপ্রী পিতা অনস্থলাল অস্বীকার করেন এবং কেবল 'ভিক্ষা ছেলে' দতে সম্মত ছিলেন। এই প্রতিশ্তি-ফুত্রে উপনয়নের সময় গোপেধুর মহারাণীর ভিক্ষা-পুত্র হন। তদ্বধি মহারাজ ইহাকে অতান্ত সেহ করিতেন ৷ মহারাজের পরলোকগমনের পর দশ বংসর বয়দে গোপেশ্বর প্রথম কলিকাভায় আসেন। এই সময় ভাঁহার গান শুনিয়া একজন সাহেব এত মুগ্ধ হন যে, মিনার্ভা থিয়েটারের বাড়ী ভাড়া লইয়া ভুগু ণোপেশ্বরের গান হইবে—এই মধ্যে তিনি বিজ্ঞাপন প্রচার করিতে থাকেন দশবংশরের বালক সঙ্গীতবিভায় অন্তত পারদশিতা দেখাইবে এই সংবাদে বছলোকস্মাগ্ৰ্য হুইয়াছিল। ভুনাধ্য মহারাজ্য ত্র্যাচরণ লাহা একজন। তিনি গান জনিল বালককে ক্রোডে ভট্যা অনেক প্রশ°না করেন। মহারাজ সারি স্তীন্নোহন ঠাক< ্রহার পানের স্মালোচনার বলিয়াছিলেন, ''চফ মণ্ডি করিয়া প্রিলে মনে হয় থব বছ গায়কের গান হইতেছে"। কলিকাভার জনসাধারণকে ৬৪ করিয়া ইনি বিঞ্পরে প্রভাবিত্য করিয়া প্রবায় প্রভার নিকট একাদিক্রমে ১৩ বংগর কাল গাম শিক্ষা করেন। কিছুদ্দিন পরে তিনি পুনরায় কলিকাতায় খামেন এক ভংকালিক প্রামিদ্ধ খেষালা ওফপ্রসান ামত্র মহাশ্যের ানকট কতক খেলাল গান সংগ্রহ কবেন ৷ ইনি রূপদ বেয়াল, উল্লাখ্যমত প্রাণ্পাচ হারার গান বিশেষ্যপে আয়ুর করেন তহার গলার পর শতি জমিষ্ট ; ইনি হিন্দী ও বাঙ্গালা ভাষাণ বহু গান রচনা কাররাভেন। ইনি প্রতিদিন নিষ্ম্মত সাবনা করিয় গাকেন ছায়ান্ট ও ভৈরবরাগ এখার মত কেইই গাহিতে পারেন ।। বিজ্ঞান মহারাজের রাজ্যভাষ ইনি প্রায় ২১ বংসর মাবং দঞ্চীতাচায়োর পদ অলম্ভ ক্রিয়া রাখিয়াছিলেন। 'সঙ্গীত-সজেয'র প্রতিষ্টি, স্পীত রাজ্ঞী, বিবিধপুণালয় তা স্বর্গীয়া প্রতিভা দেবী মহোদ্যা এহার গান শুনিয়া মোহিত হইয়াভিলেন এবং ইহাকে ''সঙ্গীত-সজ্জো" গান শিক্ষ দিতে অনুরোধ করেন। তদবদি তিনি "সঙ্গাত-সজ্যে" উচ্চ প্রেণিতে হিন্দী গান শিক্ষা দিয়। আসিতেছেন এবং তিনি 'সজে র বিশেষ উন্নতি করিয়াছেন: ইনি সকলকে অকপটে গান শিক্ষা দিয়া থাকেন : ইনি প্রকৃত সঙ্গীতের উন্নতির জন্ম যেরূপ চেষ্টা করিতেছেন, এরূপ ১১৪টা অন্ত কেহ করেন না। বর্জমানের মহারাজাধিরাজ বাহাছরের 'গাঃকলো ইনি ১০১৬ দালে ''দঙ্গীতচন্দ্রিকা'' (১ম ভাগ) নামক একথানি

পৃষ্ঠক বাহির করেন। বাঙ্গালা দেশে তাহার এই প্রথম গুস্তক সকলে সমাদরে গ্রহণ করেন এবং উহা শিক্ষাণাদের বিশেষ উপযোগী হয়। তৎপরে ১৩২১ সালে "সঙ্গীতচন্দ্রিকা" (২য় ভাগ) প্রকাশিত হয়। সঙ্গীতেব এই ছই বৃহৎ পৃষ্ঠক প্রশায়নে সঙ্গীতাচায়া গোপেশ্বর বন্দোপাব্যায় মহাশয়ের সঙ্গীতশাম্বে গভার পাণ্ডিতা প্রকাশ পায়, এবং তাহার পুস্তকদ্বয় বাঙ্গালা দেশে এবং পশ্চিমেও প্রম সমাদর লাভ করে।

শঙ্গীতশান্ত্রে তাহার প্রগাচ পাণ্ডিতোর প্রস্কারস্করপ তিনি ''সঙ্গীত-নাংক'' উপাধি প্রাপ্ত হন। সম্প্রতি কবীন্দ্র রবীন্দ্রনাথ ঠাকুর ইহাকে বিধভারতী হইতে ''স্বর-স্বরস্বতী'' উপাধি প্রদান করিয়াছেন<sub>ি</sub> ইনি ''আনন্দস্মীত প্ত্রিকা'', ''স্মীতপ্রকাশিকা'', 'ভারতব্য'', ''ভারতী'' প্রাস্থতি পত্রিকাতে বহু গানের স্বর্জিপি ও প্রবন্ধ বিলিখয়াচেন ৷ অধনং ''প্রবাসী'তে তাঁহার "রূপ ও আলাপ" নামক একটা পুত্রক ক্রমশ: বাহির হইতেছে: 'সঙ্গীত-চন্দ্রিকা'' ১ম ভাগ একবারে নিংশেষ হওয়াম গোপেশ্বর কাবু গত বংসর (১৩৩২ সালে) "সঙ্গীত-চন্দ্রিকা"র ২য় সংস্করণ বাহির করিয়াছেন এবং অনেক অনুস্ধান করিয়া অমর ভানসেনের ছবি দণ্ডাই করিয়। ইহাতে ছাপাইয়াছেন। অধুনা-প্রতিষ্ঠিত লক্ষে মবিশ কলেজ নামক সঙ্গীতের কলেজে তাহার পুস্তক্ষ্ম স্বোচ্চ শেলীতে গুঠীত হইয়াছে। গোপেশ্বর বাব ১৩৩০ সালে 'গীত্যালা'' নামক দেবদেবীবিষয়ক একথানি বাজাল। গানের পুস্তক বাহির করেন ভাগেরে ১০০২ সালে "তানমালা" নামক একখানি খেলালেব পুত্তক প্রকাশ করেন। তান, বাট সহ স্বরলিপির এক্রপ স্কর পুস্তক ভারতবংশ আর নাই। এই সমন্ত পুস্তকে তিনি সঙীতের অনেক লুপ্ত জিনিষ উদ্ধাৎ করিয়া প্রকাশ করিয়াছেন। এক্ষণে তিনি 'দঙ্গীত-লহরা' নামক থেয়ালের একটা স্থরহৎ এর প্রণয়ন করিতেছেন টুহার বলসংখ্যক ছাত্র ও ছাত্রী আছেন। তাঁহাদের মধ্যে অনেকে অতি উৎরুষ্টরূপে

গাহিতে পারেন। ইহার রচিত বাঙ্গালা গান কে মল্লিক প্রভৃতি অনেকে রেকডে দিয়াছেন। বেনার স অল্ ইণ্ডিয়া মিউজিক কনফারেনে গোপেশরবার ও আলাবনে খা গুপদে প্রথম স্থান অধিকার কলিয়া স্বর্ণদক প্রাপ্ত হন। ইনি অস্তান্ত বহু বড় স্থানে স্থাপদক, উপানি ও প্রশংসাপ্রাদি পাইয়াছেন। লক্ষ্ণে কনফারেন্দে স্পীতের কলেজ স্থাপন ও অন্তান্ত সাধারণ উন্নতির জন্ত যে একটা কমিটা গঠিত হয় তাহাতে গোপেশ্বরবার বাঙ্গালার প্রতিনিধিস্বরূপ সদস্য নির্মাচিত হন। হেন্দ্গানের অনেক প্রকে গোপেশ্বরবারন শেস্কীত-চল্লিকা"র গান গহাত হইয়াছে এবং হিন্দ্সানের " সঙ্গীত স্থান্ত নামক স্থাতের ,হন্দী মানিক প্রিকার ইনি অনেক গান দিয়াছেন ইনি এখন ভারতীয় সঞ্চীতের বিশেষ উন্নতি করিতেছেন। ইহার বন্ধস্বাত্র ৪৭ বংসর।


#### সঙ্গীতাচার্যা শ্রীযুক্ত গ্রন্তেনাথ বন্দ্যোপাধায়

শনস্বলালের ভূতীয় প্র প্রীযুক্ত স্তরেন্দ্রনাথ বন্দোলাগার ১৮-৮ শকের হরা অগ্রহার বুগবার জন্মগ্রহণ করেন। ৮বংসর বয়সে ইচাব পিতৃবিয়োগ হওয়ায় লাড়াজোলে অগ্রজ রামপ্রসন্ধবারর নিকট যক্ষাদি শিথিতে আরম্ভ করেন। কিন্তু রাজা মহোদয়ের সহিত রামপ্রসন্ধবারকে নানা স্থানে ঘাইতে হইত বলিয়া স্থরেন্দ্রনাথের শিক্ষা মধাম ভাতা গোপেশ্বরের উপর নাম ১ইল। হাহার নিকট স্থরেন্দ্রনাথ গান. স্তার, স্বর্থহার শিক্ষা করেন এবং তংপরে কিছুদিন বদ্ধ্যান-রাজ্যের পায়ক পদে নিম্কু গাকেন। কিন্তু হুগাকার জলবায় হাহার অসহ হুওয়ায় ও কনিই লাভা রামক্ষের অকালম্ভাহেত্ব মাতৃদেবীকে সাম্বনা দেবার জনা স্বেন্দ্রনাথ বিষ্ণুপ্রে গিয়া বাড়াতেই থাকিতে বাগ্রহন। সেই সম্য নীল্মাপ্র চক্রবন্তী মহাশ্র বিষ্ণুপ্রে গিয়া

স্রেদ্রের গীতবাল্ভাবণে প্রীত হট্যা মহারাজ যতীব্রুমোহন ঠাকুরকে হাহা শুনাইবার অভিপ্রায়ে স্থরেন্দ্রনাথকে কলিকাতায় আনেন! মহারাজ তংশ্রবণে পরম পরিতৃষ্ট হইয়া তাহাকে গায়ক-পদে নিযুক্ত করেন। মহারাজ পরলোক গমন করিলে ইনি আদিবালসমাজের সঙ্গীজাচায়্যের পদ প্রাপ্ত হন। সেই অব্ধি ইনি এই পদ অল্পত্ত করিয়া আছেন। অল্লকাল পরেই ব্রাহ্মবালিকাবিস্থালয়ে গান-বাজনার শ্রেণী থোল। হয় এব॰ স্তরেন্দ্রনাথকেই উপযুক্ত ভাবিয়া ঠাহাকে অধ্যাপক-পদে নিমক্ত করা হয়। এই সময় বিবিধগুণালয় ত প্রমদা চৌধুরী মতোদয়া "সঙ্গীত-সন্মিলনী" নামক একটা সঙ্গীত-বিদ্যালয় প্রতিষ্ঠা করেন এবং স্করেন্দ্রনাথকে সেখানে সঙ্গীতাচার্য্যের পদে নিযুক্ত করেন। প্রথম শিক্ষাগাদের উপযোগী কোন পুত্তক না থাকায় ইনি "গীতপরিচয়" নামক একটা ক্ষুদ্র প্রস্তুক প্রকাশ করেন। এখন ইহার ১য সংস্করণ বাহির হইয়াছে এবং "গীত-পরিচ্যু" ১য ভাগও বাহির হইয়াছে। ইনি ক্ৰীক্ত র্বীক্তনাথের গানের স্বর্জিপি লিথিয়া ''গীতলিপি" নামক পুস্তক প্রকাশ করেন। "সঙ্গীত-প্রকাশিকং". 'ভারতী, ''ভত্ববোধিনী" পভৃতি পত্রিকায়, ইনি ধারাবাহিকরূপে 'বস্তর স্বর্রলিপি বাহির করিয়াছেন। সঙ্গীতশাস্ত্রবিষয়ে ইহার প্রগাঢ প্রান আছে ৷ ইহার বয়স এখন ১০ বংসর :

এই তিন দাত। একণে খামাদের দেশের সঙ্গীতাকাশের উজ্জল জোতিস্করঃ।

# স্বৰ্গীয় অনন্তলাল বন্দ্যোপাধ্যায়ের বংশ তালিকা। শ্রীধর বন্দ্যোপাধ্যায়





বায় শ্রীযুক্ত গোপালচন্দ্র বানাজ্ঞি বাহাদূর

## রায় গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায় বাহাতুর।

#### मृठ-ग

নদীয়া জেলার কাঁচকুলী গ্রাম বাঙ্গালার ক্যুজনের নিকট পরিটিত ভাহা জানি না, কিন্তু এট কাচকুলীর বন্দোপাধ্যায়-বংশের গোপালচন্দ্র আজ হোট বহু অনেকের কাছেই স্লপরিচিত। স্বধর্মে আস্তা, স্তামনিষ্ঠা ও স্বীয় প্রাতভাবলে মান্ত্র কিকপে নিমন্তর হুইতে উরতি লাভ করিয়া খাতি অৰ্জন কবিতে পারে গোপালচন্দ্র স্বীয় জীবনে তাহার জলম্ব উদাহরণ বাথিয়া যাইতেছেন। বন্দোপাধ্যায়-বংশ অতি স্কুপ্রাচীন নিঃসন্দেহ ' এই মহাভকর দিগন্তব্যাপী শাখায় হেমচন্দ্রের স্থার কবি, স্তরেনুনাথের লায় বজা, স্থার গুক্দাস বন্দোপাধ্যায়ের স্থায় বিচারক, উমেশচন্দ্র বন্দোপাণ্যাবের প্রায় ব্যারিষ্ঠার প্রভৃতি কত প্রথিতনামা ব্যক্তি জন্মগ্রহণ করিষ্ট এই নুক্ষের শোভাবদ্ধন করিয়াছেন, কিন্তু স্বৰশ্বে পাকিয়া রাজদেবা, সনাতন তিলুধর্মের আচার, নিছা ও সংযমের কঠিন বন্ধনের মধ্যেও উচ্চরাজপদের দায়িত্ব-গ্রহণ ও পূর্ণমাত্রায় তাহার প্রতি-দালন বিশেষ প্রশংসনীয়। তাহার এই দৃষ্টান্ত বাঙ্গালী ''জনবুল্গণের'' ( John Bull , শৃশ্য করা উচিত। সাহেবের চাকরী স্বীকার কারতে হইলেই সাতেৰ হইতে হয় না, রাজা যে দেশীয় বা যে জাতীয় হউক না ুকন, রাজ্দেব; করিতে হইলেই যে আহারে, বিহারে, পরিচ্ছদে ভাগাদের দেশীয়তা হা জাভায়ত। অন্তকরণ করিতে হইবে, ভাহা নহে স্বাদেশিকতঃ ও স্বাত্যারক্ষাই স্বধন্ম ও সমাজ্ঞিয়তার পরিচারক।

জ্বে ।— ই॰রাজা ১৮৫৩ খূঃ অবে ১৫ই ফেব্রুয়ারা সোপালচণ কাঁচকুলী প্রামের স্থবিখ্যাত ব্রাহ্মণপণ্ডিত বংশে ভূমিষ্ঠ হন। ইহার পিতার নাম পণ্ডিত হরিনাথ জায়রত্ব। পণ্ডিত হরিনাথ কাবা, অলঙ্কার ক্লায় ও স্থাতিশাস্ত্রে অসাধারণ বৃৎপত্তি লাভ করিয়াছিলেন। জায়শাস্ত্রের পারদশিতা হেতু সরকার বাহাত্ব তাহাকে ''লায়রত্ব' উপাধিতে অলঙ্কত করিয়াছিলেন।

হরিনাথের নিকট আমাদের বঙ্গভাষা বড় ঋণী; কারণ তংক্রিত "রচনাবলী," "রামের অরণ্য যাত্রা" 'মুদ্রারাক্ষস' 'বিরাট পদ্ধ প্রভৃতি পুস্তকাবলীর গুরুগন্তীর প্রান্তল ভাষা তংকালের বঙ্গসাহিত্যের আদেশস্বরূপ ছিল। 'মুদ্রারাক্ষস' তংকালীন প্রবেশিক। পরীক্ষার পারীকার্থীদিগের পাঠ্যপুস্তক ছিল। এতদ্বাতীত পুস্তকসকল তিন্দু হেয়ার ও ভাতাত্ত বিত্যালয়ের কোন না কোন শ্রেণীতে পঠিত হইত।

প হরিনাথ শিবপুরের উন্নতিকল্লে নিজের প্রাণ্. মন্
স্পৈর্গ করিয়াছিলেন। তিনি বহু কাল ব্যাপিয়া অনারারী মেজিষ্ট্রেট
( Hony, Magte ) ও মিউনিসিপ্যালিটির কমিশনার ( Municipal Commissioner ) ছিলেন। হরিনাথই শিবপুরে প্রথম তাঁহার মাতৃ ভাষার 'হাবড়া হিতকরী' নামক দৈনিক সংবাদপত্র প্রকাশিত করেন, তৎকালে ইহা সকল সম্প্রদায়ের মুখপত্র ছিল। অধিকন্ত হরিনাপ 'Howrah People's Association" নামে এক সমিতি প্রথম গঠন করিয়াছিলেন। Howrah Literary Club, Debating Club, Theatrical Club এবং কুল প্রথমে তিনিই স্থাপিত করিয়াছিলেন। ভাহার এই সদস্কান ও কাগ্যকলাপদশনে পবিতৃত্ব হইরা সরকার বাহাত্বর ভাহাকে একটি 'Certificate of Honour" দিয়াছিলেন।

হারনাথ ৺ঈশ্বরচন্দ্র বিভাগাগর মহাশ্যের সমসাময়িক ছিলেন ও বিভাগাগর মহাশ্য তাঁহাকে অত্যস্ত স্নেহ করিতেন। বিধবা বিবাহ স্বন্ধে বিভাগাগর মহাশ্য পণ্ডিত হরিনাথের ও পণ্ডিত তারাশঙ্করের পৃষ্ঠপোষকতা প্রাপ্ত হুইয়াছিলেন। হরিনাথ বিভাগাগর মহাশ্যকে এই বিষয়ে সাহায্য করার সমাজ ভাঁহাকে ষথেষ্ঠ দত্ত দিবার জ্ঞু সঙ্কল করিয়াছিল, কিন্তু সোভাগ্যবশতঃ তাহার কেশাগ্রও স্পশ করিছে পারে নাই। তিনি আজীবন নিভীকচেতা ও স্পষ্টবক্তা ছিলেন।

পণ্ডিত হরিনাথের বংশ:- হরিনাথের সাত পুত্র: জ্যেষ্ঠ পুত্র গোপালচক্র; দিতীয় পুত্র, শ্রীযুক্ত মহেক্রনাথ বন্দ্যোপাধ্যায় বি-এল দার্জিলিঙ্গে সরকার বাহাছরের পক্ষে উকীল ছিলেন। তাঁহার জীবদশায় তিনি বহু অর্থ উপার্জন করিয়াছিলেন ত্রজিত ধনের কিয়দংশ স্বীয় পুত্রসকলের বিদেশে শিক্ষার জন্ম বায় করেন ও কিয়দংশ স্থানী। উন্নতির জন্ম দান করেন। হিন্দু পাব্লিক হল (Hindu Public Hall ) এবং কাশীধরী লাইব্রেরার ( Kasishawari Labrary ) প্রতিষ্ঠাতা এই মহেনুনাথট। নাজিলিঙ্গের হাসপাতালে যাহাতে গোগিগণ গ্রম জল পায় তজ্জ্য তিনি গ্রম জলের কল স্থাপিত করেন।

মহেজনাথ প্রাণিদ ধনাতা ব্যক্তি অনারেবল জগদানক মুখোপাধায় মহাশয়ের হোইকোটের সরকার পক্ষের উক্লৈ Govt. Pleader) ক্সা শ্রীষ্ঠী কাশীষ্ঠী দেশীকে বিবাহ করেন: ভারতব্ধের সমাট সপ্তম এডভরাড Edward VII যথন যুবরাজস্বরূপ ভারতবয়ে ভাগমন করেন তথন জগদানন্দের ভবানাপুরস্থ গচে আতিথা স্বীকার কর্মাছিলেন।

মহেন্দ্রনাথের পাচ্চি পুত্র যেন পাচ্চি রত্ন জ্যেষ্ঠ তবলেন্দ্রনাথ উকাল ছিলেন: মধাম পুত্র ভূপেন্দ্রনাধ কলিকাতার পুলিস বিভাগের Deputy Commi sioner , তৃতীয় পত্ৰ পৈলেন্দ্ৰনাথ B. A. Bar-atla : কলিকাতা হাইকোটের ব্যারিষ্টারক্রপে বিপ্ল ধনাজন ও প্রতিপত্তি লাভ করিয়াছেন: ১৬ৢথ পুত্র ছিজেন্দ্রনাথ America-প্রত্যাগত ও তৎ দেশীয় M. D. I.. M. ইত্যাদি উপাধিপ্রাপ্ত হুইয়া কলিকাতায়; দ্রাজারী করিতেছেন; সব্ব কনিষ্ঠ রবীন্দ্রনাথও কলিকাত। হাইকোটে ব্যারিষ্ঠারী করিতেছেন।

হরিনাথের ভূতীয় পুত্র ৬ যোগীন্দ্রনাথ পুলিদে কাব্য করিতেন। হোর কোন পুত্র নাই। একটি মাত্র কল্তাকে সংপাত্রস্থ করিয়া ইং-লোক ত্যাগ করিয়াছেন।

চরিনাথের পঞ্চম পুত্র ৺সনংকুমার ইঞ্জিনীয়ার ছিলেন ও সরকাব হুইতে মোটা বেতন পাইতেন। তাহার হুইটি পুত্র; উভয়েই এখন হাত।

হঠ পুত্র ৺উপেক্রনাথ ব্যবসায় করিতেন। শিবপুরেই ইহার নিবাস ছিল। ইহার একটিমাত্র পুত্র অকালেই মৃত্যুমুথে পতিত ইইয়াডেন। এখন একটিমাত্র পৌত্রই উপেক্রনাথের বংশধর।

সক্ষনিষ্ঠ পুত্র নরেন্দ্রনাথ হাইকোটের উকীল কিন্তু হাবছ।
ক্রেটেই পূক্ষ হইতে ওকালতা করিতেছেন। ইনিই এখন হহার
পিতার নাম রাথিয়াছেন। পেতার পদাস্বান্তসরণ করিও ইনিভ
শিংপারের মধ্যে সকলের নিকট আদৃত হইয়াছেন। হহার একটিমার
পুত্র Bengal Bankএ কাষ্য করিতেছেন।

পোপালের পাত্যাবস্থা।—গোপালচল এতি শৈশবে সাধ গাতার স্থাপিত বিজ্ঞালয়ে বিজ্ঞাশিক্ষা আরম্ভ করেন। যথন ভাতার ব্যক্তেম মাত্র এগার বংসর তথন তৎপিতা হরিনাগ ভাতাকে জাঁচার ভদানীক্তন শিবপুর মোকামে আনমন করাইয়া ভাবড়া জিলা সলে ইপ্রাক্তা শিক্ষাগ প্রেরণ করেন। শিক্ষকেরা গোপালচক্ত পণ্ডিত হরিনাথের পত্র শুধু এই জ্ঞানেই ভাহাকে প্রবেশিকার চার্গ শ্রেণিত গ্রহণ করেন, কিন্তু গোপালচক্ত সেই ব্যুসে প্রস্তুত গুফে চতুর শ্রেণিত

উপযোগী হইয়া উঠেন নাই। বহু চেষ্টা করিয়াও গোপালচন্দ্র সহাধ্যায়ী ও সহপাঠাদিগের সমকক হইতে বা সেই শ্রেণীর পাঠ আয়ত্ত ক্ষিতে পারিতেন না। বার্ষিক পরীক্ষায় গোপালচন্দ্রকে উদ্ধতন শ্রেণীতে উঠাইয়া দেওয়া হইয়াছিল বটে, কিন্তু গোপালচন্দ্র স্বীয় অক্ষমতা ব্রিভে পারিয়া চত্র্থ শ্রেণীতেই থাকিলেন। এই সময় হইতেই তাহার প্রতিভার ও বন্ধির বিকাশ আরম্ভ হটল। পর বংসর বার্ষিক পরীক্ষায় ততীয় স্থান অধিকার করিলেন। এইকপে বংসর বংসর ক্রমোরতি লাভ করিয়া ১৮৬৮ খঃ অন্দে পঞ্চদশ বর্ষ ব্য়ুদে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হন ও সরকার হইতে মাসিক দশ টাকা বৃত্তি লাভ করেন।

অতঃপর কলিকাতাস প্রেসিডেন্সি কলেজে তাহার কলেজ-জীবন আর্ছ হইল। এই কলেজ হইতেই তিনি এফ-এ. বি-এ ও আইন পরীকার পাঠ সমাপন করেন ।

সপ্তদশ বর্ষ ব্যা:ক্রমকালে এফ-এ পড়িবার সময়ই তাহার বিবাহ-জীবন আবন্ত হয়! তিনি বাকুড়া জেলার ময়নাপুরস্থ স্থপ্রসিদ্ধ "নক্ত' বংশের প্রানন্দ মুখোপাধ্যায় মহাশ্যের জ্যেষ্ঠা ক্রা

বিবাহ-জীবন। খ্রীমতী মন্দাকিনী দেবীর গুভ পাণিগ্রহণ করেন। এই বিবাহে গোপালচন্দ্রের মত্য মতাই লক্ষীলাভ হইয়াছিল ৷ এই ক্লীস্বৰূপিণী পত্নী অন্ধ শতাকীরও উপর অতীত হইয়া গিয়াছে আজিও স্বীয় স্বামীর পার্টে অবস্থান করিয়া হিন্দু গৃহস্তের গাইস্থাশ্রমের শ্রেষ্ঠ বস্তু যে সহধর্মিণীধর্ম তাহার অটুট পালনে উভয়ের জীবনকে এক অতুলনীয় সম্পদ দান করিয়া আসিতেছেন. মন্দাকিনী দেবী আদর্শ নারী। পত্নীসম্পদে গোপালচন্দ্রের সৌভাগ্য অনেকের ঈর্যান্তল। পত্নী মন্দাকিনী তাঁহাকে অনেকগুলি স্থসন্তান উপহার দিয়াছেন। ঈশ্বরের ইচ্ছায় ও ইহাদের স্থকৃতির পুণাফলে সন্তানগুলি স্ক্রিত্রবান্ ও কর্মশ্য হইয়া দাঁড়াইয়াছে। বৃদ্ধ বয়ণে নিজের পুত্রগুলিকে উপার্জনক্ষম ও স্বধর্মপরায়ণ দেখাই গোপালচক্রেব ও মন্দাকিনী দেবীর বিশেষ ভৃপ্তিপ্রদ ও আননজনক হইয়াছে।

১৮৭৫ খ্রীষ্টান্দে প্রেসিডেন্সি কলেজ হইতে গোপালচন্দ্র আইন কমজীবন। পরীক্ষায উত্তীর্ণ হইয়া স্বীয় বংশের গভারগতিক শিক্ষকতা পদ। শিক্ষকতা পদ গ্রহণ করেন! এই অন্ন বয়ুদেই তাহাব বিভালয়-ভাপনে অনুরাগ লকিত হয়। তিনি তাহার অনুজ লাভ ৬মহেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যাথের আন্তকুলো শিবপুৰে বিদ্যালয় স্থাপন। ্রকটি বিভালয় স্থাপন করেন: অধুনাতন কালে ঐ বিভালয়ই "দীন্বৰু বিভালয়" নামে পার্চিত! কিন্তু প্রতিভা যাহার জীবনে যশোরাণি উপহার দিবার জন্ম উৎস্কুক ও ব্যগ্র নয়নে পথ চাহিয়া আছেন, আয়ুশক্তিতে যে মানবের বিশ্বাস ও আঞ্চ আছে তিনি কথনও শিক্ষকতাপদে তপ্ত থাকিতে পারেন না নিয়তি তাঁহাকে যশোভাণ্ডারের দিতীয় কক্ষ মুক্তদার করিয়া সাদ্তে সংখাধন করিয়াছিলেন। গোপালচন্দ্র শিক্ষকতাপদ পরিত্যাগপুরুক বন্ধমানে গমন করিয়া উকাল হইলেন। কিল ওকালতী। ব্রাদাণ পণ্ডিতের বংশে জন্মলাভ করিয়া প্রকৃত রান্যণের স্বভাবজ সংস্কার উপলব্ধি করায় তিনি ওকালতীতে কোনালনই শান্তিলাভ ও মনের তৃথি পান নাই। ওকালতীতে কত সলেই রহ্সাম্য্রী মিথাার সৃষ্টি করিতে হয় ইহা তাহার ধর্মজীবনের গাণ্ডতে ঠিক থাপ খায় নাই। তাহাকে এই রত্নপ্রস্থ ব্যবহারোপজীবের জীবনটা লইয়া নিন্দা ও আক্ষেপ করিতেই আমরা দেখিয়াছি। তিনি স্বায় মেগা ও বৃদ্ধিশক্তিবলে এই ব্যবসায়ে প্রভূত ধনার্জন ও প্রতিপত্তি লাভ করিলে কি হইবে ? মধ্যে মধ্যে তাহাব প্রাণের বীণায় এই ব্যবসায়ের মলপ্রস্কৃতির স্থর আলাপ করিলে যে মনোবিকার উপস্থিত হইত তাহার ফলেই তাঁহাকে কর্মান্তর প্রহণে
কালটা তাণ।
ভাবনের একটি সতা ঘটনা উল্লেখ করিয়া আমন
তাহার প্রবন্ধী জীবন—তাহার রাজ্যবার আলোচনা করিব।

কোন সময়ে একটি দাঙ্গা-হাঙ্গামা-ঘটিত মকদমায় তিনি এক পঞ্চে ও কীল নিমৃত্ হন! ঘটনার বর্ণনায় তিনি স্বীয় পক্ষেরই দোগ নিজারি করেন, কিন্তু বৃদ্ধি ও কৃট তকবলে তিনি দোষীদিগকে সমর্থন করিছা শান্তিব হস্ত হইতে তাহাদিগকে মৃক্ত করেন। ইহাতে বিপশ্নে বিদ্যোষিতা থাকা সত্ত্বেও তাহাদের কারাগারের বাবস্থা ইইয়াছিল। এই ব্যাপারে তিনি অত্যন্ত ক্ষম্ম ও মর্ম্মাহত হন। এই অন্তর্তাপই তাহাব মত স্বাত্ত্যাপিয় স্বাধীনচেতা ব্যক্তির প্রাণেও দাসম্পূর্যল প্রাইতে সক্ষম হইয়াছিল—এই অন্তর্তাপই স্বাধীনজীবিকা-সমূত প্রভূত অর্থ স্থান ও যশোরাশিকে ভুজজ্ঞানে হেয় ও নিরুষ্ট চিন্তা করাইতে তাহাব চিত্রের মধ্যে কিছ্মান্ত ছিলার স্কৃষ্টি করে নাই।

বাজে সেবার নিযুক্ত।—ওকালতী পরিত্যাগ করিং তিনি মুন্দেফ হইলেন বটে, কিন্তু তৎকালে এই বিশিষ্ট হাকিমদের মাসিক বেতন সাদ্ধশতমাত্র ছিল। এই সত্যন্ত্র আরের জন্তু গোপাল চল্লের পারিবারিক অবস্থা বিশেষ স্বচ্ছল হইল না। এজন্ত তাঁহাকে অনেক দিবসই চিন্তামগ্র পাকিতে দেখা গিয়াছিল, কিন্তু তিনি সহিষ্ণুত্ত বলে ও স্বীয় সহধর্মিণীর মিতবায়িতা-গুলে এই অভিযোগ দূর করিং বেশ আনন্দেই ছিলেন। তাঁহার ও তদীয় পত্রীর তদবিধ ধর্মই একমাত্র শান্তিব লক্ষা হইয়াছিল। ভগবচ্চিন্তা ও পরমেশ্বরে নির্ভর-জ্ঞান উভ্যোব জীবনের অর্থন্নিস্টতা হেতু ত্রংখমোচন করিতে সমর্থ ইইয়াছিল জগদীশ্বরকে মিনি বৃক্টালা ভক্তি অঞ্জলি দিয়া পূজা করিয়াছেন, কত্তবোই শাহার প্রতিভার বিকাশ, তিনি যেন্তানেই মেন্দ্রপ অবস্থায় কালের বক্র

পতিতে নিক্ষিপ্ত হউন না কেন, সংসারের কোন অভাব-অভিযোগ ভাহার গাকে না। কগার বলে, 'ভাগ্যবানের বোঝা ভগবানে বয়''।

ভগবান গোপালচন্দ্রে স্বধর্মানুষ্ঠান ও গুণরাশির স্থযোগ্য পুরস্বার 'নিয়াছিলেন। গোপালচল প্রতিভাগুণে অতি স্কযোগ্য বিচারক বলিয়া সরকারের দৃষ্টি আকর্ষণ করিতে সক্ষম হইয়াছিলেন ও তাঁহার ভাগাল্গী যথন সূপ্রস্যা হইলেন তথন তিনি উল্লভি-District "ডিষ্ট্রাক্ট এণ্ড সেসন্স জজ"-পদে অধিকাচ হইলেন। and Session Judge এই উচ্চপদের সম্মান তিনি ক্রতিত্বসহকারে রক্ষ্য পদে নিযুক্ত। ক্রিয়াছিলেন। কশ্বজীবনে চিরকাল স্থবিচার বৈতরণ করার জন্য তাহারই সরকার বাহাতর কতৃক হাইকোটের গ্ৰন্থদৈ নিযুক্ত হইবার কথাবাতী চলিতেছিল ৷ কিন্তু গুভাগাবশতঃ তিনি তথন কঠিন হাদরোগে আক্রান্ত হন ৬ হাইকোটে র জজ বহুমত্রোগে ভুগিতে থাকেন। সকলেই তাঁহাকে হইবার কথাবান্তা। চাকরী হইতে অব্যাহতি লইবার উপদেশ দেয়। তিনি অবসর লইলেন আর তাহারই স্থানে সরকার বাহাছর Small Causes Courtএর জজ ভহরিনাথ রায়কে হাইকোটের জজ পদে নিগুক্ত করিলেন। তাঁহার আরও ছই বংসর চাকুরী করিবার বাকী ছিল। কিন্তু স্বাস্থ্যভঙ্গ হেতু তাঁহাকে নিৰ্দিষ্ট সময়ের পূৰ্ব্বেই ভাবসর লইতে বাধ্য হইতে হইয়াছিল।

অবসর লইবার পরেই Lord Minto তাঁহার কর্মপটুহায় সম্বষ্ট হইয়া তাঁহাকে ১৯১০ সালে "Rai Bahadur" ধিai Bahadur উপাধিতে অলম্কৃত করিয়াছিলেন। এই উপাধি ভাহার কাল্যাবলীর বংকিঞ্চিং প্রতিদান্যাত্র। গোপালচন্দ্ৰ সরকার বাহাজরের বিবিধ হিতসাধন করিরাছেন ক্রান্তরের লিখিত Police and its reformসবকাবের ভিনাধন।
নামক সন্দুর্ভ অতি স্থাবাগ্য ও কার্য্যকারী বলিফ সরকারের নিকট বিবেচিত এবং সমাদৃত ভইরাছিল। ভাচাব ''Anarchy and Education'' নামক প্রবন্ধও স্থপাঠ্য ও প্রকৃত্ত উপদেশমূলক।

কর্মান্ধেত্রে তিনি আজীবন তাঁহার স্বাত্যা ও একাণ্ড ধর্মাবিধাদ্দ জনিত আচার পালন করিয়া আসিয়াছেন। নিতাসদ্ধা ও পূজাবিধি তিনি কথনও লজন করেন নাই ও সময়ের অরুলন কথজানে আদর্শ বলিয়া পরিত্যাগ করেন নাই। "তিলক" ও দিলুর জীবনযাপন। "শিখা" দ্বারা শোভিত হইয়াই তিনি বিচারালয়ের সিংহাসনে আসন গ্রহণ করিতে কথনও হাস্যাম্পদ হইবেন বলিয়া ভীত বা কুঞ্চিত হইতেন না এই বিধ্যে তিনি আদর্শ হিন্দুর জীবন চিরকাল বহন করিয়াছিলেন তাহার পোষাক-পরিচ্ছদে বৈদেশিকতে কথনও লক্ষিত হয় নাই। জীবনে কথবও "টাই" পরেন নাই; এমন কি কেহ কথনও তাহাকে বৃক্থোলা কোট ব্যবহার করিতে দেখিয়াছেন কি না তাহা সন্দেহ। "Plain living and high thinking"—ইহাই ভাহার জীবনের মুখ্য উদ্দেশ্য ছিল।

কর্ম্বোপলক্ষে তাহাকে বহুজানে বহুলোকের ও নানাবিধ সমাজের সংস্থাবে আসিতে হইয়াছিল। সব্বএই তিনি বিবিধ স্থানীয় উন্নতি

কর্মকেরে দংকর্মার্ঠান
নীলফামারী, জাজপুর,াপিগ্না প্রভৃতি স্থানে তাহার
কৃত চেঠার তর্ত্য জনসাধারণের জন্ম পথ-ঘাট নিমাণ, পুস্রিণী খনন,
পুল, দাতব্য চিকিৎসালয়াদি হাপন হওয়ায় সেই সকল স্থান

ভাহার নামকে অভাবধি তাহাদের স্মৃতিপটে দেনীপ্যমান করিয়া রাখিয়াছে—তিনি তত্তং স্থানে অমর হইয়াছেন।

বিচারকের কার্যো কঠোর ও স্থায়বিচার-প্রাপ্তির যে দাবী প্রজার্নের আছে তাহা তিনি নিফলফে দান করিয়ানিজেকে প্রাতঃ-স্বরণীয় করিয়াছেন।

গোপালচন্দ্র স্বীয় কর্মান্থলে জনসাধারণের নিকট কত প্রিয়

ছিলেন তাহা তিনি তাঁহার রান্ধণমহাসন্মিলনীর

কর্মান্ধেরে সক্ষা
সভাপতির অভিভাষণে এক স্থানে বলিয়াছেন

তাহা নিয়ে উদ্ধৃত করিলাম:—

'২২ বংশর পূর্নে যথন রাজকান্য করিতাম তথন এই জানের বহরমপুরে। লোক আমাকে বিশেষ ভক্তি, শ্রনাও বিশাস করিতেন। নীয় সংবাদপত্রসমূহ আমার জানান্তর হুইবার সম্য আমাকে যেকপা প্রশংসা করিয়াছিলেন তাহা বেশ মনে আছে। বিদায়কালে জন নাধারণ কত ভালবাসা, আদর ও স্মারোহের সহিত আমাকে অভিনন্দন করিয়াছিলেন তাহা জাবনে ভূলিবার নহে। আমার নামে বিদায়ী গান ও সংস্কৃত জোত্র যাহা জনিয়াছিলাম তাহা কানে এখনও বাজিতেছে। সেই অভিনন্দনের একটি বিশেষত্ব দেখিয়া আভ্যান্তিত হুইয়াছিলাম। ততুপলক্ষেনমন্তিত বাজণ প্রিতগণকে 'বিদায়' দেওয়া হুইয়াছিল।

চিরকাল গোপালচন্দ্রের ইহাই লক্ষ্য ছিল যে, নিরপেক্ষ বিচার করিব। এজন্ম তিনি বহুপরিশ্রমসাপেক্ষ যত্নসহকারে, যথোচিত গবেষণা পূর্বক তীক্ষ্নৃষ্টির সঞ্চিত নিচারকাষ্য পর্যালোচনা করিতেন। অনেক সম্ম তিনি উৎকোচ গ্রহণ প্রভৃতি দুশ্ণীয় রীতির শাসন জন্ম আপনার অধীন কর্ম্মচারী- ্দের প্রতি তীর দৃষ্টি রাখিতেন। ইহার ফলে এক সময়ে তাঁহার কতকগুলিশুক সৃষ্টি হইগাছিল।

তিনি যথন কালীগঙ্গের মুনসেফ ছিলেন তথন ভাঁহার গৃহে ইাহার শত্রুক অগ্নিসংযোগ করে। এই গৃহদাহৎ-ব্যাপারে গোপাল-বঙ্গীবন একটি জগদীখারের রূপায় তিনি সে যাতা রক্ষা পাইয়া-

ভিলেন: তবে গোপালচলের এই বিপংকালে বহ

অব নই হয়।

বলা বাহুলা যে, গোপালচন্দ্র ইহাতে কিছুমাত্র বিচলিত বা শোক-পাপু হন নাই। "পূর্বজন্মের পাপের সামাত দও" ইহাই মনে কার্যা হাস্তবদনে এই বিপদ সহ ক্রিয়াছিলেন।

গোপালচন্দ্র বহরমপুরের চতুর্বাধিক অধিবেশনের সভাপতির
আসন হইতে যে অভিভাষণ পাঠ করিয়াছিলেন
ক্রেটাবন
তাহার এক স্থানে বলিতেছেন ু—

'ধ্র্মানিকানা পাইলে কি বিষম্য ফল হয় তাহ। আমার নিজের জাবনেই ব্রিয়াছিলাম। জন্মাজ্ঞিত স্তক্তি ছিল ব লগাই ৩২ বংসর বংসে মনে হইল আমার স্বধর্ম কি তাহা ব্রিতে হইবে। হঠাং নাদযোগ আসিল, মন অবসর হইল এবং ভগবানকে ডাকিছেল গলাম। তিনে বলিলেন 'বুলগুলর নিফট মন্ত্রগ্রহণ কর''। সম্পুতে বংপতি নাই, শালে কি আছে কছুই জানি না। একদিন একজন হাত বৃদ্ধ সাম্মিকভাবাপর দেবমুটি ব্রাজন আমার গৃহে অতিন্যুক্তরেশ নাগ্যন করিলেন এবং ব্যক্ত্র কিছুই নাই বলিয়া আমার বিধাদের বংগা শুনিয়া আমাকে গ্রহণ্য করিতে প্রায়শ দিলেন এবং নানা উপদেশ দিলেন। আহা সে প্রসর্তি ভূলিবার নয়। তাহার প্রেই শালীপুরে বৈত্রিণী ক্ষেত্রে বাজকাণ্যে যাইতে হইল, তথার আমার এক

স্কলের পরামর্শে পণ্ডিত শ্রীস্ত্র শশবর তকচুড়ামনির "কর্মবাখা।" ও "ভবেনিব" পড়িলাম। প্রাণে আশার সঞ্চার হইল। একজন অব্যাপকের নিকট গাঁত। পড়িতে আরম্ভ করিলাম। গাঁতা পাঠেব পর তাহারই চরণপ্রাত্থে শ্রীমন্তাগদত এবং দর্শনশাবের একটু আবিটুণ্ডিতে আরম্ভ করিলাম। ক্রমে দেখিতে পাইলাম হাল! হাব অম্লাম্য হেলায় হারাইয়াছি।

উন্মাদের ভাগ

"দেবদিজভকপ্রাজ পুজনং প্রেচমাজনং। ব্লচ্যামহিংসা চ শারীরং তপ উচাতে॥"

ভগবদাক্যাকৃসারে শারীর তপ আরম্ভ করিলাম। তপশু। এক প্রকার কঠোরই ইইতে লাগিল—হবিষ্যাশী ইইলাম। গেক্ষা বসন লইলাম। কেবল কাছারীতে পোষাক পারিধান করিয় যাইতাম। ১২ন শাস্ত জানিতাম না তথন আহার-বিহারের স্থাবিদি নিয়ম ছিল না ক্তু গীতা পাম করিষা আহার্যক্ত সম্বন্ধে কি করা কত্না যথন দ্ধিলাম—

"আয়ঃ সহবলারোগ্য স্থপ্রীতি বিবদ্ধনাঃ।
রস্যাঃ স্লিশ্ধাঃ স্থিরা হল্যা আহারাঃ সাহিকাপ্রিডাঃ।
প্রভৃতি সাহিক, রাজ্সিক ও তামসিক আহারের কথা শুনিলাম
তথ্য আমার চক্ষ কৃটিল। তথ্য রাজ্সিক ও তামসিক আহার
পরিত্যাগ করিয়া সাহিক আহার আরম্ভ করিলাম। যে শরীর এক
সময়ে ব্যাধির মন্দির বলিয়া মনে হইত তাহা সাত্ত্বিক আহারের ফলে
কমে স্রথের মন্দির হইয়া উঠিল। যাহা থাই তাহাই এখন অমৃত
বলিয়া মনে হয়। রসনা এটা ওটা, সেটার জন্ম আর বাস্ত নাই
প্রধানিবৃত্তিজন্ম যংসামান্ত আহারেই এখন পরিতৃপ্ত।

লোকে কথা তুলিল, 'আমি পাগল হইতেছি।" আমার এক

প্রিয়তম ইংরাজবন্ন্ Davidson সাহেব আমাকে বৃঝাইবার জন্য এক ইংরাজী Missionary পাদীকে আনাইলেন। তিনি সকল শুনিহা শেবে তকে না পারিয়া বলেনে "আমি আপনার জন্য বড়ই তৃঃখিত হইলাম। দেখিতেছি আপনি শীঘ্রই "ভাগবতিয়া" হইদা স্বীপ্রকে ছাড়িয়া পাপের সম্ভে ভূবিয়া যাইবেন।" আমি বলিলাম "আমার সে অদৃষ্ট নাই। সন্ত্যাসী হাওয়া বড়ই কঠিন। উহা জ্ঞানযোগ তিন হয় না।" বন্ধবান্ধবের কথা না শুনিয়া শাস্ত্রীয় কন্ম বলিয়া যাহা বিশ্বাস—তাহা করা বন্ধ করিলাম না। গুরুপদেশ না লইয়াই প্রাণায়াম করত। শেষে জনবোগে আক্রান্ত হইলাম। চিকিৎসা হইতে লাগিল। প্রাণাযাম কমাইয়া দিলাম।

প্রাথ ছই বংসর ভূগিয়া সারিলাম। নিতানৈমিত্তিক কর্ম এবং পূজাপাঠ নিয়মিত চলিতে থাকায় দেখিতে দেখিতে আশাতীত ফল হইল। শরীর স্তুত্ব ইতে লাগিল। নানাকপ পারিবারিক কল্যাণ হইতে লাগিল। আমার হিন্দু আচার-বাবহার দেখিয়া বদেশর লাট সাহেব হইতে আরম্ভ করিয়া জেলার জজ প্যান্ত সকলেই গ্রহণ করিতে লাগিলেন। যেথানে যাই সেইখানেই সন্মান পাই। শৌচ ও আচার জ্রমে বাড়িতে লাগিল। কোন কোন লোকে উপহাস করিতে লাগিল। কোন কোন লোকে উপহাস করিতে লাগিল। কোন কোন লোকে উপহাস করিতে লাগিল। লোকটার লেখাপড়া শিথিয়া কি শোচনীয় অবস্থা হইল। কি আন্চয্য, তুলসীতলায় গড়াগড়ি দেয়। কি অগ্রংগতন। আমি মনে মনে হাসিতাম। আমার ব্রত নিয়মিত চলিল। মনে কতই আনন্দ ভোগ করি। পত্নীও আমার প্রকৃত সহধর্মিণীর কায়া করিতে লাগিলেন। পরিবার মধ্যে সকলেই আমার দৃষ্টান্ত দেখিয়া ধর্ম্মপিপান্ত হইতে লাগিল।" এই সময় গোপালচন্দ্র "সংস্কা"

"দংদঙ্গ' নামক নামক মাসিক পত্রিকায় ধর্মসন্থরে বহু সারগ্ মাসিক পত্রিক। সন্দর্ভাবলী লিখিতেন। "যজেপবীত" 'ভিলক''

ইত্যাদিপ্রবন্ধমালা হিন্দুসমাজের দিক্ওস্তস্বরূপ।

তাঁহার অবসর-প্রাপ্ত জীবনের দৈনন্দিন কার্য্যাবলীর হিসাব দিতে ঘাইলে ইহাই প্রধান বক্তবা হইবে যে, তিনি ধর্ম অৱস্ব-জীৱন সম্বন্ধে প্রকৃত Theosophistএর মত পোষণ গীতার ্ষেষ্ট **মহাবাক্য "স্বধ্যে নিধনং শ্রে**য়ঃ করেন। পর্ধর্মো ভ্যাবহঃ" ইহাই ভাঁহার মূলমন্ত্র। প্রাভ্যহিক আচার-অন্তর্হানের মধ্যে শাক্ষপাঠেই তিনি এখন অধিক ্দৰ্শিৰ কালাবলা আনন্দ লাভ করেন। ব্রান্সমহুতে শ্যাত্যাগপুর্কক গীতা পাঠ আরম্ভ করেন। পরে ৬ ঘটিকার সময় শৌচরুত্যা দ সমাপনাত্তে স্ক্র্যাক্তিক, তপুণ, দেবাচ্চনা, এবং নিতাহোম ইত্যাদিতে হিপ্রহর বাজিয়া যায়। ভোজনাত্তে এক ঘণ্টাকাল বিশ্রাম করতঃ পুনরায় কখন কখন অধ্যাপকের নিকট সংযুক্তশাস্ত্রপুত্তক পাঠ বা ক্থনও নিজে প্রতান্ত ইত্যাদি পাঠ করিতে করিতেই গোধুলি কাল স্মাগত হয়। তথ্য সন্ধ্যাদিতে পুনরার নিবিষ্ট হন। ন্দ্র বয়দে আত্মচিন্তা ও ভগ্রতপাসনা মনের সাদে করিবার খভিপ্রাবে কলিকাতাত স্বীয় ভবনে না থাকিয়া নিজের পুত্র, পৌত্র, ্লাহিত্রাদিকে পরিত্যাগ করিয়া কোলাহলশূল স্থদূর দেশ চক্রধরপুরে ্রক আশ্রম নির্মাণ করিয়াছেন।

তাঁচার ধর্মে বিধাস ও ভায়পরায়ণতা দর্শনে এবং তাঁচাকে
বাল্ণসভাব সভাগতিপদে নিযুক্ত

সভাপতির মালা তাঁচারই কঙে প্রাইম দিয়াছিলেন। তার-বোগে তিনি যথন তাঁচার চক্রপরের আশ্রমে এই
ব্বাদ পাইলেন তথন লুগপং আন্চর্যাহিত ও জঃখিত চইলেন। জঃখিত
ক্রমার কারণ তিনি খাভভাষণে বলিয়াছেন যে, "গো-বান্ধণ-রক্ষার জভা
ব মহাসভা ভূদেবগণ কভুক আহৃত হইবে তাহাতে আমার মত শ্ম-দ্ম-

গ্রপ-বিহীন এবং জ্ঞান-বিজ্ঞান-বিহীন ব্যক্তিকে সভাপতি করিবার প্রোজন হওয়ায় মনে হইল যে, বঙ্গদেশের ব্রাহ্মণ সমাজের গ্রাতি চরম সীমায় উপনীতপ্রায়। আশ্চ্যান্থিত হইবার কারণ আমার সম্পূর্ণ ক্ষরোগাতা। তারসংবাদ পাইবার সময় গোপালচন্দ্র অস্তত্ত ছিলেন; স্বতরাং ব্রাহ্মণ-সভার প্রস্তাবিত সন্মান-গ্রহণে অহ্মম হইলেন বলিয়া ভার-যোগে উত্তর দিলেন। কিন্তু সভা ঠাহাকে ছাড়িলেন না।

'উৎসব'' পত্রিকার সম্পানক বিখ্যাত পণ্ডিত রামদ্যাল মন্ত্র্যার এম-এ মন্ত্রাশ্রের পত্র লইয়া রাজ্যপভা গোপালচল্লের চক্র-রপুরের আশ্রমে পণ্ডিত শরংচল্ল সাংখ্যবেদান্ততীর্থ মহাশ্রকে দিতীয়বার জ্বরোধ করিবার জ্ঞা প্রেরণ করিলেন। তথ্ন ''রাজ্যন্ত রাজ্যো গভিঃ'' এবং ''কর্ম্মণোবাধিকারত্তে মা ফলেষু কদাচন'' ভাবিয়া অক্ষমতা সম্পেত স্বীকার করিলেন। বহরমপুরের চতুর্থবার্ষিক অধিবেশনের সভাপতির আসন হউতে যে অভিভাগণ তিনি পাঠ করিয়াছিলেন ইহা আনেক বিচ্ফাণতার ফল। ইহাতে গোপালচল্ল বভ গ্রেণ্য অভিযত স্ত্রন্ত্রারে কতকগুলি মন্তব্য আমাদের হিলুস্মাজের কল্যাণার্থ প্রকাশ করিয়াছেন—এইসকল মন্তব্য তাঁহার ব্যক্তিগত নয়, শান্ত্রান্ত্র্যাদ্যিত।

সংসারের ভোগেছা ও মায়ামমতা গোপালচন্দ্রের নাই বলিলেই হয়।

১৯:৭ খঃ ককে তাঁহার চুতীয় পুত্র বীরেক্তনাথ বন্দ্যোপাধ্যায়

শঞ্জিলেং ব্যমে ইহলোক ত্যাগ করেন। বীরেক্ত
গোপালচন্দ্রের অন্তান্ত পুত্রগণ মধ্যে সন্ধাপেক্ষা
নেষ্ঠাবান, সদাচার-পরায়ণ ছিলেন। বীরেক্ত Shibpore Engince:ing Colleged Engineering Departmental
বীরেক্তের ও শিবস্থী
ভাগার। অন্য ত সহস্র মুদ্রা লইয়া ইটের ব্যবসা
করিতে আরম্ভ করেন। "বাণিজ্যে বসতি লক্ষ্মীঃ"

তিনি তাঁহার জীবদশার যথেষ্ট অর্থ উপাক্ষন করিয়াছিলেন। এই বীরেন্দ্রনাথই কেবল গোপালচন্দ্রের পুত্র বলিয়া পরিচয়দানে যথার্থ উপয়ৢক্ত। "যথা পিতা তথা পুত্রঃ"—উভয়েই ধার্ম্মিক, পরত্বঃথকাতর, ঈশ্বরপরায়ণ। বীরেন্দ্রের গুণে তিনি মুগ্ন ছিলেন। তজ্জ্যই বীরেন্দ্র তাঁহার অত্যন্ত প্রিয়পাত্র ছিলেন। বীরেন্দ্রের জীবনের মূল মন্ত্র ছিল "পরের লাগিয়া আপন ভূলিয়া ধয়্য কর নিজ জন্ম।" মৃতের সৎকার-করণ, আতুর ও দরিদ্রদিগকে বন্ধ ও তণ্ণুল দান, রোগীর সেবাগুশ্রুষা এই সকল কার্য্যে তিনি অধিক আনন্দ পাইতেন। এই সকল কর্ম্মের জন্ম তাঁহার প্রাণ অনুক্ষণ কার্দিত। এতাদৃশ গুণরাশি সম্পান্ন উপয়ুক্ত সন্তানের মৃত্যুর পর গোপালচন্দ্র শোকে কিছুমাত্র বিচলিত হন নাই।

পদব্রজে যথন গোপালচন্দ্র পুরের শব সমভিব্যাহারে এশানে যাইতেছিলেন, তথন কেহ তাঁহার নয়নয়য়ল হইতে অঞ্পাত হইতে দেখে নাই। পরস্ত গোপালচন্দ্র যথন মৃতপুরের চিতায় শুভ মুখায়ি করিতে যাইলেন তথন উচ্চৈঃস্বরে ঈশবের গুণগান করিতে লাগিলেন নির্বিকারভাবে মৃতের সংকারার্থে সকল শুভকায়্য হাস্থবদনে সম্পন্ন করিলেন। শাশানের দর্শকর্ন গোপালের এই আচরল নিস্তর হইয়া নিম্পানভাবে দেখিতে লাগিলেন।

গোপালচন্দ্রের কনিষ্ঠা কস্তা শিবসতী দেবীর ২৪ বংসর বয়ংক্রম কালে ইহলীলা সাঙ্গ হয়। শিবসতী গোপালচন্দ্রের সর্ব্বকনিষ্ঠা কস্তা বলিয়া অত্যন্ত প্রিয়া ছিলেন। এমন কি শিবসতী বিবাহের পরেও অধিক সময়েই স্বীয়া পিতামাতার নিকট থাকিতেন। কিন্তু শিবসতীর মৃত্যুর পরেও তাঁহাকে আমরা একভাবেই দেখিরাছি—ধীর, শান্ত, উদাস।

গোপালচক্রের তামসিক স্পূহা আর নাই। তিনি যে পথের

পথিক হইয়াছেন সেই পথ হইতে তাঁহাকে ামদিক স্প্রাণুক্ততা ফিরাইতে জগতের কোন প্রলোভনই আর সমর্থ হুইবে না। গোপালচন্দ্র কর্মজীবন হুইতে অবসর লওয়া সত্ত্বেও তাঁহাকে Hill Tipperalia মহারাজা সাদ্ধ সহস্র মুদ্রা মাসিক বেতন দিয়া তাঁহাকে তাহার Manager নিযুক্ত করিতে কতকণ্ডলি প্রলোভন স্বীরত হইলেও তিনি ঐ কর্ম গ্রহণ করিতে অক্ষম হইলেন: সরকার বাহাগ্রের পক্ষ হইতে Swinhoe সাহেব তাঁহাকে Presidency Magistrate-পদে নিযুক্ত করিবার ইচ্ছা প্রকাশ করিলেন কিন্তু গোপালচন্দ্র Swinhoe সাহেবকে বলেন, "৫৫ বৎসর প্রাস্ত ক্রমায়য়ে নিজেকে রাজদেবায় নিমগ্ন রাথিয়াছিলাম এথন আমার সময় ক্রমেই অগ্রসর হইতেছে, আমাকে আপনারা অনুগ্রহ করিয়া নিয়তি দিন। জীবনের অবশিষ্ট যে কয়টা দিবস পড়িয়া আছে সে কয়টা দিন নিজেকে প্রাণমন দিয়া ঈশ্বরের চিস্তায় ডুবাইতে চাই। আশা করি, আমার এই প্রার্থনা আপনারা রক্ষা করিবেন।" এই একই কারণে গোপালচন্দ্র বন্ধীয় ব্যবস্থাপক সভার সদস্যপদ-গ্রহণে অপারগ হইরাছিলেন। ইচ্ছা করিলেই তিনি সদস্যস্বরূপ তৎকালীন লাট সাহেব স্বৰ্গীয় Sir Edward Baker কৰ্তৃক মনোনীত হইতে পারিতেন। গোপালচন্দ্র আর যশ, অর্থ, সম্মানের কাঙাল নহেন। তিনি ঈশ্বরপ্রসাদ-লাভের ভিখারীমাত। আহারে, বিহারে, শয়নে, স্থপনে কেবল তাঁহার ঐ একমাত্র চিম্থা। গোপালচন্দ্র যথন

বারাণসীধামে বাস করিবেন এই মনস্থ করিলেন বানপ্রস্থাবলম্বী তথ্য তাহার এই শুভকামনার কণ্টকস্থরপ তাঁহার পুত্রগণ দাড়াইল। শুভকোষ্ঠা গণনার ঘলে ইহাই

গণিত হইয়াছে যে, তীর্থল্রমণকালে তীর্থধামেই তাঁহার মৃত্যু হইবে।
তজ্জ্ম তাঁহার পুত্রগণ গোপালচক্রের এই উপযুক্ত বৃদ্ধ বয়সে একাকী

স্থুদূর বারাণদীধানে আত্মীয়স্বজনপ্রিত্যক্ত হইয়া যাইতে দিতে বিরোধী হন। কিন্তু প্রাণ যাহার ছুটিয়াছে তাহাকে বাধা দেয় কে দ অ্ফান্স সময়েও এইরপ প্রতিরোধ হওয়া সত্ত্বেও গোপালচন্দ্র স্বীয় পত্নী সম্ভিব্যাহারে তীর্থ ভ্রমণ করিয়া আসিয়াছেন, এবারেও তিনি এই সকল বাধা-বিদ্ন জ্রক্ষেপ না করিয়া বারাণ্সীধামে শেষ জাবন কাটাই বার জন্ম ক্রতসম্বল্প হইয়াছেন। আজ তিনি পবিত্র বারাণ্দী-বাদী ব্রাহ্মণ পবিত্র বারাণসীধামে স্বায় সহধর্মিণী সমভিব্যাহারে ভগবং চিন্তাৰ নিজের জীবনের অবশিষ্ঠ অমূল্য সময়ের সন্থাবহার করিতেছেন ও পর-কালের জন্ম প্রস্তুত হইতেছেন। যে সময়টুকু ভগবত্বপাসনা অথবা সং শাস্ত্রপাঠে ব্যয় না হয় তাহাই সময়ের অপব্যয় হইয়াছে বলিয়া তাহার মনে হয়। দাত্রিংশং বংসর হইতে অদা চতুঃসপ্ততি বংসর বয়স প্যাস্থ তিনি মব্যবহিত ভাবে স্বধন্ম পালন করিয়া আসিতেছেন। সাধুদেব করিয়া গোপালচক্র জীবনে কত আনন্দ পাইতেন তাঁহার সভাপতির অভিভাষণের উপসংহারে একটি ঘটনা উল্লেখ গোণালের সাধুসেবা করিয়া বলিয়াছেন :---

"কলিকাতা বেদবিছালয় দেখিয়া বড় ইচ্ছা হইল তাহার অধ্যাপক ও ছাত্রগণকে একদিন নিমন্ত্রণ করিয়া রাজণভোজন করাই। অধ্যাপক-গণের আদেশমত বিশেষ বিশেষ থাছের আয়েজন যত্নসহকারে করিলাম। থাইতে বসিবার পূর্দ্ধে তাহারা পাদপ্রকালন করিছে যাইলেন। একজন প্রবীণ ছাত্র বলিলেন, যদি রাজ্ঞণ-ভোজনের ফল চাহেন, তাহা হইলে আপনি স্বয়ং পাদ-প্রকালন করিয়া দিন। জাপনার স্ত্রী জল ঢালিয়া দিন ও আপনি পা ধুইয়া দিন। তথন গ্রীম্মকাল ও প্রথর রৌদ্র। আমি সেই রৌদ্রে বিদলাম। অধ্যাপকগণ এক ভূতাকে আমার মন্তকে ছত্র ধরিতে বলিলেন। আমার স্ত্রী জল ঢালিয়া দিতে লাগিলেন এবং আমি রাজ্ঞণগণের অর্থাৎ ক্ষুদ্র বালকটির পর্যাক্ত ভক্তি-

সহকারে পা ধুইয়া গামছা দিয়া মুছিয়া দিলাম। এ কার্য্যে অনেকক্ষণ্
সমর লাগিল। আর কট হওয়া দূরে থাকুক মনে বড়ই আনন্দ হইল ।
শেষে তাহাদের প্রত্যেকের ললাউদেশ চন্দন দিয়া শোভিত করিফা
অর্থ্য প্রণাম করিলাম। শেষে তাঁহারা যথন আহার করিতে লাগিলেন
আমি ও আমার সহধর্মিণী আহার পরিবেশন করিতে লাগিলাম
আহার শেষ হইবার পর তাঁহাদের দক্ষিণা দিয়া প্রণাম করিলাম।

অধ্যাপকগণ ও প্রবীণ ছাত্রটি খুব আশীর্মাদ করিলেন। পা ধুইঃ দিবার সময় তাঁহারা কি মন্ত্র উচ্চারণ করিতে লা,গলেন তাহা জানি না তবে দেই মন্ত্রে আমার শরীর কণ্টকিত হইয়াছিল। তাহার পূর্বাদিবদে আমার পেটের অস্তথ হইয়াছিল। তজ্জ্য উপবাসী ছিলাম। সেইদিন অপরাহ্নাল প্রান্ত উপবাসী থাকিয়া ব্রাহ্মণভোজন করাইলাম কি & কোন কষ্ট বোধ হইল না। রাত্রিতে রক্ত আমাশয় দেখা দিল আগ্রীয়বর্গ উপহাদ করিয়া বলিলেন "ব্রান্ধণভোজনের কেমন ফল পাইতেছেন ?" আমি বলিলাম "ভাগ্যে উহা করিয়াছিলাম—তাই আমি এ আমাশয়ে প্রাণ হারাইব না। আমার মনে হইতেছে ঐ যজের ফলে ও সং ব্রান্ধণের আশার্কাদে আমি সারিয়া যাইব।' তাহাই ঘটিল, পীড়াটি একট কঠিন হইয়াছিল। কিন্তু সহজেই সারিয়া উঠিলাম। এই ঘটনার পর হইতে আমি যথনই ব্রাহ্মণভোজন করাইয়াছি তথনই ব্রাহ্মণগণের পা স্বয়ং ধুইয়া দিয়া থাকি। নিমন্ত্রিত ব্যক্তিদের মধ্যে বাঁহার: আমার অনুগ্রহপ্রার্থী তাঁহারা আমার কার্য্যে বড়ই সম্কুচিত হন, কিন্তু আমি ছাড়ি নাই এবং তাহার ফলে আমি যে কত আনন্দ পাই তাহা প্রকাশ করিতে পারি না।" আজ পর্য্যন্ত প্রতি বংসরে একবার এইভাবেই তিনি সাধুদেবা করিয়া থাকেন—তাহা তাঁহার বাংসরিক জন্মতিথি উপলক্ষে।

গোপালচক্র হৃঃথের হঃখী—তিনি আতুর ও দীন-হঃখীর পরিবারে

চিকিৎসার অভাব হয় বুঝিলেন—এই অভাব মোচবাহুর ও দরিদ্রের প্রতি
দয়।

স্বয়ং হোমিওপ্যাথি চিকিৎসাশাস্ত্র অধ্যয়ন করিয়া
গারীব-তঃখীদের ঔষধ বিতরণ করিতেন ও আশ্চর্য্য এই ষে,যেখানে তিনি
গিয়াছেন সেইখানেই তাহার চিকিৎসায় হাত্যশ হইত।

গোপালচন্দ্রের বাংসরিক জন্মতিথি উপলক্ষে প্রতি বংসর ব্রান্ধণ বিদায় ও ভিথারী বিদায় হইয়া থাকে। এই ব্যাপারে বহু অর্থব্যয় হয়— সদ্ধ, স্বঞ্জ, জীর্ণ, রুগ্ধ ব্যক্তি ও ভিথারীদের মধ্যে বস্ত্ব ও তামমূদ্রা, বিতরণ করা হয়।

গোপালচন্দ্রের দান অপরিমিত তাঁহার দার হইতে কথন কোনও
দান। ব্যক্তি অর্থ সম্বন্ধে প্রত্যাভিলাষী হইয়া বিন্থ
হইয়া ফিরিয়া যান নাই। গরীব ব্রাহ্মণ পুরোহিত কিংবা বিদ্যান পণ্ডিত যে কত তাঁহার মাসিক বা বার্ষিক বৃত্তিভোগী, তাহা বলা যায় না। তিনি বহু সদমুষ্ঠানে বহু অর্থ দান করিয়াছেন তন্মধ্যে উল্লেখ যোগ্য শিবপুর স্কলে ৫০০ শত মুদ্রা দান।

গোপাল যথন ছঃখে ও শোকে কন্ট পাইয়াছেন তথনই তিনি

অভিমানস্চক গানসমূহ স্বয়ং রচনা করিয়া গাহিয়া

সঙ্গীত রচনা

ছেন। তাঁহার স্নেহ-উদ্বেলিত ভাব-মধুর
গানগুলি যথন তিনি গাহিতেন তথন তাঁহার চক্ষ্ অশ্রুপূর্ণ হইত।
বড়ই স্থথের বিষয় যে, গোপালচন্দ্রের কনিষ্ঠ পুত্র শ্রীমান্ শচীক্রনাথ
বন্দ্যোপাধ্যায় এম-এ, বি-এল শাঘ্রই তাঁহার পিতার গানসমূহ
একত্র সঙ্গলিত করিয়া মুদ্রিত করিবেন।

গ্রামা<sup>বিষয়ক সঙ্গীতাবলী</sup> তিনি শ্রামাবিষয়ক গান রচনা করিয়া এক সময় তাঁহার শ্রোভূর্নের মন মাতাইয়াছিলেন — তাহার সঙ্গীতে কালীদেবী স্লেহম্য়ী মাতার ভায় চিত্রিতা ইইয়াছেন।

উপসংহারে গোপালচক্রের প্তদিগের বিষয় সামান্ত কিঞ্চিৎ লিখিয়া গোপালের প্তগণ আনরা তাঁহার জীবনী শেষ করিব।

গোপালচক্রের সাতটি পুত্র ও তিনটি কন্তা; কন্তাত্রয়কে তিনি সং-পাত্রস্থ করিয়াছেন। জ্যেষ্ঠ কন্তার একমাত্র পুত্র শ্রীস্থশীলকুমার চট্টোপাধ্যায় এম-এস-সি, বি-এল কলিকাতা St. Xavier's College এর অঙ্গাস্ত্রের অধ্যাপক। পুত্রসকলের মধ্যে যতীক্রনাথ জ্যেষ্ঠ। ইনি কলিকাতা মেডিকেল কলেজ হইতে এল্-এম্-এদ্ পাশ করিয়া শিবপুরের স্থনামধন্ত ডাক্তার দীনবন্ধু মুখোপাধ্যায়ের নিকট ছোমিও-প্যাথিক চিকিৎসা শিক্ষা লাভ করেন। পরে হাবড়ায় প্রথমে ডাক্তারী আরম্ভ করেন ও তথায় অল্ল সময়ের মধ্যেই নিজের কৃতিত্ব প্রদশন করেন। কিন্তু তাঁহার পিতা যথন কলিকাতায় নৃতন বাড়ী ক্রয় করিলেন তথন যতীন্দ্রনাথ হাবড়া পরিত্যাগ করিয়া কলিকাতায় চিকিৎসা আরম্ভ করিবেন বলিয়া স্থির করিলেন। আজ যতীক্রনাথের ২৫ বংসরের অধিক বিজ্ঞতা লাভ হইয়াছে এবং হোমিওপ্যাথিক চিকিং-সকদিগের মধ্যে ও কলিকাতার জনসাধারণের নিকট তাঁহার নাম ও যশ কাহারও নিকট অপরিচিত নাই। বতীক্রনাথ রুঞ্চনগরের ৺জ্যোতি-প্রসাদ রায় মহাশয়ের কস্তাকে বিবাহ করিয়াছেন। এই বিবাহে ্গাপালচন্দ্র ক্রঞ্জনগরের বর্তুমান মহারাজা ক্রোণীশচন্দ্র রায় বাহাতুর মহাশয়ের সহিত সম্বন্ধত্ত্রে আবদ্ধ।

মধ্যম পুত্র জ্ঞানেন্দ্রনাথ Presidency College হইতে M. A. পাশ করিয়া ডেপুটি মেজিট্রেট-পদে নিযুক্ত হন। তাঁহার এখন বিংশ বংসরের অধিক কর্ম হইল। কর্মাক্ষেত্রে তিনিও সরকার বাহাছরের নিকট একজন প্রবীণ ও কর্মাক্ষম কর্ম্মচারী বলিয়া তাঁহাদের মনোযোগ আকর্ষণ করিতে সমর্থ হইয়াছেন। জ্ঞানেন্দ্রনাথকে বিলাতের Wembly Exhibitionএ কর্ম উপলক্ষে যাইতে হয়। বিলাত হইতে প্রত্যাবর্ত্তন-কালে তিনি ইউরোপের সকল দেশ ভ্রমণ করিয়া আর্শিসমাছিলেন।

ত্তীয় পূত্র বাবেক্সনাথ Shibpur Engineering College এ

শিক্ষার্থে প্রবেশ করেন। তিন বংসর Engineering বিভাগে শিক্ষালাভ করিয়া পরে ইটের বাবসা করিবার জন্য বহু অর্থ কইয়া প্রথম কর্মান্ধেত্রে অবতীর্গ হন। কঠিন পরিশ্রম করায় তাঁহার চীবদশাঃ
তিনি প্রভূত অর্থ উপাক্ষন করিতে সক্ষম হইয়াছিলেন। তিনি স্বক'শ
উপাজ্জিত অর্থে উত্তরপাড়ায় এক বৃহৎ বাড়ী নির্মাণ করিয়াছিলেন। কিন্দ তথ বংসর বয়সে তাঁহাকে ইহলোক তাগে ক রভে হয়। ইহার মৃত্যাপ পর হইতেই মলাকিনী দেবীর স্বাস্থ্য চিরকালের জনা ভাঙ্গিয়া গথাছে বীরেক্রনাথ ভ্রহারাজা রামনিরস্কন চক্রবর্ত্তা বাহাত্র মহাশ্রের দেগ্রিত্তা এবং রাজা প্যারীমোহন মুয়োপাধ্যায় মহাশ্রের পৌত্রা শ্রামতা ব্রজরাণ দেবীর শুভ পাণিগ্রহণ করেন।

চতুর্থ পুত্র নূপেক্রনাথ Presidency Colleged পাঠ করিতেন পাঠ্যাবস্থা সমাপনাস্থে তাঁহার অগ্রজ বীরেক্রনাথ তাঁহাকে ব্যবদা করিতে বলেন ; নূপেক্রনাথের ব্যবসায়ে কোন অভিক্রতা না থাকাও তিনি ব্যবসাথ লোকসান দেন ও পরে ব্যবসা পরিত্যাগ করিও। পুলিশ বিভাগে কলান্তসন্ধান করেন। পরে তিনি C. I. D. বিভাগে Inspector of Police-স্বন্ধপ Bengal Policed নিযুক্ত। নূপেক্র Asst. Surgeon ডাক্রার যামিনীমোহন মুখোপাধ্যায়ের কন্যা


পঞ্চম পুত্র রাষবেক্তনাথ বি-এ পাশ করিয়া ১৯১৭ খৃঃ অন্দে Deputy Superintendent of Police নিযুক্ত হুইয়াছেন। ইনি অভি অৱ সময়ের মধ্যেই তাঁহার বিভাগে সকলেরই শ্রদ্ধা লাভ করিয়াছেন ও কর্মস্থলে যথেই প্রতিপত্তি স্থাপন করিয়াছেন। স্থ্যোগ্য কর্মচারী বলিয়া বিবেচিত হওয়ায় দশ বৎসরের মধ্যেই এক বৎসর রংপুর জেলার

Additional Superintendant of police স্থাপ কাৰ্য্য করার স্থােগ তাহার মাসিয়াছিল। রাষ্বেন্দ্রে সম্বন্ধে আর একটি বিষয় উল্লেখ-যোগা এই যে,মাত্র সাত বংসর কর্মা করার পর তিনি King's Police Madal পাইয়াছেন। পুলিশ-বিভাগে ইছা অপেকা সন্মান কিছুই নাই পালণ-বিভাগে কর্ম করিতে করিতেই তিনি B. L. ( মাইন ) পরীক্ষার উত্তার্গ হইয়াছেন। ছাত্রজাবনে রাঘবেক ছাত্রসমিতির নেতা িলেন। রাঘবেন্দ্রের আর একটি বিশেষত তাঁহার অসাধারণ বক্তৃতা করিবার ক্ষতা। কলিকাতা হাইকোটের Chief Justice Sir Lancelot Sanderson, বঙ্গের গবর্ণর Lord Carmichael এবং Burmas Governor Sir Hartcourt Butler প্রভৃতি মাননীয় ব্যক্তিগণকে ধ্বন কলিকাতা ইউনিভাগিটি ইনষ্টিটিউট হইতে অভিনন্দন করা হইয়াছিল ज्यम बागरवन्त वक डा मिया त्या ज्वातम्ब ज्यमी खमामा भाइराजित्म । রাঘবেন্দ্র ভূতপুর বন্ধীয় ব্যবস্থাপক সভার Vice-l'resident Babu Surendra Nath Royর দৌহিত্রী ও রাজা পারিয়োহন মুখোপাধ্যার মহাশ্যের পোত্রী ছীমতী সরমাদেবীকে বিবাহ করেন।

বর্চ পুত্র মণীক্রনাথ অতি শৈশবে মারা বান। এই পুত্রকে হারাইরং গোপালচক্র ও তাঁছার পদ্মী শোকে অত্যক্ত অধীর হইরাছিলেন। ঈশব ভাঁছাদিগের ক্তিপুরণম্বরণ তাঁছাদিগকে আর একটি পুত্র উপহার দেন।

সপ্তৰ প্ত শ্ৰীষান্ শচীজনাথ Presidency College ছইডে কলিকাতা বিশ্ববিভালয়ের M.A. পরীক্ষার ১৯২২ সালের প্রথম বিভাগে উত্তীর্ণ হইয়া ইউনিভাটিসির বিভীয় স্থান শ্রীক্ষার করায় University Jadunath Mahalaxmi Silver Medal পাইয়াছেন। শচীজনাথ ও ভাঁহার অগ্রক রাখবেজের ন্যায় ভাঁহার সমসাময়িক সকল কলেজের ছাত্রদিপের সহিত শ্লমবিত্তর পরিচিত। ছাত্রসমিতি পরিচালিত শক্ত সংক্রমে ই তাঁহাকে আমরা তংপর থাকিতে প্রায়ই দেখিয়া থাকি।
শচীক্রনাথ আইন-পরাক্ষায় উত্তীর্ণ হইয়া হাইকোর্টের উকীল
হইয়াছেন ও স্বীয় অধ্যবসায়ের ফলে অন সময়েই স্থযোগ্য উকীল
বলিয়া পরিচিত। শচীক্রনাথ অসহযোগ সমিতির নেতা, কংগ্রেসের
Secretary, মেদিনীপুর অন্তর্গত জাড়ার জমিদার সাতকড়িপতি রায়
মহাশয়ের কনিষ্ঠ ল্রাভা স্থারপতি রায় মহাশয়ের একমাত্র কন্যা
শ্রীমতী রাজলক্ষ্মী দেবীকে বিবাহ করিয়াছেন।

গোপালচন্দ্রের সংসারে মা লক্ষ্মী ও বটার রূপ। সমপরিমাণেই বিতরিত। পৌত্র, দৌহিত্র, প্রদৌহিত্র ইত্যাদিতে তাঁহার বংশ পরিপূর্ণ। গোপালচন্দ্র যে বৃদ্ধবয়সে তাঁহার নিম্নতন চারি পুরুষ দেখিয়া যাইতেছেন, ইহা বড়ই আনন্দের বিষয়। সর্ব্বাপেক্ষা স্থথের বিষয় যে, তাঁহার সহধর্মিণী আজিও বর্ত্তমান। পরমেশ্বর গোপালচন্দ্রকে আরও দীর্ঘজীবন দান করুন, ইহাই আমাদের কাতর ও আন্তরিক প্রার্থনা। জগদীশ্বর তাঁহার কোন বাসনাই অভুপ্ত রাথেন নাই; ধন, যশ, সম্মান সকলই তিনি কর্মজীবনে পাইয়াছেন। সৌতাগ্যবতী মলাকিনী তাঁহার সেবায় অভাবিধি নিযুক্ত। অধিকন্ত্র "পঞ্চপাগুবের" ন্যায় পাঁচটি পুত্র তাঁহার বংশের মুখোজ্জল করিয়া রহিয়াছেন। এই সকল প্রস্থারের জন্তু গোপালচন্দ্র ভগবানের নিকট চিরশ্বণী—চিরক্লতক্ষ্ম।



## ग्रात्र निनीतक्षन ठटिंगे भाषात्र।

क्रिकाला हारेटकाटउँत ज्लाभूक् अधान विठात्रभिक छत्र निनी-চট্টোপাধাায় মহাশয়ের অতিবৃদ্ধ প্রপিতামহ ৬ বেচারাম চট্টোপাধ্যায় মহাশয় বর্দ্ধমান জেলার অন্তর্গত বড় বেলুনে বাস করিতেনঃ প্রপিতামহ এরাম5ন্দ্র চট্টোপাধাায় বননব গ্রামে আসিয়া বাস করেন। তিনিই এই বংশের প্রতিষ্ঠাতা। এখানে তিনি তালুকাদি অক্ষন করেন। নলিনীরঞ্জনের পিতামহ ৬ ত্রিলোচন চটোপাধ্যায় বদ্ধমান ক্ষল কোর্টের খ্যাতনাম। উকিল ছিলেন। তিনি স্বধর্মে বিশেষ নিষ্ঠাবান্ ছিলেন : জীবনের শেষ নয় বংসর তিনি ৮কাশা বাস করিয়া ছিলেন। দেইখানেই তিনি দেহত্যাগ করেন। তিলোচনের দিতীয নাতা নীলকণ্ঠ মুন্সেফ ছিলেন এবং বছদিন স্থখ্যাতির সহিত ঐ কাঞ্চ করিয়াছিলেন। ত্রিলোচনের চতুর্থ দাতা গোপালচল বর্দ্ধমানের মহারাজার হজুরি সেরেস্তালার ছিলেন। পরে স্বীয় কার্যাদকতা গুলে ইচ্চ পদ প্রাপ্ত হন। তিনি একনিষ্ঠ হিন্দু ছিলেন এবং একটি শিব প্রতিষ্ঠা করিয়াছিলেন। নলিনীরঞ্জনের প্রপিতামহ, পিতামহ, পিত! সকলেই সাধক ছিলেন। পিতামহ বহু অর্থ উপাক্ষন করিয়াছিলেন বটে, কিন্তু সেই অর্থে বহু লোককে প্রতিপালন করায় অধিক টাকা সঞ্জ করিয়া রাথিয়া যাইতে পারেন নাই। নলিনীরঞ্জনের পিতার নাম সারদাপ্রসাদ। তিনি প্রথমে মুন্সেফ ছিলেন, পরে সবছজের কার্য্যে উন্নীত হুইয়া বিচারকার্য্যে বিশেষ গুশোলাভ করিয়াছিলেন। তিনি নিষ্ঠাবান হিন্দু ডিলেন এবং নান। শান্ত্রে গভীর জ্ঞান লাভ করিয়াছিলেন। তিনি পাঁচটি শিব প্রতিষ্ঠা করিয়াছিলেন এবং দেবকার্য্যে ও তর্গোৎসবাদির অন্ত ভূসম্পত্তি দান করিয়া গিয়াছেন।




স্তার নলিনারঞ্জন চট্টোপাধ্যায়

ত্রিলোচনের ত্রাতৃপুত্র দেবেজ্রনাথ বর্জমান জজ-আদালতে ওকালতী করিয়াছিলেন এবং আর বয়সে পরলোক প্রাপ্ত হন। ত্রিলোচনের অন্ততম ত্রাতৃপুত্র হংসেশার বর্জমানে ওকালতী করিতেছেন। সারদাপ্রসাদের ছয় পুত্র, জ্যেষ্ঠ পুত্রের নাম জ্ঞানরঞ্জন, ইনি কলিকাতা হাইকোটে অনেকদিন ওকালতী করিয়াছিলেন; দিতীয় নলিনীরঞ্জন; চতীয় শরৎরঞ্জন; ইনি উকিল; চতুর্থ ৮সতীশরঞ্জন ইনি মুক্সেফ ছিলেন, পঞ্চম ৮ দক্ষিণারঞ্জন, ষ্ঠ যোগেশরঞ্জন।

নলিনীরঞ্জন ১২৭৩ সালের ৮ই অগ্রহায়ণ তারিথে জন্মগ্রহণ করেন।
ইনি ইংরাজী ১৮৮৬ খৃষ্টান্দে বিংশ বংসর বয়সে ইংরাজী সাহিত্যে প্রথম
বিভাগে অনারের সহিত বি-এ পাশ করেন এবং ১৮৮৭ সালে দ্বিতীয়
শেণীতে এম্-এ ও ১৮৮৮ সালে প্রথম বিভাগে বি-এল পাশ করেন।
১৮৮৯ সাল হইতে ইনি কলিকাতা হাইকোর্টে ওকালতী আরম্ভ
করেন। দ্বাবিংশতি বর্ষকাল বিশেষ ক্লতিত্বের সহিত ওকালতী করিবার পর ১৯১০ সালের ১০ই ডিসেম্বর তারিথে মহামান্ত কলিকাতা
গাইকোর্টের বিচারপতি-পদে নিয্তু হন। ১৯২০ সালে ভারত গবর্গমেণ্ট
তাহাকে 'নাইট' উপাধি প্রদান করেন। ১৯২৫ সালের আগষ্ট মাস
১ইতে তিনবার প্রধান বিচারপতির পদে কার্য্য করিয়া ১৯২৬ সালে
নভেম্বর মাসে অবসর গ্রহণ করেন। কলিকাতা সংস্কৃত এসোসিয়েসনের
সভাপতি এবং Cox Preservation I শ্রুরার এর সভাপতি-পদে
এথিষ্ঠিত আছেন। স্তর নলিনীরঞ্জন নিজ গ্রামে একটা মধ্য ছাত্রবৃত্তি

নলিনীংজন পিতৃ-পিতামহের অনুষ্ঠিত কাধ্যকলাপ সম্পূর্ণ বজার রাথিয়াছেন। ইনি নিষ্ঠাবান আহ্মণ এবং আহ্মণ্যধর্ম্মে সম্পূর্ণ বিশ্বাসী। ইনি বীরভূম জেলার পাঁচরা গ্রামনিবাসী জমিদার ভরাজেক্রকুমার বন্যোপাধ্যায় মহাশয়ের কন্তাকে বিবাহ করেন। ইহার পাঁচটি পুত্র। জ্যেষ্ঠপুত্রের নাম কামদাকুমার; বিতীয়ের নাম হরকুমার; তৃতীয়ের নাম অর্জকুমার; চতুর্থের নাম স্থীরকুমার ও পঞ্চমের নাম প্রকৃত্রনার। কামদাকুমার বীরভূম জেলার পার্ব্ধতীপুর গ্রাম-নিবাসী বাবু মহেক্রচক্র মুখোপাধ্যায়ের কন্তাকে বিবাহ করেন। হরকুমার উত্তরপাড়ার জমিদার বাবু উপেক্রনারায়ণ মুখোপাধ্যায়ের দৌহিত্রী এবং শ্রীয়্ত মনোমোহন বন্দ্যোপাধ্যায় মুন্সেফ মহাশয়ের কন্তাকে বিবাহ করেন। নিনীরঞ্জনের জ্যেষ্ঠা কন্তার বিবাহ রাজসাহী জেলার মহাদেবপুরের বিখ্যাত জমিদার শ্রীয়ৃত নারায়ণচক্র চৌধুরীর সহিত হয়। দ্বিতীয় কন্তার বিবাহ হয় কটক র্যাভেন্সা কলেজের অধ্যাপক রায় সাহেব গোপালচক্র গঙ্গোপাধ্যায়ের পুত্র মুন্সেফ শ্রীয়ৃত চারুচক্র গঙ্গোপাধ্যায়ের সূত্র মুন্সেফ শ্রীয়ৃত চারুচক্র গঙ্গোপাধ্যায়ের

## নবগ্রাম চট্টোপাধ্যায়-কুলপঞ্জিক। । শধু চট্টোপাধ্যায় ( খড়দহ )



## বংশ-পরিচয়

ত্যুক্তর ত্রাক্তর ত্রাক্তর প্রণীক্ত ত্রাক্তর ব্রণীক্ত ত্রাক্তর

बर्जूङा टेनिन्त्रा स्थीत अर्न्ह

अवत्रमानम अञ्चलमानम अञ्चलपात्रानम अवत्रियोनम

৺দেবাদিদেব গুরুপদ সত্যুপদ তারাপদ শ্যামাপদ

कृत्वेद ७ शिवलम "उमालन

্ষ ত্রনাথ ভবিবেশ্বর হংসেশ্বর

्वोक्ष प्रशंक गृत्भक शित्रीक्ष देशांत्रक प्रात्रीक्ष विकास क्षेत्रक स्थानीक

## স্বৰ্গীয় বিচারপতি দ্বারকানাথ মিত্র।

বালালীর ইংরাজী শিক্ষা ও সভ্যতা বিস্তারের প্রথম সময়
কয়েকজন ক্ষণজন্মা পুরুষের আবির্ভাব হটয়াছিল। তন্মধ্যে দারকানাথ, চরিশ্চন্দ্র ও কেশবচন্দ্রের নামট বিশেষ
পূস্য প্রিচয়
উল্লেখযোগ্য। রাজনীতিক আলোচনায় চরিশ্চন্দ্র,

বাগ্মিতায় কেশবচন্দ্র এবং বিচারে ও আইন-অভিজ্ঞতায় দারকানাধ চদানীস্তন বঙ্গমাজে বিশেষ প্রতিপত্তি লাভ করিয়াছিলেন।

হুগলী জেলার মন্তর্গত জনাইয়ের নিক্টপ্ত কলাছাড়া নামক গ্রামে রারকানাথের পূর্ব্বপূক্ষগণ বাস করিতেন! এখনও সেই গ্রামে দারকানাথের পৈতৃক বিগ্রহ এবং ভদ্রাসন বর্ত্তমান আছে। হারকানাথের প্রপিতামহ ৮হরের্ফ মিত্র বর্দ্ধমান রাজসরকারে কাজ করিতেন। তিনি আম্তার নিকট আগুন্সীতে নৃতন বাসন্তান প্রতিষ্ঠা করেন। এই আগুনসীই দ্বারকানাপের জন্মস্থান। দ্বারকানাপের পিতার নাম ৺হরচন্দ্র মিত্র: হরচন্দ্রের চারি পুত্র ও চারি কন্যা; তনাধ্যে দারকানাণ্ট জে। ছ। হরচল্র হুগলীতে মোক্তারী করিতেন। তিনি পারশী ভাষায় বিশেষ বাংপর ছিলেন। ভগলীতে ঠাহার বিশেষ পদার ও প্রতিপত্তি ছিল। হরচন্দ্র বিস্তর টাকা উপাজ্জন করিতেন বটে, কিন্ত দীন-তঃখী-আশ্রিত-বৎসল ছিলেন বলিয়া এবং উপাৰ্জ্জিত অর্থের অধিকাংশ হিন্দুজনোচিত ধর্মকর্মামুষ্ঠানে ব্যয় করিতেন বলিয়া তিনি মৃত্যুকালে কিছুই রাখিয়া ঘাইতে পারেন নাই, বরং কিছু দেন। করিয়াই গিয়াছিলেন। কাজেই পিতার মৃত্যুর পর বালক দারকানাথ বড়ই কটে পড়িয়াছিলেন। পিডার মৃত্যুকালে बांब्रकानारथंत्र वयुत्र माळ ১७।১१ वरुनत् ।

১২৪০ সালে দারকানাথ জন্মগ্রহণ করেন। দারকানাথের বয়স যথন সাত বংসর তথন হরচক্র তাঁহাকে নিজ কর্মস্থল হুগলীতে লইয়া যাইয়া তথাকার ব্রাঞ্চ স্কুলে ভত্তি করাইয়া বালাপরিচয় দেন। তৎপর হুগলী কলেজিয়েট স্কুলে তের

বংসর বয়সের সময় ভত্তি হন। চৌদ্ধ বংসর বয়াক্রমকালে দারকানাথ জ্বনিয়র স্কলারসিপ পরীক্ষায় উত্তীর্ণ হইয়া মাসিক ৮১ টাকা করিয়া বৃত্তি লাভ করেন। ১৮৪৯ সালে দারকানাথ কলেজের প্রথম বার্ষিক পরীক্ষায় উত্তীৰ্ণ হইয়া রাণী কাত্যায়নী-প্রদত্ত মাসিক আঠার টাকার একটি বুত্তি-লাভ করেন এবং তাহার পর বংসর সিনিয়র স্কলার্রসিপ পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রদিগের মধ্যে প্রথমস্থান অধিকার করিয়া মাসিক ত্রিশ টাকা বৃত্তি পান। ১৮৫১ খুষ্টাব্দে দারকানাথ পরীক্ষায় বাঙ্গালার সমুদায় কলেজের মধ্যে প্রথম স্থান লাভ করিয়া উচ্চতম ছাত্রবৃত্তি লাভ করেন। প্রীষ্টাব্দে দ্বারকানাথ কলেজের প্রথম শ্রেণীতে উন্নীত হন। খুষ্টাব্দের পরীক্ষায় দারকানাথ পুনরায় ৪০১ টাকা বৃত্তি লাভ করেন। এই পরীক্ষায় তাঁহার ইতিহাস ও রচনার উত্তরে এরপ সারগর্ভতা ছিল যে, কলেজের কর্তৃপক্ষ তাহা ছাপাইয়া প্রচার করিয়াছিলেন। এই পরীক্ষায় দ্বারকানাথ মাসিক ৪০১ টাকা বুত্তি ও ডেবিড মণির স্বর্ণ-পদক পুরস্কার পান। ১৮৫৪ খৃষ্টাব্দে ছারকানাথ পুনরায় ৪০১ টাকা বৃত্তি 'ও বিবি মণি প্রদত্ত এক স্বর্ণপদক প্রাপ্ত হন। অতঃপর মেডেল পরীক্ষায় দারকানাথ উত্তীর্ণ হইয়া মেডেল লাভ করেন তাঁহার এই মেডেল পরীক্ষার জন্ম লিখিত রচনা এত স্থন্দর হইয়াছিল যে, ১৮৫৪-৫৫ সালের শিক্ষা-বিভাগের বার্ষিক বিজ্ঞাপনীতে শিক্ষা-সমিতি কর্তৃক তাহা প্রকাশিত হয়। তাঁহার রচনা কাপ্তেন রিচার্ডসনও Literary Gazette পত্রিকার ছাপাইয়া তাঁহার যথেষ্ট প্রশংসা করেন।

ধারকানাথ সাহিত্যে ষেরপ স্থপণ্ডিত, গণিতবিষ্ণাতেও তেমনি

বাংশন্ন ছিলেন। তিনি কলেজে অধ্যয়নকালেই নিজে নৃতন নৃতন তথ্য বাহির করিয়া অন্ধ ক্ষিতেন। ইংরাজী ভাষান্ব ছারকানাথের অসাধারণ ক্ষমতা ছিল। স্থার লুই জ্যাক্সন লিখিয়াছেন—"Amongst his more brilliant qualities, was his surprising command of English Language". ছারকানাথের অতি অভূত স্মরণশক্তিছিল। তিনি একবার পূজার সময় একবারমাত্র চণ্ডীপাঠ শুনিয়া বাড়ীর ভিতরে গিয়া তথায় স্ত্রীলোকদিগের নিকট তাহা আজোপাস্ত মুখস্থ বলিয়াছিলেন!

দারকানাথ অসাধারণ বাগ্মী ছিলেন। হাইকোর্টে ওকালতীকালে তিনি যথন বক্তৃতা করিতে দণ্ডায়মান হইতেন তথন বিচারপতি হইতে সামান্য কেরাণী পর্যস্ত একাগ্রচিত্তে তাঁহার বক্তৃতা শুনিতেন।

ছাত্রজীবনে হারকানাথ দিনের বেলায় বড় একটা পড়িতেন না।
নিশীথের নির্জ্জন সময়ে গ্রীম্মকাল হইলে নদীতটে চন্দ্রালাকে বসিয়া
বালক হারকানাথ পাঠাভ্যাস করিতেন। প্রায়ই তিনি পড়িতে
পড়িতে সেই নদীতটেই ঘুমাইয়া পড়িতেন। ঘাঁহারা সেই সময়
চুঁচ্ড়া ঘাটে প্রভূাবে স্থান করিতে যাইতেন তাঁহারা প্রায়ই তাঁহাকে
নিদ্রিভাবস্থায় দেখিতে পাইতেন। তাঁহার সহপাঠীরা কিন্তু এবিষয়ের
বিন্দ্রিসর্গও জানিত না, কাজেই পরীক্ষার ফল বাহির হইলে যখন
প্রতি পরীক্ষাত্তেই হারকানাথ প্রথম স্থান অধিকার করিতেন, তখন
সহপাঠীরা একেবারে ইহা ভাবিয়া আকুলই হইয়া পড়িতেন যে, না
পড়িয়া না ভারিয়া হারকানাথ কিরূপে পরীক্ষায় এরূপ উচ্চাসন লাভ
করিলেন। হারকানাথ পিতার মৃত্যুর পর একমাত্র বৃত্তির হারা সংসার
চালাইয়া নিজের পড়াভনার ব্যয় নির্জাহ করিতেন, একথা পুর্কেই বলা
হইয়াছে। কিন্তু ভশ্বু বৃত্তির উপর নির্ভর করিয়া ক'দিন চলে ? কাজেই

দারকানাথকে চাকুরীর অন্বেষণে কলিকাতায় আদিতে হইল, কলিকাতা কমিসরি জেনারেল কর্ণেল রামসের আফিসে কতকগুলি অল্ল বেতনের কেরাণীর পদ থালি ছিল, দ্বারকানাথ সেই অফিসে ষাইয়া দারোয়ানের নিকট আপন অভিপ্রায় জানাইবামাত দারোয়ান অতি কক্ষ ও তাচ্ছিল্যের ব্যবে বলিল, ''হামারি হিঁয়া কৈই কাম থালি নেহি হ্যায়।" দারোয়ানের এই কথা শুনিয়া দারকানাথ নিজেকে অত্যন্ত অবমানিত, লাঞ্ছিত ও অপদত্ত মনে করিলেন। তিনি প্রতিজ্ঞা করিলেন যে, আর কখনও কোন চাকুরীর জক্ত কাহারও নিকট উমেদারী ক্রিবেন না। এই দিন হইতে হারকানাথের জীবনের গতি পরিবর্তিত হয়, তিনি স্বাধীনভাবে জীবিকার্জনের জন্ম বদ্ধপরিকর হন। তিনি আইন শিথিবার জন্ম প্রেসিডেন্সী কলেজে ভবি হইলেন ৷ এখন তাহার খবন্তা অতি শোচনীয় হইয়া পড়ায় । তনি অতি কট্টে দিনাতি পাত করিতেছিলেন। এই সময়ে কলিকাতার পুলিশ ম্যাজিট্রেট কিশোরটাদ মিত্রের এজলাসে একটি কেরাণীর কাভ খালি হয়. কিশোরটাদ ধারকানাথকে অনেক অনুরোধ করিয়া আনিয়া ১২০১ কুড়ি-টাকা বেতনে তাঁহাকে নিযুক্ত করেন। কিন্ত স্বাইন পড়া ছারকানাথ বন্ধ করিলেন না। একমাস আটদিন মাত্র কাজ করিয়া ভিনি হঠাৎ একদিন পুলিশ কোটের সাহেব ইণ্টারপ্রিটারের কথায় একটু অব মানিত বোধ করিয়া আদালতের মধ্যেই কলম সজোরে ফেলিয়া দিয়া তথনই আদানত হইতে বাহির হইয়া পড়িলেন। অতঃপর কিছুদিন স্থাতে থাকিবা একাগ্রমনে স্থাইন স্থায়ন করিবা হারকানাথ ১৮৫৬ সালের জামুরারী মাদে "কমিট" পরীক্ষার সর্ব্বোচ্চ স্থান অধিকার करवन ।

পরীক্ষার উত্তীর্ণ হইয়া ধারকানাথ সদর দেওয়ানী আদালতে ওকালতী আরম্ভ করেন। নব্য উদ্ধিল হইলেও তিনি অৱ স্ববের বধ্যে বিশেষ ওকালতী আরম্ভ পসার ও প্রতিপত্তি লাভ করেন। সে সময়ে রমা প্রসাদ রায় ও শস্ত্রাথ পণ্ডিত সদর দেওয়ানী আদালতের প্রধান উকল ছিলেন। ইহাদের চেষ্টায় নবীন উকিল

দারকানাথ শনৈ: শনৈ: উর্নাতর দিকে অগ্রসর হইতে থাকেন। ক্রমে তাঁহার আইন-জ্ঞানের যশঃ চতুদ্দিকে এরপ বিস্তৃত হইয়া পড়িল যে, াতনি ব্রিফ দেখিবারই সময়ই পাইতেন না। দারকানাথ অল্পদিনের মধ্যে দেখিতে দেখিতে উরতির চরম সীমার উপস্থিত হইলেন। ওকালতীতে পশার ও যশঃ এত বৃদ্ধি পাইল যে, বাঙ্গালার একসীমা হইতে অন্ত সীমা পর্যান্ত তাঁহার প্রশংসা চলিতে লাগিল। বিচারপতি হইতে বড় বড় মকেলগণ পর্যান্ত তাঁহার গুণে মুগ্ধ হইয়া পড়িলেন।

১৮১২ সালে স্থগ্রীম কোট ও সদর দেওরানী আদালত মিল্ড হইয়া হাইকোট সংস্থাপিত হয়। ফলে ভাগ্য-লক্ষীও দারকানাংহর প্রতি মুপ্রসন্না হন। বড় বড় যত কিছু মোকদমা দারকানাথের নিকট আসিতে লাগিল। হাইকোটের প্রধান বিচারপতি স্থার বার্ণেদ পিকক ব্ঝিতে পারিলেন যে, মারকানাথ নিতান্ত সামান্ত উকিল নহেন. তাঁহার ভিতর তেজখিতা, মনখিতা, প্রতিভা ও সাধুতা রহিয়াছে। ঘারকানাথ কিরূপ প্রতিভাশালী উকিল ছিলেন, ভাহা তদানীস্কন এড -ভোকেট জেনারেলের ভাষায় বলিতে গেলে বলিতে হয়-Threc is no getting a case against Dwarakanath ধারকানাথের ওকালতীতে এরূপ পুসার হইয়াছিল বে, তিনি বদি এক দিনের জ্ঞাও উন্থান -বাটাতে যাইতেন,ভাহা হইলে সেধানে তাঁছার মকেলগণ তাঁছাকে খুঁজিবার জন্ত চুটিত। বাক্পটুতায় বারকানাথ যেরপ অপ্রতিহনী ছিলেন, তাঁহার যুক্তি ও ভর্ক দেই প্রকার অকাট্য ছিল। शারকানাথের এক বড় মুদ্রালোষ ছিল। হাইকোটে বক্তৃভাকালে তিনি একট পেন কলম হাতে লইয়া ভাহা মোচড়াইতেন, বদি কলম ভালিয়া

ষাইত, তবে সেই সঙ্গে সঙ্গে দ্বারকানাথেরও বক্তৃতার স্রোত বন্ধ হইয়া যাইত। এই কারণে তিনি যথন বক্তৃতা করিতে উঠিতেন, তখন একটি লোক একগোছা পেন কলম লইয়া তাঁহার পশ্চাতে দাঁড়াইয়া থাকিত এবং একটি কলম ভাঙ্গিবামাত্র অমনি আর একটা তাঁহার হাতের মধ্যে গুঁজিয়া দিত। কলিকাতা হাইকোর্টে পনর জন জজের निक्र अकि नामीत (याकक्या (Rent case) इय्। (भट्टे याकक्याय দারকানাথ দরিদ্র প্রজা ঠাকুরাণী দাসীর পক্ষ বিনা পারিশ্রমিকে গ্রহণ করেন। সেই সময়ে তিনি যে বিষ্ণাবৃদ্ধি ও প্রতিভার পরিচয় দেন তাহাতে সমস্ত দেশ একেৰারে বিশ্বিত, স্তম্ভিত ও চমৎকৃত হইয়া পড়ে। সাত দিন ধারকানাথ সমভাবে বক্তা করিয়াছিলেন। জজ, ব্যারিপ্টার উকিল ও দর্শকগণ সকলেই তাঁহার অসাধারণ ক্ষমতায় মুদ্ধ হইয়া তাঁহার যশ: ঘোষণা করিতে থাকেন। ভারতের ও ইংলণ্ডের সমস্ত সংবাদপত্রে শতমূখে তাঁহার প্রশংসাবাদ প্রকাশিত হইয়াছিল। এই মোকদমায় দ্বারকানাথের স্ক্র তর্ক ও অকাট্য যুক্তি দেখিয়া প্রধান বিচারপতি স্থার বার্ণেস পিকক তাঁহাকে হাইকোটের বিচারপতির আসন গ্রহণ করিতে অমুরোধ করেন। সে ১৮৬৭ সালের কথা, তথন হাইকোটে'র জজীয়তী এক শস্তুনাথ পণ্ডিত ভিন্ন অন্ত কোন বাঙ্গালীর ভাগ্যে হয় নাই। হাইকোটের জজ তথন একটা দেখিবার, বলিবার ও প্লাঘা করিবায় বিষয় ছিল। ১২৭৪ সালের ২৫শে আবাঢ় তাঁহার জ্জ-পদপ্রাপ্তিতে 'সোমপ্রকাশ' পত্রে প্রকাশিত হইয়াছিল—"বাব দারকানাথ মিত্র হাইকোর্টের বিচারপতি-পদে প্রতিষ্ঠিত হইয়াছেন। উকিল্পল হইতে লোক মনোনীত করিতে হইলে ইহাঁকেই অগ্রে ষনোনীত করা বিধেয়। ইনি সর্বাপেকা সমধিক ক্মতাপর ও যেমন বৃদ্ধিমান, তেমনি আইনে দক্ষ, কেবল অন্নবয়স্ক বলিয়াই আমাদের किकि छत्र (वाध रत्र। कार्रेन, এक छ এরপ পদ এদেশীয়দিগের

জ্প্রাপ্য, যদি বা গবর্ণমেণ্টের তুর্ভেম্ম মৃষ্টি হইতে একটিমাত্র বিগলিত হইরা পড়িরাছে, এটি পাছে কাহার দোবে আবার এদেশীয়দিগের হস্ত-পরিভ্রন্ট হইরা যায়, এই আমাদিগের বিষম শকা। যাহা হউক, যেরূপ জনরব উঠিয়াছিল ভাহা সভ্য না হইয়া ন্বারকানাথবাবু যে এ পদ পাইয়াছেন, ইহাতে কেবল আমরা নই, সকলেই সম্ভন্ট হইয়াছেন।"

গারকানাথ যে সময়ে বিচারপতির আসন <u>গ্রহণুকরেন,</u> তথন তাঁহার বয়স ৩৪ বৎসর মাত্র। ১৮৭১ সালের ১৭ই এপ্রিলের 'সোম-প্রকাশ' লেখেন,—' বাবু দারকানাথ মিত্রের স্থায় ব্যবহারাজীব কেবল ভারতবর্ষ বলিয়া নয়, পৃথিবীর মধ্যে অরই জন্মগ্রহণ করিয়াছেন। বিচারণতি হইয়াও তিনি অল্প ক্ষমতা প্রদর্শন করিতেছেন না। স্থার বার্ণেদ পিককের মত আইনজ্ঞ বিচারপতি এ পর্য্যস্ত হাইকোটে উপবেশন করেন নাই, এমন স্থার বার্ণেদ পিকককেও মধ্যে মধ্যে বিচার-শক্তিতে ধারকানাথ অভিক্রম করিতেন। ফুলবেঞ্চে ফারমান খা বনাম ভরতচক্র সা চৌধুরী ও অপর গুইটি মুসলমানসংক্রাস্ত মোকদমার বিচারে দারকানাথ মুসলমান আইনে যে অভিজ্ঞতার পরিচর প্রদান করেন, অনেক মুসলমান আইনজ্ঞ উকিলও তদ্দর্শনে লজ্জায় অবনত মস্তক হন। (Appendix IV, 2nd judgment)। হিন্দু আইনে তাঁহার অসীম জ্ঞান ছিল। একটি মোকদ্দমায় প্রিভি কৌ জিলের রায় প্রকাশিত হইবার পূর্বে ধারকানাথ যে রায় লিখিয়াছিলেন, তাহারঃস্বন্ধে ভার বার্ণেস প্রকাশ্ত আদালতে যে মন্তব্য মুক্তকর্তে প্রকাশ করিয়াছিলেন, তাহা নিমে উদ্ধৃত করা গেল:---

"The judgment of Mr. Justice Dwaraka Nath Mitter, which he has just read and in which he has displayed great learning, ability and research, was written before the decision of the Privy Council of Gridhari Lal versus The Goverment of Bengal was published here. My Hon'ble colleague has entered so fully into the reason and exhausted the arguments in support of the view which he has taken, that it is unnecessary for me to do more than to say that I concur in the reasons which he has arrived; and it is extremely satisfactory to find that it is entirely in concurrence with the view taken in the judgment of the Privy council."

তাহার আইন-জ্ঞানের কথা আর অধিক কি উল্লেখ করিব? সে সম্বন্ধে সাবশেষ উল্লেখ করিতে গেলে একথানি প্রকাণ্ড প্রক হইয়। পড়ে।

গারকানাথের পারিবারিক অবস্থা মন্দ ছিল না। তাঁহার নিজ পরিবার সংখ্যা সামান্ত ছিল, মাতা, ত্রী ও পুত্র কস্তা। এতন্তির একারগারিবারিক জীবন।
কর্তী হিন্দু পরিবারের নিয়মামূসারে ইহার নিকটগারিবারিক জীবন।
মন্দার্কীয় আত্মীয়েরাও ইহার পরিবারভুক্ত ছিলেন।
এই সকলকে লইয়া গারকানাথের পরিবার সংখ্যা খুব বৃহৎ সংসারের স্থায় দেখাইত। গারকানাথের তিন বিবাহ হইয়াছিল। গারকানাথ অত্যন্ত মাতৃভক্ত ছিলেন। যাহা কিছু উপার্জিত হইত সে সমস্ত অথ
মাতার হত্তে অর্পন করিতেন, মাতা সেই অর্থ কি বাবদে ব্যয় করিতেন
ভাহার একবার খোঁজও লইতেন না।

বারকানাথ হাইকোর্টের বিচারপতি হইকে অনেক নিকট ও দূরবর্ত্তী আত্মীয়-স্বজন আসিয়া তাঁহার আশ্রয় গ্রহণ করিয়াছিল, বারকা-নাথ স্বত্বে ও সানন্দে তাঁহাদের ভার গ্রহণ করিয়াছিলেন। তাঁহার ভ্রানীপ্রের বাটী অসংখ্য আত্মীয়-স্বজন, বন্ধ্বান্ধবের আগ্রনে সর্বাদ্দ। ক্লকোলাহিত হইরা থাকিত। তিনি আশ্রিতদের প্রতি বিশেষ দৃষ্টি রাখিতেন। তিনি আশ্রিত আত্মীয়ম্বজনের সঙ্গে একত্র বসিয়া আহারাদি করিতেন। তিনি অরদানবিষয়ে একেবারে মুক্তহস্ত ছিলেন। ভবানীপুরের বাটীতে তিনি এত লোককে প্রতিপালন করিতেন যে, নিজ বাটীতে স্থানের সংকুলান হইত না বলিয়া তিনি তাহাদের থাকিবার জন্ম আর একটি বাড়ী ভাড়া লইয়াছিলেন! আর দানের ত কথাই নাই। মাইকেল মধুস্দনের কন্তা শর্মিষ্ঠার বিবাহে তিনি ২০০১ টাকা দান করিয়াছিলেন। তাঁহার দানের সীমা ছিল না, কেহ কথনও যাচক হট্যা তাঁহার নিকট হইতে বিফলমনোরং হইয়া ফিরিয়া যায় নাই। তিনি বড় পদ পাইয়াছিলেন বলিয়া আপন জননী জন্মভূমিকে ভূলিয়া যান নাই। নিজ গ্রাম আগুনসীতে তিনি নিজ বায়ে একটি উচ্চ ইংরাজী বিম্বালয় ও একটি দাতব্য চিকিৎসালয় সংস্থাপন করিয়াছিলেন। ত্রিশ চল্লিশখানি গ্রাম হইতে প্রতিদিন শতাধিক লোক আসিয়া এখানে ঔষধ লইত ও চিকিৎসিত হইত : এই তুইটি প্রতিষ্ঠানের সম্পূর্ণ বায় দারকানাথই বহন করিতেন। এখনও এই হুইটা প্রতিষ্ঠান আগুন্সিতে বিষ্ণমান রহিয়াছে।

গারকানাথ ফরাসী দার্শনিক অগস্ত কোমটের শিশ্য—প্রত্যক্ষবাদী (Positivist) ছিলেন। পরোপকার ছিল তাঁহার ধর্ম। জগতের সমস্ত ধর্মমতের মধ্যে শুধু এই পরহিতৈষণার ধর্মকে তিনি 'ধর্ম' বলিয়া মানিতেন। তবে তাই বলিয়া তিনি নিজ পিতৃ-পিতামহের ধর্ম-কর্মকে জলাঞ্জলি দেন নাই—যথারীতি পৈতৃক পূজা-পার্কণ করিতেন। ঘারকানাথের হৃদয় বালকের স্থায় সহজ ও সরল ছিল। তাঁহার মাতা একজন লোককে নৃতন বাটীনির্মাণের জন্ম বহু সহস্র টাকা দেন। সেই টাকাগুলি সেই লোকটি বেমালুম উদরসাৎ করে। ঘারকানাথ পাছে মায়ের মনে কই হয় সেজস্থাসে লোকটিকে একটিকথাও বলেন নাই কারণ তাঁহার মাতার সহিত সেই লোকটির আত্মীয়তা ছিল। পূত্র-

ক্যাগণকে উপযুক্ত শিকা দিবার জক্ত দারকানাথের ঐকান্তিক প্রযন্ত্র ছিল। মাসিক হুইশত টাকা বেতনে তিনি পুত্রের অঞ্চশিকার জক্ত প্রেসিডেন্সী কলেজের অধ্যাপক রীজ সাহেবকে নিযুক্ত করিয়াছিলেন। ক্ষত্র হুইয়াও দারকানাথ অধ্যয়নে নিরন্ত ছিলেন না; তিনি অবসর পাইলেই ল্যাটিন ও ফরাসী ভাষা অধ্যয়ন করিতেন। ফরাসী ভাষায় অন্নদিনের মধ্যে তাঁহার এরপ সংপত্তিলাভ হইয়াছিল যে, তিনি কোমংপ্রশীত বিশ্লিষ্ট জ্যামিতির (Analytical Geometry) ফরাসী হইতে ইংরাজীতে অন্থবাদ করিয়াছিলেন। সেই সময়কার "মুখ্যের ম্যাগাজিনে" ভাহা প্রকাশিত হইয়াছিল। কাদার লাঁফোর গণিত-সম্বনীয় বক্তৃ ভা

১৮৭৩ সালে তাঁহার গলকত (cancer) রোগ হয়। তিনি এই রোগে ভূগিয়া শেষে অনুভাপ করিয়া বন্ধ গেভিস্ সাহেবকে লিথিয়া-ছিলেন যে, "মহু আমাদিগের (হিন্দুদিগের) নিমিন্ত যে সকল বিধান করিয়াছেন, ঠিক সেই নিয়মানুষায়ী চলিতে পারিলে আমাদের শারীরিক, মানসিক ও নৈতিক সকল প্রকার উন্নতি এক সঙ্গে সাধিত হয়। মহুর অনুশাসনীসকল বিজ্ঞানসম্মত, এই সকল নিয়ম না মানিয়া চলায় এক্ষণে ভাহার ফল ভোগ করিতেছি, এ যাত্রা বাঁচিতে পারিলে জীবনকে নৃতন পথে চালাইতে আরম্ভ করিব।

কিন্ত তাঁহার আশা পূর্ণ হইল না। রোগ-যন্ত্রণা দিন দিন বৃদ্ধি পাইতে লাগিল। ছই মাস মধ্যে ঘার কানাথের অবস্থা এতদূর মন্দ্র হয়া দাঁড়াইল বে, তাঁহার জীবনের আশা সকলকেই এক প্রকার বিস্কান দিতে হইল। দিন যত শেষ হইয়া আসিতে লাগিল, রোগও তত ক্রতগতিতে বৃদ্ধি পাইতে লাগিল। যন্ত্রণায় মৃত্র্যুভঃ অচেতন হইয়া পড়িতে লাগিলেন। পরিশেষে ১৮৭৪ সালের ২৫শে ক্ষেক্রমারী বালালা ১২৮০ সালের ১৪ই ফান্তন বৃধ্বার ঘারকানাথ বৃদ্ধা জননী,

সপ্তদশব্দীয়া পত্নী, তুই পুত্র ও এক কলা রাখিয়া উনচল্লিশ বংসর বয়সে পরলোক গমন করেন। ভারতবর্ষের ও ইংলণ্ডের সমস্ত সংবাদপত্রে ধারকানাথের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হইয়াছিল। হাইকোট, কুল, অফিস সমস্ত বন্ধ হইয়াছিল। ইংলণ্ডে কনগ্রিব-প্রমুখ পজিটিভিট্রেরা বাঙ্গালী ঘারকানাথের জল্ল শোক প্রকাশ করিয়া তাঁহার শ্বতিচিহ্ন, সংস্থাপনে যত্নবান হন ও তাঁহাদের যত্নে ইংলণ্ডে Church of Humanity নামক পজিটিভিইদিগের লগুনস্থ উপাসনা-মন্দির-গৃহে ঘারকানাথের এক ট্যাব্লেট নির্ম্মিত হইয়া ইহার শ্বৃতি রক্ষা করিতেছে। সেই ট্যাব্লেটে এই কথা খোদিত আছে—

## DWARAKA NATH MITTER.

1832-1874.

Primipilo Della Santa Milizia.

Nell' Oriente.

দারকানাথের হই পুত্র ভূপেন্দ্র ও স্থরেন্দ্র উভয়েই পরলোক গমন করিয়াছেন। ভূপেন্দ্রনাথের পৃত্রগণের নাম—সমরেন্দ্র, গিরীন্দ্র, অমরেন্দ্র, বীরেন্দ্র ও বিনয়েন্দ্র। স্থরেন্দ্রনাথের পৃত্রের নাম রবীন্দ্র; ইনি ব্যারিষ্টার। রবীন্দ্রেনাথের পৃত্রের নাম রমাপ্রসাদ।

## চট্টগ্রামের বৈশ্বানরগোত্রীয় সেনবংশ।

মহাত্মা "সভ্যরাম" চট্টগ্রামের স্থপ্রসিদ্ধ বৈধানরগোত্রীয় সেনবংশের আদিপুরুষ। এই সেনবংশের কুর্চ্চিপত্রের শিরোভাগের লিখিত শ্লোক-শাঠে জানা যায়, তিনি রাটীয় বৈছ ছিলেন। নামান্তে শর্মা পদবী লিখিতেন। শ্লোকটি এই—

"রাঢ়ায়াং পশ্চিমে দেশে কুলছত্র সমূদ্রবং। বৈশ্বানরস্থ গোত্রস্থ সেন রাঘবশর্মণং॥ চট্টলে গচ্ছতি সত্যঃ রামন্তিষ্ঠতি বঙ্গকে। যশো রাঢ়ে সমুদ্দিত্য সেনাটাবুপন্তিষ্ঠতি॥"

পশ্চিম জনপদস্থিত রাচনগরীতে বৈশ্বানর গোত্রীয় রাঘবসেনশর্মার শ্রেষ্ঠকুলীনবংশ-সভ্ত "সত্যরাম" চট্টলে গমন করেন। রাম বঙ্গদেশে থাকেন এবং যশোরাম রাচ্দেশে প্রতিষ্ঠা লাভ করিয়া সেনাটী গ্রামে বসতি করিতেছেন। বংশপরম্পরায় জনশ্রুতি যে, "সত্যরাম" দিল্লীর সম্রাটের অশ্বারোহী সৈনিক-বিভাগের কর্ম্মচারী ছিলেন। তিনি নানা ঘটনা-বিপ্র্যারে পড়িয়া চউ্ত্রামে আসিয়াছিলেন।

চট্টগ্রামের একটা চাক্লার নাম চক্রশালা ছিল, পূর্ব্বে দ্রহ পর্বত-শ্রেণী, পশ্চিমে ত্রনিশল বঙ্গোপসাগর, উত্তরে কর্ণকৃলী নদী এবং দক্ষিণে শ্রুম নদী। এই চাকলার চতুঃসীমা প্রকৃতির ক্রীড়া-নিকেতন। এই মনোরম প্ণাভূমি স্নদৃঢ় হুর্গরূপে যুগ্যুগাস্ত ব্যাপিয়া স্থিত রহিয়াছে। এই চতুঃসীমার মধ্যবর্ত্তী জনপদে সম্রাস্ত ব্রাহ্মণ, বৈশ্ব ও কায়স্থগণের শ্রুত। বর্ত্তমানে ইহা পটীয়া মহকুমার অন্তর্গত এবং সর্ব্বপ্রধান স্থান লিয়া পরিগণিত। মহাস্মা "সত্যরাম" অশ্বারোহণে পার্ব্বত্যভূমি অভিক্রম ক্রিয়া চক্রশালার দক্ষিণ সীমাবর্ত্তী শহ্মনদীর তীরসন্নিহিত স্থানে কোন এক সম্রাস্থ্য সমৃদ্ধিশালী ব্যক্তির গৃহে অভিধি হন। তাঁহার প্রতিভা ও কৌলিন্তের পরিচয় পাইয়া গৃহস্বামী স্থানেগ্য জাতিথিপ্রবরকে কন্তাদান করেন এবং দাসদাসী-অন্তরবর্গসহ থাকিবার উপযুক্ত এক বাসন্থান নির্মাণ করিয়া দেন। তাঁহার বাসন্থানের চতুর্দিকন্থিত জমি আবাদ করিয়া একটা ভূথও বরকে "আয়মা" (যৌতুক) স্বরূপে দান করেন। তাহা হইতে গ্রামের নাম "বরমা" হইয়াছে। নিকটবর্ত্তী মনেক গ্রাম বরমা নামে পরিচিত। তাহাতে বরমা একটা স্থবিস্থত গ্রামে পরিণত হইয়াছে। উক্ত স্থধর্মনিষ্ঠ মহাত্মা "সত্যরামে"র বহননদন নামে এক পুত্র জন্মে। যহননদনের হইপুত্র—স্থাক্ষি রায় ওর্ব্বনাথ রায়। তাঁহারা প্রভুত ভূসম্পত্তির অধীশ্বর ছিলেন বলিয়া "রায়" উপাধি প্রাপ্ত হন। তাঁহারা শর্মা পদবী কেন ত্যাগ করিয়া-ছিলেন, তাহার কোন ইতিরত্ব পাওয়া যায় না।

স্বৃদ্ধি রায়ের বংশে বহু খ্যাতনামা ব্যক্তি জন্মগ্রহণ করেন।
তাহাদের মধ্যে মহীক্র রায়, দীতারাম রায়, হুর ভ রায়, উৎসব রায়,
কালাচান্দ প্রভৃতি অন্ততম। তাঁহাদের প্রত্যেকের নামেই তরফক্ষি
চইয়া তাঁহাদের নাম চিরস্থায়ী হইয়াছে। মহীক্র রায় অত্যন্ত প্রতিষ্ঠাবান্
চিলেন। তাঁহার অনেক স্কীর্ত্তির নিদর্শন বহুশতাকী পরেও বিজ্ঞমান
থাকিয়া স্বধর্মনিষ্ঠার দাক্ষ্যদান করিবে। তাঁহার অধন্তন বংশধরগণের
মধ্যে ৺রামকুমার সেন জজ-আদালতের কর্ম্মচারী ছিলেন। তাঁহার
কনিষ্ঠ লাতা প্রসরকুমার দেনও পরলোক গমন করিয়াছেন।
রামকুমারের হুই প্র—শ্রীযুক্ত প্রফুরকুমার দেন ও স্থ্যেন্দ্বিকাশ
দেন। ৺প্রসরকুমারের প্র শ্রীযুক্ত নিবারণ, শ্রীযুক্ত মণীক্র, শ্রীযুক্ত
রমণী, শ্রীযুক্ত স্বরেশ ও শ্রীযুক্ত চিক্রকুমার দেনশর্মা। শ্রীযুক্ত
রাজকুমার দেনশর্মা এ-বি রেলওয়ের ডাক্তার। শ্রীযুক্ত হেমচক্র
দেনশর্মাও শ্রীযুক্ত বঙ্কিমচক্র দেনশর্মা ভারতবিখ্যাত কবি ৺নবীনচক্র
পেনের ভাগিনেয়। তাঁহারা নয়াপাড়া ামে বাস করিতেছেন।

প্রীযুক্ত রমেশচক্র সেন, প্রীযুক্ত ঈশরচক্র সেনশর্মা, প্রীযুক্ত রজনীকান্ত সেনশর্মা, প্রীযুক্ত যোগেশচক্র সেনশর্মা-প্রমুথ ব্যক্তিগণ আচার-নিষ্ঠায় ও স্বধর্ম-নিষ্ঠায় ৬ মহীক্র রায়ের স্মৃতি রক্ষা করিয়া আসিতেছেন।

শীতারামের বংশধরগণের মধ্যে স্বর্গীয় লক্ষ্মীচন্দ্র সেন, ৬জগচ্চ<del>ক্র</del> সেন, ৺গগনচন্দ্র সেন ৺ত্রিপুরাচরণ সেনের নাম উল্লেখযোগ্য : তাঁহারা সমাজ-শাসনে ও সংরক্ষণে যেরূপ শক্তিমন্তার পরিচয় দিয়াছেন তাহা অশ্রত বিরল বলিতে হইবে। তাঁহাদের ক্ষমতা ও প্রতিপত্তি অপরিসীম ছিল। তাঁহাদের বংশধরগণের মধ্যে প্রীযুক্ত অরদাচরণ সেনশর্মা জমিদারির শাসনকার্য্যে নিযুক্ত আছেন। শ্রীযুক্ত বিপিন বিহারী দেন চট্ট্রাম মিউনিসিপালিটির ওভারসিয়ার। তিনি অতান্ত সংসাহসী। সংসাহসের ও কর্ম্মতংপরতার জন্ম তিনি অত্যন্ত যশোভাজন হইয়াছেন। তিনি জীবনকে বিপন্ন করিয়া জনৈক ইয়ুরোপীয় কশ্মচারীর জীবন রক্ষা করাতে ২৬৬ টাকার স্বর্ণদক পুরস্বারস্বরূপ প্রাপ্ত হইয়াছেন। তাহার কনিষ্ঠ ভ্রাতা শ্রীযুক্ত নবীন চক্র সেন এল টা পাশ করিয়া শিক্ষকতা-কার্য্যে নিযুক্ত আছেন; শ্রীযুক্ত সতীশচক্র সেনশর্মা, শ্রীযুক্ত স্বরেক্সলাল সেনশর্মা, শ্রীযুক্ত নগেক্র লাল সেনশর্মা, শ্রীযুক্ত মহেন্দ্র সেনশর্মা এ-বি রেলওয়ের কার্যো নিযুক্ত রহিয়াছেন। শ্রীযুক্ত প্রফুল্লকুমার সেনশর্ম। জমিদারী-সেরেস্তার কাফা করেন এবং শ্রীযুক্ত সারদাকুমার সেন পরৈকোড়া গ্রামে গৃহপ্রতিষ্ঠা করিয়া আছেন শ্রীযুক্ত যতীক্রলাল সেনশর্মা ফরেষ্ট-বিভাগে উচ্চ কর্মে নিযুক্ত। তাঁহারা মহামহিমানিত সীতারামের খ্যাতি রক। করিতেছেন।

একমাত্র শ্রীযুক্ত ভারতচক্র সেনই দেশবিখ্যাত ছল্ল ভ রায়ের বংশ রক্ষা করিয়াছেন। ৺হল্ল ভ রায়ের পিতৃব্য ছিলেন ৺অনস্তরাম রায়, তাঁহার বংশধরগণের মধ্যে শ্রীযুক্ত রামকুমার সেন ও শ্রীযুক্ত শ্রামা চরণ সেন জমিদারী শাসন ও সংরক্ষণ করেন। শ্রীগুক্ত চক্রমাধক সেনশর্মা বি-এল পাশ করিয়া চট্গ্রামের অন্তর্গত পটীয়া মূন্সেফী আদালতে ওকালতি করিতেছেন। শ্রীগুক্ত নিরঞ্জন সেন এ-বি রেলওয়েতে কর্ম্ম করেন। শ্রীগুক্ত নবীনচক্র সেন কবিরাজ। শ্রীগুক্ত বিপানচক্র সেন মোক্তার। শ্রীগুক্ত বিমলচক্র সেন ও শ্রীগুক্ত জানকীনাথ সেন, শ্রীগুক্ত চক্রনাথ সেন এবং শ্রীগুক্ত মহেক্রলাল সেন মূন্সেফী আদালতে নকল মোহরের কার্য্য করেন, তাহারা অনন্তরামের খ্যাতির ধারা রক্ষা করিতেছেন।

৺হলভি রায়ের সহোদর ভাতার নাম ৬মণিরাম রায়, তাঁহার অধস্তন বংশধরগণের মধ্যে ৮রামজয় দেন অত্যন্ত সাধুপ্রকৃতি লোক ছিলেন। তিনি শিবপ্রতিষ্ঠা, তুলট, মহারদান প্রভৃতি বহু সংকার্যোর অমুষ্ঠান করিয়াছেন। তাঁহার পুত্র ৮উমাচরণ সেন জমিদার। তিনি শ্রানদীর এক প্রকাণ্ড চক নিজ নামে বন্দোবন্ত করিয়া প্রভৃত ভূসম্পত্তির মালিক হইয়াছিলেন, তিনি পরোপকারী ও স্বধর্মনিষ্ঠ ছিলেন। তাঁহার তিন পুত্র শ্রীযুক্ত সতীশচক্র সেন, শ্রীযুক্ত তারকচক্র সেন ও ঐীযুক্ত যোগেশচক্র সেন। সতীশচক্র সেন বিলাত গমন করিয়া এডিনবার্গ বিশ্ববিষ্ঠালয় হইতে স্থ্যাতির সহিত এম-বি পাশ করিয়া করিয়া মেডেল ও বৃত্তি প্রাপ্ত হইয়াছেন এবং আই-এম্-এস উপাধি লাভ করিয়া মেসোপটেমিয়ায় সিবিল সার্জ্জনের কার্য্যে নিযুক্ত ছিলেন। বর্ত্তমানে কলিকাতা মহানগরীতে স্বাধীনভাবে চিকিৎসা-ব্যবসায়ে নিবুক্ত আছেন। উক্ত মণি রায়ের বংশে কৈলাশচন্দ্র সেন অত্যক্ত সাধুপ্রকৃতি লোক ছিলেন। তাঁহার পুত্রের নাম শ্রীযুক্ত রমেশচন্দ্র সেন মোক্তার। তিনি ব্রাহ্মধর্মে দীক্ষিত হইয়াছেন।

উৎসব রায়ের বংশধরগণের মধ্যে শ্রীযুক্ত রাজকুমার সেনশর্মা, শ্রীযুক্ত হরকুমার সেনশর্মা, শ্রীযুক্ত ক্র্য্যকুমার সেন উৎসব রায়ের নাম রক্ষা করিতেছেন। রাজকুমার সেনশর্মা স্বধর্মনিষ্ঠ সাধুপ্রকৃতি লোক। তিনি রেজিপ্তারী অপিসে চাকুরী করেন! হরকুমার কবিরাজী করেন এবং স্থ্যকুমার সেন রেক্স্ন কাষ্ট্রম আপিসে উচ্চপদে নিযুক্ত আছেন। বড়ই পরিতাপের বিষয় যে, তাঁহারা তিনজনই নিঃসম্ভান।

মহামহিমান্বিত ৺কালাচান্দের বংশধরের মধ্যে শ্রীযুক্ত সারদাচরণ সেন ও শ্রীযুক্ত গৌরচক্র সেন হইজনেই কালাচন্দের বংশের গৌরব রক্ষা করিতেছেন। শ্রীযুক্ত সারদাচরণ সেন বর্ত্তমানে আনোয়ারা গ্রামে বসতি করিতেছেন। ইহাই হইল স্কুদ্ধি রায়ের বংশপরিচয়।

পুর্বে উল্লেখ করা হইয়াছে, মহাত্মা সভারাম সেনশর্মার পুত্র যগু-নন্দন সেন, তাঁহার পুত্র স্তব্দি রায় ও রঘুনাথ রায়। স্তব্দি রায়ের বংশ-পরিচয় পূর্ব্বে উল্লেখ করিয়াছি। রঘুনাথ রায়ের চুট পুত্র ৮জয়শ্রী মজুমদার ও নারায়ণ মজুমদার ; নবাবের সময়ে ধনরক্ষার কার্যে। নিযুক্ত ছিলেন ইহারা পদগৌরবস্থচক 'মজুমদার'-উপাধি প্রাপ্ত জয়শ্রী মজুমদারের পুত্র, জয়ৢয়য় মজুমদার, তৎপুত্র মাণিক রায়। চট্টগ্রামের বৈশ্বানরগোত্র দেনবংশের বিশেষত্ব এই যে. যথন যিনি বে কর্ম গ্রহণ করিতেন তৎকর্মামুষায়ী গৌরবস্থচক উপাধি প্রাপ্ত হইতেন এবং তৎ উপাধি তিনিই পদবীরূপে ধারণ করিতেন, তৎপরবন্ত্রীগণ তাহা ব্যবহার করিতেন না। স্বজাতীয় গৌরবরকার্থ অধন্তন বংশধরগণ আদিপুরুষের নাম "সেন" স্থৃতিচিহ্নপ্রপে ধারণ করিয়া আত্মপরিচয় দেওয়াকে অধিকতর গৌরবের কার্য্য বলিয়া মনে করেন। যে সব পূর্ববর্ত্তী মহাত্মা পদগোরবস্থচক অথবা ভূসম্পত্তির অধীশবত্ব হেতৃ মজুমদার, রায় চৌধুরী প্রভৃতি উপাধি নবাবের সময় প্রাপ্ত হইয়াছিলেন, ঠাহাদের বংশধরগণ তংপদবী গ্রহণ করাকে অস্তায় মনে করিয়াছেন। তाই मानिक त्रारवत्र शांठ शूज, निधिताम, महात्राम, लाविन्नताम, व्यक्तिम

ও মায়ারাম—সকলেই পিতার প্রাপ্ত উপাধি রায় না লিখিয়া জাতীয় পদবী "সেন" নামে আত্মপরিচয় দিয়াছেন। দয়ারাম ও অভিরামের বংশে কেহই জীবিত নাই। গোবিন্দরামের বংশের বংশধর 'বরমা' হইতে বাশধালি মহকুমার অন্তর্গত দেবগ্রামে যাইয়া বাস করিতেছেন।

নিধিরামের বংশধরগণের মধ্যে ৺সস্তোষরাম সেন ভূজপুরপ্রামে বাইয়া গৃহজামাভারপে বসবাস করিতেছেন। শ্রীযুক্ত নিশিচক্রসেন ও ভাহার ভ্রাতুপুত্র শ্রীযুক্ত মনোমোহন সেন, শ্রীযুক্ত যতীক্রমোহন সেন ও শ্রীযুক্ত সতীক্রমোহন সেন বর্মাগ্রামে থাকিয়া নিধিরামের স্থতি রক্ষা করিতেছেন।

ভ্যায়ারামের পুত্র কলপ রায়, কলপ রায়ের পুত্র যাদব রায় ও রুপারাম। যাদব রায়ের পুত্র যাশ রায় ও মাধব রায়। মাধব রায়ের পুত্র রামপ্রসাদ ও রাধারাম, রাধারামের পুত্র রামজয় সেন, তৎপুত্র অথিলচক্ত্র সেন। অথিলচক্ত সেন অত্যন্ত সাধুপ্রস্কৃতি ও নিষ্ঠাবান হিল্প ছিলেন। তাহার তিন পুত্র, ভরমেশচক্ত সেন, প্রীযুক্ত যোগেশচক্ত সেন ও প্রীযুক্ত উমেশচক্ত সেন। উমেশচক্ত সেন ডাক্তারী চিকিৎসাকার্য্যে নিযুক্ত আছেন। তাঁহারা রাধারামের নাম রক্ষা করিতেছেন।

পূর্ব্বে উল্লেখ করিয়াছি, মাধব রায়ের পুত্র রামপ্রসাদ ও রাধারাম। 
ভরামপ্রসাদের পুত্র রামচরণ, রামচরণের পুত্র ভরামস্থলর সেন, তাঁহার
ক্রায় ধর্মপ্রাণ ব্যক্তি সচরাচর দেখা যায় না। তিনি সত্যনিষ্ঠ, অতিথিসেবাতংপর ও দেবভক্ত ছিলেন। প্রায় ৬০ বংসর পূর্ব্বে চট্টগ্রাম হইতে
রেলওয়ের ও স্তীমারের সাহায্যে যাতায়াতের যথন কোনরূপ বলোবস্ত
ছিল না, ডাকাতদের অত্যাচারে যথন দেশ উৎপীড়িত হইতেছিল,
তথন তিনি নৌকাপথে ও পদব্রজে গয়া, কাশী, শ্রীক্ষেত্র, মথুরা ও রুলাবন
প্রভৃতি তীর্থস্থান পরিদর্শন করিয়া আসিয়াছিলেন। তিনি এতদুর

সত্যনিষ্ঠ ছিলেন যে, "আদালতের আশ্রয় গ্রহণ করিলে মিথ্যা বলিতে হয়". এই ধারণার বশীভূত হইয়া কখনও কোন জমি-জমার জন্ম আদালতের আশ্রয় গ্রহণ করেন নাই। তাহার ফলে দেশের অনেকেই তাঁহার বহু ভদস্পত্তি আত্মসাৎ করিয়া ফেলে। তিনি এতই নিষ্ঠাবান হিন্দু ছিলেন যে, বাজার হইতে থাজসম্ভার যাহা কিছু আনা হইত, তাহাতে তুলসী-পত্রের জল অভিষিক্ত না করিয়া ঘরে লইতে দিতেন না। তিনি জনসাধা-রণের অত্যন্ত ভব্তির পাত্র ছিলেন। তাঁহাকে সকলেই 'সেনঠাকুর' ৰলিয়া ডাকিত। গ্রামের হুষ্ট ছেলের দল তাঁহাকে সময় সময় বিব্রত করিয়া তুলিত। ছেলেদের জন্ম বাড়ীর বাহিরে যাওয়ার সাধ্য ছিল না। কোনও বিশেষ কার্য্যোপলকো কোণাও যাওয়ার জন্ম তিথি-নক্ষত্র-বার-বেলা দেখিয়া যাত্রা করিয়া চলিতেন। কতদূর যাওয়ার পর হয়ত কোন এক ছষ্ট ছেলে তাঁহাকে বলিল, "সেনঠাকুর মহাশয়" আপনি যে কাকের বিষ্ঠা ছুঁইয়াছেন। তাহা সত্য কি মিথ্যা বলা হইল তাহার বিচার না করিয়া অমনি বাড়ীর দিকে ফিরিতেন, বাড়ীর সন্মুখস্থিত পুকুরের জলে স্বভন্ত অবগাহন করিয়া শতাধিকবার নারায়ণ স্বরণ করতঃ গুহে প্রবেশ করিতেন। তিনি কাহাকেও অবিশ্বাস করিতেন না: তাহার সহধনিনী ছিলেন ৮উদয়তারা দেবী, তাঁহার মধুর ব্যবহারে আবালবুদ্ধবনিত। সকলই মুগ্ধ ছিলেন। তিনি আদর্শ জননী ছিলেন। তাঁহাদের বাড়ীথানি শান্তিনিকেতন ছিল। ধর্মপ্রাণ রামস্থলর দেন ১৮৯২ শকান্দের কার্ত্তিক মাদে রাসপূর্ণিমা দিনে নশ্বর দেহ ত্যাগ ক্রিয়া চিরশান্তিধামে মহাপ্রস্থান করেন। তাঁহার ছই পুত্র—ত্রিপুরা চরণ সেনশর্মা ও শ্রীযুক্ত শ্রামাচরণ সেনশর্মা কবিরত্ন।

ত্রিপুরাচরণ সেনশর্মা অত্যস্ত সরলপ্রকৃতি লোক ছিলেন, তিনি কবিরাজী করিতেন। কবিরাজী-ব্যবসায়-উপলক্ষ্যে ৩৫ বংসর পূর্বের্ছ ছুইবার রেঙ্গুণ প্রভৃতি স্থানে বাইয়া ব্যবসায় করেন। রেঙ্গুণ থাকা-



কবিরাজ শ্রীযুক্ত শ্রামাচরণ সেনশর্মা।

কালীন তিনি "ব্রন্ধবিহারী কাব্য", "ঐরাবতী মাহাত্ম্য", 'অনস্ক ব্রত' পাচালী রচনা করেন। ৬২ বংসর বয়সে তিনি সন্ত্রীক এলাহাবাদ ও প্রয়াগতীর্থে যাইয়া বাস করিতে থাকেন। ৬৮ বংসর বয়সে ১৩৩০ সালের ৪ঠা শ্রাবণ শুক্রবার শুক্রপক্ষ সপ্তমী তিথিতে তিনি ত্রিবেণী ঘাটে সজ্ঞানে দেহত্যাগ করেন। তাঁহার আত্মশাদ্ধ ব্রাহ্মণাচারে একাদশাহে ত্রিপুরাচরণ সেনশর্মা উল্লেখে মহাসমারোহে স্ক্রস্পন্ন হয়। চটুগ্রামে বৈত্যবান্ধণসমাজে ইহা সর্ব্বপ্রথম অমুষ্ঠান।

শ্রীযুক্ত খ্রামাচরণ সেনশর্মা কবিরত্ন মহাশয় চট্টগ্রামের স্থবিখ্যাত কবিরাজ। তিনি ১৭৯২ শকাব্দের ৩০শে বৈশাথ বৃহস্পতিবার ত্রয়োদশী তিথিতে জন্মগ্রহণ করেন। তাঁহার ছয়মাস বয়সের সময় অর্থাৎ ঐ শকান্দের কার্ত্তিকমাদে রাসপূর্ণিমা তিথিতে তাঁহার পিতদেব নশ্ব দেহ তাগি করেন। যথন তাঁহার জার্চ লাতার বয়স যোডশ বংসর ছিল। তাঁহাদের যাহা ভূসম্পত্তি ছিল, সংরক্ষণের অভাবে তাহা পরহন্তগত হইয়া যায়! দারিদ্র্য-রাক্ষ্যের করাল কবলে তিনি নিপতিত হন। তদবস্থায় শ্যামাচরণ কোন মতে মধ্যবাঙ্গলা পড়া শেষ করিয়া কলাপব্যাকরণ অধ্যয়ন আরম্ভ করেন। স্হচিয়ার স্বর্গীয় পণ্ডিত ৶উদয়মণি বিভালকার মহাশয়ের নিকট সন্ধিরতি ও চতৃষ্টয়রুতি পড়া শেষ করিয়া ন্যাপাড়া গ্রানের বিখ্যাত পণ্ডিত স্বর্গীয় গুরুদাস তর্করছ মহাশয়ের নিকট কলাপব্যাকরণ অধ্যয়ন পরিসমাপ্ত করিয়া ১৬ বংসর বয়দে বিক্রমপুরে পদব্রজে পাঁচদিনে মূলচরনামক গ্রামে স্বর্গীয় পণ্ডিত ৮কাশীচন্দ্র বিভালভার মহাশয়ের বাড়ীতে উপস্থিত হন। তথন রেলগাড়ী ও ষ্টামারাদি কোন যানের বন্দোবস্ত ছিল না। বিভালন্ধার `মহাশ্য তাঁহার প্রতিভা-দর্শনে তাঁহাকে স্বগৃহে রাখিয়া সাহিত্যাদি ব্যাকরণের শেষ পরীক্ষায় উত্তীর্ণ করান। সাহিত্যাদি ব্যাকরণে প্রভৃত জ্ঞানার্জন করিয়া তিনি বিক্রমপুরস্থ কামারথাড়াগ্রামে বিখ্যাত নৈয়ায়িক ৮চন্দ্রক্ষার তর্কালন্ধার মহাশয়ের নিকট কিছুকাল স্থায়শাল্ক অধ্যয়ন করেন। তৎপর হাওড়া জেলার অন্তর্গত বালিতে স্বর্গীয় কবিরাজ ৮ বরদাকান্ত সেন কবিরত্ন মহাশয়ের নিকট নিরামিষভোজী হইয়া চারিবংসর কাল আয়ুর্কেদশাল্ক অধ্যয়ন করেন। ১৮১৪ শকান্দে তিনি আয়ুর্কেদ-পরীক্ষার উত্তীর্ণ হইয়া যে উপাধিপত্র প্রাপ্ত হন, তাহা এই:—

"শ্যামাচরণ সেনোংয়মন্বর্ছবংশজঃ শ্রিয়া
আয়ুর্বেদমধীয়ানশ্চিকিৎসা-নিপুণঃ পুনঃ।
সংস্বভাবৈঃ সদাভাতি প্রদত্তঃ কবিরঞ্জনঃ
উপাধির্ভিষজে তল্মৈ প্রস্কৃষ্টচেতসা ময়া॥"
কবিরত্বোপাধিক শ্রীবরদাকান্ত সেন কবিরাজেন।
চতুদ্দ শাধি কাষ্টাদশশত শকান্দীয় সৌর
মার্গনীর্ষক্ত বোড়শ দিবসীয়া পত্রীয়ম।

তিনি শিক্ষাজীবনের কার্য্য পরিসমাপ্ত করার সঙ্গে সঙ্গে চট্টগ্রামের অন্তর্গত ভাটীআইন গ্রামবাসী ভরন্নজগোত্রীয় স্বর্গীর প্রসন্ধরুমার চৌধুরী মহাশরের প্রথমা কলা ধর্মপ্রাণা, কল্মীস্বর্গপণী ৮সরোজনী দেবীকে বিবাহ করেন। তৎপর ১৩০০ সালের মাঘমাসে চট্টগ্রাম সহরে আয়ুর্কেদীয় ঔষধের ও আয়ুর্কেদ-অধ্যয়নেয় অভাবমোচনকরে আয়ুর্কেদীয় ঔষধালয় ও বিভালয় স্থাপন করিয়া আয়ুর্কেদ অধ্যাপনা ও চিকিৎসাকার্য্যে ব্যাপ্ত হন। চট্টগ্রামে তিনিই সর্কপ্রথম আয়ুর্কেদ অধ্যাপনা ও চিকিৎসাকার্য্যে ব্যাপ্ত হন। চট্টগ্রামে তিনিই সর্কপ্রথম আয়ুর্কেদ অধ্যায়নের ও সহজে, স্থলভে আয়ুর্কেদীয় ঔষধলাভের পথ উন্মৃক্ত করেন। অতি অরাদিনের মধ্যে তাঁহার প্রতিভা জনসাধারণের নিকট প্রতিভাত হয়। স্কৃতিকিৎসার জন্ম তিনি বছ স্বর্ণদক প্রাপ্ত হইয়াছিলেন। চট্টগ্রামের কোন আয়ুর্কেদীয় চিকিৎসক এ পর্যান্ত আয়ুর্কেদ-চিকিৎসার অন্থূশীলন করিয়া স্বর্ণদক্ষ প্রাপ্ত হইতে পারেন নাই। লৌকিক প্রবাদ আছে, "ত্রীর ভাগ্যে ধন, প্রথমে ভাগ্যে জন"। তাঁহার বিবাহের পর হইতেই

বেন স্বয়ং লক্ষীদেবী তাহার গৃহে অধিষ্ঠিতা হইলেন। তাঁহার স্বরম্য অট্টালিকাগুলিই তাহার নিদর্শন। তাঁহার প্রতিষ্ঠিত আয়ুর্ব্বৈদিক বিস্থালয়ে
বহু ব্রাহ্মণ, বৈছ ও কায়স্থসস্তান শিক্ষা লাভ করিয়াছেন ও করিতেছেন।
আয়ুর্ব্বেদ-শিক্ষার্থী ছাত্রগণের ব্যয়ভার তিনি নিজে বহন করেন।

ধাহার স্নেহ ও পালনে কবিরাজ মহাশয়ের বাল্যজীবন অতিবাহিত रहेबाहिन, यांहात याज ७ तिहाब शिकाकीयत्मत्र कार्या स्टाक्त्राल मन्नत হইয়াছিল, থাঁহার উল্পোগে ও অধ্যবসায়ে কম্মনীবনের স্ট্রনা হইয়াছিল. তাঁহার সেই পুণাময়ী স্বর্গীয়া জননী ৮ উদয়তারা দেবী ১৮২৬ শকান্দের কার্ত্তিকমাসের ভ্রাভৃষিতীয়া তিথিতে ইহলোক ত্যাগ করেন। খ্রামাচরণ শিশুকালে পিতৃহীন হইয়াও জননীর কর্মনৈপুণ্যে ও অশেষ ষত্নে পিতৃ-বিয়োগজনিত তঃথ অনুভব করেন নাই। মাতার আজা ছিল গ্রামে পানীয় জলের সংস্থান করিতে। তাঁহার আজ্ঞা-প্রতিপালনাথ ইংরেজী ১৯১১ সালে বহু সহস্র টাকা ব্যয় ক্রিয়া স্ক্সাধারণের পানীয় জলের উদ্দেশ্যে বরমা গ্রামে এক পুছারণীর পঙ্কোদ্ধার করিয়া রিজার্ভ রাখিয়া-ছেন এবং তিন সহস্ৰ টাকা ৰায় করিয়া তাঁহার পিতা ও মাতার ( त्रामञ्चलत উদয়ভারা) নামকরণে এক দাভব্য আয়ুর্কেদীয় ঔষধালয় স্থাপন করিয়া দেশবাসীর আশিক্ষাদভাজন হইয়াছেন। দূরস্থিত রোগী-গণের বাসের জন্ম উক্ত রিজার্ড পুকুরের পাড়ে এক স্বাস্থ্যনিবাস স্থাপন করিয়া হু:স্থ রোগীর চিকিৎসার পথ স্থগম করিয়াছেন।

ভিনি ১৩১৭ সালে কামাখ্যা-ভীর্থে বান, তথায় মহিষ-বলিদানের বীভংস কাণ্ড দর্শন করিয়া মহিষ-বলিদানের প্রতিবাদস্চক "বলিরহন্ত" নামক এক শান্ত্রীর বিচার-গ্রন্থ সংকলন করিয়া বঙ্গের সর্বত্ত বিভরণ করেন। বঙ্গের প্রায় সমস্ত ইংরাজী ও বাজলা সংবাদপত্তিকার "বলিরহন্তে"র সমালোচনা হয়। সংবাদপত্তিকার সম্পাদকগণ তাহার ভ্রোদশনের ও শান্তজ্ঞানের. বিচার-পদ্ধতির ও রচনাচাভুর্ব্যের ভূরদী প্রশংসা করেন। তাহার ফলে বঙ্গের বহু পরিবার হইতে মহিষ-বলি-প্রথা তিরোহিত হইয়াছে। বহু পরিবারে মহিষ-বলির মানত রক্ষা করিতে ঘাইয়া মহিষ উৎদর্গ পূর্বক 'বলিঘাত" না করিয়া ছাড়িয়া দিতেছেন।

তিনি গয়াশ্রাদ্ধ ও বিষ্ণুপদে পিও দান করার জন্ত গয়াধামে উপস্থিত হইয়া তথাকার শ্রাদ্ধাদির কার্যা দেখিয়া এবং তথাকার বিখ্যাত পণ্ডিতগণের সহিত শ্রাদ্ধবিষয়ে আলোচনা করিয়া চট্টগ্রামের মুখপত্র 'জ্যোতিঃ'তে 'শ্রাদ্ধতত্ব' নামক রণেধারাবাহিক প্রবন্ধ লিখিয়া বাঙ্গালায় অনুষ্ঠিত শ্রাদ্ধপ্রশালীর অশান্তীয়তা প্রতিপাদন করেন।

বর্ত্তমান শিক্ষাপ্রণালীতে নৈতিক জীবন গঠনের ও স্বাস্থ্য-সংরক্ষণের এবং ধর্মার্জনের বিধি-ব্যবস্থা (ভারতবাসীর পক্ষে) যথোপযুক্ত করা হয় নাই বলিয়া, ১৩২৩ বঙ্গান্ধে বহু শাস্ত্রীয় প্রমাণ ও যুক্তি প্রদর্শনপূর্ব্বক প্রাচীন শিক্ষাপ্রণালীর চিত্র অন্ধিত করিয়া "ব্রহ্মচর্য্য বা শিক্ষাজীবন" নামকরণে এক গ্রন্থ সংকলন করিয়াছেন; তাহাতে ভারতীয় শিক্ষার্থিগণের পক্ষে যে বর্ত্তমান শিক্ষাপ্রণালী অমুপযুক্ত তাহা প্রতিপাদন করিয়া অধ্যয়নশীল ছাত্রগণের অশেষ মঙ্গল সাধন করিয়াছেন।

তাঁহার প্রতিভা দর্শন করিয়া ঢাকার কবিরাজমণ্ডলী ১৩২৪ সালে তাঁহাকে পূর্ব্বক্স বৈশ্বসন্মিলনী অর্থাৎ আয়ুর্ব্বেদ-চিকিৎসা-সন্মিলনীর সভাপতিত্বে বরণ করেন, তাঁহার পূর্ব্বে উক্ত গ্রাম হইতে আর কোন ব্যক্তি সভাপতিত্ব করার জন্ত চট্টগ্রামের বাহিরে আহ্ত হয়েন নাই। সর্ব্বপ্রথম তিনিই ঢাকা মহানগরীতে পূর্ব্বক্লীয় আয়ুর্ব্বৈদিক চিকিৎসক সন্মিলনীর সভাপতিত্ব করেন।

. ১৩২৭ সালে তিনি চট্টল বৈছ্যব্রাহ্মণসন্মিলনী নামকরণে নিজ বাসভবনে এক সভার প্রতিষ্ঠা করিয়া সংস্কারন্তই বঙ্গীয় বৈছ্ঞজাতির সংস্থার-গ্রহণের তুমুল আন্দোলন উপস্থিত করেন এবং স্থানীয় ব্রাহ্মণ পণ্ডিতগণের সহিত শাস্ত্রীয় বিচার করতঃ বঙ্গীয় বৈছগণ যে ব্রাহ্মণবর্গের অন্তর্গত তাহা সপ্রমাণ করেন ও পণ্ডিতগণ হইতে ব্যবস্থাপত্র লিখাইয়া লন।

সেই ব্যবস্থাপতে বহু ব্রাহ্মণ পণ্ডিতের স্বাক্ষর আছে। এই ব্যবস্থাসহ বিভিন্ন দেশীয় পণ্ডিতগণের বহু ব্যবস্থা সংগ্রহ করিয়া এবং শাস্ত্রীয় প্রমাণাবলী সহ ১৩২৮ বঙ্গান্দে "অম্বর্ডব্রাহ্মণ বা বৈষ্ণপরিচয়" নামক গ্রন্থ সংকলন করিয়া বঙ্গাদেশের সর্ব্বতি বিভরণ করেন। তাহার ফলে বহু বৈষ্ণসন্তান ব্রাহ্মণাচারে উপবীত গ্রহণ করিয়াছেন ও করিতেছেন।

১৯২৮ বঙ্গান্দে চট্টল-প্রবাসী ও চট্টলবাসী বৈছ্য ব্রাহ্মণকে সমবেত করিয়া বৈছ্য ব্রাহ্মণ আর্ব্বাণ কো: ব্যাহ্ম স্থাপন করতঃ তঃস্থ বৈছ্যগণের অশেষ উপকার সাধন করিয়াছেন।

১৩৩০ বঙ্গান্দে বঙ্গীয় বৈছজাতির স্বরূপ নির্ণয় করিয়া বৈছজাতি'' নামকরণে এক সারগর্ভ গ্রন্থ সঙ্গলন করেন। তদ্ধারা বঙ্গীয় বৈছগণের বছকালের ভ্রান্ত ধারণার কথঞ্ছিৎ নিরশন করিছে সমর্থ হইয়াছেন। প্রতীচ্যশিক্ষাভিমানী কুসংস্থারাপন্ন ব্যক্তিগণকে নিরস্ত করার উদ্দেশ্যে তিনি ১৩২৩ সালে "বাল্যবিবাহ" বা "ব্রন্ধচর্য্য" নামকরণে এক পুস্তক সঙ্গলন করেন। চট্টগ্রাম প্রাদেশিক কনফারেন্সে মাননীয় স্বর্গীয় স্থরেক্সনাথ বন্দ্যোপাধ্যায় বিধবা বিবাহ প্রচলনের জন্ম প্রস্তাব উত্থাপিত করিলে, প্রান্ধ দশ সহস্র লোকের মধ্যে তিনিই বছ শাল্লীয় প্রমাণ, যুক্তি ও তর্ক ধারা সেই প্রস্তাব রহিত করেন। ১৩৩১ সালে "বৈছাজাতির উৎপত্তি" নামক গ্রন্থ সংকলন করিয়া বৈছাগণ যে প্রেষ্ঠ ব্রাহ্মণ তর্শ্বহা প্রতিপ্রাদন করেন। ১৩৩১ সালের বৈশাখ মাস হইতে "বৈদ্যপ্রতিক্তা" নামক এক মাসিক পত্রিকা তাঁছাক্স সম্পাদকতার প্রকাশিত হইতেছে। তিনি যেমন বিবিধশাস্ত্রপারদশা, তদ্রপ স্বক্তা, জাতীয় তত্ত্বের আলোচনার জন্ম বঙ্গের বহু জেলায় তিনি সাদরে আহ্ত হইয়া বৈদ্যব্রাহ্মণজাতির গৌরব রক্ষা করিতেছেন। তিনি প্রতি সভায় সমোচ্চকতে ঘোষণা করেন—যিনি শাস্ত্রীয় বিচারে প্রতিপাদন করিতে পারিবেন বৈদ্যগণ ব্রাহ্মণবর্ণের অন্তর্গত নহেন, তিনি তাঁহাকে পাচশত টাকা অর্থদণ্ড দিবেন।

হিলুদমাজে যথনই ধর্ম, শাস্ত ও নীতিবিক্তদ্ধ আন্দোলন উপস্থিত হইয়াছে, তথন তিনিই তাহার স্থমীমাংসা করিয়া দিয়াছেন। তিনি শাস্ত্রসঙ্গত উদারমতই পোষণ করেন। মদনমোহন মালব্যের প্রতিষ্ঠিত হিলুমহাসভার তিনি একজন সদস্ত। যাবতীয় সদস্টানে দেশের ও দশের মঙ্গলসাধনকার্যো নিয়ত যোগদান করেন। অমুল্যক্রফ, অতুলক্রফ, অমিয়কুফ, অজিৎক্রফ নামে তাহার চারিপুত্র বিদ্যমান। প্রথম সন্তান এম্-এ পাশ করিয়া আয়ুর্কেদ্ অধ্যয়ন করিতেছেন। নলিনীবালা, ইল্বালা, বিল্বালা, সিক্রবালা, জিল্বালা, তিলুবালা ও সরমূবালা নামে তাহার সাত কলা; চারি কলার বিবাহ হইয়াছে, অপর তিন কলা এখনও বিবাহের যোগ্য হয় নাই। তাহার বাসাবাড়ীটীকে একটী ছোটখাট হোটেল বলা যাইতে পারে, প্রতি বেলায় ৩০ হইতে ৩৫ জনেরও অধিক লোক আহার করে। তিনি আয়্রীয় বন্ধবান্ধবগণের সাহায্য করিতে নিয়ত মুক্তহত্ত।

পূর্ব্বে উল্লেখ করিয়াছি, মাধব রায়ের পাঁচ সন্তান। তন্মধ্যে কালী চরণ নিঃসন্তান। দীননাথের সন্তান রুদ্রনারায়ণ। রুদ্রনারায়ণের সন্তান রামশরণ; তিনি বাশথালী গ্রামে যাইয়া গৃহজামাতারূপে বসতি করেন, তাঁহার পূত্র মাপন ও নিমাই। নিমাই নিঃসন্তান, মাগনের সন্তানগণের নাম অজ্ঞাত। ইহারা যাদব রায়ের অধন্তন বংশধর। যাদব রায়ের সন্তোলর ছিলেন, রুপারাম। রুপারামের সন্তান; মুক্তারাম ও ঘনশ্রাম,

ভংপুত্র মহেশচন্দ্র, তংপুত্র কালী কিন্ধর, নন্দকুমার, হরকুমার ও নয়নহরি। হরকুমার নিঃসন্তান, কালী কিন্ধরের পুত্র অপর্ণা, অরদা, অপূক্র ও অথিনী। অপর্ণাচরণ ডাক্তারী করেন, অরদা কালেক্টরী অফিদে কার্কের কার্য্যে নিযুক্ত, অপূর্ব্বকৃষ্ণ চান্দপুরে সওদাগরী অফিদে কার্য্য করেন, অধিনীকুমার বি-এ পাশ করিয়া বি-এল পড়েন। নন্দকুমারের পুত্র নিকুঞ্জ, বিপিন ও বিনোদ, ভাঁহার। ধনঘাটগ্রামে বসতি করিতেছেন।

ইতিপূর্ব্বে উল্লেখিত হইয়াছে—মাণিক রায়ের পাঁচ সন্তান, তন্মধ্যে গোবিন্দরামের পুত্র চান্দ রায় ও রামস্থান । চান্দ রায়ের সন্তান রামবল্পভ ও রামশরণ । রামশরণ কাসিয়াইদ্ গ্রামে যাইয়া গৃহজামাতা রূপে বাস্করেন, তংপুত্র বসন্তা। বসন্তের পুত্র কুলচন্দ্র,তংপুত্র প্রাণক্ষণ্ধ ও বিশ্বন্তর প্রাণক্ষকের পুত্র নালকমল, সতীশ ও রজনী। নালকমল চট্টগ্রাম মিউনি-সিণালিটা স্কলে শিক্ষকতা করেন। বিশ্বন্তরের পুত্র মনোমোহন। মনোমোহন গৈড়লা গ্রামে বসতি করিতেছেন এবং কবিরাজী করেন। রামবল্লভের পুত্র ত্রাহিরাম, তিনি আনোয়ারা গ্রামে গৃহজামাতারূপে বাস করেন। তাঁহার পুত্র পীতাম্বর, তৎপুত্র অখিল ও নৃত্ন, অখিলের পুত্র বীরেন্দ্র, স্বরেন্দ্র, নরেন্দ্র, খগেল্র। নৃত্নের পুত্র ষতীক্র ও ব্রজেক্র।

পূর্ব্বে উল্লেখ করিয়াছি, আদিপুরুষ সত্যনারায়ণ সেনশর্মার পুত্র বছনন্দন, তংপুত্র স্থবৃদ্ধি রায় ও রঘুনাথ রায়, রঘুনাথ রায়ের পুত্র জয়্পী মজুমদার ও নারায়ণ মজুমদার, নারায়ণের পুত্র রাজারাম, তংপুত্র ভৃগুরাম, ভৃগুরামের পুত্র জয়নারায়ণ। জয়নারায়ণের পুত্র বৈঞ্চবচরণ, শিবনারায়ণ, পার্বাভীচরণ ও রামস্থলর এবং ত্রাহিরাম। বৈঞ্চবচরণ ও শিবনারায়ণ নিঃসন্তান। পার্বাভীচরণের পুত্র তিলক, গোলোক ও কালিদাস, তাহারা সকলেই পুত্রসন্তানবিহীন ছিলেম। রামস্থলরের সন্তান বৈভত্ত ও প্রসর, চৈত্ত লিঃসন্তান। প্রসন্তেরর পুত্র উপেক্র, তিনি বর্মা স্থলে শিক্ষতা করেন।

তাহিরামের পুত্র নীলকমল ও দেশবিখ্যাত জননায়ক উকিল স্বর্গীয় 
যাত্রামোহন সেন। নীলকমল শিক্ষকতা করিতেন, তাঁহার পুত্র
সন্তান নাই। যাত্রামোহন সেন মহাশয়ের পুত্র মনোমোহন, যতীক্রমোহন,
ফণীক্রমোহন, নীরেক্রমোহন, বিজেক্র, বীরেক্র, শৈলেক্র ও রণেক্র।
সনোমোহন ও নীরেক্রমোহন ইহলোক ত্যাগ করিয়া গিয়াছেন।
যতীক্রমোহন ব্যারিষ্টারী ব্যবসায় উপলক্ষ্যে কলিকাতায় থাকেন।
আজ তাঁহার নাম ভারতবিখ্যাত "দেশপ্রিয় সেনগুপ্ত"। তিনি
কলিকাতা মহানগরীর মেয়র-পদে প্রতিষ্ঠিত হইয়। চট্টল মাতার
স্থাক্ষেল করিয়াছেন।

## দরমাহাটার বস্থ-বংশ

প্রায় ছইশত বংসর পূর্বে ক্ষণ্ণরাম বস্থ মহাশয় ভদ্রকালী হইতে
সপরিবারে কলিকাতান্থ শোভাবাঙ্গার দরমাহাটায় (বর্ত্তমান শোভাবাঙ্গার দ্বীটে) আসিয়া বাস করেন। ক্ষণরাম বস্থ ইট ইণ্ডিয়া কোম্পানীর
নিকট হইতে নিষ্কর বাসোপযোগী জমি পাইয়া বসতি করিয়াছিলেন।
তাঁহার পূর্বপূক্ষেরা বহু বংসর ধরিয়া ভদ্রকালীতে বাস করিয়াছিলেন।
তাঁহার তিন পূত্র—নন্দরাম, রাধাবল্লভ ও লালবিহারী। লালবিহারী
বন্ধ মহাশরের তিন পূত্র—তন্মধ্যে জ্যেষ্ঠ রামতন্ত্ ও কনিষ্ঠ জগরাধ।

জগন্নাথ বস্থ মহাশয়ের চারি পুত্র ও এক কন্তা—জ্যেষ্ঠ নয়নচন্দ্র, মধ্যম হলধর, ভৃতীয় ভবানীচরণ। জগন্নাথ বস্থর কন্তার পুত্র রামরতন মিত্র। রামরতন মিত্রের কেবলমাত্র এক কন্তা, তাঁহার সহিত্ত লরমাহাটা রসিকলাল ঘোষ মহাশয়ের বিবাহ হইয়াছিল। রসিকলাল ঘোষ মহাশয় ইট্ট ইন্ডিয়া কোম্পানীর অর্থবিভাবে (Finance Department) উচ্চ কর্মচানী হিলেন। তিনি অতিশয় ধার্মিক ছিলেন। নয়নচন্দ্র বস্থ ১১৭৭ সনে জন্মগ্রহণ করেন। তৎকালিক সমাজের প্রথানুসারে ভিনি অল বয়সে বিবাহ করেন। তাঁহার বয়স যথন অতি অল তথন তাঁহার মাতার মৃত্যু হয়। কাজেই তাঁহার পিতা পুনরায় বিবাহ করেন। পিতার সহিত বনিবনাও না হওয়ায় তিনি পিতৃগৃহ ত্যাগ করিয়া শশুরালয়ে চলিয়া যান। শশুর মহাশয় ঢাকায় ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর অধীনে একজন উচ্চ কর্ম্মচারী ছিলেন। ২।১ মাস শ্বন্ধরালয়ে বাস করিবার পর তিনি শুগুরগুহে বাস করা নিতান্ত অপমানজনক মনে করিয়া তাহা পরিত্যাগ করেন এবং কলিকাভায় আগমন করেন। কলিকাতার আসিয়া তিনি নীলামে জিনিষপত্র ক্র ক রয়া তাহা বিক্রেয় করিতেন। তাঁহার অল্প বয়স ও কমনীয় আকৃতি দেখিয়া ইট্টইণ্ডিয়া কোম্পানীর নীলাম-বিভাগের উচ্চতম কর্মচারী তাঁহার প্রতি অমুকূল দৃষ্টিপাত করিলেন এবং তিনি নম্বনটাদকে তাহার অধীনে একটা চাকুরী দিলেন। নম্বনটাদ আপন প্রথর বৃদ্ধির প্রভাবে শীঘ্রই নিমকমহলের অন্ততম দেওয়ান হইলেন। এই কার্যো তিনি প্রচুর অর্থোপার্জন করিয়া অনেক জমিদারী ও নীলকুঠি ক্রয় করিয়াছিলেন। ইনি অভিশয় উদার ও ধার্ম্মিক প্রকৃতির লোক ছিলেন। পূজা, পার্বণ, দান ও অক্তান্ত সংকর্ম্মে প্রভৃত অর্থ ব্যব্ন করিতেন। তিনি দরমাহাটস্থ পৈড়ক বাসস্থানে বৃহৎ অট্টালিকা নির্মাণ করিয়া হিন্দুর যাবতীয় পূজাপার্কণ ভক্তি ও সমারোহের সহিত সম্পন্ন করিতেন। ইহার বাটীতে পূজোপলকে ছাগবলি হইত। একবার একটা ছাগ যুপকাষ্ঠ হইতে ছুটিয়া গিয়া নয়নটাদের আশ্রয় লয়। নয়নটাদ ছাগশিশুর অঞ দেখিয়া এতদূর অভিভূত হন যে, তিনি তাহাকে বলি দেন নাই। তদবধি তাঁহার বাড়ীতে বলিপ্রথা উঠিয়া याम् ।

হিন্দিগের মধ্যে প্রবাদ আছে যে, বংশের উন্নতি কি অক্ত

কুলদেব হইতে হয়, তাহা এই বংশের ইতিহাদ হইতে সম্যক বুঝিতে পারা যায় : তংকালে প্রায় সকল হিন্দুর বাড়ীতে নারায়ণ প্রতিষ্ঠিত ণাকিতেন। নয়নটাদ বহুর বাড়ীতেও তাঁহার পূর্বপুরুষ-প্রতিষ্ঠিত নারায়ণ ছিল। কিন্তু ইহা ব্যতীত নয়নটাদ বাবু নি জে ওলক্ষীনারায়ণ শিলা প্রতিষ্ঠিত করিয়াছিলেন। যতদিন নয়নটাদ জীবিত ছিলেন তাঁহার বাটীতে এই শিলার বিধিমত অর্জনাদি হটত । তাঁহার মৃত্যুর পর তাহার পুত্রদিগের মধ্যে যিনি সর্বাপেকা অবতাপর ছিলেন তাঁহার বাটীতে প্রতিষ্ঠিত হইয়া বিধিমত অচ্চিত হইতেন ৷ আশ্চাংগ্রের বিষয়, এই বংশের অবতা ক্ষুল্ল হইবার অব্যবহিত পূর্বে ঠাকুরঘর হইতে ভলক্ষীনারায়ণজীউ হঠাং এক দিবদ অদৃশ্য হন। এই ঘটনার প্রায় বিশ বংসর পূর্কে আর একবার এই ভলন্দীনারায়ণশিলা একদিন অনুশা হন। হিন্দু গৃহীর পকে ইহা যে অত্যন্ত অমঙ্গলজনক তাহাতে কোনও সন্দেহ নাই। এই ঘটনায় নয়নচাঁদের কনিষ্ঠ পুত্রবধূ আহার ত্যাগ করিয়া ভগবানের উপাদনায় রত হইলেন এবং প্রতিজ্ঞা করিলেন, যতদিন নারায়ণ-শিশা তাঁহার গুহে ফিরিয়া না আসেন ততদিন তিনি জলগ্রহণ করিবেন না। আশ্চর্য্যের বিষয় এই যে. তিনি সেই রাত্রেই স্থপ্ন পাইলেন যে, নারায়ণশিলা গঙ্গার ছাটে কোনও নির্দিষ্ট স্থানে রহিয়াছে। প্রাভঃকালে নয়নটাদের কনিষ্ঠ পুত্র কুলপুরোহিতের সহিত সেইস্থানে গিয়া তাঁহার পিত্দেব-প্রতিষ্ঠিত নারায়ণশিলা প্রাপ্ত -হইলেন। সৃহ্যুর সময় নয়নচাঁদ ৺নারায়ণের সেবার জন্ম লাভ হাজার বিঘার তালুক রাখিয়া গিয়াছিলেন। তিনি ৬৪ বংসর বয়সে চার পুত্র রাখিরা স্বর্গারোহণ করেন। তাঁহার পুত্রগ ণের নাম-রাজনারায়ণ, রামনারায়ণ, শ্রীনারায়ণ ও শিবনারায়ণ বস্তু এবং এক কন্সা।

রাজনারায়ণ বহু মহাশয়ের কেবল একটা ক্যাসস্থান। ঐ ক্যাটী বিবাহের অল্লিন পরেই মৃত্যুম্পে পতিত হয়। রামনারায়ণ বহুর হুই পুত্র,লন্ধীনারায়ণ ও নবীনচন্দ্র। লন্ধীনারায়ণের তুই পুত্র— শুমাচরণ ও স্বানন্দ।

শ্যামাচরণ বহুর চারি প্ত—মন্মথনাথ, হরিনাথ, তারিণীচরণ ও একটা কনিষ্ঠ প্ত। কনিষ্ঠ প্ত অল্লবয়সে মৃত্যুমুথে পতিত হন। মন্মথনাথ শ্যামবাজারে একটা বাটা ক্রয় করিয়া বাস করেন। নবীন চক্রের চারি প্ত—উপেন্দ্র, নরেন্দ্র, গিরীন্দ্র ও বিপিনচন্দ্র। নরেন্দ্র বহুর প্তসন্তান হয় নাই, ইহার এক কন্তা আছেন। ইনি ডাক-বিভাগে চাকুরি করিতেন। এক্ষণে পেন্সন ভোগ করিতেছেন। বিপিনচন্দ্রের পাচ প্ত—লালচাদ, অমর, অরুণ, অজয় ও অনিল। বিপিনচন্দ্র ব্যবসায়ে নিযুক্ত আছেন।

শীনারায়ণ বহুর তিন পুত্র—চক্রনারায়ণ, মতিলাল ও গোপালদাস।
চল্রনারায়ণের এক পুত্র—ক্ষেত্রক্ষ। ক্ষেত্রক্ষের এক পুত্র হরিপদ।
মতিলালের তিন পুত্র—নগেল, অমৃতলাল ও ব্রজনাল। নগেল্রের এক
কলা। অমৃতলাল নিঃসস্তান। গোপালদাসের হুই পুত্র—শীতলচন্দ্র
ও রাজেল্রচন্দ্র। শীতলচন্দ্রের এক পুত্র। রাজেন্দ্র নিঃস্তান।

নয়নচাঁদের কনিষ্ঠ পুত্র শিবনারায়ণ বস্থ ১২১৭ বঙ্গাব্দে জন্ম গ্রহণ করেন। ইহার ২৪ বংসর বয়সে পিতার মৃত্যু হয়। ইনি সংস্কৃতে বিশেষ ব্যুৎপত্তি লাভ করেন এবং হিন্দুশাস্ত্রে সবিশেষ অভিজ্ঞ ছিলেন। শাস্ত্রজ্ঞ পণ্ডিতগণের সহিত শাস্ত্রালোচনা এবং ভগবানের নাম ও মহিমা কীর্ত্তন করিয়া দিবসের অধিকাংশ সময় অতিবাহিত করিতেন। ৪২ বংসর বয়সে দরমাহাটার পৈতৃক বাসভবন পরিত্যাগ করিয়া কম্পুলিয়াটোলায় বাটা ক্রয় করিয়া বস্তি করেন। ৫১ বংসর বয়সে তিনি দেহত্যাগ করেন। শিবনারায়ণের তিন পুত্র ও তিন কস্থা। জ্যেষ্ঠ ব্রজ্জীবন, মধ্যম বিহারীলাল ও কনিষ্ঠ শ্রামলাল। ইহার জ্যেষ্ঠা কত্যার সহিত কাগারিপাড়া-নিবাদী গঙ্গাধর মিত্রের পুত্র পাঁচকড়ি

-36

মিত্রের বিবাহ হইয়াছিল। মধ্যমা কস্থার সহিত গঙ্গাধর মিত্রের অপর পুত্রের বিবাহ হইয়াছিল। গঙ্গাধর মিত্র সওদাগর অফিদে বেনিয়ান ছিলেন। পাঁচকড়ি মিত্র বিখ্যাত সঙ্গীতজ্ঞ ছিলেন, তাঁহার মত পাখোয়াজ বাজাইতে অতি অল্প লোকেই পারিত। মধ্যমা কস্থার একটা দৌহিত্রে ও দৌহিত্রী। দৌহিত্রের নাম লালবিহারী দত্ত। ইনি হাটখোলা দত্ত বাঙ়ীর মন্মথনাথ দত্তের পুত্র। শিবনারায়ণের কনিষ্ঠা কস্থার সহিত নিমতলা-নিবামী প্যারিচাদ মিত্র (বিখ্যাত টেকটাদ মিত্র) মহাশ্রের ভ্রাতৃষ্পুত্র চমংকার মিত্রের সহিত বিবাহ হয়। চমংকার মিত্র কিছুকাল ইম্পিরিয়াল লাইত্রেরীর লাইত্রেরীয়ান ছিলেন।

শিবনারায়ণের জ্যেষ্ঠ পুত্র ব্রজ্জীবন বস্থ মহাশ্য তৎকালান Junior ও Senior পরীকাষ উত্তীর্ণ হইয়া গবর্ণমেন্টের কাইমদ ডিপার্টমেণ্টে (Customs Dept. ) কর্ম করিতে আরম্ভ করেন। ইনি অভ্যস্ত সদাশয় এবং পরোপকারী ছিলেন। যে কোনও ব্যক্তি তাহার সংস্পর্শে আসিত, তাঁহার স্থন্দর মৃতি ও মধুর সম্ভাষণে মুগ্ধ হইয়া তাঁহার প্রতি শ্রহাবান হইত। হিলুগান্তেও তাঁহার বথেষ্ট অধিকার ছিল ইনি ছই দার পরিগ্রহ করেন। প্রথমে বাগুটীয়ার প্রসিদ্ধ মুখ্য কুলীন ঘোষ বংশে বিবাহ করেন। প্রথমা স্ত্রীর মৃত্যুর পর উপানচন্দ্র সিংহের একমাত্র সম্ভানকে বিবাহ করেন। তাঁহার ছই পুত্র ও তিন কল্প। জ্যেষ্ঠা ক্সার বিবাহ ডিমলার রাজা জানকীবল্লভ সেনের সহিত, মধ্যম। কন্তার বিবাহ মজিলপুরের জমিদার হরমোহন দত্তের জ্যেষ্ঠ পুত্র হেমচক্র দত্তের সহিত ও কনিষ্ঠা কন্তার বিবাহ ঝামাপুকুরনিবাসী ডাক্তার প্রিয়নাথ মিত্রের জ্যেষ্ঠ পুত্র অবিনাশচন্দ্র মিত্রের সহিত হয়। ব্রন্ধলীবন বস্তুর জ্যেষ্ঠ পুত্র পীতাম্বর বস্থ একমাত্র পুত্র শ্রীমান নির্ম্মলকুমার ও হুই কন্সা রাখিয়া অল্পর বয়দে মর্ত্তালোক ত্যাগ করেন। তিনি চুই লার পরিগ্রহ করিয়া-ছিলেন। প্রথমে রামনগরনিবাদী কৈলাশচক্র ঘোষ মহাশ্যের জ্যেষ্ঠ

পুত্রের জ্যেষ্ঠা কস্তার সহিত ও দিতীয়বার ডাক্রার ভগবান রুদ্রের পৌত্রীর সহিত বিবাহ হইয়াছিল। ইহার জ্যেষ্ঠা কস্তার সহিত কলুটোলা-নিবাসী যোগেল্রনাথ রাহা ও কনিষ্ঠা কস্তার সহিত পটলডাঙ্গা-নিবাসী মন্মথধন রায়ের বিবাহ হইয়াছে। তিনি প্রতিবেশী হৃঃস্থ পরিবারবর্গের কন্তে সহামুভূতিসম্পন্ন ও হৃঃখীর হৃঃখ-মোচনে সর্বাদা মুক্তহন্ত ছিলেন এবং তাহাদিগের সহিত আত্মীয়বৎ ব্যবহার করিতেন।

ব্রজ্জীবনের কমিষ্ঠ পুত্র অতুলক্কম্ব হাইকোর্টের বিখ্যাত উকিল বৈখনাথ দত্তের এক কন্তার পাণিগ্রহণ করেন এবং ঐ স্ত্রী একমাত্র শিশুপুত্র চণ্ডীচরণকে রাথিয়া গতাস্থ হইলে অতুলক্কম্ব তাঁহার খণ্ডরের কনিষ্ঠা কন্তাকে বিবাহ করেন। চণ্ডীচরণ এখন হাইকোর্টের এটণী। ইনি কলিকাতা বিডনষ্টাট-নিবাসী চারুচন্দ্র মিত্রের এক পৌত্রীকে বিবাহ করিয়াছেন। অতুলক্কম্বের দ্বিতীয়া স্ত্রীও একটী পুত্র ও চইটী কন্যা রাথিয়া গত হইরাছেন: পুত্র তারকনাথ বিখ্যালয়ে অধ্যয়ন করিতেছেন। জোষ্ঠা কন্তার ধর্মজেলানিবাসী ডিঙ্গাভাঙ্গা পালিত-বংশীয় পুলিনবিহারী পালিতের সহিত ও কনিষ্ঠা কন্তার শোভাবাজারের রাজা গোণেন্দ্রক্ক্ষ দেবের জ্যেষ্ঠ পৌত্র কপিলক্ষ্ণ দেবের সহিত বিবাহ হইয়াছে। অতুল কৃষ্ণ T. C. Mookerjee কোং'র হেড ইঞ্জিনিয়র, স্পষ্টবক্তা এবং সাতিশয় আত্মীয়বৎসল ও সদালাপী।

শিবনারায়ণের কনিষ্ঠ পুত্র শ্যামলাল বস্থ হোমিওপ্যাথিক ডাক্তার ছিলেন। চিকিৎসাবিভায় ইহার এতদ্র অভিজ্ঞতা ছিল যে, ইনি গঙ্গাতীরস্থ রোগীকেও আরাম করিয়াছেন। কলিকাতার বহু ধনিগৃহে ইহার পশার যথেই ছিল। বহু দীন-তৃঃখীকে শ্যামলাল শুধু যে বিনা ফিতে চিকিৎসা করিতেন তাহা নহে, তাহাদের পথ্যাদিও নিজ ব্যয়ে ব্যবস্থা করিতেন। দীন-তৃঃখীর প্রতি তাঁহার করুণার অন্ত ছিল না, বহুপ্রকারে তাহাদের উপকার করিতেন। এই কারণে ভিনি তাহাদের

অত্যন্ত প্রিয় হইয়াছিলেন। ইংরাজী সাহিত্যে তিনি মথেট বৃংপত্তিলাভ করিয়াছিলেন। তিনি নিত্য গীতাপাঠ করিতেন এবং সমগ্র গীতা তাঁহার কণ্ঠত ছিল। গ্রামলাল আড়বেলিয়ার বিখ্যাত নাগবংশীয় রামগতি নাগের কনিষ্ঠা কন্তাকে বিবাহ করেন।

শ্যামলালের পাঁচ পুত্র ও চারি কন্তা; জ্যেষ্ঠ ক্লফলাল,মধ্যম প্রিয়লাল তৃতীয় হীরালাল, চতুর্থ পারালাল ও কনিষ্ঠ জুহুরলাল। রুঞ্চলাল বৈঞ্ব শাস্ত্রে বিশেষ পণ্ডিত, তিনি ঠনঠনিয়া শঙ্কর ঘোষের বংশ্ধর অন্নদা প্রদাদ ঘোষের ক্সাকে বিবাহ করিয়াছেন,তাঁহার তই পুত্র তুর্গাচরণ ও হরিচরণ এবং এক কন্তা। তর্গাচরণ ই-আই রেলওয়ে কোম্পানীর ট্রাফিক বিভাগের একজন কর্মচারী। হরিচরণ বি-এ পরীক্ষায় উত্তীর্ণ হইয়া এখনও অধ্যয়ন করিতেছেন। ক্রঞ্জাল বস্তুর ক্সার সহিত ম্যুমনসিংহ কলেজের অধ্যাপক নূপেলুনাথ দত্তের বিবাহ হইয়াছে। প্রিয়লাল বস্তু নৈহাটীর প্রসিদ্ধ ডাক্তার স্বর্গীয় দ্বারিকানাথ সরকারের ক্যাকে বিবাহ করিয়াছেন। ইহার ন্যায় উন্নতচেতা ও ভ্রাতবংসল লোক এ দংসারে বিরল। পিতার মৃত্যুর পর তাঁহার কনিষ্ঠ ভ্রাতাদিগের মঙ্গলের জগু নিজে বহু কট্ট স্বীকার করিয়াছিলেন। তাঁহার ছই পুত্র দেবেল ও রামচল্র এবং এক কলা। কলার বিবাহ বছবাজার-নিবাদী হরিদাদ বিখাদের সহিত হ্ইয়াছে। হীরালাল বহু ছোট আদালতের একজন প্রসিদ্ধ উকিল ছিলেন। তিনি পূর্বে ্দেণ্ট জেভিয়ার কলেজের অধ্যাপক ছিলেন এবং ইংরেজী, সংস্কৃত ও দশনে বিশেষ পণ্ডিত ছিলেন। তিনি অবিবাহিত ছিলেন। পানালাল বস্থ কয়েক বৎসর ইণ্ডিয়ান মেডিকেল সার্ভিসের Captain ছিলেন,একণে প্রাইভেট প্রাক্তিস করিতেছেন। তিনি বাকুড়ার জেলা ম্যাজিট্রেট শ্রীযুক্ত ব্রক্ষ্টর্লভ হাজরার কনিষ্ঠা ক্যাকে বিবাহ ক্রিয়াছেন। জহরলাল বস্তু হাইকোর্টের একজন উকিল। ইনি সাহিত্য, দর্শন ও

জ্যোতিষশাস্ত্রে ব্যুৎপত্তিলাভ করিয়াছেন। ইনি হাটথোলা-দত্তবংশীয় ভবানীপুর বকুলবাগান-নিবাসী প্রীয়ক্ত অক্ষরকুমার দত্তের কনিষ্ঠা করা প্রীমতী জ্যোংসাময়ীকে বিবাহ করিয়াছেন। গ্রামলাল বস্থর জ্যোষ্ঠা কন্তার সহিত বাকইপুর ধবধপি-নিবাসী তারকনাথ দত্তের, মধ্যমা ক্যার সহিত বাজড়বাগান-নিবাসী কালীপ্রসর সিংহের পুত্র যোগেল্রচন্দ্র সিংহের, তৃতীয়া কন্যার সহিত পউলডাঙ্গ-নিবাসী গিরীল্রনাথ দত্তের এবং কনিষ্ঠা কন্যার সহিত বেলুড-নিবাসী ডাক্তার ননিলাল দত্তের বিবাহ হইয়াছে।

শিবনারায়ণ বস্তুর মধ্যম পুত্র বিহারীলাল বস্তু ১২৫৪ বঙ্গালে জ্ঞ-হায়ণ মাদে জন্মগ্রহণ করেন। তাঁহার ত্রয়োদশ বর্ষ বয়:ক্রমকালে মাতৃ-বিয়োগ এবং চতুর্দশ বর্ষ বয়:ক্রমকালে পিতৃবিয়োগ হয়। পঞ্চদশবর্ষ বয়:-ক্রমকালে তিনি এণ্ট্রান্স পরীক্ষায় উত্তীর্ণ হন। ইহার ছই বংসর পরে তিনি মেসাস রেমফ্রি এণ্ড বোদ সলিসিটাসের ফার্মে আরটকেল হন। তিনি হাটখোলার প্রসিদ্ধ দত্ত-বংশের কালীনাণ দত্ত মহাশয়ের জ্যেষ্ঠা কনাকে বিবাহ করেন। প্রায় এক বংসর ঐ ফার্ম্মে কাগ্য করিবার পর মেদার্জেমদ্ এণ্ডারসন্ কোম্পানীর ম্যানেজার উত্ত স্লিসিটস ফার্ম্মে একদিন কোনও কার্য্যোপলক্ষে যান। তগায় স্থলর, অটাদশব্যীয় তরণ যুবক বিহারীলালকে কার্যানিরত দেখিয়া বড়ই মুগ্ধ হন এবং জেমদ্ এগুারসন কোম্পানীর অধীনে চাকুরী লইতে তাঁহাকে অন্তরোধ করেন। তাহার অন্তরোধে বিহারী লাল এণ্ডারসন কোম্পানীতে মাসিক ২৫ ্ বেভনে চাকুরী লন। তথার চাকুরী করিবার কালে একদিন অফিদের একজন ইংরাজ কর্মচারী তাঁহাকে অতি অভদ্রভাবে ডাকে. ইহাতে বিহারীলাল অভিমাত্র অপুশানিত বোধ করিয়া তৎক্ষণাৎ সেই ইংরাজ কর্মাচারীর ক্ষের উপর জবাব দেন। উভয়ের মধ্যে মারামারি হইবার উপক্রম

হয়। মি: জেমন্ এণ্ডারসন ইহা দেখিতে পান এবং সেই কর্মচারীকে তিরস্কার করিয়া বলেন, "আমার আফিসে যে একজন আত্মস্মানজ্ঞানসম্পন্ন লোক আছে, ইহা দেখিয়া আমি প্রীত হইয়াছি।" তদবধি মি: এণ্ডারসন বিহারীলাল সম্বন্ধে উচ্চধারণা পোষণ করিতে লাগিলেন এবং তাঁহাকে একটি দায়িত্বমূলক পদ প্রদান করিলেন। বিহারীলাল এই পদে কার্য্য করিবার সময় দেখিতে পাইলেন যে, তাঁহার পূর্ব্বেযে ব্যক্তি উক্ত পদে কার্য্য করিত্ত, সে যোল হাজার টাকা আত্মসং করিয়াছে। এণ্ডার্সনের নিকট এই কথা বলিলে এণ্ডার্সন তাঁহার প্রতি পরম প্রীত হইয়া তাঁহাকে যোলশত টাকা পুরস্কার দিতে চাহিলেন। কিন্তু বিহারীলাল এণ্ডার্সনিকে ধ্রুবাদ দিয়া বলিলেন "আমি যথন আমার কার্য্যকালের নির্মণিত সময়ের মধ্যেই এই প্রতারণা ধরিয়াছি এবং এজন্ত যথন আমাকে নির্মণিত সময়ের অতিরিক্ত কাজ করিতে হয় নাই, তথন আমি এই পুরস্কার পাইবার অধিকারী নহি।"


মিঃ এণ্ডারসন বিহারীলালের এই স্বার্থত্যাগ দেখিয়া বিস্মিত হইলেন এবং তাঁহার বেতন ১৫০ টাকা করিয়া দিলেন। তই বংসর পরে বিহারীলালকে মাসিক ৫০০ টাকা বেতনেও কমিশনে বিক্রয় বিভাগের ভার দিলেন। কিন্তু ত্থেরে বিষয়, বার বংসর এই পদেকার্য্য করিবার পর ফার্মটা উঠিয়া যায়। অতঃপর বিহারীলাল স্বাধীন ভাবে ব্যবসায় করিতে আরম্ভ করেন। শেষ বয়সে তিনি ইলিয়ট কোম্পানীর অংশীদার হইয়াছিলেন এবং জে, এইচ, ইলিয়ট এও কোম্পানীর এজেণ্ট হইয়াছিলেন। একুশ বংসর বয়স হইতে তেত্রিশ বংসর বয়স পর্যান্ত তিনি মাসিক ত্ই সহস্র মুদ্রা অর্জন করিয়া নিজ পরিবারের ভরণ-পোষণোপযোগী অর্থ ব্যতীও সমন্তই ত্রংখীর ত্রংথমোচনে, ধর্ম-কর্মেও অন্তান্ত সংকর্মে ব্যয় করিয়াছিলেন।




স্বৰ্গীয় বিহারীলাল বস্থ।



সগীয় শামলাল বস্ত



শ্রীযুক্ত ভূপেন্দ্রনাথ বসু।



न्त्रीय् क द्रार्द्शक्नांश वस्त्र।



শ্রীযুক্ত সমীরেশ্রনাথ বস্ত

न्धायुक्त मुर्भिष्णनाथ तस्

1

তাহাদের হ:খমোচনে সর্বাদা মৃক্তহন্ত ছিলেন এবং তাহাদের সহিত নিজ আত্মীয়বৎ ব্যবহার করিতেন। শেষ বয়সে বৃন্দাবন পাল লেনে বাটী নিশ্মাণ করিয়া তথায় বাস করিয়াছিলেন। তিনি হিন্দুশাস্ত্রে আস্থাবান ও সংস্কৃত সাহিত্যে অভিজ্ঞ ছিলেন।

বিহারীলাল বস্থ মহাশয়ের পাঁচ পুত্র ও এক কথা। কন্তার সহিত মজিলপুরের জমিদার গোপালদাস দত্তের পুত্র নন্দলাল দত্তের বিবাহ হয়। এই কন্তা বিবাহের কয়েক বংসর পরেই মারা যান।

বিহারীলালের জ্রেষ্ঠ পুত্র যোগেন্দ্রনাথ জে, এইচু ইলিয়ট এণ্ড কোং লিমিটেডের বেনিয়ান ছিলেন। এই কোম্পানী বন্ধ হইলে নিজে ব্যবসায় করিতে আরম্ভ করেন। গোগেন্সনাথের ছই বিবাহ। প্রথম পক্ষে তিনি কুমারটুলীর মিত্রবংশে বিবাহ করেন, দ্বিতীয় পক্ষে তিনি রাজাবাজারের কালা সোমের পৌলীকে বিবাহ করেন। অত্যন্ত স্বাধীনপ্রকৃতির লোক এবং সদালাপী। ইহার ছয় পুত্র ও এক ক্তা। ক্ন্যার বিবাহ বারুইপুরের জমিদার হেমচন্দ্র মিত্রের জ্যেষ্ঠ পুত্র হুর্গাদাস মিত্রের সহিত হয়। হুর্গাদাস হাইকোর্টের একজন বেঞ্চ ক্লার্ক। যোগেন্দ্রনাথের জ্যেষ্ঠ পুত্র অনিলকুমারের হুই বিবাহ এবং হিতীয়বারে বহুবাজার-নিবাসী শ্রীযুক্ত গণেশচন্দ্র দত্তের চতুর্থা কল্যাকে বিবাহ করিয়াছেন। তাঁহার দিতীয় পুত্র বিনয়কুমারের সহিত চন্দ্রন নগরনিবাসী শরৎচন্দ্র সিংহ রায়ের তৃতীয়া কন্যার বিবাহ হইয়াছে! ততীয় পুত্র স্থনীলকুমারের সহিত শিবনারায়ণ দাস লেন-নিবাসী প্রীযুত মন্মথনাথ কচ্ছের কনিষ্ঠা কন্যার বিবাহ হইয়াছে। [চতুর্থ পুত্র অরুণকুমার, পঞ্চম পুত্র অজিতকুমার ও কনিষ্ঠ অমিতকুমার বিচালয়ে অধ্যয়ন করিতেছেন।

বিহারীলাল বহুর মধ্যম পুত্র হুরেন্দ্রনাথ বহু। ইনি ব্যবসায় বাণিজ্য ও কয়লার থনি হইতে প্রচুর অর্থ উপার্ক্তন করিয়া ১৯২৪ সালের জানুযারী মাদে মৃত্যুমুথে পতিত হন। ইহার হুই বিবাহ প্রথম পক্ষে বারুইপুরের জমিদার ৺হেমচন্দ্র চৌধুরীর জ্যেষ্ঠা কন্যাকে ও বিতীয় পক্ষে রামবাগান-নিবাগী মহেল্ডচন্দ্র আইচের একমাত্র কন্যাকে বিবাহ করেন। স্থরেন্দ্রনাথ স্পষ্টবক্তা, নিভীক প্রকৃতির লোক ছিলেন। বহুলোককে ইনি অজম্র টাকা দান করিয়া গিয়াছেন। ইহার হুই পুত্র ও এক কন্যা। কন্যার বিবাহ শিবপুরনিবাসী তুলসীচরণ মিত্রের পুত্রের সহিত হইয়াছে। ইহার জ্যেষ্ঠ পুত্র শৈলেন্দ্রনাথ ও কনিষ্ঠ শচীন্দ্রনাথ। শৈলেন্দ্রনাথের বিবাহ কলিকাতা সিমুলিয় নিবাসী ৺ গোষ্ঠচন্দ্র ঘোষের মধ্যম পুত্র রমেশচন্দ্র ঘোষের জ্যেষ্ঠা কন্যা তরুবালার সহিত হইয়াছে।

বিহারীলাল বস্থর তৃতীয় পুত্রের নাম শ্রীযুত ভূপেক্রনাথ বস্ত ভপেন্দ্রনাথ ১২৮০ বঙ্গাদে ১২ই শ্রাবণ বুধবার প্রাতঃকালে ৬ঘটকার সময় কোমুলিয়াটোলাস্থ পৈতৃক বাতীতে জন্মগ্রহণ করেন। সাউথ স্থবারবন স্থল হইতে তিনি এণ্ট্রান্স, সেণ্ট জেভিয়ার কলেজ হইতে তিনি তফ্র পাশ করিয়া ঐ কলেজেই বি-এ পড়েন। অতঃপর তিনি ভিসাব নিকাশী পরীকাষ (Accountantship Examination) উত্তীর্ণ হন, কিন্তু সরকারী চাকুরী করিতে অস্বীকার করেন। তিনি কেরাণীস্বরূপ অতি অল্প বেতনে ইলিয়ট কোম্পানীতে চাকুরী গ্রহণ করেন। কিন্তু আপন প্রতিভাবলে তিনি ঐ ফাম্মের একজন অংশীদার হন। যথন ফার্মটী লিমিটেড কোম্পানীরূপে পরিণত হর, তথন তিনি ঠ্র ফার্ম্বের অন্যতম ডিরেক্টর হন। এক্ষণে তিনি উক্ত ফার্ম্বের मुख महाभाषात कनिष्ठा कचा निर्माल। एनवीटक विवाह करतन। हैशात-এক পুত্র, ছই কন্তা। পুত্রের নাম খ্রীমান্ সমীরেক্তনাথ বস্থ। জ্যেষ্ঠা ক্রমা শ্রীমতী বিজ্লীপ্রভার সহিত দর্মাহাটা-নিবাদী স্বর্গীয় শর্মক্র

ঘোষের জ্যেন্ত পুত্র শ্রীনৃত আগুতোষ ঘোষের বিবাহ হর। আগুতোষ আনারারী প্রেসিডেন্সি ম্যাজিট্রেট ও হাটখোলার বিখ্যাত জমিলার। ভূপেন্সনাথের কনিষ্ঠা কন্তা শ্রীমতী নির্ম্মলপ্রভার সহিত প্রেসিদ্ধ ডাক্তার শ্রীমৃক্ত কেলারনাথ লাস এম্-ডি, সি-আই-ইর জ্যেন্ত পুত্র ডাক্তার প্রজাসচন্দ্র লিবাহ হইয়াছে, প্রভাসচন্দ্র বিলাত হইতে ডাক্তারা পরীক্ষায় উত্তীর্ণ হইয়া আসিয়াছেন। ইনি বিখ্যাত দস্তচিকিৎসক (Dental Sergeon)। ভূপেন্সনাথের পুত্র সমীরেন্সনাথের সহিত শ্রামবাজারের স্থপ্রসিদ্ধ জমিলার ভ্রামবাল মিত্রের পৌত্র রায় শ্রীমৃত বন্ধ্বিহারী মিত্রের জ্যেন্তা কন্তা শ্রীমতী মীরা দেবীর বিবাহ হইয়াছে ভূপেন্সনাথ বাগবাজারে একটা বাটা নির্ম্মণ করিয়া তথায় বাসকরিতেছেন।

এই বাটীতে তিনি যথারীতি পূজাণার্ক্নাদি করিয়া থাকেন :
ইহার স্ত্রী নির্দ্ধলা দেবী আদর্শ হিন্দ্রমণী। বাটীতে ৬মহামায়ার
পূজার সময় ইনি স্বহতে পূজার আয়োজন ও ভোগাদি রন্ধন করিয়া
থাকেন। বাটার অঞান্ত মহিলাগণ তাহাকে এই কার্য্যে সাহায়্য
করেন। কায়ত্ব যে ক্ষত্রিয় ইহা নিঃসংশয়র্মণে প্রমাণিত হওয়াতে
তিনি উপবীত গ্রহণ করিয়া ক্ষত্রিয়ের সকল সংস্কার গ্রহণ
করিয়াছেন, এবং ক্ষত্রিয়ের যাহা উপযুক্ত কর্ম্ম তাহা করিতে সাধ্যমভ
চেষ্টা করেন।


বঙ্গদেশীয় কারস্থ সভা ও বঙ্গীয় কারস্থ সমাজের সহিত তিনি বিশেষভাবে সংশ্লিষ্ট। তিনি এই বংসর বঙ্গদেশীয় কারস্থ সভার সভাপতি নির্বাচিত হইয়াছেন এবং কয়েক বংসর ধরিয়া তিনি বঙ্গীয় কারস্থ সমাজের সহঃ সভাপতি ছিলেন। ইনি সাতিশয় মিষ্টভাষী ও আড়ম্বরবিহীন। স্পষ্টবাদিতা ইহার একটী গুণ।


করিতেছেন। ইনি মিইভাষী এবং হিন্দুধর্ম-শাস্ত্রে অভিজ্ঞ। ইনি ক্ষতিয়ের সংস্কার উপবীত গ্রহণ করিয়াছেন। নৃপেক্রনাথ মজিলপুরের কেদারনাথ দত্তের কন্তাকে বিবাহ করিয়াছেন। ইহার পাঁচ পুত্র ও চই কন্তা। জ্যেষ্ঠ পুত্র যতীক্রনাথের সহিত হাওড়া-নিবাসী স্বর্গীয় বসস্ত ক্মার ঘোষের মধ্যমা কন্তা অমিয়বালার বিবাহ হইয়াছে। ইহার মধ্যম পুত্র সত্যেক্রনাথ, তৃতীয় বীরেক্রনাথ, চৃতুর্থ রবীক্রনাথ ও কনিষ্ঠ অশোকনাথ বিভালয়ে অধ্যয়ন করিতেছেন। ইহার জ্যোষ্ঠা কন্তার সহিত বাক্রইপুরের জমিদার সতীশচক্র চৌধুরীর মধ্যম পুত্র ক্ষেদাস চৌধুরীর বিবাহ হইয়াছে।


বিহারীলালের কনিষ্ঠ পুত্র এীযুক্ত ফণীন্দ্রনাথ বস্তু বি-এস-সি ইক্চারাল ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ার। তিনি উচ্চ প্রাথমিক, মধা ইংরাজী ও এন্ট্রান্স পরীক্ষায় উত্তীর্ণ হইয়া বৃত্তি লাভ করিয়াছিলেন। এন্ট্রাম্স পরীক্ষায় উত্তীর্ণ হইবার পর হাটথোলা দত্তবংশীয় রায় কুপানাথ দত্ত বাহাত্রের ক্তাকে বিবাহ করেন। ২১ বংসর বয়দে তিনি B.SC. পাশ করেন। তিনি Eagle Foundry Co. Ltd. এর ম্যানেজার ও চীফ ইঞ্জিনিয়ার। তিনি ক্ষত্রিয়ের সংস্কার উপনয়ন গ্রহণ করিয়াছেন। বঙ্গদেশীয় কায়স্থ সভার তিনি অন্ততম সভ্য এবং বঙ্গীয় কায়ন্ত সমাজের সহিত বিশেষভাবে সংশ্লিষ্ট। বহুদিন হইতে কায়ত্ব সমাজের কার্য্যনির্বাহক সমিতির সভ্য এবং সহ: সম্পাদক। ইহার একমাত্র পুত্রের ১৩২৬ সালের শেষভাগে মৃত্যু হওয়াতে ইনি সম্ভ্রীক ধর্মজীবন অতিবাহিত করিবার মানদে পূজাপাদ শ্রীমৎ মহারাজ বালানন স্বামীজীর নিকট দীক্ষিত হইয়া ১৩২৭ বঙ্গান্দে ফান্ত্রন মাসে ৺রাধারমণ বিগ্রহ প্রতিষ্ঠা করিয়া উপাসনা ও নিত্যসেবা করিতে থাকেন। ইনি ইছার উপার্জনের শ্রেষ্ঠ অংশ ধর্মার্থে ও দেবদেবায় ব্যব্ন করেন। ইহার স্ত্রী অভাত

বিষয়ে যেরূপ, এই বিষয়েও সেইরূপ ইহার প্রকৃত সহধর্ষিণী। তিনি
হিন্দুর চিরাচরিত প্রথাস্সারে বার মাসে তের পার্বাণ করিয়া থাকেন।
নিত্যপূজা ইনি স্বহস্তেই করেন। কোনও রূপ প্রতিবন্ধক হইলে বা
স্থানাস্তরে গমন করিলে প্রোহিতের উপর সেবার ভার অর্পিত হয়।
পার্বাণি উপলক্ষে যথারীতি যোড়শোপচারে পূজা ও হোম হইয়া
থাকে। নিত্যপূজায় সন্ত্রীক স্বহস্তে অরব্যক্তনাদি রন্ধন করিয়া
৮নারায়ণকে ভোগ প্রদান করেন। প্রতিবৎসর অরক্পের সময়
সহস্রাধিক দরিদ্রনারায়ণের সেবা হয়।

## দরমাহাটা বস্থ-বংশের তালিকা









৺মোহিনী মোহন শশ্মা

## স্বৰ্গীয় মোহিনীমোহন চক্ৰবৰ্তী।

১২৪৫ সালের ২১এ আষাঢ় পুণ্যতিথিতে নদীয়া জেলার অন্তর্গত কুমারখালীর সংলগ্ন এলঙ্গি গ্রামে একটি খ্যাতিসম্পন্ন পবিত্রবান্ধণবংশে স্বর্গীয় মোহিনীমোহন চক্রবর্ত্তী মহাশয় জন্মগ্রহণ করেন। এতদঞ্চলের তৎকালীন স্থনামধন্ত পুরুষ ভক্ষজলাল চক্রবর্ত্তী মহাশয় তাঁহার পিতাও ভনবিকশোর চক্রবর্ত্তী মহাশয় তাঁহার পিতামহ এবং জেলা নদীয়ার অন্তর্গত মুড়াগাছা-নিবাসা ভরামানন্দ ভৌমিক মহাশয়ের ছহিতা স্বর্গীয়া ভগবতী দেবী তাঁহার জননী ছিলেন। এই গরীয়সী জননীর এবং গরীয়ান্ পিতাও পিতামহের আদর্শই মোহিনীমোহনের জীবনের সংগঠনী শক্তি। পিতামহ নবকিশোর ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর অধীন কুমারখালীর রেশম-কুঠির স্থদক্ষ দেওয়ান এবং পিতা কৃষ্ণলাল তৎকালীন মর্য্যাদাসম্পন্ন বন্ধীয় পুলিশবিভাগের লক্ষপ্রতিষ্ঠ দারোগা ছিলেন। প্রাচ্য আদর্শে অনুপ্রাণিত মোহিনীমোহনের মাতৃকুল ধর্ম্মনিষ্ঠাও সৌজত্যে ব্যক্ষণসমাজে নেভৃস্থানীয় ছিলেন।

পাশ্চাত্য রীতি ও কর্মধারার সহিত সংস্তবযুক্ত এবং সহজাত প্রাচ্য গুণাষিত পিতা ও পিতামহ হইতে এবং প্রাচ্য জাদর্শে নিয়ন্ত্রিত মাতৃকুল হইতে মোহিনীমোহন শিক্ষা ও সভ্যতার যে একটা সংস্কৃত ও মার্জিত অনুপ্রেরণা প্রাপ্ত হয়েন, তাহা প্রাচ্য ও পাশ্চাত্যের দোষ-বিচ্যুত গুণাবলীরই অপূর্ব সমন্বয় এবং মোহিনীমোহনের ভবিষ্যুৎ কর্মজীবনে যে প্রবৃত্তি ও প্রকৃতি পরিক্ষৃত হইয়াছিল তাহা তাহারই ফলস্বরূপ।

মোহিনীমোহনের পাঁচ ভ্রাতা ও এক ভগিনী ছিলেন এবং মোহিনী-মোহনই তাঁহাদের সর্বজ্যেষ্ঠ। তাঁহার ২২ বংসর বয়সে পিতৃবিয়োগ এবং ২৭ বংসর বয়সে মাতৃবিয়োগ হয় এবং এই অপেকাক্কত অল্ল বয়সেই একটা বৃহৎ পরিবারের ভার বিষয়ানভিজ্ঞ যুবক মোহিনীমোহনের স্কল্ধে নিপতিত হয়। বখন তাঁহার কর্মজীবনের স্কনামাত্র, সেই যৌবন-প্রারম্ভেই মোহিনীমোহন উপযুঁ/পরি স্বজনবিয়োগ ও রোপশোকে বিপর্যান্ত হইয়া পড়েন। তথাপি তিনি অমানবদনে ও অবিচলিতচিতে কতকগুলি বিপন্না বিধবা ও আর্তের ভার স্বেচ্ছার বরণ করিরা লইয়া সংসারপথের যাত্রী হয়েন।

বাল্যকাল হইতে যৌবনের প্রারম্ভ পর্যাম্ভ মোহিনীমোহনের জীবন শান্তিপূর্ণ না হইলেও পঠদশায় প্রতিকৃল অবস্থার সহিত সংগ্রাম করিয়া তিনি অসাধারণ মেধা ও চরিত্রবলে তৎকালীন ছাত্রসমাজে একটি উজ্জ্ব রত্ম বলিয়া পরিচিত হয়েন। তিনি পরীক্ষায়, কি স্কুলে, কি কলেজে কথনও দিভার স্থান অধিকার করেন নাই। সেকালের সর্বোচ্চ শিক্ষা, জুনিয়র ও সিনিয়র বৃত্তিপরীক্ষায় তিনি প্রথম স্থান অধিকার করিয়া তৎকালীন বিছৎ সমাজে প্রতিষ্ঠালাভ করেন।

মোহিনীমোহন যে শিক্ষালাভ করিয়াছিলেন, তাহা তৎকালে বিশেষ আদরণীয় ও অর্থকরী হইলেও সংসারক্ষেত্রে এই নব-প্রবিষ্ট যুবক তাঁহার জ্ঞান ও বিজ্ঞার উপযুক্ত অন্ত কোনও বিশিষ্ট কর্ম্মের জন্ত অপেক্ষা করিতে সমর্থ না হইয়া, ঘটনাচক্রের আবর্তনে এই কৃষ্টিয়া মহকুমায় সর্পন্থিম আঠার টাকা বেভনের একটি কেরাণীর পদগ্রহণ করিতে বাধ্য হয়েন। কিন্ত জ্ঞান ও শক্তি অপ্রতিহত । যতই সামান্তক্ষেত্রে তাহা প্রযুক্ত হউক না কেন, তাহার বিকাশ অবশুদ্ধারী। বর্ত্তমান ক্ষেত্রেও বােহানীমাহনের অসাধারণ কর্মাণক্তি অচিরেই ফুরিত হইয়া উঠিল। ভমসাচ্ছর গহররে ল্কায়িত উজ্জল রত্নথণ্ডের মত মােহিনীমােহনের প্রতিভা দিন দিন ভাস্থর হইয়া উঠিল। মহাকবি বলিয়াছেন,—'রত্ম কাহারও অবেষণ করে না, রত্নকেই লোকে অবেষণ করিয়া লয়"। প্রক্ষরত্ব মাহিনীমােহনের ভাগ্যেও তাহাই ঘটল। মােহিনীমােহন

এই সামান্ত কার্য্যে অভ্যন্তকাল-মধ্যেই যে অনন্তসাধারণ প্রতিভা ও কর্ম্মক্শলতার পরিচয় দিলেন, ভাহাতেই তাঁহার উপরিভন কর্ম্মচারী কৃষ্টিয়ার তৎকালীন সবডিভিশনাল ম্যাজিট্রেট ও পরবর্ত্তী কালে বঙ্গের লেপ্টেনাণ্ট গভর্ণর স্তর আলেকজাণ্ডার ম্যাকেঞ্জি এবং স্তর ডব্লিউ, হাণ্টার মোহিনীমোহনের চরিত্র, জ্ঞান ও কর্ম্মক্শলভায় ম্র্যু হইয়া, বদলির সময়ে তাঁহাকে সঙ্গে লইয়া ইণ্ডিয়ান মিউজিয়মে এবং পরে বেঙ্গল সেক্রেটেরিয়েটে উপযুক্ত ও সম্মানিত পদ প্রদান করেন। পরে মোহিনীমোহন তাঁহাদেরই পরামর্শ ও উৎসাহে ডেপুটী ম্যাজিট্রেট পরীক্ষার জন্ত প্রস্তুত হয়েন এবং এ পরীক্ষায় সম্মানে উত্তীর্ণ হইয়া বিচারাদন অলক্কত করেন।

মোহিনীমোহনের ঘটনাব্তল কর্মজীবনে তাঁহার অসাধারণ নিপুণ্তা. নিভীকচিত্ততা ও স্থায়পরায়ণতার যথেষ্ঠ পরিচয় পাওয়া গিয়াছে। নিয়োক ঘটনাটি তাহার একটি উজ্জ্বল দৃষ্টাস্ত। মোহিনীমোহন যথন নোয়াথালিতে ডেপুটা ম্যাজিট্টেট ছিলেন, তথন সরকারী তহবিল আত্মসাৎ করার অপরাধে তত্ততা দেওয়ানী আদালতের জনৈক কর্মচারী এবং কালেক্টরীর সেরেস্তাদার অভিযুক্ত হয়েন। বিচারভার মোহিনী-মোহনের উপর অর্পিত হয় এবং কালেক্টর সাহেব আসামীঘয়কে শান্তি দিবার জন্ত মোহিনীমোহনকে পুন: পুন: অমুরোধ করেন। কিন্তু স্বাধীনচেতা, আমপরায়ণ মোহিনীমোহন কালেক্টর সাহেবের বিরাগভয়ে াকঞ্চিমাত্রও ভীত হইলেন না। আসামীন্বরের বিরুদ্ধে যে প্রমাণ উপস্থিত হইল তাহাতে তিনি সম্ভষ্ট না হইয়া দুঢ়চিত্তে ভায়বিচার করিয়া আসামী ছয়কে মুক্ত করিয়া দিলেন। এই ঘটনায় যদিও কালেক্টর সাহেবের রোষবহ্নিতে পড়িয়া মোহিনীমোহনকে কিছুকাল বেশ বেগ পাইতে হইয়াছিল, তথাপি ধর্মপরায়ণ, ভায়নিষ্ঠ, নিভীক মোহিনীমোহন তাহাতে কিছুমাত্র কাতর ও অবন্যিত হয়েন নাই। পরিণামে কালেক্টর সাহেবের সহিত মোহিনীমোহনের যে মনোমালিক্টের স্ত্রপাত হয় তাহা ক্রমে কমিশনার ও পরে বঙ্গের লাট বাহাচরের গোচরে আনীত হয়। ফলে মোহিনীমোহনের শীঘ্রই বেতন বৃদ্ধি হয় এবং পক্ষান্তরে কালেক্টর সাহেব কোন জেলার ভারপ্রাপ্ত হওয়ার সৌভাগ্য হইতে চিরকালের জন্ম বঞ্চিত হয়েন। স্থায়নিষ্ঠ মোহিনী মোহন কর্মজীবনের কঠোর কর্ত্তব্য কিরূপ দৃঢ়তা ও তেজস্বিভার সহিত সমাপন করিতেন তৎসৰদ্ধে আর একটা ঘটনাও বিশেষ উল্লেখযোগ্য। এক সময়ে কোনও গুরুতর অপরাধে অভিযুক্ত কতকগুলি আসামীর বিচারভার তাঁহার উপর গুন্ত হয়। আসামীগণের বিরুদ্ধে যে প্রমাণ প্রদর্শিত হইল ভাহাতে তিনি তাহাদিগকে অপরাধী সাবাস্ত করিবার অমুকৃলে বিবেকের অমুমোদন পাইলেন না; কাজেই তাহাদিগকে মুক্তি প্রদান করিলেন। ইহার অব্যবহিত পরেই কমিশনার সাহেব ভাঁহার অফিদ পরিদর্শন করেন এবং তাঁহার এ বিচার-ফলের বিরুদ্ধে মন্তব্য প্রকাশ করিতে উন্মত হইবামাত্র ভিনি চ:খিত ও উত্তেজিত হইয়া প্রকাশ্র আদানতে নির্ভীকচিত্তে বলিয়া উঠিলেন:---"Do you think Mr. , I have sold my conscience for money ?" এইরূপে মোহিনীমোহন তাঁহার কর্মজীবনে অসংখ্য ঘটনায় যে সংসাহস, স্থায়পরায়ণতা, বিচারক্ষমতা, কর্তব্যবৃদ্ধি, জনপ্রিয়তা এবং প্রতিভার পরিচয় দিয়াছেন, তাহা তাঁহার কর্মজীবনের সহিত সংশ্লিষ্ট দেশবাসীর নিকট চিরশ্বরণীয় হইয়া রহিয়াছে এবং তাঁহাদের হৃদয়ের অক্তত্তিম ভক্তি ও শ্রদ্ধা তাঁহাকে কীর্ত্তির রাজ্যে অমর করিয়া ব্রাথিয়াছে।

সত্য ও প্রায় মোহিনীমোহনের জীবনে যে প্রভাব বিস্তার করিয়াছিল তাহা চিস্তা করিলে হাদয় যুগপৎ বিশ্বয় ও আনন্দে আপ্লুত হুইয়া পড়ে। সত্য ও স্থায়ের মর্য্যাদা অক্লু রাখিবার নিমিত্ত মোহিনী- মোহন স্বীয় প্তকেও বিপন্ন করিতে পশ্চাৎপদ হইতেন না। মোহিনী-মোহন তদীয় জ্যেষ্ঠপুত্র ও তাহার সমবয়স্ক একটা বাঙ্গালী ছাত্র সহ ভাবুয়া মহকুমায় থাকা কালে তাঁহার জনৈক হুষ্টমতি পদাতিক ঐ ছাত্রটীকে সঙ্গে লইয়া ডেপুটা বাবুর পুত্র বলিয়া পরিচয় দিয়া কোনও এক ব্যক্তির পুষ্করিণী হইতে মংস্থ ধরিয়া লয়। পরে মোহিনীমোহন ঐ িষয় গুনিবামাত্র অত্যন্ত হংখিত ও লজ্জিত হইয়া পুষ্করিণীর স্বজাধিকারীকে ডাকাইলেন এবং ভাহার সন্মুখে ঐ পদাতিক, ছাত্র ও পুতকে উপস্থিত করাইয়া বলিলেন, "ইহারা ভোমার পুষ্করিণীতে মংস্থ ধরিয়া বড়ই গহিত কার্য্য করিয়াছে। ইহাদের বিরুদ্ধে গানায় অথবা আদালতে অভিযোগ করিয়া ইহাদের অপরাধের সমুচিত শান্তি বিধান কর।" বলা বাহল্য, মোহিনীমোহনের এই স্থায়নিষ্ঠা ও দৃঢ়চিত্তা দেখিয়া সকলেই অবাক্ হইয়া গেল এবং এই ব্যাপারটা আর কিছুতেই অগ্রসর হইতে দিল না।

সত্তা ও অ্যায়িকতা-গুণে মোহিনীমোহন স্ক্ত স্মাদৃত হইতেন।
সরকারী কার্য্যের নিয়মান্ত্র্সারে তিনি যথনই বদ্লির আদেশ পাইতেন,
তথনই সেই স্থানের অধিবাসির্ল মোহিনীমোহনের অভাব-চিন্তার
মিয়মান হইয়া পড়িতেন। তিনি যথনই যেখানে বিদায়-অভিনন্দন
পাইয়াছেন, বক্তৃতা ও গীতাদিতে তাঁহার চরিত্রের প্রধান গুণ সত্তা.
অ্যায়িকতা, ও স্থায়নিষ্ঠা বিশেষভাবে আলোচিত হইয়াছে। তাঁহার
বিদায়-অভিনন্দন-উপলক্ষে তমলুকের বিভালয়-প্রাঙ্গণে বিবিধ পত্রপুশ্পশোভিত স্থ্যজ্জিত গৃহে প্রাচীরগাত্তে এবং তংসন্নিহিত পাদপ-শাখাবিলম্বিভ আলোকমালায় সমুদ্যাসিত প্রমোদোভানে, বহুবর্ণ-রঞ্জিত
আলোকাক্ষরে লিখিত পেক্স্পিয়র ইত্যাদি প্রসিদ্ধ কবিগণের
"I am armed so strong in honesty", .... "Flattery is
the food of fools" ইত্যাদি অমরগাথা-সমূহের মোহিনী স্থিত অক্ষাপি
ক্রিজ্ঞানে প্রদ্বার সহিত ক্রীর্ত্তিত হইয়া থাকে।

মোহিনীমোহন রাজকার্য্য হইতে অবসর গ্রহণ করিবার পূর্কে কিছুদিনের জন্ম ভাগলপুরে জিলা ম্যাজিট্রেট্ ও কালেক্টরের কার্য্য করেন; তাঁহার তৎকালীন পেস্কার এখনও জীবিত থাকিয়া পেন্সন্ ভোগ করিতেছেন। মোহিনীমোহনের প্রসঙ্গ উপস্থিত হইলে তিনি বতই বলিয়া থাকেন—''আমি বহু হাকিমের অধীন চাকরী করিয়াছি, কিন্তু তাঁহার মত প্রায়নিষ্ঠ, তেজস্বী অথচ কোমলহুদর হাকিম কথনও দেখি নাই। তিনি দণ্ড দিবার সময়ে আসামীকে বলিতেন—''দেখ, বাবা, তুমি দোষী কি নির্দোষ ভাহা আমি নিশ্চয় জানি না; প্রকৃত ঘটনা অবশ্য একমাত্র ভগবান জানেন। কিন্তু ভোমার বিক্লছে যে সকল প্রমাণ আমার সমক্ষে উপস্থিত হইয়াছে সেগুলি ভোমার দোষই সপ্রমাণ করিতেছে। অভএব, আইন অফুসারে বাধ্য হইয়া ভোমাকে দণ্ড দিতে হইতেছে। এজন্ম আমি হঃথিত।"

মোহিনীমোহনের ছাত্রজীবন ও কর্মজীবনের যে গৌরবকাহিনী এখনও পর্যান্ত লোকমুখে প্রচারিত হইতেছে, ভাহা ভিন্ন তাঁহার প্রতিভায় প্রীত ও কর্মকুশলতায় মুগ্ধ শিক্ষক ও পৃষ্ঠপোষকগণের প্রদত্ত বহু প্রশংসা-পত্রের উদ্ধার সাধন হইয়াছে।

মোহিনীমোহন অনন্ত সাধারণ ক্বতিত্ব ও সন্মানের সহিত কর্মজীবন অতিবাহিত করিয়া সরকারী কার্য্য হইতে অবসরগ্রহণপূর্বক স্থানীর্য ২৭ বৎসর পেন্সন্ভোগ করেন। সাধারণতঃ অবসর-গ্রহণ ও পেন্সন্ভোগ নিজ্ঞিয়তাস্চক হইলেও কর্ম্মী মোহিনীমোহনের এই বার্দ্ধক্য ও দীর্য অবসরকাল একটা যৌবনস্থলভ উত্তম ও অক্লান্ত কর্ম্মের মধ্যেই অতিবাহিত হইয়াছে। জন্মগত অধিকারস্থলণে তিনি যে নিয়মামুবর্জিতা, নিষ্ঠা ও ধর্মভাব পিতা ও মাভার নিকটে প্রাপ্ত হয়েন এবং বাল্যে যে আদর্শ ঐ সদ্গুণনিচয়ের মধ্য দিয়া তাঁহার জীবনে পরিক্ট্ট হইয়া পড়ে, ভাহাই তাঁহার কৈশোরে অসাধারণ মেধা এবং যৌবনে অপরিমেয়

কর্মাক্তিতে পরিণত হইয়া যায়। তথন অলক্ষিতভাবে তাঁহার হৃদরে একটা স্বধর্মপরায়ণতা, জাতীয়তা ও স্বদেশবংসলতার বীজ উপ্ত হইয়া পতে। কিন্তু এই উদার মনোবৃত্তি মোহিনীমোহনের সরকারী কর্মজীবনের পরাধীনবৃত্তির সহিত সামঞ্জন্ত লাভ করিতে পারে নাই। স্বদেশহিতৈষণার একটা তীব্র আকাজ্ঞা তাঁহাকে ব্যাকৃল করিয়া তুলিয়াছিল। তিনি সরকারী কার্য্য হইতে অবসর গ্রহণ করিয়া এই মহতুদেশাসাধনকল্পে কুষ্টিয়া সহরে তাঁহার বর্তমান আবাস সংভাপন क्तिल्न এवः अवमत्रश्राश्च त्याश्चितात्याश्च এक्टा विद्यार विमान কর্মানুষ্ঠানের অনুধ্যানে তন্ময় হইয়া পড়িলেন। উদ্ভাবনী শক্তির প্রভাবে তিনি যথন দেশীয় শিল্পের দিক দিয়া স্বদেশের একটা প্রধান অভাব লক্ষ্য করিলেন, তাহার কিছুকাল পরেই বন্ধব্যবচ্ছেদ-উপলক্ষে একটা প্রবল আন্দোলন দেশমধ্যে পরিব্যাপ্ত হইয়া পড়িল। যখন দেশের খ্যাতনামা বাগ্মী ও নেভ্বৰ্গ এই আন্দোলনে বঙ্গের একপ্রান্ত হইতে অপর প্রান্তে সভা আহ্বান ও বক্তৃতাপ্রদান করিয়া সমগ্র দেশ মুধরিত করিতেছিলেন, যথন জনসাধারণ দেশাস্মবোধে অফ্প্রাণিত হইয়া বিদেশজাত পণ্যের পরিহার-চিস্তা করিতেছিলেন, তথন মোহিনীমোহন তাঁহার সেই চিস্তাকে একটা আকার দিয়া মূর্ত্ত করিয়া ফেলিলেন। তিনি অবিলম্বেই কুদ্র আয়োজনে একটা কাপড়ের কল সংস্থাপন করিলেন। মোহিনীমোহনের পবিত্র নাম হইতেই উদ্ভরকালে এই কলের নাম "মোহিনী মিল" হইয়াছে। দেশমাভ্কার প্রতি প্রগাচ ভক্তি এবং দেশের ভবিষ্যুৎ ইতিহাসকে একটা নৃতন আকার দিবার জন্ম কি অক্লুত্রিম অনুরাগ একজন সরকারী কর্ম্মচারীর হৃদয়ে নিহিত ছিল এবং তাঁহারই দেশাল্মবোধের পরিকল্পনা, সর্বস্থ-নিয়োগ এবং কর্ম-প্রচেষ্টার ফলে একটা অতি সামাগ্র গার্হস্তা অমুষ্ঠান হইতে কি একটা বিরাট সার্বজনীন প্রতিষ্ঠানে সমূত্ত হইয়াছে ভাহারই মুর্ভ ইভিহাস এই "মোহিনী মিল।" যথন বঙ্গব্যবচ্ছেদ আন্দোলনে বাগ্মান্থানীয় নেতৃবৃদ্ধ দেশের এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্যন্ত মুখরিত করিতেছিলেন, তথন এই নীরবকর্মী মোহিনীমোহন বদেশের লুপ্ত শিরের উদ্ধার এবং অর-সমস্থার সমাধান-করে নির্জনে দেশমাতৃকার চরণে যে অর্ঘ্য স্থাপন করেন তাহারই পরিণতি এই "মোহিনী মিল"। স্বতই মনে হয়, প্রায়কল মোহিনীমোহন যেন দিব্যচক্ষে দেখিয়াছিলেন যে, তাঁহার বড় সাধের এই তৎকালীন কুদ্র প্রতিষ্ঠান একদিন বাঙ্গালার তথা ভারতের গৌরবের বস্তু হইয়া দাঁড়াইবে।

মোহিনীমোহন এই মিলের সংস্থাপয়িত। হইলেও সংশৌ আন্দোলনের ফলে দেশবাসীর হৃদয়ে শিলোরতির প্রতি বে একটা প্রবল আগ্রহ জন্মিয়াছিল, "মোহিনী মিল" তাহারই স্কুফল সন্দেহ নাই। দেশ-দেবার এই নৃতন পছা বঙ্গদেশে ইতিপুর্বেকে কেই লক্ষ্য করে নাই। স্বদেশী আন্দোলনের চিন্তাধারায় দেশের আণিক উন্নতির উপায়-উদ্ভাবন-কল্পে এই বিশিষ্ট উপায়টির দিকে যে সমস্ত মনীষীর দৃষ্টি আক্রষ্ট হইয়াছিল স্বর্গীয় মোহিনীমোহন তাঁহাদের স্বস্ততম এবং মিলের পরিকল্পনা মোহিনীমোহনের নিজ্য। মোহিনীমোহন প্রথমতঃ তাঁহার কুতবিছ পুত্রহয়ের সহায়তায় ব্যক্তিগত সম্পতিরূপে এই বিরাট অফুষ্ঠানের স্ত্রপাত করেন। এই প্রকার জাতীয় অফুষ্ঠানের ফলাফল তথন অনিশ্চিত ছিল। কেন না. বস্ত্রশিল্প তথন বাঙ্গলায় অজ্ঞাত ছিল, ল্যাঙ্কাশায়ার তথন ভারতের লক্ষানিবারণ করিত এবং ভাছারই অঙ্গুলি-সঙ্কেতে কাপড়ের মূলোর প্রাস-বৃদ্ধি হইত। সে সময়ে বোষে ও আমেদাবাদ বাতীত ভারতবর্ষের অন্তান্ত প্রদেশে বস্ত্রশিরে বিশেষজ্ঞ ব্যক্তির সংখ্যা খুব কম ছিল। বাঙ্গলায় একজনও ছিলেন না বলিলে অত্যক্তি হয় না। বুটিশ শাসনের ২০০ বৎসরের মধ্যে বঙ্গদেশে এই জাতীয় শিল্লামুষ্ঠানের বিশেষ কোন চেষ্টা পরিলক্ষিত না হইলেও এই

মিলের ভবিশ্বৎ উন্নতি স্বদ্ধে মোহিনীমোহনের মনে কিছুমাত্র সংশ্বর ছিল না। বহুবায় ও শ্রমন্বীকারে ভারতীয় বন্ত্রশিল্পের প্রধান কেন্দ্র ববে ও আমেদাবাদে মোহিনীমোহন তাঁহার উপযুক্ত পুত্রহয়কে মিল পরিচালনা সম্বন্ধে অভিজ্ঞতা অভ্যান করিবার জন্ম প্রেরণ করেন। সাধারণে এপর্যান্ত তাঁহাদের কার্য্যকলাপ কেবল লক্ষ্য করিয়া আসিতে-ছিলেন। পরে মিলের উরতি নিঃদংশর হইলে এই মিলটিকে সাধারণের সম্পত্তিস্বরূপে গড়িয়া তুলিবার জন্ম মোহিনামোহন সাধারণের পক্ষ হইতে অমুরোধ প্রাপ্ত হয়েন। মিল-সংস্থাপনে মোহিনীমোহনের কেবল ব্যক্তিগত স্বার্থসিদ্ধি বা আত্মোন্নতি-সাধনের কোন অভিপ্রায় ছিল না। জাতীয় শিরের পুনরুজ্জীবন-করে প্রতিষ্ঠানটির উন্নতি এবং প্রসারই তাঁহার প্রধান লক্ষ্য ছিল। স্বভরাং স্বদেশবংসল উদার-কর্মা মোহিনীযোহন জনসাধারণের এই প্রস্তাবে সন্মত হইলেন এবং াহারই সাধু সঙ্কল্পে এই ব্যক্তিগত সম্পত্তি ১৯০৮ সালে থৌপ কারবারে পরিণত হইল। স্বহস্ত-রোপিত নানা ফলপুপশোভিত মহামহীকৃত্বর ক্রায় মোহনীমোহনের দেই স্বযন্ত্রভিত মোহিনী মিল আজ নানা বিভাগে বিস্তৃত ও নানাগুণে বিভূষিত হইয়া তাঁহার কীভিত্তস্তম্মপ বিরাজ করিতেছে। আজ তাঁহার দেই অসাধারণ কুতিত মুর্ত্তি পরিগ্রছ কবিয়া একটা বিরাট আকারে সগৌরবে উচ্চশিরে দুখায়মান রহিয়াছে। আজ তাঁহার এই বিবাট অফুঠানে বন্ধমাতার কত শিক্ষিত, অর্ধশিক্ষিত ও শত শত শ্ৰমিক-সম্ভান ক্ষীম্বরূপে ৰোগদান করিয়া এই অনুসৰস্ভাৱ দিনে অরের সংস্থান করিতে পারিতেছে। আছ পরমুখাপেকী বছ ভারতসন্তান মোহিনীয়েছনের পরিকরিত বদেশলাত বল্লে লক্ষা নিবারণ করিতে সমর্থ হইতেছে। আজ অমরণামে শান্তির রাজ্যে ভাঁছার প্রবিত্র আত্মার উদ্দেশে সহল সহল ভক্তাবনত নরনারীর ব্রহাঞ্জ মানুরে অর্পিত চইতেছে।

ব্যক্তিগত জীবনে যোহনীযোহন বে আদর্শ রাখিয়া গিয়াছেন ভাহা সকলেরই অমুকরণীয়। তাঁহার চরিত নির্মাল, নিমলম্ব ছিল। তিনি কখনও অহঙ্কার বা ক্রোধের বশাভূত হইতেন ন।। তাঁহার ধর্ম্মলিকা চির্দিনই বলবতী ছিল। তিনি সামবেদ অধারন করিয়াছিলেন এবং দেবছিলে যথেষ্ট ভক্তিমান ছিলেন। এমন কি ইপ্তমন্ত্ৰ ৰূপ না করিয়া তিনি কখনও জলগ্রহণ করিতেন না। নিষ্ঠাবান হিন্দুর যাহা কর্ত্তব্য, তিনি তাহা পালন করিতেন; কিন্তু ধর্ম্বের গোঁড়ামী ও আড্রুরকে দুণা করিতেন। তিনি জাতিগত বা সাম্প্রদায়িক বিধেষের অতীত ছিলেন। তাঁহার নিজের বেশভূষা সামাস্তই ছিল। পরিকার-পরিচ্ছন্নতা ভালবাসিলেও তিনি বিলাসিতা ভালবাসিতেন না। ভাঁহার বাবুগিরি আদৌ ছিল না। এমন কি, কেহ তাঁহাকে কখনও কেশের পারিপাট্য সাধন করিতে দেখেন নাই। তাঁহার জীবনটাকে তিনি যেন সহজ সরল করিয়া রাখিয়াছিলেন। নিজের কোনও অনাবশ্রক মুখ-স্বাচ্ছনের জন্ম বিলাস-চরিতার্থতাে তু তিনি কখনও অর্থ নষ্ট করেন নাই। তিনি উপযুক্ত দানে মুক্তহন্ত ছিলেন। কি বিভার্থী, কি গৃহহীন, কি নিরন্ন, কি ক্সাদায়গ্রস্ত, কি বিপদ্গ্রস্ত ৰাঞ্জি, যিনিই যথন তাঁহার নিকট কোন সাহায্য প্রার্থনা করিয়াছেন ভিনিই তাহা লাভ করিয়াছেন। মোহিনীমোহন আর্তের বন্ধু এবং অজাতশক্ত ছিলেন।

গার্হস্ত জীবনে মোহিনীমোহন বে অনগুসাধারণ কর্ত্তব্যক্ষান ও মানসিক বলের পরিচর দিয়াছেন তাহা মানবতার আদর্শ। আভি-জাত্যের গৌরব ও বিলাসবিভ্রম সাধারণতঃ পরার্থপরতা ও দয়া-দাক্ষিণ্যের পরিপন্থী হইলেও, চিত্তবৃত্তির কোনও হীন অমুপ্রেরণা তাঁহারু হাদরে কথনও স্থান পায় নাই; বরং আর্ত্তের পরিত্রাণকল্পে তাঁহারু প্রাণ সর্কাদাই ব্যাকুল হইয়াছে। আরা থাকা কালে মাভারাম কাহার

নামক তাঁহার জনৈক চাকর হুরারোগ্য বিস্তৃচিকা-রোগে আক্রাস্ত হটলে মোহিনীমোহনের হৃদয় ষেরূপ গভীরভাবে আলোড়িও হইয়াছিল कारा किसा कवितन विभिन्न रहेरा रहा। धरे करिन वाधित कवन रहेरा ষাতারামকে রক্ষা করিবার জন্ম তিনি নিজ ব্যয়ে স্থদক ডাক্তার নিযুক্ত করিয়া এবং ভাহার পথ্যাদি স্বহস্তে প্রস্তুত করিয়া দিয়া, চিকিৎসকগণের নিষেধ সংভ্রে সংক্রামতাভয়ে আদৌ ভীত না হটয়া মাতারামের শুক্রবার জন্ম অবসর-সময়ে আপনাকে এবং অন্ত সময়ে তদীয় একাদশ বর্ষ বয়স্ক প্রাণাধিক পুত্রকে নিয়োজিত করিয়া যে আত্মোৎসর্গের মাহাত্ম্য দেখাইয়াছিলেন তাহা মানবের ইতিহাসে খুবই কম দেখিতে পাওয়া ষায়। যথন তিনি আপনার ও প্রাণপ্রিয় পুত্রের জীবনকে বিপন্ন করিয়াও আর মাভারামকে বাঁচাইতে পারিলেন না এবং যখন তিনি মাতারামের ইহলোকের কর্তব্যে বিফলপ্রয়াস হইলেন, তথন ধর্মাত্মা মোহিনীয়োহন মাভারামের মৃত্যুকালে তাহার ব্যবহৃত যে স্থবর্ণ-ভাবিজ খুলিয়া স্যজে রক্ষা করিয়াছিলেন, পরে হিন্দুর পবিত্র তীর্থ বারাণ্দীতে গমন করিয়া তাঁহার আত্মার কল্যাণ-কামনায় বেদাধ্যায়ী ব্রাহ্মণদিগের দ্বারা বেদপাঠ করাইয়া মাভারামের পরিত্যক্ত উক্ত স্থবর্ণ-ভাবিজ ওঁ হাদিগকে দান করিয়াছিলেন। মোহিনীমোহনের এই আত্মোৎদর্গ ও ধর্ম্মনিষ্ঠা সমাক্ষেত্র

মোহিনীমোহনের গুণরাশির মধ্যে সংযম ও নিয়মান্ত্রবন্তিত। বিশেষ উল্লেখযোগ্য এবং তাহাই তাঁহার দীর্ঘজীবনলাভের প্রধান কারণ। তিনি মিতাহারী ছিলেন। ক্ষুধা ও জীর্ণশক্তির অন্তুপাতে যথন যে থান্ত যে পরিমাণে আহার করা কর্ত্তব্য, ভিনি তাহাই নিয়মিত সমঙ্কেনিদিট পরিমাণে আহার করিতেন। যতই উপাদেয়, ফচিকর বা লোভনীর হউক না কেন, তদতিরিক্ত কোন দ্রব্যই তিনি আহার করিতেন না। কোন মাদক দ্রব্যের এমন কি পান-ভাষাকের

সহিতও তাঁহার জীবনে কথনও পরিচয় হয় নাই। তাঁহার স্বাস্থ্যের প্রয়োজন অমুসারে যথন ষেটুকু পরিশ্রম করা আবশুক তাহা তিনি করিতেন এবং নিয়মিত ভ্রমণে অভান্ত ছিলেন। তিনি অত্যন্ত জ্ঞান-পিপাম্ব ছিলেন। তাঁহার নিজের একটি পুস্তকালয় ছিল। তিনি জ্ঞান ও গবেষণা ধূলক পুস্তকাদি এবং সংবাদপত্র নিয়মিতরূপে অধিক রাত্রি পর্যান্ত অংয়ন করিতেন এবং সময়ের মূল্য এতই বুঝিতেন যে, জীবনের একটি মুহূর্ত্তও ভিনি বুথা যাইতে দিতেন ন।। ভিনি অতীব সংযমী ছিলেন। কোনও সময়ে স্থপ্রসিদ্ধ চিকিৎসক কর্ণেল ডিয়ায়ের ব্যবস্থা-মুরারে রোগপ্রশমনার্থ তিনি অহিফেনসংযুক্ত ঔষধ অনেকদিন যাবৎ ব্যবহার করিতে বাধ্য হয়েন। পরে অন্ত কোন ব্যাধির চিকিৎসার্থ খাতনামা ডাক্তার ইউনানের পরামর্শ চাহিলে তিনি বলেন যে, হোমিও-প্রাধিক ঔষধের দ্বারা তাঁহার রোগ আরোগ্য হইতে পারে কিন্তু প্রমধ্যে সহিত তিনি যে অহিফেন-ব্যবহারে অভ্যন্ত হইয়াছেন, তাহ। পরিত্যাগ করা সম্ভব হটবে না এবং তাঁহার দেহে হোমিওপ্যাধিক প্রিয়ধের কোন ক্রিয়াও হইবে না। যোহিনীমোহন ডাক্তার ইউনানের ঐ কথা গুনিবামাত্র একটু হাসিয়া বলিলেন—"আমি কোন অভাসের দাস নতি। অভিকেন পরিতাাগ করা আমার পকে আদে অসম্ভব বা কঠিন নহে। আমি এই মুহুর্ত হইতেই উহা পরিভ্যাগ করিলাম।" ভদবধি মোহিনীমোহন জীবনে আর কখনও অহিফেন বা অহিফেন-সংযুক্ত ঔষধ ব্যবহার করেন নাই। বলা বাহল্য, ডাক্তার ইউনানের ব্যবস্থানুষায়ী প্রষ্থ-ব্যবহারে তিনি ঈপিত ফল লাভ করেন। মোহিনী-যোহন সুলকায় ছিলেন না বটে, কিছ তিনি শালপ্রাংও মহাবাহ ছিলেন। কাতার দেহ দর্মধা কর্মা ছিল, তিনি অতি বৃদ্ধ হইয়াছিলেন সভা, ক্তিত্র কথনও ক্বির হরেন নাই। তিনি কর্মজীবন হইতে অবসর अक्रम कृतियां दर स्मीर्थकांम कीविक हित्मन, रेसारे जांशांत সংব্যশক্তি ও নির্মাসুবর্তিতার প্রক্রই প্রবাগ।

মোহিনীমোহনের জীবনে আর একটি মহৎগুণ বিশেষভাবে
পরিলক্ষিত হইত। ধর্মে বা কর্মে তিনি আদৌ আড়ম্বরপ্রিয় ছিলেন
না, কথনও আভিন্ধাত্যের গৌরব করিতেন না। তাঁহাকে কেহ কথনও
কোনও কার্ম্যে বাক্চাতুর্য্যের আশ্রয় গ্রহণ করিতে দেখেন নাই। তিনি
নীরবক্মী এবং স্থিরপ্রতিজ্ঞ ছিলেন। অচল, অটলভাবে কর্তব্য
সমাপন করিয়া তিনি জনসাধারণের হৃদয়ে শ্রদ্ধার আসন লাভ
করিয়াছিলেন।

মোহিনীমোহনের একটি বিশেষত্ব এই ছিল যে, ভিনি যুগপৎ कृतिगकर्शात ७ कृष्यमरकामन ছिल्न। कर्खवायुष्ति ७ बिरवरकत অফুপ্রেরণায় তিনি ধেমন বজ্ঞের ত্যায় কঠোর ও স্থিরপ্রতিজ্ঞ হইতে জানিতের, তেমন তাঁহার হৃদয় কুস্থমের স্থায় কোমলতা-গুণবিশিষ্টও ছিল। স্বদেশী আন্দোলনের সময় মোহিনীমোহন তাঁহার উপযুক্ত পুত্রকে বহুজন-বাঞ্ছিত সব ডেপুটী ম্যাজিষ্ট্রেট-পদ গ্রহণ করিতে না দিয়া তাঁহাকে মিলের ইঞ্জিনিয়ারিং বিভাগের উন্নতি-সাধনে নিয়োজিত করিয়া তিনি যে সংসাহসের পরিচয় দেন তাহা বর্ত্তমান যুগের ইতিহাসে বিরল। এইরূপ চরিত্রতেজে মধ্যাহের দীপ্ত ক্র্য্যের স্থায় বলীয়ান্ হইলেও যোহিনীমোহন অত্যন্ত অমায়িক প্রকৃতির লোক ছিলেন। তাঁহার। স্বাভাবিক ওদার্য্য ও দৌজ্ঞ সকলকেই মুগ্ধ করিত। তিনি ব্যথিতের-বেদনা এবং বিপরের হু:খ অফুভব করিতে পারিতেন। তিনি নানাবিধ ছুরারোগ্য রোগের যথা —অমুপিত ও হাঁপকাশের দৈব ঔষধ বিনামূল্যে ৰছ রোগাকে প্রদান করিয়া রোগমূক্ত করিতেন। দীন, হংখী এবং অভাবপ্রস্ত রায়তের অভাব-মোচনে তিনি মৃক্তহস্ত ছিলেন। তিনি-বিছোৎসাহী ছিলেন। কর্মজীবনে বেথানেই থাকুন না কেন, সেইখানেই দরিত্র ছাত্রদিগকে তাঁহার আবাদে রাখিয়া বিছোৎসাহ অদান করিয়াছেন এবং অর্থসাহায্য দারা বিষ্ঠার্থীদিগের প্রভৃত-

কল্যাণ সাধন করিয়াছেন। ব্রাহ্মণ পণ্ডিতগণ তাঁহার জীবনাস্তকাল পর্যাস্ত যথাযোগ্য ভক্তি ও সন্মান লাভে বঞ্চিত হয়েন নাই। দানশীল মোহিনীমোহন যথনই কোন দান করিতেন, তাহা প্রকাশ করিতে একাস্ত অনিভূক ছিলেন। তাঁহার দানের মধ্যে এমন গুপ্তদান অনেক ছিল যাহা তাঁহার প্রাণপ্রিয় সন্তানগণকে পর্যাস্ত জানিতে দিতেন না।

বর্ত্তমান সংক্ষিপ্ত প্রবন্ধে মোহিনীমোহনের জীবনী সম্বন্ধে বিশদরূপে জালোচনা করিবার স্থান নাই। এক কথায়, বঙ্গজননীর স্থসস্তান, স্বদেশের গৌরবর্ত্তির, দেশমাতৃকার একনিষ্ঠ সাধক, অশেষগুণালম্বৃত্ত মোহিনামোহনকে আমরা নব্যুগের আদর্শ বলিতে পারি। তিনি একাধারে নরদেবতা ও কর্মী তাপদ ছিলেন এবং তাঁহার ধর্ম ও কর্মজীবন ভাবী পুরুষের অন্তকরণীয়। এই জড়দেহ নম্মর হইলেও তাহা কি উপারে স্থলীর্ঘকালস্থায়ী হইয়া ভগবানের প্রিয়কার্য্য সাধন ও মানবের হিতাস্কানপূর্ব্বক পার্থিব সম্বন্ধ ত্যাগ করিয়াও কিরূপে অমরত্ব লাভ করিতে পারে, তাহাই এই মহাপুরুষ মোহিনীমোহন স্পষ্টরূপে দেখাইয়া দিয়া স্থলীর্ঘ ৮৪ বংসর ৪ মাস ব্যুসে বার্দ্ধক্যের স্থাভাবিক নিয়মে বিশেষ কোন ব্যাধির কবলে কবলিত না হইয়া সজ্ঞানে গঙ্গাতীরে ইইধ্যানে ১০২৮ সালের ২০শে কার্ত্তিক তারিখে মহাপ্রস্থান করিয়াছেন।

মোহিনীমোহনের চারি পুত্র—তন্মধ্যে প্রথম পুত্র শ্রীযুক্ত সতীপ্রসন্ন কক্রবর্ত্তী, বি-এর ভাগলপুর জঙ্গ কোটের উকিল। অপর তিনপুত্র শ্রীযুক্ত গিরিজাপ্রসন্ন, শ্রীযুক্ত রমাপ্রসন্ন ও শ্রীযুক্ত জ্ঞানদাপ্রসন্ন বর্ত্তমানে মোহিনীমোহনের অক্ষয় কীর্ত্তি "মোহিনী মিলের" ম্যানেজিং এজেণ্ট-পদে প্রতিষ্ঠিত আছেন।



স্বৰ্গীয় যোগেব্ৰচন্দ্ৰ চট্টোপাধ্যায়।

## স্বৰ্গীয় যোগেব্ৰুচক্ৰ চট্টোপাধ্যায়।

কাটোয়া থানায় দেওয়াসীন নামে ক্ষুদ্র পল্লী অবস্থিত। জনশ্রুতি আছে, বহু পূর্বের এক ব্রন্ধচারীর উপর দেবতার আবেশ হয়। তিনি এই স্থানে ঘটগ্রাপনপূর্ব্বক প্রতাহ ধৃমধামের সহিত পূজার্চন করিতেন এবং পীড়িতের পীড়া শান্তির জন্ম এবং বন্ধার পুত্র লাভ নিমিত্ত ঔষধ বিতরণ করিতেন। ক্রমে ২।৪ জন তাঁহার সেবক হইয়া তথায় বাস করিতে থাকিল। গুণে আরুষ্ট হইয়া আরও লোক তথায় ঘর-বাড়ী করিল। স্থানটা মনোরম-নদীর তীরে। ক্রমশ: স্থানটা পল্লীরূপে পরিণত হইল। ব্রহ্মচারীকে লোকে দেওয়াসীন (দেবাসীন) বলিত। কালবশতঃ লোকের কথায় কথায় সে স্থানের নামও দেওয়াসীন হইয়া নাড়াইয়াছে। এই কুদ্র পল্লীতে যোগেক্রচক্রের জন্ম। অন্ন বয়সেই তাঁহার লোকান্তর ঘটিয়াছে। জনশ্রুতি আছে, ইহার বহু পূর্বপুরুষের বাস ছিল পল্লাপারে। ইহারা খনিয়ানের চাটুজ্জী, একরের সন্তান। স্কুরুই মেল। যোগেল্রচল্রের পুত্র নীলমণির উদ্ধতন সপ্তম পুক্ষ নন্দকিশোর একজন বড় পণ্ডিত ছিলেন। তাঁহার লিখিত কয়েকখানি উপাদেয় সংস্কৃত গ্রন্থ ছিল, তুর্ভাগ্যক্রমে সেগুলি কীটদষ্ট হইয়াছে এবং ঐ গুলির সারাংশ ধ্বংস হইয়া গিয়াছে। ছিন্ন জীর্ণ পত্রাবলীর সংযোজন জন্ম বিধিমত চেষ্টা করিয়াও ক্লতকার্য্য হইতে পারা যায় নাই। তাঁহার উপাধি ছিল, সার্বভৌম। নীলমণির উর্জ্বতন চতুর্থ পুরুষ (প্রপিতামহ) নফরচন্দ্র ১০৪ বংসর বয়সে ইহধাম পরিত্যাগ করেন। পরের তঃথ-মোচনের প্রবৃত্তি তাঁহার বড়ই প্রবল ছিল। লোককে টাকা ধার मिया তিনি कथन मिनन नरवन नाहे; ठक्क-पूर्वारक नाकी गानिया ছाড़िया দিতেন। তাহাতে কাহারও টাকা অনাদায় হইলে বলিতেন.—ও টাকা

আমার নয়, আমার হইলে ঘরে ঢুকিত। তিনি বিনা বিষ্ণুপূজ্য জনগ্রহণ করিতেন না। পূর্ব্ব হইতে ইহাদের নবণ, রেশম ও স্তার কারবার ছিল। আমাদের কবি (গাঁচালীর একনিষ্ঠ সেবক বা প্রবর্ত্তক ) দাশু রায় মহাশয়ের মাতুলালয় পীলা গ্রামের দক্ষিণ প্রান্তে বে কুঠীর চিহ্ন পাওয়া যায়, তাহা ইহাদেরই। এই পাঁচ প্রকারেই ইহাদের ব্দবস্থা উন্নত। নফরচন্দ্রের পুত্র ডোমনচক্র। তিনি বেশভূষাপ্রিয় বাবু ছিলেন। তিনি অল্পবয়সেই উপরত হন তাঁহার একমাত্র পুত্র এই যোগেল্রচক্র। তিনি পৈতামহ গুণাবলীর সহিত সম্পত্তির উত্তরাধিকারী হইয়াছিলেন। বরং তাঁহার সদ্তণ বিশিষ্টরূপে বর্দ্ধিত হইয়াছিল। তিনি বিশেষ অধ্যবসায়ী পুরুষ ছিলেন। প্রথমে তিনি পাঠশালায় সামান্ত লেখাপড়া শিথিয়া অধ্যবসায়গুণে সংস্কৃত ভাষায় অনেকটা জ্ঞানলাভ বরিয়াছিলেন। গীতা ও ভাগবতে তাঁহার বেশ ব্যংপত্তি হইয়াছিল। দয়া ধর্ম মায়া মমতা তাঁহার অঙ্গের অলঙ্কার ছিল। তিনি কঠিনে কোমলে ছিলেন। যিনি কঠিন, তাঁহার কাছে তিনিও কঠিন। স্থায় ধর্ম সত্যের সঙ্গে সরল স্থন্দর ভাবে চলিতেন। পাডাগাঁয়ে তাঁহার বাড়ী। তাঁহার মড়াই-বাঁধা ধান আর পুকুরের মাছ পরের জন্মই ব্যয়িত হইত। তুই এক বংসরের অজনা হইলে স্বগ্রাম ও নিকটবর্ত্তী গ্রামের অভাবগ্রস্ত ব্যক্তিরা বলিত,—ভাবনা কি ?— र्यागीवावत शालाहे व्यामारनत । जा वाखिवक ; वाक घरत वज्र नाहे বলিয়া যে কোন লোক তাহার দ্বারে দাঁড়াইলে দে কথনই বিফল-মনোরথ হইয়া ফিরিত না। কোন ভদ্রলোককে থাবারের জন্ম টাকা বা ধান বাড়ী দিয়া কখন তাহার স্থদ গ্রহণ করিতেন না। মহালের वाकी थाजना--यक मिरानद वाकी পड़ा रंडेक ना. वाकारगद समध्यका একবারে ছিল না। কাহারও গৃহবিবাদ ঘটলে তিনি বিনা আহ্বানে যে কোন রূপে তাহা মিটাইয়া দিতেন। পক্ষ কিছু ত্যাগ করিলে

কার্যাটা মিটিয়া যায় অবচ পক্ষ সে ত্যাগ স্বীকার করিতেছে না,
তিনি নিজ হইতে প্রতিপক্ষের নামে অর্থ দিয়া তাহাকে ক্ষান্ত করিতেন,
বিবাদ মিটাইয়া দিয়া কতই আনন্দ অহতেব করিতেন! লোকের
কন্তাদায়ে, মাতৃ-পিতৃদায়ে, দীন ব্রাহ্মণসন্তানের উপনয়নে নানাপ্রকারে
য়থেই সাহায়্য করিতেন এবং স্বয়ং কার্য্য-ক্ষেত্রে উপস্থিত থাকিয়া
কার্য্য-সমাধান্তে বাটী আসিতেন। কর্ম্মকর্ত্তা মতই সামান্ত লোক
হউন, তাচ্ছিল্য জ্ঞান করিতেন না। এ অঞ্চলের ছোট বড় সকলের
জ্ঞান ছিল, যোগীবার অনেকের মা বাপ। তাঁহার একমাত্র পুত্র
নীলমণিতেও পৈতৃক গুণাবলী সঞ্চারিত হইয়াছে।

## শ্রীযুক্ত গোলোকবিহারী রায়।

ইনি রাড়ী শ্রেণী কাশ্রপ গোত্রের সিদ্ধ শ্রোত্রিয় ব্রাহ্মণ। কাটোয়া থানার অধীন শিলাগ্রামে ইহার বাস। পূর্ব্ধে ইহার পিতামহ জগবফ্ রায় ছোট কূলগাছি গ্রাম হইতে সপরিবারে আসিয়া শিলাগ্রামে বাস করিয়াছিলেন। তাঁহার এখানে আগমন সম্বন্ধে জনপ্রবাদ আছে যে, জগবন্ধ কোন মোকদ্মায় একবার মিথ্যা সাক্ষ্য দিতে উপক্রদ্ধ হন; কিন্তু তাহাতে তিনি নিতান্ত নারাজ ছিলেন। তিনি আমোদচ্ছলেও কখন মিথ্যা বলেন নাই; মিথ্যাকে বিষবৎ জ্ঞান করিত্রেন। যথন দেখিলেন, মিথ্যা না বলিলে বড় লোকের বিষ-নয়নে পড়িয়া জলিতে পুড়িতে হইবে, হয়ত মরিতেই হইবে, নিস্তার কিছুতেই নাই, তখন তিনি 'ত্যজেদেকং কুলস্তার্থে গ্রামস্তার্থে কুলং ত্যজেৎ'—এই চাণক্যনীতির অনুসরণ করিয়া গ্রামের জন্ম কুলত্যাগ না করিয়া কুলের কারণ গ্রাম ত্যাগপূর্ব্বক সত্যরক্ষা করিলেন।—শিলাগ্রামে আসিয়া বাস করিত্রে লাগিলেন।

এ স্থানটা কৃষিপ্রধান। তিনি এখানে লোকের নিকট সাথ বিঘা জমী কোফা প্রে লইরা চাষ আরম্ভ করিলেন। ক্রমে চাষে বেশ অর্থাগম হইতে লাগিল। হাতেও কিছু নগদ টাকা সঞ্চিত ছিল। সে সময়ে এলিয়াদ্ আগাওয়াঞ্জন সাহেব শিলাগ্রামের (সাত সেকা শরগণার) জমিদার। তিনি উক্ত গ্রাম পত্তনি দিবার ঘোষণা দিলেন এই অঞ্চলের অনেক ধনী উক্ত গ্রাম পত্তনি পাইবার চেষ্টা করিলেন কিন্তু কেহই ক্বতকার্য্য হইতে পারিলেন না। জগবন্ধ যেন সত্যরক্ষার প্রকারস্বরূপ সেই জগবন্ধর ক্লায় অতি সহজে স্থবিধায় গ্রামথানি পত্তনি পাইলেন। তিনি কথন ব্রাহ্মণের বাকী খাজনায় স্থদখরচা



শ্রীযুক্ত গোলকবিহারী রায়

লইতেন না। উক্ত শিলাগ্রামের দক্ষিণে খড়ী নামী নদী প্রবাহিতা। উহার এক বৃহৎ বিল। বর্ষায় বস্তার জলে যখন সমস্ত বিলটা জলপ্লাবিত হয়, তখন এক ভীষণ দৃশু। বস্তার জলে নিকটের আনক ভূমি জলপ্লাবিত হয়। তৈয়ারী ফদল নষ্ট হইত। কখন কখন মোটেই আবাদ হইতে পারিত না। প্রজারা অসমর্থতাবশতঃ বিষম ক্ষতি সহু করিয়া আসিত। উক্ত রায় মহাশয় নিজ ব্যয়ে ভেরীর বাঁধ নামে এক বৃহৎ বাঁধ বাঁধিয়া সেই সব স্থানকে প্রচুর শস্ত্রশালী করিয়া গিয়াছেন। বাঁধ বাঁধিতে জগবন্ধু কোন প্রজার কাছে কপর্দক খরচাও গ্রহণ করেন নাই। আজ পর্যান্ত সামান্ত হারে সে সব জমী প্রজারা ভোগ করিতেছেন।

জগবন্ধর পুত্র গিরিশচক্র। তৎ পুত্র অমুলাহরি, রাধিকা-প্রসাদ ও গোলোকবিহারী। অমূল্যহিরি এক পুত্র রাথিয়া অকালে লোকাস্তর গমন করেন। পুত্রের নাম নারায়ণচক্র। রাধিকাপ্রসাদ অপুত্রক উপরত হন। সর্কাকনিষ্ঠ গোলোকবিহারী পৈতামহ গুণাবলীর সহিত ভ্রাতৃপুত্র নারায়ণচক্র সহ সম্পত্তির উত্তরাধিকারী হইয়াছেন।

## শ্রীযুক্ত পরমস্থখ হাজরা ;

বর্দ্ধমান জেলার কাটোয়া থানার অন্তর্গত কুড়িচি নামক এক কুজ পদ্লীতে ইহার বাস। ইনি উপবীতধারী টুগুক্ষজিয়। ইহাদের অশৌচকাল বাদশ দিবস। ইহাদের পূর্ববংশীয়গণ 'বর্ষণ' অভিথ্যাধারী ক্ষজিয়। ইহারা কিন্তু এখানে আসিয়া 'উগ্রক্ষজিয়' আখ্যায় আখ্যাত হইয়াছেন। কার্য্যকলাপে কিন্তু বর্মণ 'বর্মাণী' লিখিয়া বা বলিয়া থাকেন। উপবীত-গ্রহণের হুজুগে ইহাদের উপবীত-গ্রহণ নহে, বহু পূর্ব হইতে ইহাদের উপবীত গ্রহণ আছে। তবে মালার আকারেই সর্ব্বদা সকলে উপবীত ধারণ করেন, ক্রিয়া-কাণ্ডের সময় দক্ষিণাবর্ত্তে ধৃত হয়।

ইহাদের কুলদেবতা সিংহবাহিনী ও শ্রীধর। বে উর্জ্বতন পুরুষ
পূর্বনিবাস পরিত্যাগ করিয়া এথানে আগমন করিয়াছেন, তাঁহার নাম
কাহারও স্থতিপট হইতে মুছিয়া যায় নাই।—তিনি হুর্গাচরণ। তাঁহার
হুই পুত্র। প্রথম বিশ্বনাথ, দিতীয় ভোলানাথ। ইহারা হুইজনে হুইটী
শিবমন্দির নির্মাণ ও প্রতিষ্ঠা করিয়া স্থতি রাখিয়া গিয়াছেন। বিশ্বনাথ
ও ভোলানাথের পর কয়েক পুরুষের নাম পাওয়া যায় নাই। পরের
নিম্নের তালিকা প্রকাশিত হইল। জনপ্রবাদ আছে, ভাগবতের
দহিত উক্ত দেবতার কথোপকথন হইত।


পরমন্থ সন ১২৯০ সালের ২৩শে অগ্রহায়ণ জন্মগ্রহণ করেন। ইনি এক জন ধনার পুল, ধার্মিক মহাজন।



শ্রীযুক্ত পরমম্বক হাজরা।

### কুড়চির হাজরা-বংশ

### হর্গাচরণ



## শ্রীযুক্ত চক্রভূষণ শর্মা মণ্ডল।

বর্দ্ধমান জেলার কাটোয়া থানার অন্তর্গত রোগুা প্রামে দন ১২৭০ সালের অগ্রহায়ণ মাসে ইনি জন্মগ্রহণ করেন। ইনি সিদ্ধ শ্রোত্রির রাটীশ্রেণী ব্রাহ্মণ। নবাবের আমল হইতে ইহারা মণ্ডলোপাধিক তবে কাহার সময় হইতে এ উপাধি আসিল, পূর্ব্বোপাধি পরিত্যক্ত হইতে লাগিল, তাহা অবধারণ করা অসম্ভব। মণ্ডল উপাধি অহিন্দুর আছে, হিন্দুর মধ্যে অনেক জাতির আছে। এই শক্ষী যে সম্মানস্চক ও গৌরবায়ক তাহাতে সন্দেহ নাই। ইহা নবাবের আমল হইতে প্রচলিত, এই কথা লোকে ধারণা ও বিশ্বাসবশে বলিয়া থাকেন, কিন্তু শক্ষী সংস্কৃতমূলক মন্ত্বধাতু হইতে উৎপন্ন। আরবী বা পারশী বলিয়া ধিক কাহারও জানা থাকে, তবে তাহা বিস্তৃত জানাইতে তাঁহাকে উপরোধ করি।

'চতুর্যোজন পর্য্যস্তমধিকার নৃপস্থ চ যো রাজা বহুত গুণঃ স এব মণ্ডালেশ্বরঃ।'

ষ্মতএব দেখা যায়, অধিকার বা কর্ত্ব-করণেই উক্ত মণ্ডল উপাধি তখনকার লোকে প্রাপ্ত হইতেন। এখনও প্রবাদ আছে—গ্রামশু মণ্ডলো রাজা। 'গাঁয়ে মানে না আপনি মোড়ল' ইত্যাদি।

কান্যকুজাগত পঞ্চ ব্রাহ্মণের মধ্যে বাংস্ত গোত্রীয় ছান্দড়ের এগারটা পুত্র। তন্মধ্যে দ্বিতীয় পুত্র কবি (ধীত) র সিমলাল গ্রাম। স্বতএব সিমলাল ইহাদের মূল উপাধি।

গাই অমুসারেই উপাধির প্রচলন, যথা—
'বন্দাঘাট গ্রামী' হইতে বন্দ্যোপাধ্যায়; চট্টগ্রামী হইতে চট্টোপাধ্যায়;
গাঙ্গুলিগ্রামী হইতে গাঙ্গুলি বা গঙ্গোপাধ্যায়; 'মুখুটীগ্রামী' হইতে

মুখোপাধায়; 'ভট্টগ্রামী' হইতে ভট্টাচার্যা; বটব্যালগ্রামী হইতে বটব্যাল; কাঞ্জারিগ্রামী হইতে কাঞ্জিলাল; বাপুলীগ্রামী হইতে বাপুলি; পর্কটীগ্রামী হইতে পাকড়াশী ইত্যাদি।

চক্রত্বণের ঘরের প্রাচীন কাগজপত্র দেথিয়া জানা যায়, লর্ড বেন্টিক্ষের সময় ইহাদের অবস্থা উরত ছিল; ক্রমশঃ হীন হইয়া দাড়ায়। তৎপরে ইহার পিতামহ গদাধর মুরশিদাবাদ সহরে মতের কারবার করিয়া অবস্থার অনেক উরতিসাধন করেন। বর্জমান রাজসরকার হইতে নিজ গ্রামখানি পত্তনি লয়েন এবং চারিদিকে সম্পত্তি থরিদ করিয়া 'কর্তা' উপাধি লাভ করেন। গদাধর মণ্ডল এ প্রদেশে একজন প্রাতঃম্মরণীয় লোক ছিলেন। তাঁহার দানক্রিয়া ছিল, আর তিনি অতিথি অভ্যাগতকে গুরুতুল্যজ্ঞানে সেবা করিতেন। তাহারা ছুই পাঁচদিন গ্রহে অবস্থিতি করিলেও সমভাবে তাঁহাদের তুষ্টিসাধন

চল্রভ্যণ কবি। ইহাকে বাবু বলিয়া সম্বোধন করিলে অসন্তই হন। ইনি বাবু শব্দের এইরূপ ব্যাখ্যা করেন যে, বিবিধ প্রকারে যাহার বাব্ ( আয় ও বায় ) আছে, তিনিই বাবু; কিয়া বা (চমৎকার) বু খোসবু—সদ্গন্ধ আছে, অর্থাৎ যাহার নানা কার্য্যে যশোখ্যাতি আছে, তিনিই বাবু,। আমার সে সব কিছুই নাই, কেবল একখানা ফর্সা কাপড় আর পিরিহান পরিয়া মিথ্যা বাবু সাজিতে লজ্জা বোধ হয়।

ইনি অনেকগুলি কুদ্র কুদ্র গ্রন্থ লিথিয়াছেন। তন্মধ্যে 'প্রবাদ পদ্ম' নামক চারিখণ্ড গ্রন্থ লিথিয়া ভাষার একটা ভঙ্গ অঙ্গতে সন্ধিত করিয়াছেন। তৎসঙ্গে স্থনীতির প্রচারে স্থখদায়ক হইয়াছে বলিতে হইবে। প্রুকের একটু পরিচয় দিতে বড়ই বাসনা হইল। ইহা বঙ্গভাষায় প্রচলিত নৈতিক প্রবাদের গল্প বই। একটী প্রবাদ যথা— 'ষর স্কানে রাবণ নষ্ট'। ইহার গ্রশেষ করিয়া পূর্ণ প্রবাদটী লি থিও হইল।—

'ঘর সন্ধানে রাবণ নই,
অত্যের ত আছেই কই।
পাওয়া যায় দেখ তে পই,
এতে ভগু পর পুই।
ভাতেই বলি ওহে ভ্রান্ত,
বাদী বিবাদী হও ক্ষান্ত।
নইলে হবে সর্বস্বান্ত,
ভুভ হবে হলে শান্ত।

একটা প্রবাদ,—

'তোর পায়ে পড়ি না
তোর কাজের পায় পড়ি।"
ইহার গল্লটী শেষ করিয়া পূর্ণ প্রবাদটী লিখিত হইল, যথা—
সময় ফেরে পড়েছিলাম
শক্রর হাতে মর্ডে;
তাই ত আমি গিয়েছিলাম
তোমার পায়ে ধর্তে।
তা' না হলে ওরে অবোধ
তোর পায়ে কি ধরি?
তোর পায়ে পড়ি না, তোর
কাজের পায় পড়ি।


এমত অনেক দিতে ইচ্ছা হয়, কিন্তু বাছলাভয়ে ক্ষান্ত হইলাম।

চন্দ্রভূষণ নিজ বাসস্থান রোগুা গ্রামের উৎপত্তি ও ব্যুৎপত্তি সম্বন্ধে যাহা বলেন, তাহাও লিখিত হইল। ইহা ইতিহাসের একটা ভাল



শ্রীযুক্ত চক্রভূষণ শর্মামণ্ডল

অঙ্গ। ইহাদের বাস ছিল নিকটবর্ত্তী শিলা গ্রামে। সেখানে ইহাদের অনেকগুলি জ্ঞাতির বাস। বলা বাহুল্য, তাঁহাদেরও 'মণ্ডল' উপাধি। ইহার পূর্বপূক্ষ (তাঁহার নাম জানা যায় না) তথা হইতে এইস্থানে আদিয়া বাস করেন। এখানে কুদ্র কুদ্র বন ছিল, সেই বন কাটিয়া হা৫ ঘর সঙ্গে বাস করিতে থাকেন। তখন চারিদিকে বন ছিল! তাহাতে যেন স্থানটা রোঁদ (বেড়া) দেওয়া মত হইল। এজন্ত লোকে ঐ স্থানে রোঁদ্ দেওয়া বলিত। ক্রমশঃ ইহার অপত্রংশ 'রোগুণ' নাম দাড়াইয়াছে। গ্রামথানির আয়তন এখনও কুদ্র। ইহার পূর্বেক্ আরও কুদ্র ছিল। লতা-পাতা-বেষ্টিত কুদ্র কুঞ্জে ভাগবত পাঠ হইত। সে স্থানে কতই লোকের সমাগম হয় ? যতই হউক, তাহার কুদ্র ঘুচে না। গবর্ণমেন্টের স্বডিবিসন ম্যাণে এই রোগু। রোঁদ্ দেওয়া।র নাম সেই হিসাবে বৃথি 'ভাগবতপুর' রাখা হইয়াছে।



## वीवां है व हक्त-वः म।

### স্বর্গীয় হরিহর চন্দ্র

বংশ-গরিমায়, ধনে, মানে, সদমুষ্ঠানে শ্রীবাটীর চক্রবংশ বঙ্গদেশে, স্থবিখ্যাত। এরূপ বনিয়াদি ও সদাচারী বংশ গন্ধবণিক জাতির মধ্যে বিরল। ইতিহাস-প্রসিদ্ধ সপ্তগ্রাম এই বংশের আদি বাসস্থান। মহারাষ্ট্র-বিপ্লবের সময় যথন সপ্তগ্রাম আক্রাস্ত হয়, তথন এই শাণ্ডিলা গোত্রীয় চক্রবংশের কোন মহাপুরুষ কুলদেবতা শ্রীশ্রীরঘুনাথজীউ ঠাকুর সঙ্গে করিয়া বর্জমান জেলার কৈথনগ্রাদে বসবাস করেন। তথার মুসলমান অত্যাচারে উৎপীড়িত হইয়া স্বর্গীয় শোভারাম চক্র ১১৬০ বঙ্গান্দে কুলদেবতা ও পুরোহিত-সমভিব্যাহারে কাটোয়া থানার শ্রীবাটী গ্রামে উঠিয়া আসিতে বাধ্য হন। লবণ-ব্যবসায়ে ইহারা বড়লোক। উক্ত ব্যবসায় ইহাদের একচেটিয়া ছিল।

বাহিরে সারি সারি উন্নত অট্টালিকার সৌন্দর্য্য, ভিতরে তাহার কারুকার্য্য, স্থাঠিত মন্দিরসমূহের ও পূজার দালানের শিল্পচাতৃর্য্য, চতুম্পার্থের সমূরত তালর্ক্ষশ্রেণী ও বাধান ঘাট-সমন্বিত স্বচ্ছ সরোবর-গুলি দেখিলে এই স্থানকে বাস্তবিক 'ঐ'র বাটা বলিয়া বৃথিতে হয়। এই বংশের মহাত্মারা জলকষ্ট-নিবারণ-কারণ বিভিন্ন গ্রামে ও জমিদারীর মধ্যে ন্যাধিক ২০০ তুই শত পৃষ্করিণী খনন করিয়া গিয়াছেন। ইহাদের কীর্ত্তিকলাপ, নৈতিক শিক্ষা, দয়া-দাক্ষিণ্যাদি গুণনিচয়ের কথা, বিত্যোৎসাহিতা, বদান্ততা, কারবারের বিস্তৃতি, বৈশিষ্ট্য প্রভৃতির কথা, তুলট করিয়া সমস্ত রাহ্মণ স্থাৎকরণ স্থা-রোপ্যরথের ধূমধান, প্রভৃতির কথা লিপিবদ্ধ করিলে একথানি বৃহৎ গ্রন্থ হইয়া পড়ে। কারালী বিদায়ের সময় মোটা টাকার মূল তহবিল কোন উচ্চ কর্মচারী

অপলাপ করিলে, এই বংশের মহাপুরুষ রুক্সিণীবল্পভ বলিয়াছিলেন—

যাউক্ সে না হয় বড় কাঙ্গালীতেই লইয়াছে। ইহা কম তিতিক্ষার

কথা নহে। এই বংশের অনেক রমণী সতীদাহে গিয়াছেন। তাঁহাদের

ত্রাচলা (বস্থপত্ত) আজ পর্যান্ত ইহাদের ঘরে সঞ্চিত আছে।

বংশসত সদাচার, সদ্ব্যবহার, সল্লিষ্ঠা, দয়া-দাক্ষিণ্য, পরোপকার-প্রবৃত্তি লইয়া স্বর্গীয় হরিহর চক্র ১২৬৮ বঙ্গান্দে জন্মগ্রহণ করেন ও ৬৫ বৎসর বয়সের সময় সন ১৩৩৩ সালের মাঘ মাসে সজ্ঞানে ইষ্ট চিন্তা করিতে করিতে গুলাগর্ভে স্বর্গগমন করেন। তাঁহার পিতার নাম কৈলাশনাথ চক্র। তিনি অতি বলবান ও তেজস্বী পুরুষ ছিলেন। হরিহরের তিন বৎসর বয়:ক্রমকালে কৈলাশনাথ চক্র স্বর্গত হয়েন; হরিহর চক্রের ছই পুত্র ও পাঁচ ক্তা। জ্যেষ্ঠ পুত্র ধনপতি চক্র বিষয়-কর্মে ব্যাপত; কনিষ্ঠ সচ্চিদানল বি-এ. পরীক্ষায় উত্তীর্ণ হইয়া এম-এ পড়িতেছেন। হরিহর চক্র অভিশয় স্থনী ও কান্তিমান পুরুষ ছিলেন। তিনি প্রথম বয়সে সংসার-বিরাগী ও জপতপ-নিরত ছিলেন। এই সময়ে তিনি ভারতের প্রায় সকল প্রধান প্রধান তীর্থ পর্যাটন করেন। পরে জার্চদের অনুশাসনে ও মাতার নির্বন্ধাতিশয়ে সংসারী হন। তিনি কীর্ণহার-নিবাসী ৺ক্লফবল্লভ রায়ের কক্সা শীতলাম্বন্দরীকে বিবাহ করেন। সন ১৩১৬ সালে তাঁহার পদ্মীবিয়োগ হরিহর চক্র অতিশয় মাতৃপিতৃভক্ত ছিলেন। মাতার আদেশ কখন লজ্মন করেন নাই; পিতৃ-চরণের বাধা প্রতিদিন পূজা করিয়া তবে জলগ্রহণ করিতেন। তিনি তীর্থভ্রমণের পর জানি না কিরূপে এক শক্তি অর্জন করিয়াছিলেন, পরের মুখ দেখিয়া তাঁহার চরিত্র ঠিক বলিয়া দিতেন। তিনি স্বজাতির উন্নতিকরে সন ১৩১৭ সালে মাননীয় বি কে পালের সহযোগে গন্ধৰণিক জাতিতে সংঘবদ্ধ করাইয়া বৈখাচার গ্রহণ করাইবার জন্ত বিশেষ চেষ্টা ও শথবায় করিয়াছেন। আজ সেই নীজ অঙ্কুরিত হইয়া 'গন্ধকবণিক মহাসন্মিলনী' নাম ধারণ পূর্ব্বক পরিপুষ্ট ও পরিবর্জিত হইতেছে। তিনি সঙ্গতীপ্রিয়, স্থরসিক ও স্কবি ছিলেন। তত্ব ও নীতিবিষয়ক বছ কবিতা লিথিয়াছেন। এখানে তাহার একটু নমুনা দিলাম—

#### প্রার্থনা।

দাও ভকতি দাও ভকতি
করি এই স্থতি মিনতি;
চাই না ধরম চাই না করম,
তাহে নাহি আসক্তি।
চাই না স্বরগ নানা উপভোগ
চাই না প্রভু বিভৃতি;
চাই না মান চাই না জ্ঞান
চাই না প্রভু মুকতি।
লভি দাস্যপদ সেবিতে ও পদ
পাই যেন শকতি:


চক্র-বংশের তালিকা পরপৃষ্ঠায় প্রদত্ত হইল।



স্বগীয হরিহর চন্দ্র

```
চন্দ্রবংশের তালিকা।
```

```
়ু ( উৰ্দ্বতন দাদশ পুরুষের নাম দেওয়া গেল )
                     ১। চূড়ামণি চন্দ্ৰ
                     २। क्रश्ठीं म हज्ज
                     0। कनार्ग हक्त
                      8। লোহারাম চক্র
                  ে। শোভারাম চক্র ( ত্রীবাটী আগমন করেন )
                      ७। भूनुकं हान हन
                           ভবানীচরণ চন্দ্র
                      (5587-5222)
৮ ! রাধাবল্লভ (১১৮০-৩৬) ক্রিণীবল্লভ (১১৮৩-৬১) সীতারাম
            ( ১২১০-৫৫ ) मीठाताम हक्त পत्नी जनमग्री
      ৯। (১২৩১-৭১) কৈলাসনাথ চক্র পত্নী ভবতারিণী
গঙ্গা ভোগবতী গোাবনস্থনরী পর্মস্থ আশুতোষ
                                                    পর্মেশ্বরী
                              ১০। (১২৮৬-৩৩) হরিহর চন্দ্র
```



## সৈয়দ মহম্মদ সয়াতুলা।

সৈয়দ মহম্মদ স্যাহলার পূর্বপুক্ষ পয়গম্বর ওরালিয়ার বংশধর।
তিনি বক্তিয়ার থিলিজির সহিত আসামে আগমন করেন। ইসলাম
ধর্মের গৌরব প্রচার করিবার উদ্দেশ্রেই তিনি আসামে আসেন। যথন
বক্তিয়ার থিলিজী তিবতে যান, তথন ইহার পূর্বপুক্ষ আসাম
রাজাদের রাজধানী রঙ্গপুরে অবস্থান করিতে থাকেন। রঙ্গপুর এখন
শিবসাগর নামে থাতে। প্রথমে আসামের হিন্দু ও আহোম রাজারা
তাহাকে বিশেষ নির্যাতন করিতেন; কিন্তু পরে তাঁহাকে আসামের
জঙ্গলে নিক্ষর ক্ষমি দেওয়া হয়। তদবধি ইহার পূর্বপুক্ষেরা আসামেই
অবস্থান করিয়া ইস্লাম ধর্ম প্রচার করিতে থাকেন। সৈয়দ মহম্মদ
সয়াহলার পিতার সময় পর্যান্ত এই বংশ শিশ্ববর্গের দানের উপর জীবিকা
নির্বাহ করিয়া আসিতেছিলেন।

সৈয়দ মহম্মদ সরাহল্লার পিতা মৌলবী সৈদে মহম্মদ তয়াব্লা আসাম উপত্যকার মধ্যে একজন প্রাচ্যভাষাবিদ্ বলিয়া পরিচিত ছিলেন। পাশী ও আরবী ভাষায় তিনি প্রগাঢ় পণ্ডিত ছিলেন। তাঁহাকে গোহাটি স্কুলের পাশী ও আরবী ভাষার শিক্ষক নিযুক্ত করা হইয়াছিল। প্রতি বৎসর তাঁহাকে আসাম উপত্যকার স্কুল-সমূহে ইস্লাম ভাষায় কিরপ শিক্ষাদান হইতেছে তাহা পরিদর্শন করিবার ও সে সম্বন্ধে রিপোর্ট দিবার ক্বয় তাঁহাকে নিযুক্ত করা হইত।

মৌলবী সৈয়দ মহম্মদ তয়াব্লার চারি পুত্র, তম্মধ্যে সৈয়দ মহম্মদ সয়াত্লা মধ্যম। আসাম উপত্যকার সৈয়দ বংশের মধ্যে সৈয়দ মহম্মদ সয়াত্লাই সর্বপ্রথমে ইংরাজী শিক্ষা করেন। ১৮৮৬ স্থাকে গৌহাটিতে ইহার জন্ম হয়। গৌহাটি হাই স্কুল হইতে প্রবেশিকা পরীক্ষা পাশ করিয়া ইনি পরে গৌহাটি ইণ্টারমিডিয়েট কলেজে অধ্যয়ন করেন। ১৯০৫ সালে কলিকাতা প্রেসিডেন্সী কলেজ হইতে বি এ ও ১৯০৬ সালে এম্-এ পরীক্ষায় উত্তীর্ণ হন। মসলমানদের মধ্যে ইনিই সর্ব্বপ্রথমে রসায়নশাস্ত্রে এম্-এ পাশ করেন। তৎপর বৎসর বিপণ কলেজ হইতে ইনি বি-এল পাশ করেন।

বি-এ পরীক্ষার ফল বাহির হইবার পূর্ব্বেই ইহাকে গৌহাটি কটন কলেজের অধ্যাপক-পদে প্রতিষ্ঠিত করা হয়। আসামীদের মধ্যে ইনিই সর্ব্বপ্রথমে এই পদ প্রাপ্ত হন। ১৯০৯ সালে ইনি অধ্যাপকতা পরিত্যাগ করিয়া গৌহাটিতে ওকালতী আরম্ভ করেন। ১৯১৯ সাল পর্যাপ্ত তিনি তথায় ওকালতী করিয়া ১৯২০ সালে কলিকাতা হাইকোর্টে ওকালতী আরম্ভ করেন। ১৯২৪ সাল পর্যাপ্ত ওকালতী করিবার পর আসাম গভর্গমেণ্ট তাঁহাকে মুম্পেফ-পদে নিযুক্ত করেন।

ইতিপূর্ব্বে একবার ইহাকে ডেপুটী ম্যাজিট্রেটী দেওয় হইয়াছিল এবং তাহা কলিকাতা গেজেটে ঘোষণাও করা হইয়াছিল; কিন্তু ইনি ভাহা প্রত্যাধ্যান করিয়াছিলেন।

বঙ্গ-বিভাগ হইতে একাল পর্যান্ত তিনি আসাম ব্যবস্থাপক সভায় আসামের মুসলমানদের প্রতিনিধি-স্বরূপ সভাপদে অধিষ্ঠিত ছিলেন। মি: মন্টেগু ভারতের রাজনৈতিক অবস্থা সম্বন্ধে তদস্ত করিতে আসিলে ইনি আসাম উপত্যকার মুসলমান প্রতিনিধিদের নেতারূপে তাঁহার সহিত সাক্ষাৎ করেন।

শাসন-সংস্কার প্রবর্ত্তিত হইবার পর ইনি আর নৃতন ব্যবস্থাপক সভার সভ্যপদপ্রার্থী হয়েন নাই। দিতীয় বার নির্বাচনের সময় ইনি কলিকাতায় অবস্থান করিতেছিলেন এবং আসামে উপস্থিত ছিলেন না; তাহা সত্ত্বেও ইনি আসাম শাসন-পরিবদের অস্থায়ী সদস্তকে পরাজিত করিয়া সভা নির্বাচিত হন।

মন্ত্রিপদে নিযুক্ত হইবার পর ইনি শিক্ষা, ক্বমি ও শিল্প এবং সমন্ত্র নমিত্রির উন্নতিকল্পে চেষ্টা করিতেছেন। সংস্কৃত ও মাদ্রাসা শিক্ষা-পদ্ধতির ইনি বিশেষ পক্ষপাতী। সেকেগুলিরী স্কুল সমূহের শিক্ষা-পদ্ধতির উৎকর্ষ-সাধনের জন্ম তিনি একটা কমিটি গঠন করিয়াছেন। আসাম প্রদেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা দিবার আইন পাশ করিবার জন্ম ইনি একটি আইনের খসড়া রচনা করিতেছেন।

# থাঁ বাহাত্র সৈয়দ আব্দুল লতিফ বি-এ, বি-এল্, এফ্-আর-ই-এদ্।

খাঁ বাহাত্র সৈয়দ আব্দুল লতিফ প্রসিদ্ধ সাধু প্রথম দৈয়দ সাহজা-লাল বোথারীর বংশধর। মোগলেরা চতুর্দশ শতান্দীতে বোথারা আক্রমণ ও লুর্গনাদি করিলে তিনি ভারতবর্ষে আগমন করেন। ই-আই রেলওয়ের পানাগড়ের নিকট কাঁকশায় তাঁহার বে সমাধি-মন্দির আছে তাহা আজিও শত শত ভক্ত মুদলমানের নিকট তীর্থস্থান বলিয়া পরিগণিত। রঙ্গপুর জেলার অন্ত:পাতী মাহিগঞ্জে উক্ত বংশের তৃতীয় শাহ জালাল বোখারীর যে সমাধি-মন্দির আছে তাহাও মুসলমান তীর্থযাত্রীদের নিকট পবিত্র স্থান বলিয়া পরিগণিত। আন্দুল লতিফের অন্ত এক পূর্বপুক্ষ মোলা দৈয়দ হাদী কয়েক থানি আরবী গ্রন্থের লেখক; স্মারবীয় দর্শন এবং ধর্মশাস্ত্রে তিনি এতদ্র প্রগাঢ় পণ্ডিত ছিলেন যে, ভারতের বহিভাগ [হইতেও বহু ছাত্র তাঁহার বক্তৃতা শুনিবার জন্ত বৰ্দ্ধমানে আসিতেন। এই বংশ বৰ্দ্ধমান জেলায় পাঠান ও মোগল সমাটদের নিকট হইতে অনেক ইনাম্ সম্পত্তি পাইয়াছিলেন। আকুল লতিফের পিতৃব্য পিতা মীরদাদ আলি বর্দ্ধমানের একজন ধনাঢ্য ভূস্বামী ছিলেন এবং শিক্ষিত লোকদের তিনি পৃষ্ঠপোষকতা করিতেন। তিনি বিখ্যাত পার্শী কবি শামস্দীনকে রাথিয়াছিলেন। আদৃল লতিফের পিতামহ দৈয়দ মহম্মদ মহসীন আরবী ও পাশী ভাষায় বিশেষ ব্যুৎপন্ন ছিলেন এবং ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর অধীনে তিনি কাজী ছিলেন। তাঁহার পিতামহের ভ্রাতা সৈয়দ আবুল হাসান উনবিংশ শতাকীর প্রারম্ভে কলিকাতায় ইউনানী চিকিৎসা করিয়া বিশেষ প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন। তিনি প্রথম জীবনে বর্দ্ধমানের মহারাজা প্রতাপ



খানবাহাত্ব সৈয়দ আবত্বল লতিফ

চাদের সহিত জন্দলে সন্ন্যাসীর মত জীবন যাপন করিমাছিলেন। আদ্বল লতিফের অতি বৃদ্ধ প্রমাতামহ সৈয়দ মেহদি হাসান তাঁহার কলিকাতান্থ বাটী কলিকাতা মাদ্রাসা প্রতিষ্ঠার জন্ম ওয়ারেণ হেষ্টিংসকে দান করিয়া বিখ্যাত হইয়াছিলেন। কলিকাতার মির্জ্জা মেহদি লেন ও মেহদি বাগ আজিও তাঁহার দানের কথা অরণ করাইয়া দিতেছে। আদ্বল লতিফের পিতৃব্য খা বাহাত্বর সৈয়দ আউলাদ হাসান প্রথমে ব্রিটিশ গবর্ণমেণ্টের অধীনে চাকুরীতে প্রবৃত্ত হন। তিনি ৩০ বৎসরের অধিক কাল রেজিষ্টারী বিভাগে কাজ করিয়াছিলেন এবং রেজিষ্ট্রেশন বিভাগের প্রথম ইনম্পেক্টররূপে অবসর গ্রহণ করেন। তিনি ঢাকা নগরীতে বাস করিতেছেন। তথায় হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদারের মধ্যে তিনি বিশেষ প্রতিপত্তি লাভ করিয়াছেন। বাঙ্গালার প্রথম গবর্ণর লর্ড কারমাইকেল তাঁহাকে "আধুনিক ঐতিহাসিক" (Modern historian) বলিয়া উল্লেখ করেন।

এই বংশের মধ্যে সরকারী চাকুরীতে প্রবেশ বিষয়ে আকৃল লতিফ দ্বিতীয় স্থান অধিকার করিয়াছেন। ১৮৮২ খৃষ্টান্দের ১১ই ফেব্রুয়ারী আকৃল লতিফ কলিকাতায় জন্মগ্রহণ করেন। তাঁহার শৈশব দশাতেই তাঁহার পিতা মাতার মৃত্যু হওয়ায় তাঁহার পিত্যু গাঁ বাহাত্বর সৈয়দ আউলাদ হাসান তাঁহাকে লালন পালন করেন। ঢাকা মাদ্রাসা ও ঢাকা গবর্ণমেণ্ট কলেজে তিনি শিক্ষা লাভ করেন। ফাসে তিনি সর্বাদাই প্রথম স্থান অধিকার করিতেন। তিনি প্রতি পরীক্ষায়ই বৃত্তি, পারিতোষিক ও পদক প্রস্কার পাইতেন। ১৮৯৯ খৃষ্টান্দে তিনি ঢাকা কলেজ হইতে ইংরাজী সাহিত্যু ও দর্শনে অনাস্না লইয়া বি-এ পাশ করেন। ১৯০২ সালে তিনি প্রথমে শিক্ষা বিভাগে প্রবেশ করেন। ১৯০৪ সালে তিনি বঙ্গীয় প্রাদেশিক সিভিল সার্ভিস পরীক্ষায় উত্তীর্ণ হন। তিনি নদীয়া, মুর্শিদাবাদ, বাথরগঞ্জ, ঢাকা,

খুলনা ও কলিকাতার আদালতে কাজ করিয়াছেন। একাদশ বংসরের অধিককাল তিনি বাধরগঞ্জে কাটাইয়াছিলেন; তথায় স্থবিচার ও স্থাসনের জন্ম এখনও তাঁহার নাম লোক-মুথে পরিকীর্তিত হইয়া থাকে। তথায় তিনি কয়েকটি স্কুল প্রতিষ্ঠা করিয়াছেন। তম্মইটি (১) লতিফ মিউনিসিপ্যাল সেমিনারী (পটুয়াখালির হাইস্কুল); (২) লতিফ মধ্য মাদ্রাসা; (৩) তুষখালীতে একটি জুনিয়ার স্কুলঃ বরিশাল ও পটুয়াখালীতে তিনি সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাদ্ধ প্রতিষ্ঠা করিয়াছিলেন। ১৯১৭ সালে তিনি পটুয়াখালীতে ভাকাতি বন্ধ করিয়া সরকারকে অশান্তির হাত হইতে রক্ষা করেন। গত জান্মান যুদ্ধের সময় তিনি সৈন্ত সরবরাহ করিয়া এবং সেই সঙ্গে দেশবাসীর বিশ্বাস অর্জন করায় গবর্ণমেন্ট তাঁহার প্রতি পরম সন্তুষ্ট হন। বাধরগঞ্জের জেলা-ম্যাজিষ্ট্রেট গবর্ণমেন্টের পক্ষ হইতে তাঁহাকে নিম্বলিখিত পত্রে ধন্থবাদ জ্ঞাপন করেন:—

"I am desired by the Chief Secretary to convey the thanks of Government for your loyal co-operation in making the present international situation clear to your co-religionists. I, as a representative of Government in Backergunge, am glad to think that I can rely upon your advice and assistance in all matters affecting the Mohamedan community."

অর্থাৎ বাথরগঞ্জে আমি গবর্ণমেণ্টের প্রক্তিনিধিস্করণ আছি বলিয়া বাঙ্গালা গবর্ণমেণ্টের চীফ সেক্রেটারী আপনাকে গবর্ণমেণ্টের আন্তরিক ধন্তবাদ জানাইবার জন্ত আদেশ করিয়াছেন। আপনি এই যুদ্ধের সময় আপনার স্বধর্মীদিগকে যে ভাবে গবর্ণমেণ্টের অন্তর্ক করিয়া রাথিয়াছেন, ভাহাতে আপনাকে ধন্তবাদ দেওয়া হইতেছে। মুসলমান সমাজের কোন সমস্থা উপস্থিত হইলে আমি আপনার পরামর্শ পাই, ইহা আমার পক্ষে অত্যন্ত আনন্দের বিষয়।

গত যুদ্ধের সময় তিনি যে স্থকার্য্য করিয়াছিলেন, তাহা ভারতের প্রধান সেনাপতি-প্রেরিত সংবাদে ১৯১৯ সালের ২৮শে জুলাই তারিথের লগুন গেজেটে প্রকাশিত বিবরণে স্বীকৃত হইয়াছে। ১৯১৭ সালে রাজনৈতিক মামলার আসামীদের বিচারার্থ যে বিশেষ আদালত (Special tribunal) গঠিত হইয়াছিল তিনি তাহার কমিশনার হইয়াছিলেন। ১৯১৮ সালে তিনি বাঙ্গালা গ্বর্ণমেণ্টের রাজস্ব বিভাগের আণ্ডার সেক্রেটারী ছিলেন। ১৯২১ সালে শাসন-সংস্কার প্রবর্ত্তিত হইলে তিনি বাঙ্গালা গ্রথমেণ্টের সহকারী সেক্রেটারী নিযুক্ত হন । অবকাশকালে তিনি সাহিত্যের অনুশীলন করিয়া থাকেন। ইংরাজী ইতিহাস, ভূতত্ত্ব, স্থাপত্যা, আইন ও শিক্ষা-বিষয়ক গ্রন্থাদি তিনি পাঠ করেন। তৎপ্রণীত "Influence of the French Revolution on English Poetry" পুস্তকখানি এরপ চিতাকর্ষক হইয়াছে যে, তাহা ইংলণ্ডের প্রধান প্রধান লেখকদের পর্য্যস্ত দৃষ্টি আকর্ষণ করিয়াছে। ১৯০৭-০৮ সালের মধ্যে তিনি শিক্ষাবিষয়ে অনেকগুলি প্রবন্ধ লিথিয়া-ছিলেন। সেগুলি শিক্ষা-বিভাগীয় লোকের নিকট অত্যন্ত সমাদৃত হইয়াছিল। তিনি বাধরগঞ্জের চক্রদ্বীপ রাজ্য সম্বন্ধে অনেক গবেষণা করিয়াছেন এবং সে সম্বন্ধে তিনি যে সকল প্রবন্ধ লিথিয়াছেন তাহা "Dacca Review"তে প্ৰকাশিত হইয়াছে। "Land Tenures in Bengal" ও "Elements of Mohamedan Law" নামক ছইথানি আইনের গ্রন্থ তিনি লিথিয়াছেন ৷ তিনি ১৯২৪ সালে ভারতের ধান ও চাউল রপ্তানী সম্বন্ধে "Economic Aspect of the Indian Rice Export Trade" নামক গবেষণাপূর্ণ একথানি পুস্তক লিখিয়া দেশের লোকের চকু খুলিয়া দিয়াছেন। ইহা বিলাতে সমাদৃত হইলে তিনি Royal Economic Societyর Fellow নিযুক্ত হন। তিনি বাঙ্গালার এসিয়াটিক্ সোসাইটীর একজন সদস্য। ১৯১১ সালে তিনি করোনেসন দরবার-পদক পুরস্কার পান। ১৯১৫ সালে তিনি "থাঁ সাহেব" ও ১৯১৮ সালে "ধাঁ বাহাছর" উপাধি পান। ১৯২৭ সালে পটুয়াখালিতে মসজিদের সমক্ষে বাজনা লইয়া হিন্দু মুসলমানে বিরোধ উপস্থিত হইলে গ্রন্মেণ্ট ইহাকে নিরপেক্ষ-জ্ঞানে পুনরায় পটুয়াখালীর মহকুমা-ম্যাজিট্রেট্ট করিয়া পাঠান।

# মাননীয় বিচারপতি রায় শ্রীযুক্ত স্বারকা নাথ চক্রবর্তী বাহাতুর, এম্-এ, বি-এল।

ময়মনসিংহ জিলার কিশোরগঞ্জ মহকুমার অন্তর্গত গাঙ্গাটীয়া গ্রামে স্থাসিদ্ধ প্রাচীন পবিত্র ব্রাহ্মণবংশে ১৭৭৭ শকের ২২শে পৌষ শ্রীযুক্ত দারকানাথ চক্রবর্ত্তী জন্মগ্রহণ করেন। গাঙ্গাটীয়ার চক্রবর্ত্তী বংশের আদিনিবাস ২৪ পরগণা জিলার নৈহাটীর নিকটবর্ত্তী ভট্টপল্লী বা ভাটপাড়ায় ছিল। তথা হইতে কালক্রমে তাঁহারা ঢাকা জিলার অন্তর্গত মহেশ্বরদি প্রগণার মধ্যে একস্থানে স্বীয় পূর্ব্বনিবাসের নামে ভাটাপাড়া গ্রাম স্থাপন করিয়া তথায় বস্তি করেন ৷ অভঃপর এই বংশের অন্ততম ক্তিপুরুষ রাদবেক্ত স্থায়শাস্ত্র অধ্যয়ন-মানসে উক্ত কিশোরগঞ্জ মহকুমার অন্তর্গত হরিশচক্রপটী-নিবাসী তৎকালীন বিখ্যাত নৈয়ায়িক জীবানন্দ ভট্টাচার্য্য পণ্ডিতের স্মাবাদে বিভার্থীরূপে আশ্রয় গ্রহণ করেন। তথায় পাঠ-সমাপনান্তে আচার্য্য জীবানন্দের কন্তা ৮ গঙ্গা-দেবীর পাণিগ্রহণপূর্বক বসতি করেন ও বংশ-পরম্পরায় অধ্যয়ন-অধ্যাপনাদি ব্রাহ্মণোচিত কার্যো নিরত থাকেন। অতঃপর সেই বংশের অন্ততম পুরুষ দারকানাথের প্রণিতামহ রামানন্দ চক্রবন্তী মহাশয় উক্ত হরিশ্চল্রপটীর পার্থবর্ত্তী গাঙ্গাটীয়া গ্রামে নিজ আবাস স্থাপন করেন। ৬ রামানন্দ চক্রবর্তী একজন শিবভক্ত পরম ধার্ম্মিক মহাপুরুষ ছিলেন। তিনি স্বগ্রামে ধর্মাদি চর্চ্চায় ও শিবের আরাধনায় জীবন অতিবাহিত করেন। 🗸 রামানন্দ চক্রবর্ত্তীর উপযুক্ত সন্তান 🗸 কালীকিশোর চক্রবর্ত্তী পিতার স্থায় অতিশয় ধর্মপরায়ণ চিলেন। এই বংশের মধ্যে তিনিই প্রথম ময়মনসিংহ সদরে ওকালতী কার্যো ব্রতী হন এবং কালক্রমে তত্রত্য ব্যবহারোপদীবিবর্গের মধ্যে শীর্ষ স্থান অধিকার করিয়া যথেষ্ট অর্থোপার্জন করেন। অর্থের মোহম্য মদিরায় কিছুমাত্র অভিভূত না হইয়া ধর্মপ্রাণ কালীকিশোর ধর্মজীবন-যাপন অভিপ্রায়ে যৌবনের অন্তে প্রোচ়ের প্রারস্তেই কর্মজীবন হইতে অবসর গ্রহণ করিয়া ঈশ্বর-পূজন-মানসে স্বগৃহে প্রত্যাগমন করেন। তিনি শ্রীশ্রজগন্মাতা দক্ষিণা কালিকা দেবীর একজন একনিষ্ঠ উপাসক ছিলেন। তথনকার দিনে যাতায়তের স্থবিধা না থাকায় তীর্থাদি দর্শনে যাত্রা করা একরূপ হঃসাধ্য ব্যাপার ছিল। অনেকে তীর্থাদি দর্শনে বাহির হইলে মহাযাত্রা করিয়া বাহির হইত, কারণ গৃহে প্রত্যা-গমনের আশা খুব অল্পই ছিল। ধর্মপ্রাণ কালীকিশোর আগ্নীয়-স্বজনের বহু বাধা বিপত্তি সংহও সংহলচ্যত না হইয়া স্বায় জননী সহ ৮কাশীধামে তীর্থযাত্রায় বহির্গত হন এবং তথা হইতে বিশ্বনাথের ক্বপায় গৃহে প্রত্যাগমন করিয়া ৮ শ্রীশ্রীজগন্মাতা দক্ষিণা কালিক। দেবীকে স্বীয় আরাধ্যা মাতা অরপূর্ণা দেবীর নামে স্বগৃহে প্রতিষ্ঠা-পূর্ব্বক তাঁহার আরাধনায় জীবন অতিবাহিত করিতে থাকেন। তাঁহার অপূর্ব্ব বিভৃত্তি-দর্শনে লোকে তাঁহাকে একজন সিদ্ধ মহাপুরুষ বলিয়া মনে করিত। তিনি জীবনের শেষ মুহূর্ত্ত পর্য্যস্ত সেবায় ও ধ্যানে তৎপর থাকিয়া ৫৩ বংসর বয়সে সাধনোচিত ধামে গমন করেন।

### পাঠ্যাবস্থা।

দারকানাথ তাঁহার জ্যেষ্ঠ পুত্র। দারকানাথ শৈশবে ময়মনসিংহ হাডিঞ্জ স্কুলে শিক্ষা প্রাপ্ত হন এবং উক্ত স্কুল হইতে শেষ পরীক্ষায় বৃত্তি লাভ পূর্বাক স্থানীয় জিলা স্কুলে প্রবেশ করেন।

ময়মনসিংহে শিক্ষা সমাপনপূর্বক দারকানাথ কলিকাতায় আসিয়া প্রেসিডেন্সী কলেজে প্রবেশ করেন। তথা ছইতে তিনি ক্রমান্ত্রে



রায় শ্রীয়ক্ত দারিকানাথ চক্রবর্ত্তি বাহাত্র।

এল-এ, বি-এ, ও এম-এ পরীক্ষা পাশ করেন। এন্ট্রান্স, এল-এ, ও বি-এ পরীক্ষার তিনি বৃত্তি পান। তিনি অতীব সম্মানের সহিত বি-এ পরীক্ষা পাশ করিয়া তদানীস্তন সর্বশ্রেষ্ঠ রায়ন স্কলারশিপ নামক বৃত্তি প্রাপ্ত হন। বিজ্ঞানে তিনি এম-এ পাশ করিয়া সর্ব্বোচ্চ স্থান অধিকার করেন। তদানীস্তন বঙ্গীয় শিক্ষা-বিভাগের কর্তা তাহার প্রতিভায় মৃগ্ধ হইয়া তাহাকে প্রেসিডেন্সী কলেজের শিক্ষকতা কার্য্যে নিযুক্ত করিতে চাহেন। কিন্তু ওকালতি কারতে রুতসঙ্কর হারকানাথ তাঁহার অনুরোধ প্রত্যাখ্যান করিতে বাধ্য হন।

### কর্ম্ম-জীবন।

তাঁহার অসামাভ ধীশক্তি ও প্রতিভা ছাত্রজীবনের ভায় তাঁহার কর্মজীবনকেও মহিমান্তিত করিয়াছিল, ব্যবসায়িক কর্ম্মে ঐক। স্তিক নিষ্ঠা, তৎসহ মধুর ও অমায়িক ব্যবহার তাঁহাকে কলিকাতার জন-সমাজের অঙ্গীরূপে পরিণত করিয়াছে। বাল্যকাল হইতেই তিনি বিছারুরাগী ও বিছোৎসাহী ছিলেন। দৈনন্দিন কর্মজীবনের অমূল্য অবসরটুকুও তিনি দেহ-ধর্ম রক্ষাথে ব্যয় না করিয়া বাণার সেবায় নিযুক্ত করিতেন। তাঁহার বুহৎ পুন্তকাগার অমূল্য পুন্তকরাজিতে শোভিত। দরিদ্র ছাত্রবুদের জন্ম তিনি নিজ বাটীতে একটা ছাত্রাবাস প্রতিষ্ঠা পূর্বক বহু দরিদ্র ছাত্রকে অন্ন ও বিখ্যাদানে কুতার্থ করেন। দ্বিদ্রন্ত্রনারায়ণ্দিগকে অন্ন দান কবিতেও তিনি মুক্তহন্ত। অতিথি-অভ্যাগত বা দরিদ্র ও নিঃস্ব কুধার্তেরা তাঁহার বাটীতে আসিলে কথন সম্ভুষ্ট না হইয়া প্রত্যাগমন করে নাই। সার্থক পিতা কালাকিশোর শ্রীশ্রীজগন্মাতা অন্নপূর্ণা দেবীকে প্রতিষ্ঠা করিয়াছিলেন। ঘরে গৃহিণী সাক্ষাৎ অন্নপূর্ণারপেই বিরাজমানা, অন্নদানে অন্নপূর্ণার ভাণ্ডার সর্বাদাই অবারিত।

১৮৯৮ খৃষ্টান্দে তিনি কলিকাতা বিশ্ববিত্যালয়ের সভ্য নির্বাচিত হন ও উক্ত পদে স্থায়ী সভ্যরূপে তিনি এখনও বর্ত্তমান। তদানীস্কন বঙ্গের ছোট লাট বাহাহর তাহাকে বঙ্গীয় রুষি-সভার অন্তত্তম সভ্যপদে মনোনীত করেন। তিনি ১৯০৬ খ্রীষ্টান্দে বঙ্গের "এসিয়াটিক দোসাইটী"র একজন সভ্যরূপে নির্বাচিত হন এবং ১৯০৭ খৃষ্টান্দে ইণ্ডিয়ান রিসার্চ্চ সোসাইটীর সভ্যরূপে পরিগণিত হন। পশ্চিম বঙ্গের প্রাদেশিক সম্মিলনীতে তিনি অভ্যর্থনা-সমিতির সভাপতিরূপে গৃহীত হন। তিনি ময়মনসংহ্বাসী সর্ব্বসাধারণের এত অধিক প্রীতি ও বিশ্বাসভাজন যে, তাঁহারা তাঁহাকে প্রাদেশিক সম্মিলনীতে সভাপতির পদে বরণ করিয়াছিলেন, কিন্তু রাজনীতি সম্বন্ধে অন্তান্ত সভাপতির পদে বরণ করিয়াছিলেন, কিন্তু রাজনীতি সম্বন্ধে অন্তান্ত সভাপতির বাধ্য হইয়াছিলেন।

তাঁহার অনন্সাধারণ গুণাবলীতে মুগ্ধ হইয়া গুণগ্রাহী মাননীয় বৃটিশ রাজ ১৯২৪ খৃষ্টাব্জের ৩১ মার্চ্চ তাঁহাকে কলিকাতা হাইকোর্টের বিচারাদনে প্রতিষ্ঠিত করেন। তিনি উক্তপদে নিযুক্ত হইয়া অতীব যশের সহিত কার্য্য পরিচালন করিতেছেন। বিচারকার্য্যে তাঁহার অনন্সসাধারণ প্রতিভা ও নীতিশাস্ত্রে তাঁহার প্রগাঢ় পাণ্ডিত্য রাজকীয় ও অ-রাজকীয় সর্ব্বসাধারণকে বিশ্বয়ে অভিভূত করিয়াছে। তাঁহার কার্য্যপ্রণালীতে সকলেই আপ্যায়িত ও মৃগ্ধ।

বিচারাসনে বাদী প্রতিবাদী কেহই অসম্ভষ্ট হইয়া প্রত্যাগমন করে না। সকলেই তাঁহার স্থবিচারের প্রশংসা করেন। বিচারকার্য্যে তাঁহার যশোরাশি ইতিমধ্যেই দিগস্তবিস্তৃত হইয়াছে। তিনি ৬৪ বংসর বয়ঃক্রমকালে হাইকোর্টের বিচারাসনে আরোহণ করিলেন। হাই-কোর্টের নিয়মানুসারে ৬০ বংসর বয়ঃক্রমের পর কেহ উক্ত আসন অলম্কত করিতে পারেন নাই। গুণগ্রাহী বৃটিশ রাজ তাঁহাকেই এই প্রথম অধিক বয়সে উক্ত পদে প্রতিষ্ঠিত করিয়াছেন।

### গাৰ্হস্থ্য জীবন

গার্হস্ত, জাবনে দারকানাথ একজন নৈষ্ঠিক ব্রাহ্মণ। সর্বাদা সমাজ-হিতে রত। রাজনীতি কখনও তাঁহার চিত্তাকর্ষণ করিতে সমর্থ হন নাই।

সমাজের বরেণ্য কতিপয় ব্রাহ্মণের দাহাষ্যে তিনি বঙ্গীয় ব্রাহ্মণ সমাজের প্রতিষ্ঠা করেন। দেশের কৃষিবল সংগঠনে ও অন্তান্ত দেশহিত্তকর কার্য্যেই তাঁহার সমধিক উৎসাহ ও আগ্রহ। তাঁহার পুত্রগণের নাম ১। শ্রীগোপালচন্দ্র চক্রবর্ত্তী B. A. B. L. Advocate, High Court. ২। শ্রীবিজয়ভূষণ চক্রবর্ত্তী B. A. ৩। শ্রীমান আশুতোষ চক্রবন্তী ৪। শ্রীমান্ ইন্ভূষণ চক্রবন্তী।

### সমাজ ও দেশহিতব্রতে দ্বারকানাথ

ধার্ম্মিকশ্রেষ্ঠ দারকানাথ পিতা কালীকিশোরের উপযুক্ত সন্তান, তিনি নিজব্যয়ে তাঁহার পৈত্রিক বসতবাটাতে স্বীয় পিতা ও পরমারাধ্যা জননী ৬ রাজরাজেশ্বরী দেবীর নামে এক দাতব্য চিকিৎসালয় প্রতিষ্ঠা করিয়া কোশ চতুষ্টয়-ব্যাপী সর্কাসাধারণের এক মহান অভাব দ্রীভূত করিয়াছেন।

প্রপিতামহ ৬ রামানন্দ চক্রবর্ত্তী মহাশরের নামে মহকুমায় একটা ইংরাজী হাই স্কুল প্রতিষ্ঠা করিয়া তত্রতা ছাত্রবুন্দের একটি মহান্ অভাব মোচন করিয়াছেন। ৬কাশীধামে লক্ষাধিক মুদ্রা ব্যয়ে ত্রিলোচন ঘাটের পার্শ্ববর্ত্তী গোলাঘাটের তীরে ''লারকাপুরী'' নামে এক বৃহৎ অট্টালিকা নির্মাণপূর্বক ''পূর্ণেশ্বর" "রামরাজেশ্বর" "লারকপ্রসন্নেশ্বর" নামক তিনটি শিবলিঙ্গ প্রতিষ্ঠা করিয়া ঐগুলির নিত্য পূজা ও অতিথিঅভ্যাগতের নিত্য-সেবার বিধান করিয়াছেন।

৺ কাশীধামস্থ ছঃস্থ ব্রাহ্মণসস্তানদিগকে বিনামূল্যে শাস্ত্রজ্ঞান বিতরণের জন্ম তিনি বাঙ্গালীটোলার "দারকা-চতুপাঠী" নামক একটী টোল স্থাপনপূর্ব্ধক একজন সর্কপ্তণায়িত নৈষ্ঠিক অধ্যাপককে অধ্যাপনা-কার্য্যে নিযুক্ত করিয়া "কীর্ত্তি যম্ম স্কীবৃত্তি" নামের সার্থকতা সম্পাদন করিয়াছেন।

দারকানাথ প্রকৃতই দানবীর। কর্মজীবনের প্রারম্ভ হইতেই তিনি দানে মুক্তহন্ত ছিলেন। কোনও সন্ন্যামী বা রাহ্মণ পণ্ডিত তাহার সহিত সাহ্মণ করিতে আসিলে তাঁহারা কেবল দানমাত্রেই আপ্যায়িত হইয়া যান না, পরস্ক তাঁহার সহিত তাঁহারা দীর্ঘকালব্যাপী শাস্ত্রীয় ও ধর্মবিষয়ক আলাপ-আলোচনায় অসীম আনন্দ অমুভব করিয়া থাকেন। শাস্ত্রাধ্যায়ী ব্রাহ্মণ পণ্ডিতদিগের সহিত শাস্ত্রচর্চা করিতে তিনি অতিশয় ভালবাসেন।

তাহাদের সহিত সম্বন্ধ রাখিবার মানসে তিনি পূর্ব্ধ ও পশ্চিম বঙ্গদেশস্থ যাবতীয় টোলের অধ্যাপক-মণ্ডলীর বাৎসরিক বৃত্তির ব্যবস্থা করিয়া দেন। দারকানাথের পাণ্ডিত্যে ও সৌজন্তে মুগ্ধ হইয়া নবদ্বীপাধিবাসী পণ্ডিত-মণ্ডলী তাঁহাকে তাঁহাদের সভাপতির পদে বরণ করিয়াছেন। দারকানাথ পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত হইয়াও তাঁহার কুলাচার কখনও ত্যাগ করেন নাই। ব্রাহ্মণ্য ধর্ম্মের নিয়মিত কর্ত্তব্যগুলি তিনি কখনও অবহেলা করেন না। সান্থিক ব্রাহ্মণের সমস্ত লক্ষণই তাঁহাতে বর্তুমান। কর্ম্মজীবনের উচ্চত্য আসনে অধিষ্ঠিত থাকিয়াও তিনি রজঃ বা তমঃ গুণের দ্বারা অধিক্ষত হন নাই। বৃহৎ সংসারের ঘাত-প্রতিঘাত তাঁহাকে কখনও বিচলিত করিতে পারে নাই। স্বথে তৃথে সম্পদে বিপদে তাঁহার সমভাব—

"আত্মৌপম্যেন সর্বভৃতেষু মোহপশ্যতি অর্জ্জ্নঃ। স্বথং বা যদি বা হৃঃথং স যোগী পরসংমত॥"—গীতা।



স্বগীয় নিমাইচরণ বস্থ

## স্বৰ্গীয় নিমাইচন্দ্ৰ বস্থ

এই বস্তবংশের আদিনিবাস পানিহাটী ২৪ পরগণা। সেথায় বার মাদে তের পার্বাণ, ক্রিয়া-কলাপ সকলই মহাসমারোহের সহিত সম্পন্ন চইত। ব্যারাকপুর ট্রান্থ রোড হইতে গঙ্গাতীরস্থ তাঁহাদের বিশাল ভবনে যাইবার রাস্তা হলধর বস্তু রোড নামে প্রসিদ্ধ। হলধর বস্তু নিমাইচজ্রের জ্যেষ্ঠতাত্বয়ের কনিষ্ঠ।

নিমাইচক্রের পিতামহের নাম মদনমোহন বস্থ। মদনমোহন ব্যবসায়ী ছিলেন। মদনমোহনের প্রগণের নাম—পঞ্চানন, হলধর, নবীন, যাদব ও পূর্ণ। হলধর আমেরিকায় একটা কারবার খুলিয়াছিলেন।

নিমাইচক্রের পিতা নবীন ব্যবসায়ী ও মুৎস্কুদী ছিলেন। নবীনের প্তগণের নাম—নিমাই, উদয়, প্রতাপ, অতুল, অমর ও অবিনাশ।

নিমাই বস্থ ১৮৪৬ খৃঃ ২৮শে অক্টোবর জন্মগ্রহণ করেন। তিনি হিন্দু স্থলের ছাত্র; পানিহাটির বাটা হইতে নিমাইচক্র প্রতাহ হিন্দু সূলে যাতায়ত করিতেন। ১৮৬২ খৃঃ তিনি বৃত্তি লইয়া উক্ত স্থল হইতে এণ্ট্রাস্থাপরীক্ষায় উত্তীর্ণ হন। ১৮৬৮ খ্রীঃ তিনি প্রেসিডেন্সী কলেজ হইতে বি-এ পাশ করেন। পরে ঘোষ এণ্ড বস্থার নিকট আর্টিকেল ক্রাক হন এবং পাঁচ বৎসর পরে স্বায়ং সলিসিটর হন।

তিনি প্রতিদিন ঠিক বেলা ১০টার সময় আপনার আফিসে উপস্থিত ১ইতেন এবং চেম্বারের কার্য্য করিতেন; কোন দিনই তাঁহার জীবনে এই নিয়মের ব্যতিক্রম হয় নাই। সলিসিটার হিসাবে তাঁহার স্থ্যাতি ও প্রতিপত্তি অনন্যসাধারণ হইয়াছিল। কোন সমস্যা উপস্থিত হইলে বিচারপতিগণ প্রকাশ্য আদালতে তাঁহার মত গ্রহণ করিতেন। এক সময়ে তাঁহার পক্ষের কৌসলী উপস্থিত না হইতে পরোয় বিচারপতিগণ তাহাকে তাহার মকেলের পক্ষে সওয়াল জবাব করিতে অনুমতি দিয়াছিলেন। এটণিগিরি ব্যবসায় হইলেও নিরবচ্ছির ব্যবসায়-হিসাবেই তিনি এটণিগিরি করিতেন না; একার্য্যে তাঁহার বিশেষ শ্রদ্ধা ও অনুমাগ ছিল।

তিনি কিছুকাল কলিকাতা মিউনিসিপালিটির কমিশনার ছিলেন , কিন্তু তিনি বুঝিতে পারেন যে, যতদিন নাগরিকগণ নাগরিকের অধিকার ও স্বাধীনতা না পায় এবং নাগরিকের কর্ত্তব্য সম্বন্ধে সম্যুক জ্ঞানলাভ না করে, ততদিন তাঁহাদের প্রতিনিধিরূপে কার্য্য কর। বিভ্ন্থনামাত্র , এই বুঝিয়া তিনি কমিশনার-পদ পরিত্যাগ করেন এবং সাধ্যাক্তরপ জনসাধারণের হিতকর কার্য্যে মনোনিবেশ করেন।

প্রায় ২২ বংসর পূর্বে কলিকাতায় ভয়ানক প্রেগের প্রাত্তাব হয়, একথা অনেকেরই স্থৃতিপথে জাগক্ষক আছে। দলে দলে সহরবাসী প্রাণভয়ে সহর ত্যাগ করিয়া পলাইতে থাকে। রোগ অপেক্ষা Segregation Camp অধিক আতহ্বের সৃষ্টি করিয়াছিল। এই আতহ্বের সময় নিমাইবাবু গভর্ণমেন্টের সহিত পরামশ করিয়া প্রেগাক্রান্ত রোগীদিগের জন্ত প্রত্যেক বাড়ীতে একটি করিয়া স্বতন্ত্র ঘর রাথিবার ব্যবস্থা করেন; তাহার ফলে যাহারা সহর ত্যাগ করিয়া গিয়াছিল তাহারা ফিরিয়া আদিতে সাহসী হয় এবং অনেকে ফিরিয়া আদে।

স্বাস্থ্য-বিভাগের কশ্মচারিগণের সহিত নিমাইবাবু প্রত্যেক প্রেগাক্রাস্ত বাড়ী পরীক্ষা করিরা রোগীর স্বতন্ত্র বাসের ব্যবস্থা করিতেন। এই কার্য্য বহুদিন যাবৎ তিনি অক্লাস্ত শ্রম স্বীকার করিয়া সম্পন্ন করেন। তাঁহার বয়সে অহোরাত্র এ প্রকার পরিশ্রম করা অল্প কর্মনিষ্ঠার পরিচায়ক নহে। কিন্তু ইহাতে তাঁহার স্বাস্থ্যহানি দ্টিয়াছিল।

তাঁহার বাটার পার্শ্বন্থ লেনটা তাঁহারই নাম বহন করিতেছে; এই লেনটা তাঁহারই প্রদত্ত জমির উপর দিয়াই গিয়াছে; তিনি যথন মিউ- নিসিপাল কমিশনার, সেই সময়ই এই জমি সাধারণের হিতার্থে তিনি মিউনিসিপালিটাকে দান করিয়াছিলেন।

লর্ভ রিপণকে বিদায়-অভিনন্দন প্রদান করিবার জন্ম মিঃ ডব্লিউ সি বনার্ক্তি ও আর ডি মেটা প্রভৃতিকে লইয়া যে কমিটি গঠিত হয়, নিমাই বাবু সেই কমিটীর অন্যতম সম্পাদক ছিলেন।

তিনি প্রভৃত অর্থ উপার্জন করিয়াছিলেন,কিস্কু অর্থের সন্থয় করিতে কোন দিন বিরত ছিলেন না। জীবনের পরিপূর্ণ আনন্দ উপভোগ ও আনন্দ বিতরণ তাঁহার জীবনের লক্ষ্য ছিল।

তাঁহার বাগমারির বাগান এক সময়ে কলিকাতার সম্রাপ্ত ব্যক্তিগণের মিলনক্ষেত্র ছিল। এই সন্দর স্থাজ্ঞিত উন্থান-বাটিকাতে প্রতি সপ্রাণ্টে বহু বন্ধ-বান্ধব, আত্মীয় স্বজনের সমাগম হইত এবং পরিপূণ্ আনন্দের প্রবাহ বহিয়া যাইত। পরে যখন তাঁহার পুত্রগণ বড় হইলেন নিমাইবাবু তখন বাগমারি ত্যাগ করিয়া দার্জিলিংএ ন্তন বাগমারি স্পষ্টি করিয়া প্রোচ ও বার্ধক্যের কাল তথায় অতিবাহিত করিতেন, দার্জিলিংরের বাগমারি তথাকার দ্রষ্টবা স্থানের অক্সতম, এমন স্থাজিত রমা হর্মা দার্জিলিঙ্গে নাই বলিলেও অত্যক্তি হয় না। এই স্থাল্ বিশাল গ্রের অধিকারী নিমাইবাবু দার্জিলিং-জীবনের একটি institution পরিণত হইয়াছিলেন। তাঁহার আতিথা মনোহর দার্জিলিংক আরও মনোহারী করিয়া রাথিয়াছিল। নিমাইবাবু ও দার্জিলিং ছইটা অভিন্ন—এই ভাব নিমাইবাবুর বহু বন্ধজনের কল্পনায় দৃঢ়বদ্ধ ছিল, এখন নিমাইবাবু নাই, তাঁহাদের সে দার্জিলিংও নাই, ইহাই মনে হইতেছে।

তাঁহার অতিথি-বাংসলা এক অপূর্ব পদার্থ ছিল। উচ্চ-নীচ-নির্ব্বেশেষে সকলেই, কুচবিহারের মহারাজা হইতে আরম্ভ করিয়া একজন সামান্ত অতিথি পর্য্যস্ত, তাঁহার বাগমারিতে যথোচিত সমাদর লাভ করিতেন তাঁহার বিশাল সহ্নদয়তার বেষ্টনের মধ্যে সকলকারই স্থান ছিল।

পরিচারক-পরিচারিকা পর্যন্ত কোন দিন তাঁহার মুখে রুঢ় কথা শুনে নাই। সমব্যবসায়ী জুনিয়রগণ তাঁহার নিকট সমধিক উৎসাহ ও সাহায্য লাভ করিত। এটণী স্বর্গীয় ভূপেন্দ্রনাথ বস্থ্য, মিঃ জে সি দত্ত প্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত তাঁহার আর্টিকেল ক্লার্ক ছিলেন। বিশ্ববিশ্রত বামী বিবেকানন্দ প্রথম জীবনে তাঁহার নিকট আর্টিকেল ক্লার্ক ছিলেন।

তাঁহার মত স্বজন-বংসলও এ যুগে বিরল। তিনি একটা বিরাট একারবর্ত্তী পরিবারের কর্তা ছিলেন। একশতাধিক আত্মীয়স্বজন লইয়া একই পরিবার মধ্যে স্থলীর্ঘ কাল শান্তিতে বাস করার দৃষ্টান্ত এই কলিকাতা সহরে নিমাইবাবুর বাটাতেই দেখা যাইত। আজও গাহার পরিবার মধ্যে এই একারবর্ত্তী পারিবারিক নিরম অব্যাহতভাবে চলিতেছে। তাঁহার প্রিবার মধ্যে এই প্রকারবর্ত্তী করিয়াছিলেন।

নিমাইবাবুর বিশাল পরিবারের পাকশালায় প্রতিদিন ছই মণ চাউল সিদ্ধ হইত এবং তাহার আত্মসঙ্গিক ব্যয় জিনি চিরদিন স্বথং বহন করিয়াছেন। কোন এক সময়ে তাহার বর্দ্ধমান পরিবারবর্গের পুরাতন বসতবাটীতে স্থান সংকুলান না হওয়ায় তিনি সঙ্গল্ল কর্নে, রাস্তার পরপারে একটা নৃতন বাটা নির্মাণ করিবেন; সঙ্গল্ল কার্য্যে পরিণতে করিতে তাঁহার অধিক সময় লাগিত না; জমী সংগ্রহ, উপকরণ সংগ্রহ সবই হইয়া গিয়াছে, এমন সময় তাঁহার এক ভাতা আসিয়া লালকে অন্ধরোধ করিলেন যে, তিনি বাড়ী ছাড়িয়া যেন না যান, ভ্রাত্বৎসল জ্যেষ্ঠ ভ্রাতা তৎক্ষণাৎ সঙ্গল্ল তাগ করিলেন। পুরাতন বাটীকে আরও বৃদ্ধিত করিলেন। তাহার ফলে এখনকার ২৮ নয়ান্টাল



🔊 যুক্ত অক্ষয়কুমার বস্তু।

দত্তের গলির বাটী চতুগুণি বড় হইয়াছে এবং প্রভৃত টাকা তাঁহার ব্যয় হইয়াছে।

কোন এক আত্মীয়ের বসবাসের জন্ত একটী বাটী ৬০০০ টাকা ধরচ করিয়া ক্রয় করিয়াছিলেন। আত্মীয় সপরিবার তথায় বাস করিতে লাগিলেন। কিছুকাল পরে উক্ত আত্মীয়ের মৃত্যু হইল; তাঁহার বংশধরগণ বাড়ীথানি তাঁহাদের নামে লিখিয়া দিতে অন্তরোধ করিলে বিনা বাক্যব্যয়ে নিমাইবাবু তাহাই করিলেন; বলিলেন, "উহাদেরই বাদের জন্ত বাড়ী কিনিয়াছিলাম, বাড়ীথানা উহাদেরই হউক।" এ সকল বিষয় অনন্তসাধারণ সভদয়তারই পরিচয়।

এত বড় মানুষ্টা এমন সরল, এত সহজে অধিগম্য, এমন প্রসন্
চিত্ত, এত সরল, যে তাঁচার সহিত একবার কথা কহিয়াছে সেই
বৃঝিতে পারিয়াছে। তার পর অগাধ অর্থের অধিকারীর নিকট এ
সরলতা ও প্রসন্নচিত্তা সহজে কেহ প্রত্যাশা করে না; স্কৃতরাং দূর
হইতে তাঁহার সম্বন্ধে যে কল্পনা লইয়া মানুষ তাঁহার সহিত সাক্ষাৎ
করিতে যাইত, তাঁহার সেই সরলতা ও সরসতা তাহাকে বিমুগ্ধ না
করিয়া পারিত না। নিমাইচরণের ন্তায় মাতৃভক্ত অতি অল্লই দেথা
যায়। তিনি হিন্দুস্মাজের সকল প্রচলিত রীতিনীতির প্রতি আস্থাবান্
ছিলেন না; কিন্তু এই মাতৃভক্তি প্রণোদিত হইয়া তিনি মাতৃশ্রাদ্ধ লক্ষ
টাকা ব্যয় করিয়া অতিশয় স্মারোহ-সহকারে সম্পন্ধ করিয়াছেন।

মহাসমারোহ সহকারে মাতৃশ্রাদ্ধ সম্পন্ন করাই তাঁহার মাতৃভত্তির পরিচয় নহে। প্রত্যহ কোট হইতে প্রত্যাবর্ত্তন করিয়া, সাদ্ধ্যভোজনের পূর্ব্বে তিনি মাতার সহিত পাক্ষাং করিতেন; শিশুর ন্তায় মাতৃক্রোড়ে মাথা রাখিয়া মাতার সহিত প্রতিদিনের ঘটনার আলোচনা করিতেন, সে চিত্র অতি সরল, স্থন্দর, হৃদয়গ্রাহী। ডিনার খাইয়া আর মাতার কক্ষে প্রবেশ করিতেন না, পাছে মাতার নিষ্ঠায় আঘাত লাগে। মাতা

যথন তাঁহার তৃতীয় পুত্রকে শ্বরণ করিয়া ক্রন্দন করিতেন, নিমাইবাবুর কর্ণগোচর হইবামাত্র তিনি যে অবস্থায় থাকিতেন সেই অবস্থায় আসিয়া মাতার শোকাঞ্জ মুছিয়া দিয়া সাস্থনা প্রদান করিতেন।

তিনি এক সময়ে একটি বড় মোকদমায় রেঙ্গুন গিয়াছিলেন এবং সেথান হইতে কতকগুলি বর্মা পনি কিনিয়া আনিয়াছিলেন। পৌছিবামাত্র মাতাকে দেখান হইল . যেটা মাতার পছন্দ হইল, সেটা মাতার গঙ্গামানে যাইবার গাড়ির জন্ত রাখিয়া দেওয়া হইল।

নিমাই বস্থ orthodox ছিলেন না। সাহেব ছিলেন বলিলে অত্যুক্তি হয় না। তাঁহার মত আহারে বিহারে সাহেবী বাঙ্গালী কেহ ছিল বলিয়া মনে হয় না। কিন্তু তিনি বাহ্নিক ব্যাপারেই সাহেবী ভাবাপর ছিলেন না, ষে সব গুণে সাহেব সাহেব, সে সকল সদ্গুণ তাঁহার চরিত্রে বর্তুমান ছিল। তাঁহার জীবনের motto ছিল Now or Never। Now or never এই কার্য্যতৎপরতা ও কর্ত্তব্যান্ত্রাগ তাঁহার জীবনের প্রত্যেক সামান্ত কার্য্যও কুটিয়া উঠিত। তিনি যেদিন যাহা করিব বলিয়া সঙ্কল্প করিয়াছেন, সময়, পরিশ্রম, হর্থব্যল্প কিছুতেই তাঁহাকে সে সঙ্কল্প হইতে বিরত করিতে পারে নাই। তথাক্থিত সাহেবী-য়ানার লক্ষণ স্থরা-সেবন কিন্তু তাঁহার সাহেবীয়ানায় স্থরার সান ছিল না, তিনি কথনও প্ররা স্পর্শ করেন নাই—তিনি ছিলেন teetotaller

১৯২৬ খঃ ১৫ই জুন তিনি পরলোক গমন করেন। তাঁহার মৃত্যুতে শোক প্রকাশ করিবার জন্ম হাইকোটের সমস্ত বিচারপতি সমবেত হন। ঐ সভায় প্রধান বিচারপতি বলেন—

Mr. Bose was undoubtedly a man of whom the profession was entitled to be proud. They naturally desire to express in public their sense of the loss which they



শ্রীযুক্ত বায় বিপিনবিহানী বস্থ বাহাত্ব

have sustained. In the case of Mr. Bose our feelings of regret cannot fail to be tempered by the knowledge that during his life he established for himself a reputation for ability and integrity in a profession in which he practised for 50 years, that he lived to a great age and that he was able to obtain from life, interests and pleasures in matters outside his profession in a manner and to an extent which do not ordinarily fall to the lot of men. In conclusion, my learned brothers and I join with you in your expression of regret and of sympathy with the members of Mr. Bose's family.

নিমাইবাবুর চারি পুত্র হইয়াছিল। জ্যেষ্ঠ শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র ও তৃতীয় রায় বাহাছর শ্রীয়ুক্ত বিপিনচন্দ্র বস্থ। মধ্যম বিজয় চন্দ্র ও কনিষ্ঠ হিজেক্রচন্দ্র গতাস্থ হইয়াছিলেন।

অক্ষয়বাবু কলিকাতা হাইকোটের একজন স্থপ্রসিদ্ধ এটবি; নিমাই বাব্র প্রতিষ্ঠিত অফিসের এখন তিনিই কর্ণধার। বিপিনবাবু জেনারেল পোষ্ট অফিসের প্রধান ধনাধ্যক্ষ। গভর্গমেণ্ট তাহার কার্য্যদক্ষতায় পারতুষ্ট হইয়া ১৯১৯ খৃঃ রায় সাহেব ও ১৯২৬ সালে রায় বাহাহর উপাধি প্রদান করিয়াছেন। অক্ষয়বাবুর প্রগণের নাম স্থার, শ্রীশ, স্থবোধ স্থাল ও সনং। বিপিনবাব্র হুই পুত্র—ভূপেনচক্র ও শিবচক্র।

## ডাঃ স্থনীলকুমার মুখোপাধ্যায়।

কলিকাতার স্থপ্রসিদ্ধ চক্ষুরোগের চিকিৎসক ডাঃ স্থনীলকুমার মুখোপাধ্যায়ের নিবাদ হুগলী জেলার অন্তর্গত তেলিনীপাড়া গ্রামে। তাঁহার পূর্ব্বপুরুষগণ জেলা নদীয়ার অন্তঃপাতী শান্তিপুর গ্রামে বাস করিতেন। তাহার পিতার বৃদ্ধ প্রপিতাম্য *ত*রামলোচন মুখোপাধ্যাধ তেলিনীপাড়ায় আসিয়া বাস করেন। তাহার পর হইতে ৬রামলোচনের বংশধরগণ উল্লিখিত তেলিনীপাড়ায় বাস করিয়া আসিতেছেন ইহাদের কুলজী এই প্রবন্ধের শেষে লিখিত হইল। ডাঃ মুখোপাধ্যায়ের পিতা হরিপদ মুখোপাধ্যায় অতি অন্ন বয়সেই পিতৃহীন হন। কোন আত্মীয়ের নিকট কোনরূপ সাহায্য না পাওয়ায় তিনি আপন যত্ন ও চেষ্টায় লেখাপড়া শিখিতে থাকেন। কিছুদিন পরে তাঁহার বিবাহ হয়। তাঁহার খণ্ডরমহাশয় বিভাশিক্ষার জন্ত তাঁহাকে কিছু কিছু সাহায্য করিতে থাকেন। গুভাগাক্ষে তাহার শ্বন্তরমহাশয় কয়েক বংসরের মধ্যেই মৃত্যুমুথে পতিত হন। তাহার মৃত্যুর কয়েক মাদ পূর্বে স্থশীলকুমারের জন্ম হয়। এই সমত্বে হরিপদ কলেজে অধ্যয়ন করিতেছিলেন, আর অধিক দূর পাঠ করা তাহার পক্ষে অসম্ভব হইয়া উঠে। তিনি গবর্ণমেন্ট বৃত্তি পাইতেছিলেন। এই বুত্তি না পাইলে তাঁহার পড়াশুনার এইখানেই পরিসমাপ্তি হইত তিনি এই বৃত্তি ও প্রাইভেট টিউসনির উপর নির্ভর করিয়া অতি কঔে লেখাপড়া ও সংসার চালাইতে লাগিলেন। এইরূপে তিনি বি-এল পরীক্ষায় উত্তীর্ণ হইয়া ওকালতী করিতে আরম্ভ করেন। তিনি হুগলীর দায়রা জজ ও সবজজ আদালতে ওকালতী করিতে থাকেন। সেই সময়ে স্বগ্রামে তাঁহার বিশেষ প্রতিপত্তি হইয়াছিল। তিনি স্থানীর

ভদেশর মিউনিসিপালিটার কমিশনার ও ভাইস্ চেয়ারম্যান, ডিদ্পেন-সারী কমিটার মেশর এবং তত্তত্য তেলিনীপাড়া ভদ্রেশ্বর নামক উচ্চ ইংরাজী বিছালয়ের কার্য্যকরী সমিতির সভ্য নিযুক্ত হন। হ্রিপদ বাবু এক্ষণে অবসর গ্রহণ করিয়া বাটাতে আসিয়া বসিয়াছেন।

স্থালকুমার বাল্যাবস্থায় গ্রাম্য পাঠশালায় বিজ্ঞা শিক্ষা করেন তিনি পরে স্থানীয় তেলিনীপাড়া উচ্চ ইংরাজী বিছালয়ে ভর্তি হন: তথা হইতে এন্ট্ৰান্স পরীক্ষায় ও হুগলী কলেজ হইতে এফ এ পরীক্ষায় উত্তীৰ্ণ হইষা কলিকাতা মেডিকেল কলেজে ভৰ্ত্তি হন। মেডিকেল কলেজে পাঠকালে তিনি গবর্ণমেণ্টের বৃত্তি এবং কোন বিষয়ে পার-দর্শিতার জন্ম অনার সার্টিফিকেট প্রাপ্ত হন। তন্মধ্যে একটা বিষয় বিশেষ উল্লেখযোগ্য । স্থশীলকুমার যথন মেডিকেল কলেজে পঞ্চম শ্রেণীতে পড়েন, সেই বংসর যেসকল ছাত্র অপথালমলজি ( Opthalmology and Opthalmic Surgery ) ও অপথালমিক অন্ত্রবিস্থার অনাস পরীক্ষা দেন, তাহাতে স্থশীলকুমার প্রথম হইয়া স্থবর্ণ পদক পারিতোষিক লাভ করেন। মেডিকেল কলেজ হইতে বাহির হইয়া স্থালকুমার প্রথমতঃ উক্ত কলেজের আউট-ডোর ডিদ্পেন্সারীতে হাউদ সার্জ্জনের কার্য্য করেন। এই পদে ছয়মাদ কার্য্য করিবার পর তিনি উক্ত কলেজের চক্ষবিভাগে জুনিয়র হাউদ্ সার্জন নযুক্ত হন। এই বিভাগেও ছয় মাস কার্যা করিবার পর মেও হাসপাতালে হাউদ সার্জ্জনের কার্য্য পান। এখানে কিছুদিন কাজ করিবার পর আবার তাঁহাকে মেডিকেল কলেজের চক্ষু বিভাগে হাউদ সার্জ্জনের পদে নিযুক্ত করা হয়। কলেজের নিয়মানুসারে এই পদের স্থিতিকাল এক বৎসর মাত্র। এই এক বংসরকাল শেষ হইলে তিনি আর চাকুরীর ছন্ত ८५ ना कदिश श्राधीनजाद कनिकाजाय हक्सदाराज हिकिएन। করিতে আরম্ভ করেন। এই সময়ে কলিকাতার নবনির্শ্বিত কার- মাইকেল মেডিকেল কলেজে চক্ষুর অস্ত্রচিকিৎসক প্রয়োজন হওয়ায় তাহাকে উক্ত পদে নিযুক্ত করা হয়, আজিও তিনি এই পদে অধিষ্ঠিত আছেন।

এই সময়ে বিলাত যাইয়া চক্ষুরোগ সম্বন্ধে বিশেষজ্ঞ হইবার জন্ম তাঁহার মনে প্রবল বাসনার সঞ্চার হয়। তদমুসারে তিনি ১৯১৯ সালের ২৪শে ডিসেম্বর বিলাত যাত্রা করেন। ১৯২০ সালের জামুয়ারী মাসের মন্যভাগে তথায় পৌছিয়া এডিনবার্গ সহরে যান এবং পরবর্ত্তী মার্চ্চ মাসে "এল আর সি এদ্" পরীক্ষায় উত্তীর্ণ হন। তদনস্তর এডিনবার্গ হইতে লণ্ডনে আসেন। এখানে আসিয়া তথাকার সর্বভ্রেষ্ঠ চক্ষুরোগ চিকিৎসার হাসপাতালে ( Moor Field Eye Hospital ) প্রবিষ্ট হুইয়া কার্য্য শিখিতে থাকেন। এই সময়ে হাসপাতালের কার্য্য শেষ ক্রিয়া প্রত্যুহই ট্রেণে অক্সফোডে গিয়া অক্সফোড ইউনিভাগিটীর ডি ও ক্রাসের লেক্চার শুনিতে থাকেন। ১৯২০ সালের জুলাই মাদে ডাঃ মুখোপাধ্যায় ডি ও পরীক্ষায় সর্বাপ্রথম স্থান অধিকার করেন। ডি ও পরীক্ষা য্ক্ত রাজ্যের চক্ষুরোগ-চিকিৎসার সর্ব্বপ্রধান পরীক্ষা। ঠিক ঐ সময়ে লণ্ডনের রয়াল কলেজ অব ফিজিসিয়ান্দ্ ও সাজ্জন্সে চক্ষুরোগ সম্বন্ধে ডি ও এম্ এম্ নামক একটি নৃতন পরীক্ষা আরম্ভ হয়। তিনি ঐ পরীক্ষায়ও যশের সহিত উত্তীর্ণ হন। ইহার পর স্থশীলকুমার পুনরায় এডিনবরায় যান এবং তথায় কিছুদিন থাকিয়া ১৯২০ সালের সেপ্টেম্বর মানে ''এফ আর সি এস" পরীক্ষায় উত্তীর্ণ হন। ঐ সালের ডিসেম্বর মাসের প্রথমে ইংলও হইতে যাত্রা করিয়া ১৯২১ সালের ৩রা জামুয়ারী কলিকাতায় আসিয়া পৌছেন। ডাঃ মুঝোপাধ্যায় বিলাত হইতে প্রত্যাবর্ত্তন করিয়া ১৩নং বীডন ষ্ট্রাটে তাঁহার চেম্বার প্রতিষ্ঠা করিয়াছেন। তিনি প্রতাহ প্রাতে কারমাইকেল কলেজে আউট-ভোরে যান এবং বেলা ১২টা—১টা পর্য্যন্ত নিজ চেম্বারে রোগী দেখেন।

তাহার চেম্বারে নেপাল, যুক্ত প্রদেশ, আসাম, বেহার, মধ্যপ্রদেশ, পঞ্জাব প্রভৃতি নানাস্থান হইতে রোগী আসিয়া থাকে।

ডাঃ মুখোপাধ্যায় এক্ষণে যে যে কার্য্যের সহিত সংশ্লিষ্ট আছেন তাহার তালিকা নিমে দেওয়া হইল:—

- (১) বেঙ্গল কাউনসিল অব মেডিকেল রেজিষ্ট্রেশনের নির্কাচিত সদস্থ।
  - (২) ষ্টেট মেডিকাল ফ্যাকালটার গবর্ণমেণ্ট-মনোনীত সদস্ত।
- (৩) কলিকাত। বিশ্ববিভালয়ের শেষ এম্-বি পরীক্ষায় সার্জ্জারির পরীক্ষক।
  - (৪) কলিকাতা মেডিকেল ক্লাবের সম্পাদক।
  - । 
     ৫) রয়াল সোপাইটা অব মেডিসিনের ফেলো।
- ে৬) ইউনাইটেড কিংডমের চকু সম্বন্ধ য় সমিতির (Opthal-mological Society) সদস্ত।
- (৭) অক্স্ফোর্ডের চক্ষুরোগ সম্বন্ধীয় কংগ্রেসের (Opthalmological Congress) সদস্ত।

নিমে ইহাদের বংশতালিকা প্রদত্ত হইল: -

বংশ-পরিচয়





#### বাউষথালীর সিংহ-গোষ্ঠী

# রায় বাহাতুর **শ্রী**যুক্ত যতীক্রমোহন সিংহ কবিরঞ্জন।

বাউষ্থালী গ্রাম করিদপুর জেলার সদর মহকুমার অন্তর্গত, ফরিদ-পুর টাউন হইতে ২০ মাইল দক্ষিণে কুমার নদের তীরে অবস্থিত। বাউঘখালীর সিংহ-বংশ বাৎশুগোতীয় দক্ষিণরাঢ়ী কায়স্থ; ইহাদের আদিনিবাস ছিল নদীয়া জেলা-রাণাঘাটের নিকটবর্ত্তী আফুলিয়া গ্রামে। প্রবাদ আছে, আফুলিয়ার কালিদাস সিংহ ঢাকা জেলায় চাকুরি করিতেন, তথন তিনি ইস্তবদীয়া গ্রামের রাধানাথ ভদ্রের কন্তা অথবা পিসীকে বিবাহ করেন। এই ভদ্রবংশ বঙ্গজ কায়স্থ ছিলেন, সে জন্ত কালিদাস দেশে প্রত্যাগমন করিলে তাঁহার আত্মীয়গণ তাঁহাকে গ্রহণ কবিলেন না। তথন তিনি শ্বর-বংশের নিকট হইতে বাউষ্থালী তালক বিবাহের যৌতৃকস্বরূপ প্রাপ্ত হইয়া এই বাউষ্থালী গ্রামে আসিয়া বাস করেন। এই তালুক তাঁহার পুত্র মনোহর সিংহের নামে ্হ্নত্ব সনে অর্থাৎ লর্ড কর্ণভয়ালিদের আমলে ১৭৯৩ খৃষ্টাব্দে চিরস্থায়ী বন্দোবস্ত হয় ৷ তদব্ধি তাহার বংশধরগণ এই তালুক ভোগদখল করিয়া আসিতেছেন।

কালিদাস সিংহের নিম্নলিখিত অধস্তন অষ্টম প্রক্ষ এখন বাউষ্থালী গ্রামে বাস করিতেছেন।

এক সময়ে এই সিংহ বংশে জনবাহল্য ছিল। সভারামের পাঁচ পুত্র হইয়াছিল—হর্গাপ্রসাদ, গৌরীপ্রসাদ, ভবানীপ্রসাদ, শিবপ্রসাদ ও চণ্ডীপ্রসাদ। হর্গাপ্রসাদের আট পুত্র—রাধানাথ, কাশীনাথ, শস্তুনাথ, বৈখনাথ, গোলোকনাথ, জগন্নাথ, লোকনাথ ও প্রাণনাথ, এবং তিন কুন্তা লক্ষ্মীমনি, অনুময়ী ও পন্নমনি।

রাধানাথের দৌহিত্র প্রসন্ধার ঘোষের ছই পুত্র শ্রীলালবিহারী ও শ্রীবিনাদবিহারী বাউষথালীতে বাস করিতেছেন। কাশানাথের দৌহিত্র প্যারীমোহন ঘোষের পুত্র শ্রীঅমৃতলাল ঘোষও বাউষথালীতে বাস করিতেছেন। গোলোকনাথ সিংহের পুত্র মথুরানাথের একটি পুত্র হইয়াছিল, সেটি শৈশবে মৃত। মথুরানাথের দ্বিতীয় পক্ষের স্থ্রী শ্রীযুক্তা মনোরমা এখন জীবিত আছেন। বৈছনাথের বংশ নাই। লোকনাথ ও প্রাণনাথ অল্প বয়দে মারা গিয়াছিলেন। জগলাথের চারিপুত্র ও প্রাচ কন্তা হইয়াছিল, তাঁহারা সকলেই মৃত, কাহারও বংশ নাই। শস্ত্রনাথের চারি পুত্র ও ছই কন্তা হইয়াছিল, তাহার পুত্র শ্রীষতীক্রমোহনই দুর্গাপ্রসাদ সিংহের একমাত্র বংশবর।

তুর্গাপ্রসাদের কন্তা লক্ষ্মীমণিকে রামলোচন বস্থ বিবাহ করেন।
তাঁহার পুত্র রামজয় ও রামনাথ বস্থ বাউষথালী পত্তনী তালুকের এক
তৃতীয়াংশ পাইয়া সিংহ-বাটীর সল্লিকটে সনাতনদি গ্রামে বাস করেন।
তাঁহাদের বংশধরগণও সেথানে বাস করিতেছেন। অলময়ীর পুত্র
গিরিশচক্র ঘোষ মাতুলালয়ে প্রতিপালিত হইয়াছিলেন, তাঁহার পুত্র
শ্রীরাজেক্রচক্র ঘোষও বাউষথালীতে বাস করিতেছেন।

দুর্গাপ্রসাদ সিংহ পুত্র-পৌত্র-কস্থা-দৌহিত্রগণ-পরিবেষ্টিত হইয়।
দীর্ঘকাল স্বথে স্বচ্ছনে কাটাইয়াছিলেন। ৮৫ বৎসর বয়সে তাঁহার
৬গঙ্গাপ্রাপ্তি হয়। তাঁহার পুত্রগণের মধ্যে অনেকেই উপার্জনক্ষম
ছিলেন, তন্মধ্যে শন্তুনাথই সমধিক খ্যাতি-প্রতিপত্তি লাভ করিয়াছিলেন।
তিনি টেংরাখোলার নীলকুঠির দেওয়ান ছিলেন এবং এই অঞ্চলে তাঁহার
অপ্রতিহত্ত প্রভাব ছিল। তিনি যেমন প্রভূত অর্থ উপার্জন করিতেন,

তেমন অকাতরে ব্যয় করিতেন। বাড়ীতে হুর্গোৎসব-দোল-দীপালিকা রটম্ভী প্রভৃতি বার মাদে তের পার্মণ হইত। অতিথি-অভ্যাগত-আত্মীয়-কুটুম্বগণের সমাগমে প্রত্যহ প্রতিবেলায় প্রায় একশত পাত! পডিত। তিনি ৮গয়া-কাশী-শ্রীরন্দাবন শ্রীক্ষেত্র প্রভৃতি তীর্থ পর্য্য ন করিয়াছিলেম: তখন রেল হয় নাই. স্কুতরাং এই সকল তীর্থগমন বহু ক্লেশ ও ব্যয়সাধ্য ছিল। তাঁহার পিতা তুর্গাপ্রসাদের ৮গঙ্গাপ্রাপি হইলে ঘটা করিয়া তাঁহার দানসাগর শ্রাদ্ধ করিয়াছিলেন। ১২৫৩ সনে ৬৪ বংসর বয়দে তাঁহার স্বর্গপ্রাপ্তি হয় ৷ তথন তাঁহার ভ্রাতাদের মধ্যে একমাত্র জগন্নাথ জাবিত ছিলেন, এবং তাহার জ্যেষ্ঠ পুত্র কালীচরণের বয়স ১০ বৎসর মাত।

কালাচরণ নাবালক অবস্থায় পিতৃহীন হইয়া এক মহাবিপদে পড়িলেন। বাউষ্থালী গ্রামের পত্নী-স্বত্ব পাইকপাড়ার জমিদার রাণি কাত্যায়ণীর নিকট হইতে ১২৪৫ সনে কাশীনাথ সিংহ ও রামজয় বস্তু এই নামে পাটা করা হইয়াছিল, ইহার মধ্যে সিংহদিগের তুই-তৃতীয়াংশ ও বম্বদিগের এক তৃতীয়াংশ ছিল, কিন্তু পাট্রাতে এই অংশ উল্লেখ করা ছিল না। শস্তুনাথের মৃত্যুর পর বস্থগণ ইহার অর্দ্ধেক দাবি করিয়া বসিলেন, এবং ইহা লইয়া বস্তুদিগের সহিত বহুবর্ষব্যাপী मामला-त्माककमा, नाङ्गा-हाङ्गामा हहेल। व्यवस्थाय ১२१२ मत्न छेख्य পক্ষে রফানিষ্পত্তি হয় এবং বস্থগণ সিংহদিগকে তাঁহাদের স্থায্য তুই তৃতীয়াংশ ছাড়িয়া দিতে বাধ্য হন। কালীচরণ এইরূপে বহু কণ্টে পৈতক সম্পত্তি রক্ষা করিলেন, কিন্তু দীর্ঘকালব্যাপী মামলা-মোকদমায় বহু অর্থব্যয় করিয়া সম্পূর্ণ নিঃস্ব হইয়া পড়িলেন। এত কণ্টে পড়িয়াও তিনি বার্ষিক ছর্গোৎসবাদি নিত্য নৈমিত্তিক ক্রিয়া-কলাপ বন্ধ করেন নাই। তথন তাঁহার ভাইদের মধ্যে মথুরানাথ ও রামচরণ জীবিত ছিলেন। আর তাঁহার পিসতৃত ভাই গিরিশচক্র ঘোষ ও ভাগিনের প্যারীমোহন ঘোষ তাঁহার সহায় ছিলেন। কালীচরণ বাঙ্গলা লেখা-পড়া শিথিয়াছিলেন, তথনও এই অঞ্চলে ইংরাজী শিক্ষা প্রচলিত হয় নাই। তিনি ফরিদপুর রাণী রাসমণির এটেটের আমমোক্তার ৮কালী-নাথ দত্তের মোহরের নিযুক্ত হইলেন। পরে কালীনাথবাবু অবসর গ্রহণ করিলে কালেক্টার সাহেবের নিকট হইতে মোক্তারি সনদ লইয়া তিনি তাঁহার স্থলে উক্ত এটেটের আমমোক্তার নিযুক্ত হইলেন। তিনি ৪০ বৎসরকাল এই কার্য্য করিয়াছিলেন। রামচরণ ২৮ বৎসর বয়সে মারা যান, মথুরানাথ বাড়ীতে থাকিয়া বিষয়কশ্বের তত্ত্বাবধান করিতেন। তিনি খুব বুদ্ধিমান ও তেজস্বী পুরুষ ছিলেন। তাঁহার শিশুপুত্রের মৃত্যুর পরে তিনিও অকালে পরলোক গমন করেন।

কালীচরণ যশোর জেলা—টাবনীগ্রাম নিবাসী ৺ভগবানচক্র ঘোষের কন্তা কামিন স্থলরীকে বিবাহ করেন। তাঁহার প্রথমে একটি পুত্র হইয়াই মারা যায়, তাহার পরে ১২৭৫ সালের ১২ই চৈত্র তারিথে যতীক্র মোহন জন্মগ্রহণ করেন; ইহার ৬ বৎসর পরে একটি কন্তা জন্মে; তাহার নাম বগলাস্থলরী। যতীনের বয়স যথন ৮ বৎসর তথন কামিনী স্থলরী কলেরা রোগে স্থগারোহণ করেন; কালীচরণ আর দারপরিগ্রহ

যতান প্রামের পাঠশালায় কিছুদিন পড়িয়া ফরিদপুরে পিতার নিকটে আদে এবং জেল। সুলে ভর্ত্তি হয়। সে বয়েরছির সঙ্গে সঙ্গে লেথাপড়ায় উন্নতি দেখাইতে লাগিল, এবং ১৮৮৬ সনে জেলাসুল হইতে ১৫ ্টাকা র্ত্তি পাইয়া প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইল। পরে কলিকাতা জেনারেল এসেম্বিলি কলেজে চারি বৎসর অধ্যয়ন করিয়া ১৮৯০সনে ইংরাজী সাহিত্য ও সংস্কৃতে অনার্স লইয়া বি-এ পাশ করেন। ১৮৯১ সনে প্রতিযোগী পরীক্ষা দিয়া সবডেপুটির কার্য্যে নিযুক্ত হন এবং ১৮৯৩ সনে পরীক্ষা দিয়া ডেপুটি ম্যাজিট্রেট নিযুক্ত হন।

যতীন প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইলে, যশোর জেলা—কামঠান থাম-নিবাদী প্রবিমাহন বস্তুর কন্তা শ্রীমতী সরোজিনীর সহিত তাহার বিবাহ হয়। যতীনের ২৫ বংসর বয়সে তাঁহার প্রথম পুত্রের জন্ম হয়, পরে আর ২টী পুত্র ও ৬টি কন্তা হইয়াছিল, এখন একমাত্র পুত্র স্থরেন্দ্রনোহন এবং চারিটি কন্তা শ্রীমতী সাবিত্রী, শিবরাণী, হৈমবতী ও উষারাণী বিভ্যান।

যতীল্রমোহন প্রথমে উড়িয়ায় ৭ বংসর চাকুরি করেন, পরে নায়াথালি, ঢাকা, মাণিকগঞ্জ, চুয়াভাঙ্গা, পুরুলিয়া, জঙ্গীপুর, ময়মন-সিংহ, বহরমপুর, চাঁদপুর, রুঞ্চনগর, জলপাইগুড়ি এইসকল স্থানে ডেপুটি ম্যাজিট্রেট্ ছিলেন। মাণিকগঞ্জ, চুয়াভাঙ্গা, জঙ্গীপুর, বহরমপুর, ও চাঁদপুরে প্রায় দশ বংসর কাল সব ডিভিসন্তাল অফিসার ছিলেন। রুঞ্চনগরে প্রায় ৬ বংসর থাকিয়া কয়েকবার অস্থায়িভাবে ম্যাজিট্রেট্কালেক্টারের কার্য্য করিয়াছিলেন, পরে বগুড়ার স্থায়ী কালেক্টার নিয়ক্ত হইয়া বদলী হন এবং সেখান হইতে ১৯২৪ সালের ২৬শে মার্চ্চ তারিখে সরকারী কার্য্য হইতে অবসর গ্রহণ করেন। তখন তাঁহার বেতন ২৩৫০ টাকা হইয়াছিল। ক্রঞ্চনগরে অবস্থানকালে তিনি গবর্ণ-শেণ্টের নিকট হইতে রায় বাহাছর থেতাব প্রাপ্ত হন। বঙ্গের শাসনকর্ত্তা লর্ড লিটন তাঁহাকে এই সনদ প্রদান করিবার সম্যবলিয়াছিলেন.—

"Rai Jatindra Mohan Singh Bahadur, after 30 years" meritorious service in the Begal Civil Service, you have recently been confirmed in a listed post of Collector and Magistrate. For seven years you served with credit in the Orissa Settlement. For over 10 years you were a Sub-divisional officer and won the esteem and respect

of the people and the appreciation of Government wherever you worked. During the difficult period when you held charge of Nadia district in 1921, you dealt with of problems of disorder with sound judgment and proved yourself a reliable officer "

অর্থাৎ—''রায় যতীক্রমোহন সিংহ বাহাত্বর, আপনি ৩০ বংসর কাল বঙ্গীয় সিভিল সার্ভিদে প্রশংসার সহিত কার্য্য করিয়া সম্প্রতি জেলার ম্যাজিষ্ট্রেট কালেক্টারের কার্য্যে স্থায়িরূপে নিযুক্ত হইয়াছেন। আপনি ৭ বংসর উড়িয়্বার বন্দোবস্ত কার্য্য করিয়া স্থ্যাতি লাভ করিয়াছিলেন। দশ বংসর অধিককাল আপনি মহাকুমার ভারপ্রাপ্ত হইয়া কার্য্য করিয়াছিলেন, যেখানে যেখানে ছিলেন, সর্ব্বেই আপনি জন-সাধারণের প্রীতি ভ সন্মান এবং গবর্ণমেন্টের নিকট প্রশংসা লাভ করিয়াছেন। ১৯২১ সনে যথন আপনি নদীয়া জেলার ম্যাজিষ্ট্রেট্ ছিলেন তথন শাসনকার্য্য অতি ত্রহ হইয়াছিল, আপনি সেই সময়ে দেশের আপত্তিজনক সমস্তাং সকল অতি ধীর বিচারবৃদ্ধির সহিত সমাধান করিয়া গবর্ণমেন্টের বিশ্বাসভাজন হইয়াছেন।"

বাল্যকাল হইতে যতীক্রমোহনের হিন্দুধর্মের প্রতি অন্তর্রাগ দট হইত। পঁচিশ বংসর বয়সে তিনি সদ্গুরুর নিকট দীক্ষা গ্রহণ করিয়া ধর্ম্মগাধন করিয়া আসিতেছেন এবং অবসরমত শাস্তচ্চা করিয়া থাকেন। কলেজে পড়িবার সময় হইতে তিনি বঙ্গসাহিত্যের সেবা করিয়া আসিতেছেন। তিনি প্রথমতঃ নব্যভারতাদি মাসিক পত্রিকায় প্রবন্ধ লিথিতেন, পরে উড়িয়ায় অবস্থানকালে তাঁহার প্রথম গ্রন্থ পাঠ করিয়া স্থাসিদ্ধ সমালোচক ৬ চন্দ্রনাথ বস্থ লিথিয়াছিলেন—

"এই গ্রন্থখানি লিখিয়া আপনি বাঙ্গালা সাহিত্যের গুরুত্ব ও গৌরব বৃদ্ধি ক্রিয়াছেন।"

এই পুস্তকের পুনলিখিত ও পরিবন্ধিত নৃতন সংস্করণ বাহির হইয়াছে, তাহা পাঠ করিয়া পণ্ডিতপ্রবর মহামহোপাধ্যায় শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ মহাশয় লিখিয়াছেন --

"বঙ্গভাষায় পাকার ও নিরাকার উপাসনা বিষয়ে আমি যে কয়থানি গ্রন্থ দেখিয়াছি, তাহাদের মধ্যে এই গ্রন্থানিই যে সর্কোৎক্ত হইয়ছে তাহা নিঃসঙ্কোচে বলিতে পারা যায়; বঙ্গভাষা-জননীর মহামূল্য রত্নভাগ্রের আপনার এই গ্রন্থখানি যে মহামূল্য রত্নালকার-শোভা 'বধান করিতেছে তাহ অভিজ্ঞ ব্যক্তিমাত্রেই মুক্তকণ্ঠে স্বীকার করিবেন:'

বতীক্রমোহনের বিতীয় গ্রন্থ ' উড়িষ্মার চিত্র।" ইহা একথানি বাস্তব চিত্রসম্বলিত উপস্থাস (Realistic novel)। কবীক্র রবীক্রনাথ এই পুস্তক সম্বন্ধে লিখিয়াছিলেন,—

''সচেতনচিত্ত এবং সর্বাদশীকল না বিধাতার হর্লভ দান। আবার জানিলেও জানান যায় না। যতীক্রবাব্র জানিবার শক্তি ও জানাইবার শক্তি উভয়েরই ভাললপ পরিচয় পাওয়া গেছে।"

মতঃপর ১৩১৪ সনে তাঁহার 'গ্রুবতারা' উপস্থাস প্রকাশিত হয়, এখন ইহার মন্ত্রম সংস্করণ (একাদশ সহস্র) চলিতেছে। বঙ্গসাহিত্যে ইহা একটি বিশিষ্ট স্থান অধিকার করিয়াছে। সাহিত্যাচার্য্য ৮ অক্ষয় চল্ল সরকার 'সাহিত্য' পত্রিকায় ইহার স্কুদীর্ঘ সমালোচনা বাহির করিয়া অজন্ম প্রশংসা করিয়াছিলেন। ঢাকার 'বান্ধব'-সম্পাদক ৮ কালীপ্রসন্ন বোষ বিভাসাগর C. I. E. লিখিয়াছিলেন,—

''আপনার 'গ্রুবভারা' বাঙ্গালা সাহিত্যে একটি অত্যুজ্জল তারারূপে শ্রুবস্থান পাইবে।''

যতীক্রমোহনের তৃতীয় উপস্থাস 'অমুপমা' ১৩২৫ সনে প্রকাশিত

হয়। স্থাসিদ্ধ সাহিত্যিক, মাইকেলের সমালোচক রায় বাহাত্র শ্রীযুক্ত দীননাথ সাজাল এই পুস্তক পাঠ করিয়া লিখিয়াছেন,—

"বঙ্গের সাহিত্য-গগনে আপনার 'অমুপমা' গ্রুবতারারই মত গ্রুবভাবে বিরাজ করিবে এমন আশা করিতে পারা যায়।"

এই তিনখানি উপস্থাস ছাড়া, যতীক্রমোহনের তিনখানি ক্র্জ্র পুস্তক আছে, "ভোড়া" "তপস্থা" এবং "সাহিত্যের স্বাস্থ্যরক্ষা"। এগুলি তাঁহার পাবলিমার ভট্টাচার্য্য এণ্ড সন্সের আট আনা সংস্করণের অন্তর্গত।

তোড়া – ইহাতে কয়েকটি ত্মধুর ব্যঙ্গচিত্র, সরল ক্ষুদ্রগল্প এবং কৌতুকজনক সমালোচনা আছে।

তপস্তা-ক্ষেকটি স্থগভীর চিন্তাপূর্ণ প্রবন্ধের সমষ্টি।

সাহিত্যের স্বাস্থ্যরক্ষা—আটের দোহাই দিয়া যে সকল ছুর্ণীতিপূর্ণ গল্প ও উপস্থাস সাহিত্য ও সমাজের স্বাস্থ্য দূষিত করিতেছে এই পুস্তকে তাহার কয়েকথানির আটের দিক দিয়া ও সমাজের দিক দিয়া বিশ্লেষণ করা হইয়াছে। এই কুদ্র পুস্তক বর্তমান সাহিত্যের গভি সম্বন্দের সাহিত্যকগণের দৃষ্টি আকর্ষণ করিয়া মহোপকার সাহন করিয়াছে।

কৃষ্ণনগর অবস্থানকালে নবদীপ পণ্ডিতসভা যতীক্রমোহনকে নির্মালখিত মানপত্র প্রদান পূর্বক "কবিরঞ্জন" উপাধি দারা ভূষিত করেন,—

পরম শ্রদ্ধাম্পদ মাননীয় শ্রীযুক্ত যতীক্রমোহন সিংহ নদীয়া বিভাগ প্রথম শ্রেণীস্থ ডেপুটী ম্যাজিট্রেট মহোদয়ের আশার্কাদেশপাধিদান প্রমেতং— বদিদং \*ান্ধিকৈরুক্তং সিংহে বর্ণবিপর্যায়ঃ।
 যতীল্রমোহনে সিংহে কদাপি তল যগাতে।।

#### তৎকারণমাহ---

- । বিদ্বর্গস্থাসি শ্রীমন্ তত্ম কর্ত্ব্যপালনম্।
   তব সদ্ দৃষ্ট মত্মাভি স্তৎ প্রশামতীব নঃ।।
- প্রস্থ কবি স্ক্রানি বহুনি তব লেখনী।
   ব্যাপৃতাম্পন্ত কাঠিন্তে করোতি লোপ রঞ্জনম্।।
- ৪। "কবিরঞ্জন" ইত্যম্মাত্বপাধিত্তে প্রদীয়তে।
   আশাম্মতে সবস্কৃত্বং সম্বর্খং জীবতাচিরম্।।

১৮৬৯ শকান্দীয় সৌরকাণ্ডনখ নবদীপ সভাতঃ
ত্রয়োদশাদিবসীয়ম্ পণ্ডিতর্কৈ: সাদরমূপব্রিয়তে :

গবর্ণমেণ্টের কার্য্য হইতে অবসর লইয়া যতীক্রমোহন নিজের বিষয় কর্মে মনোনিবেশ করিয়াছেন এবং অবসরমত সাহিত্য চর্চা করেন। তাহার একমাত্র পুত্র শ্রীমান্ স্থরেক্রমোহন ডাক্তারি পাশ করিয়া করিদপুরে থাকিয়া চিকিৎসা-ব্যবসায়ে নিযুক্ত হইয়াছেন। তাঁহার জন্ত একটি ডিস্পেনসারী করিয়া দেওয়া হইয়াছে, তাহার নাম কালীচরণ ফাম্মেসী; যতীক্রমোহন ফরিদপুর টাউনে ইতিপূর্ব্বে "প্রবতারা কুটার" নামক একটি ক্ষুদ্র বাসভবন নির্মাণ করিয়াছিলেন, পরে তাঁহার সংলম্ম একটি হিতল বাটী গুস্তুত করিয়াছেন, তাহার নাম "আনন্দ কানন"। ফারিদপুর টাউনে বাসভবন নির্মাণ করিলেও তিনি পল্লীভবনের সহিত্ত সম্বন্ধ ত্যাগ করেন নাই। তাঁহার বাউষ্থালীর বাটাতে ছর্গোৎসবাদি ক্রিয়াকলাপ পুর্বের স্থায় চলিয়া আসিতেছে এবং ভবিষ্যতে সেগুলি যাহাতে অবিছিন্নভাবে চলে, সেই জন্ত উক্ত ক্রিয়াকর্মের ব্যয়নির্কাহার্থে

কতক সম্পত্তি নিয়োগ করিয়া একটি ট্রাষ্ট ডিড (Trust deed) সম্পাদন করিয়াছেন।


ষতীন্দ্রমোহনের কন্সাসকল উপযুক্ত পাত্রে দান কর। ইইয়াছে। জেলা যদোর—বাঘুটীয়। নিবাসী শ্রীযুক্ত রাজেন্দ্রকুমার ঘোষ মহাশয়ের পুত্র শ্রীমান্ নৃপেন্দ্রনাথ তাঁহার জ্যেষ্ঠ জামাতা। ইনি স্বরেকেষ্ট্রারের কার্যা করেন। চন্দননগরের নিকটবর্ত্তী বেজড়া-নিবাসী শ্রীমান তারকেশ্বর নাথ মিত্র মধ্যম জামাতা, হাইকোর্টের উকিল। তৃতীয় জামাতা শ্রীমান্ নন্দরোপাল বহুর নিবাস সিঙ্গা হাড়গাড়া, জেলা যশোর। চতুর্থ জামাতা শ্রীমান্ শ্রনিলেন্দ্রনাথ ঘোষ, ইহার নিবাস নড়ালের নিকট কুরিগ্রাম।

যতীক্র মোহনের পুত্র স্থরেক্রমোহন কলিকাতা বাগবাজার বিশ্ব-কোষ লেন-নিবাসী বিশ্বকোষ সম্পাদক প্রাচ্য বিভামহার্গব শ্রীযুক্ত নগেক্রনাথ বস্থ সিদ্ধান্তবারিধি মহাশয়ের তৃতীয়া কল্যাকে বিবাহ করিয়াছেন। তাঁহার এখন হুই পুত্র এবং এক কল্পা। যতীক্রমোহন এখন উপযুক্ত পুত্রের হন্তে সংসারের ভার অর্পণ করিয়া ৬ কাশীধানে বাস করিবার সঙ্কর করিয়াছেন। বাবা বিশ্বনাথ তাঁহার মনোবাঞ্ছা পূর্ণ করুন।

### রায় বাহাত্বর শ্রীযুক্ত যতীক্রমোহন সিংহ কবিরঞ্জনের

বংশ-তালিকা।

কালিদাস সিংহ



## রায় সাহেব রাধানোবিন্দ রায়।

১৮৫০ **এটিানে মুর্শিদাবাদ জেলার অন্তর্গত পাঁচথুপি গ্রামে** উত্তর রাঢ়ীয় কায়স্থকুলে বৈষ্ণবশিরোমণি পুণ্যশ্লোক পরলোকগত জগৎচক্র ঘোষ মহাশয়ের ওরসে রায় সাহেব রাধাগোবিন্দ রায় জন্ম গ্রহণ করেন।

উত্তর বঙ্গের দিনাজপুরের রায় সাহেব বংশ পরম ভাগবত এবং দয়াদাক্ষিণ্যাদি বছ সংগুণের জন্ত দেশবিখ্যাত। প্রাচীন হিল্ রাজগ্র বর্গের কীর্ত্তিসোধের ভয় স্তুপের উপর দিনাজপুর রাজবংশ এবং এই রায় সাহেব বংশ এখনও অভীত য়ুগের হিল্পুর গৌরবগাথা বক্ষে লইয়া সর্ব্বধ্বংসী কালের বুকের উপর বিরাজ করিতেছে। নিত্য হোমপরায়ণ স্বনামধন্ত পুণাব্রত মহাত্মা সোম ঘোষের বংশেই দিনাজপুর রাজবংশের উদ্ব। রায় সাহেব বংশ উক্ত রাজবংশের অন্ততম নিকটবর্ত্তী শাখা মাত্র। মহাপ্রভুর অন্তরঙ্গ বাস্তদেব ঘোষ ঠাকুরের ইহারা লাত্বংশ বলিয়া পরিচিত এবং সর্ব্বতি সম্মানিত।

প্রাতঃশ্বরণীয় মহাত্মা সোম ঘোষের বংশে পরম বৈক্ষর বিখ্যাত গৌরচন্দ্র পদকর্ত্তা বাস্তদেব ঘোষ মহাশ্রের আবির্ভাব হয়। তিনি মহাপ্রভু চৈতন্তদেবের পার্শদ ছিলেন.।. তিনি অপুত্রক ছিলেন বলিয় তাহার প্রতিষ্ঠিত অগ্রন্থীপের ৮গোপীনাথ জীউ এখনও প্রতি বংসর বাকণীর দিবস তাঁহার উদ্দেশে পিগুদান করিয়া থাকে । বর্জমান জেলার অস্তর্গত এই অগ্রন্থীপধামে প্রতিবংসরই ঘোষ ঠাকুরের মহোৎসব হইয়া থাকে এবং এই মেলা উপলক্ষে বহু দূরদেশ হইতে অসংখ্য ভক্ত সাধকের সমাবেশ হয়। ইহার বহু ব্রাহ্মণ, কায়ত এবং বৈহু শিষ্য ছিল এবং এখনও কতক আছে। বগুড়ায় ঘোষ ঠাকুর বংশের এখনও অনেকে বিভ্যমান আছেন। উক্ত মহাত্মা বাস্তদেব ঘোষ মহাশয়ের প্রাতা মাধব ঘোষের বংশ হইতেই দিনাজপুরের স্থাবিখ্যাত রায় সাহেব বংশের উদ্ভব। ইহাদের উপাধি ঘোষ রায়।
(ষট কুল, ষোল আনা ভাব)। প্রেষ্ঠকুলীন বলিয়া উত্তর রাঢ়ীয়
কায়স্থ সমাজে ইহাদের যথেষ্ঠ সন্মান এবং প্রতিপত্তি আছে। ইহারা
প্রম বৈষ্ণব, নিরামিষাশী এবং শান্তিপুরের গোস্বামীদের শিব্য।

এই উত্তর রাটীয় ঘোষরায় বংশে রামকান্ত, ক্লফকান্ত এবং গোপী-কান্ত নামে তিন সহোদরের জন্ম হয়। এই সময় অপুত্রকতা নিবন্ধন মহারাজ কনিষ্ঠ গোপীকান্তকে পোষ্যপুত্ররূপে গ্রহণ করিয়া তাঁহার "রাধানাথ" নামকরণ করেন। ইহার কিছুকাল পরে বুদ্ধ মহারাজ লোকান্তরিত হইলে, রাজা রাধানাথ পিতৃ সিংহাসনে অধিরোহণ করিয়া, তাহার জোষ্ঠ সহোদর মহামতি মনস্বী রামকান্ত রায়কে দেওয়ান নিযুক্ত করেন। তাঁহার প্রিচালনগুণে এবং কার্যাদক্ষতায় দিন দিন রাজ্যের উন্নতি এবং শ্রীবৃদ্ধি হইতে লাগিল। তিনি প্রজাবর্গের স্থয-সাচ্ছন্য বিধানের জন্ম বিবিধ সংকর্মের অনুষ্ঠান করিয়া শীঘ্রই সর্বা-স্থািরণে বিশ্বাস এবং প্রীতিভাজন হইয়া উঠিলেন। রাজ্যের উন্নতির জন্ত কঠোর পরিশ্রম করিতে হইলেও তাঁহার দৃষ্টি ঐহিক এবং পারত্রিকের দিকেও ছিল। দিনাজপুরে যে বিখ্যাত ''দেওছান দীঘি'' বত্তমান রহিয়াছে, ইহা তাঁহারই অক্ষয় কীত্তি। সর্ব্ধবিধ্বংসী কালের ফুৎকারেও এ কীর্ত্তির বিলোপ-সাধন হয় নাই। স্বনামধ্য মহাপুরুষ-গণের স্বকীয় কীর্ত্তিস্ত এইরূপভাবে চির্রাদনই ধরার বক্ষে দেদীপামান থাকিয়া জগৎবাদীকে তাঁহাদের পুণ্যান্ত্র্গানের কথা অরণ করাইয়: দেয়। ইহার এইরূপ বহু সদ্মুষ্ঠান এবং রাজকার্য্য পরিচালনায় স্বখ্যাতির কথা শুনিয়া তদানীস্তন মোগলরাজ তাঁহাকে সম্মানিত করিবার জন্ম, "রায় সাহেব" উপাধিতে ভূষিত করেন।

মহারাজকে রাজকার্য্য সম্বন্ধে কিছুই করিতে হইত না। স্কংযাগ্য

দেওয়ান বাহাছরের তত্ত্বাবধানে এবং সুব্যবস্থায় সকল কার্য্য সুশুঙ্খল-ভাবে সমাহিত হইতেছে দেখিয়া অবসর-বিনোদনের জন্ম মহারাজ ক্রোচিত মৃগয়াদিতে কালহরণ করিতে লাগিলেন। দিনাজপুরের তদানীস্তন কালেক্টর সাহেবও অনেক সময় তাঁহার সহিত মিলিত হইয়া শিকার করিতেন: এইভাবে কিছুদিন অতিবাহিত হইবার পর সামান্ত কোন কারণ লইয়া, গ্রহবৈগুণাবশত: মহারাজের সহিত কালেক্টর সাহেবের মনাস্তরের স্চনা হয় এবং পরিশেষে তাহা বিষম মনোমালিন্যে পরিণত হওয়ায় কালেক্টারীর খাজনা দেওয়া রহিত হইয়া যায়। ইহার ফলে বাকী থাজনার দায়ে মহারাজের স্থবিশাল ক্ষমিদারীর পরগণার পর পরগণা নিলামে উঠিতে লাগিল। দেওয়ান রাধাগোবিন্দ রায় এই অবসরে কতিপয় পরগণা খরিদ করিয়া লয়েন। উক্ত কালেক্টর আরও কিছুকাল দিনাজপুরে অবস্থান করিলে মহারাজের অবস্থা আরও শোচনীয় হইয়া পড়িত: কিন্তু সৌভাগ্যবশত: এই সময়ে ওয়ারেণ হেষ্টিংসের গভর্ণমেণ্ট উক্ত কালেক্টরকে দিনাজ্পুর হুটতে বদলি করিয়া ওাঁহার স্থানে অপর একজনকে প্রেরণ করিলেন।

মহারাজকুমার বৈজনাথ নব নিয়োজিত কালেক্টার কর্তৃক নিমন্ত্রিত হইয়া তাঁহার সহিত সাক্ষাং করিতে উপস্থিত হইলেন; কিন্তু কোন আসন আর পরিগ্রহ করিলেন না। তিনি দণ্ডায়মান রহিয়াছেন, কোন আসনে উপবেশন করিতেছেন না দেখিয়া কালেক্টার তাঁহার কারণ জিজ্ঞাসা করেন। তত্ত্তরে তিনি বলেন "সাহেব দিনাজপুরে আমার আর আসন নাই, বসিব কিসে?"

অতঃপর কালেক্টার সাহেব সমস্ত বৃত্তান্ত অবগত হইয়া ইহার সুব্যবস্থা ক্রিবার জন্ম প্রতিশ্রুত হন। যে সকল থরিদার নিলামে মহারাজের সম্পত্তি বাকি থাজনার দায়ে থরিদ ক্রিয়াছিল, তিনি তাহাদিগকে আহ্বান ক্রিয়া সেই সমস্ত জমিদারী মহারাজকে প্রতাপণ করিবার জন্ম অন্থরোধ করেন। অনেকেই কালেক্টরের সে অন্থরোধ উপেক্ষা করিয়া তাঁহার বিরাগভাজন হইতে সাহস করেন নাই, তাঁহারা যথোপযুক্ত মূল্য লইয়া রাজ সম্পত্তি প্রত্যর্পণ করিয়াছিলেন। কেছ কেহ আত্মগোপন করিয়া স্থানাস্থরে অবস্থান করেন।

এই সময়ে দেওয়ান বাহাছরের মৃত্যু হয়। তিনি চিরকুমার ছিলেন। তাঁহার লোকান্তরের পর, ভাহার মধ্যম সহোদর রুঞ্চান্ত রায় কালেক্টরের দঙ্গে সাক্ষাৎ করেন এবং বিজ্ঞানগর পরগণা বিনামূল্যে মহারাজ-ক্ষারকে প্রত্যর্পণ করেন। ইনি যেমন সদাশয়, পরহিতত্তত, পর্ম ধার্ম্মিক ছিলেন, তেমনই কর্ত্ব্যপরায়ণ এবং নানাবিধ লোক-হিতকর সদমুষ্ঠানের অমুষ্ঠাত। ছিলেন। জনসাধারণের স্থবিধার জন্ত লক্ষাধিক টাকা ব্যয়ে ইনি দিনাজপুর টাউনে ঘাঘরা নদীর উপর যে তুইটি খিলান পোল নির্মাণ করিয়া দিয়া গিয়াছেন, তাহা আজও এই - ৭৫ বংসরের উপর তাহার কীর্ত্তিম্বরূপ বর্ত্তমান রহিয়াছে। পোল ভূইটি প্রাচীন হইলেও এখনও কার্য্যোপযোগী রহিয়াছে এবং **তাহার** উপর দিয়া লোক চলাচল করিতেছে। ইহার পর ১১৭৬ সালে মম্বস্তর উপস্থিত হইলে লক্ষ লক্ষ লোক যথন অলাভাবে মরণাপল হইয়া হাহাকার করিতেছিল, তথন করুণার্দ্রহায় রুঞ্চকান্ত আর স্থির থাকিতে পারিলেন না। বৃত্ঞিতের আর্ত্তনাদ তাঁহাকে অস্থির করিয়া তুলিল। তিনি সেই সকল ছভিক্ষ-পীড়িত স্থানে অন্নসত্ৰ খুলিয়া ক্ষুধাৰ্ত্ত জনগণের প্রাণরক্ষায় প্রবৃত্ত হইলেন। এই কার্য্যে তাঁহার বহু লক্ষ টাকা ব্যয় হইলেও সে াদকে তাহার ক্রক্ষেপ ছিল না, অনশন মৃত্যু হইতে নরনারীকে রক্ষা করিতে সমর্থ হইয়াছিলেন ভাবিয়াই আনন্দিত এবং ক্বতার্থ হইয়াছিলেন। তাহার এই লোকহিতকর সদমুষ্ঠানের জন্ম মোগলরাজ তাঁহাকে বংশাকুক্রমিক ''রায় সাহেব'' উপাধি-ভূষণে ভষিত করিয়া তাঁহাকে সম্বর্গনিত করেন।

এই মহাত্মার বহু কীর্ত্তি নানাস্থানে বিগুমান আছে। ইনি কাশীধামে নামক ছইটা বৃহৎ কৃঞ্জ বা ঠাকুর-বাড়ীর প্রতিষ্ঠা করেন। মালদহে মহাপ্রভুর সেবার স্থব্যবস্থা করিয়া নিজ ভবন ক্ষেত্রীপাড়ায় ৮রাধা গোবিন্দ বিগ্রহ প্রতিষ্ঠিত করেন। দিনাজপুরের লুলাই বাড়ী, দিনাজপুর পল্লী ও স্থন্দর বনে যে সকল বিগ্রহের প্রতিষ্ঠা হয় উহা তাঁহারই কীর্ত্তি। এতদ্বাতীত বহুতীর্থ স্থানে কত যে পাস্থশালা ও জলাশ্য প্রতিষ্ঠা করিয়াছিলেন তাহার ইয়তা নাই। ইহার পোষাপত্র রাজীবলোচন রায় অধিক দিন জমিদারী ভোগ করিতে পান নাই। অপুত্রকাবস্থায় অকালে তাঁহার লোকাস্তর হইলে, তাঁহার বিধবা পত্নী খ্রু দেবতার পরামর্শে কমললোচন রায়কে দত্তক পুত্ররূপে গ্রহণ করেন। ইনি পরম ধার্মিক ও মহাপণ্ডিত ছিলেন। বৈষ্ণবস্থতি হরিভক্তিবিলাস অনুবাদ করিয়া ব্রত-দর্পণ নামক এক উপাদেয় প্রভান্ত রচনা করেন। ইহা প্রাচীন বাঙ্গালায় লিখিত। উক্ত গ্রন্থ মুদ্রিত হইয়া, বৈষ্ণবমণ্ডলে বিনামূল্যে বিভব্নিত হইতেছে। ইনি গান ও কীর্ত্তন করিতে বড ভালবাসিতেন। তাঁহার স্বর্রিত অনেক পদ রচনা আছে . তাহাদের সংখ্যা পাচ শতেরও উপর হইবে।

এই কমললোচন রায়ের আমলেই তাঁহার পৈতৃক জমিদারীর বহুল উন্নতি এবং বিস্তৃতি সাধিত হয়। তিনি বাঙ্গালার বিভিন্ন ছয়তী জেলায় বহু সম্পত্তি থরিদ করিয়া রায় সাহেব বংশকে উত্তর বঙ্গের একটা প্রতিপত্তিশালী প্রধান জমিদার বংশরূপে পরিণত করিয়া যান। ইনি বহু তীর্থ পর্যাটন করিয়াছিলেন। বহু স্থলে তাঁহার সদমুষ্ঠানের চিচ্ছ এখনও বর্ত্তমান আছে। এক নবশীপেই তিনি লক্ষাধিক টাকা ব্যয় করিয়াছিলেন। নবদীপের বিখ্যাত "ছোট আখড়া" প্রধানতঃ ইহারই অর্থসাহায়ে প্রতিষ্ঠিত হইয়াছিল।

এই কমললোচন রায় সাহেবও নি:সস্তান। তাঁহার আর কোন
সন্তানাদির সন্তাবনা নাই দেখিয়া জেলা মুর্শিদাবাদের পাঁচথুপী গ্রামের
বৈষ্ণবশিরোমণি, পরম ভাগবত, সাধু জগচ্চল ঘোষ মহাশয়ের নিকট
হইতে রাধাগোবিন্দকে দত্তক পুত্র গ্রহণ করেন। জগচ্চল
ঘোষ মহাশয় সংসারী হইলেও সংসারে তাঁহার আসক্তি ছিল না।
সাধু-সজ্জনের সেবা, ধর্মালোচনা এবং ভগবচ্চিস্তাতেই তাঁহার সময়
অতিবাহিত হইত। এইরপ শুনা যায়, তিনি একটা মোহর দক্ষিণাসহ
স্বীয় পুত্র রায় সাহেব কমললোচন ঘোষ মহাশয়কে দান করিয়া ভেক
লইয়া সংসারাশ্রম হইতে বিদায় গ্রহণ করেন এবং ভগবানের লীলামুখবিত, তাঁহার পূত পদরজে পবিত্রীক্বত শ্রীকুলাবনের শান্তিময় কোলে
গিয়া আশ্রয় গ্রহণ করেন। অবশেষে এই স্থানেই প্রায় শতবর্ষ বয়সে
নশ্বর দেহ ত্যাগ করিয়া বৈকুঠেখরের পাদপালে লীন হন।

রাধাগোবিদ্দকে দত্তক গ্রহণ করিয়াই কমললোচন তাঁহার শিক্ষার ব্যবস্থা করিয়া দিলেন। তিনি সংস্কৃত ও ফারসি শিক্ষা করিতে লাগিলেন। বাল্যকালে তাঁহাকে ইংরাজী শিক্ষার অবসর দেওয়া হয় নাই। পিতার পরলোক-গমনের পর প্রয়োজনবোধে তিনি স্বতঃপ্রবৃত্ত হইয়া ইংরাজী ভাষা শিক্ষা করিয়াছিলেন। পূজ্যপাদ ৺গৌরকিশোর পণ্ডিত বাবাজী, ৺রামচন্দ্র শিরোমণি ও রুষ্ণচন্দ্র স্থায়বাগীশ মহাশয়গণের নিকট রাধা-গোবিদ্দ বৈষ্ণবদর্শন, সংস্কৃত দর্শন ও সাহিত্যাদি বিষয়ে শিক্ষালাভ করিয়াছিলেন। কৈশোরে অভিক্রম করিয়া যৌবনে পদার্পণ করিতে না করিতে অর্থাৎ তাঁহার যোল বৎসর বয়ঃক্রমকালে ১৮৬৬ খ্রীষ্টান্দেরায় সাহেব কমললোচন মহাশয় সংসারলীলা সম্বরণপূর্বাক সাধনোচিত্রধামে গমন করেন। এই অল্ল বয়সে বিপুল সম্পত্তির অধিকার হইয়া রাধাগোবিদ্দ বংশের প্রাচীন "রায় সাহেব" উপাধি লাভ করেন এবং সমাজে দিনাজপুরের রায় সাহেব নামে পরিচিত হন।

রায়সাহেব রাধাগোবিন্দ রায় লক্ষাধিক টাকা বায় করিয়া স্বীয় পিতদেবের দানসাগর শ্রাদ্ধ মহাসমারোহে সম্পন্ন করেন। পিতা ক্ষললোচনের পরলোক-গমনের পর যথন তিনি নিজহস্তে বিপুল ভার গ্রহণ করিলেন, তথন তাঁহার নব যৌবন। হিতোপদেশকার বলিয়াছেন, ''যৌবনং ধনসম্পত্তিঃ প্রভূত্বমবিবেকতা। একৈকমপ্যনর্থায় কিমু যত্র চতুষ্ট্যম্।" যৌবন, ধনসম্পত্তি, প্রভুত্ব আর অবিবেকতা – এই চারিটার একটাতে লোক মত্ত হইয়া পড়ে। দৈবক্রমে এই চারিটার একত্র সংযোগ বা সমাবেশ হইলে মানুষ না করিতে পারে এমন ছজিয়া নাই : কিন্তু এই স্বর্গীয় মহাত্মা নবযৌবনে বিপুল সম্পত্তির অধিকারী এবং প্রভূত্ব-বিকাশের প্রচুর অবদর পাইয়াও অবিবেকতার দাস হইয়া পড়েন নাই। পরম বৈষ্ণব জনকের বৈরাগ্য, ভক্তি এবং সাধুতা উত্তরাধিকার-স্থুতে লাভ করিয়াছিলেন এবং বাল্য-কৈশোরে তাঁহার স্থুকুমার জীবনে স্বধর্মপরায়ণ পুণাকীর্ত্তি পিতা কমললোচনের সাধু জীবনের আদর্শ প্রতিপালিত হইয়াছিল বলিয়াই, তিনি সকল রকম প্রলোভন এবং মোহজাল হইতে নি:জকে নিশ্বক রাথিয়া ধর্মজীবনে অগ্রসর হইতে সমর্থ হইরাছিলেন বলিয়াই আজ তাঁহার যণোকুস্কমের সৌরভে চতুর্দ্দিক আমোদিত হইয়া রহিয়াছে। যে সময়ে তিনি কর্মজীবনে প্রবেশ লাভ করেন, সে সময়ে বাঙ্গালার নব্য সম্প্রদায়ের মধ্যে এক মহাবিপ্লব ওতঃ প্রোতভাবে বহিয়া যাইতেছিল। একদিকে চাকচিকাময় ফেরঙ্গ সভা-ভার প্রবল অনুচিকীর্যা, অন্তদিকে হিন্দুধর্মের প্নজীবিত করণের প্রচেষ্টা। এই দোটানার মধ্যে পড়িয়া কত নব্য যুবক যে দিশেহার। হইয়া গিয়াছিলেন, তাহার সংখ্যা নাই। জীবনের এই মহাসন্ধিক্ষণে বঙ্গদেশের দশটা জেলার বিপুল সম্পত্তি, গঙ্গার জলোচ্ছ্যাসের মত উদ্দাম যৌবন এবং অসীম প্রভূত্ব-বিস্তারের অবকাশ পাইয়াও তিনি বিলাস-বাসন হইতে দূরে থাকিয়া, যে অসাধারণ হৃদয় বলের পরিচয় দিয়া

গিয়াছেন, তাহা বাস্তবিকই অন্যত্ত্ব এবং প্রশংসনীয়। ছদ্য়ে অন্যসাধারণ ধর্মভাব, প্রবল আধ্যাত্মিক শক্তি এবং পূর্বজনার্জিত স্কৃতি না থাকিলে এ অবস্থায় কেহ অবিচলিত থাকিয়া আত্মোরতির দিকে অগ্রসর হইতে পারে না। তিনি এই বয়স হইতেই স্বর্গীয় পিতার আচরিত ধর্ম, তাঁহার কীর্তিকলাপ অক্ষ্প্ররাথাই জীবনের পরম লক্ষ্য বলিয়া গ্রহণ করিয়াছিলেন। জীবনের এ মহাব্রত উদ্যাপন করিতে কোন দিনই তাঁহার ক্রটী বা শৈথিল্য প্রকাশ পায় নাই। এই সময়ে নব্য সম্প্রদায়ের যে সকল খ্যাতনামা মহোদ্য়ের সহিত কর্মজীবনে তাঁহার সংসর্গ ঘটয়াছিল, তাঁহাদের মধ্যে স্বনামধ্য প্রাত্মেরণীয় ৺ভূদেৰ মুখোপাধ্যায়, ৺ইক্রনাথ বন্দ্যোপাধ্যায়, পাইকপাড়ার রাজা ৺ইক্রচক্র সিংহ এবং রাজা ৺ক্রেত্মোহন সিংহ বাহাত্রের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। এই সকল মহাপুরুষের প্রভাবও তাঁহার জীবনের উপর বড কম কাজ করে নাই।

রাজা সাহেব কমললোচনের জীবদশাতেই জেমোর প্রসিদ্ধ সিংহ-বংশে তাঁহার বিবাহ হয়। এই উদাহ ফলে তাঁহার হুইটা কন্সা এবং হুইটা পুত্রসন্তান জন্মগ্রহণ করে। ছহিতা ছুইটার নাম শতরূপা ও প্রিয়ম্বদা এবং পুত্রন্বয়ের নাম শরদিন্ধু ও পূর্ণেন্ধু। ভাগলপুরে সিংহবংশে কন্সা ছুইটার এবং জ্যেষ্ঠপুত্র শরদিন্ধুর বিবাহ ত্রিবেণীর জমিদার ৺গোপী মোহন সিংহের ও কনিষ্ঠ পূর্ণেন্ধুর বিবাহ রুদোরার সিংহ চৌধুরী বংশের কন্সার সহিত দেন। রায় সাহেব তাঁহার সমস্ত সম্পত্তি ছুই পুত্রকে বিভাগ করিয়া দিয়া গিয়াছেন। তাঁহার উভয় পুত্রই উপযুক্ত, কৃতবিছ্য, ধর্ম্মপরায়ণ এবং পিতৃপদাঙ্কের অনুসরণকারী। জ্যেষ্ঠ ত্রীযুক্ত শরদিন্দ্নারায়ণ রায় "বড় কুমার" এবং কনিষ্ঠ ত্রীযুক্ত পূর্ণেন্দ্নারায়ণ 'ছোটকুমার' নামে খ্যাত। শরদিন্দ্নারায়ণ বিশ্ববিদ্যালয়ের কৃতী ছাত্র। ভিনি এলাহাবাদ বিশ্ববিদ্যালয় হইতে এম-এ পরীক্ষা দিয়া ইংরাজীভে

প্রথম স্থান অধিকার করেন এবং সংস্কৃতে ব্যুৎপত্তিহেতু প্রাক্ত উপাধি লাভ করেন। ইনি পূর্ব্বে দিনাজপুর মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যান এবং ব্যবস্থাপক সভার সভ্য ছিলেন। তিনি এক্ষণে অধিকাংশ সময় ত্রিবেণীতেই অবস্থান করেন এবং উভয় স্থলের জমিদারী পর্য্যবেক্ষণ করেন। এখনও তাঁহার অবসর সময়ের অধিকাংশই জ্ঞানান্ত্র্মালনে অতিবাহিত হয়। কনিষ্ঠ দিনাজপুরেই অবস্থান করেন। বর্ত্তমানে তিনি তথাকার মিউনিসিপ্যালিটীর ভাইস-চেয়ারম্যান।

স্বর্গীয় রায় সাহেবের বয়স যথন সপ্তবিংশ বর্ষ তথন তাহার কনিষ্ঠ পুত্রের জন্ম হয়। তদবধি তিনি স্ত্রীসংসর্গ পরিত্যাগ করিয়া জীবনের শেষ দিন পর্যান্ত কঠোর ব্রহ্মচর্য্য পালন করিয়াছিলেন 🔻 এরপ পূর্ণ যৌবনে নিষ্ঠার সহিত ব্রহ্মচর্যোর অনুষ্ঠানে তাঁহার ফ্লয়ের দুঢ়ভাই স্চিত হইয়াছিল। সুকুমার বাল্যকাল হইতে তাঁহার হৃদয়ে যে ধর্ম-ভাবের বীজ উপ্ত হইয়াছিল, ব্যোর্দ্ধি-সহকারে তাহা অঙ্কুরিত হইয়া শ্রামল পল্লবিত মহামহীকৃতে পরিণত হইয়াছিল। অতুল সম্পদ এবং ভোগবিলাসের প্রাচর্য্যের মধ্যে অবস্থান করিয়াও যেরূপ অনাসক্তভাবে তিনি জীবন যাপন করিয়া গিয়াছেন, আজিকার দিনে তাহার স্কুরুপ দৃষ্টাস্ত তুল ভ না হইলেও নিতাস্ত বিরল। ভোগবিলাসের কলুষিত ছায়া কোন দিন তাঁহাকে স্পর্শও করিতে পারে নাই। পূর্ণ যৌষনে ব্রহ্মচর্যাপরায়ণ এবং অপরাপর যাবতীয় ভোগবিলাস-বিমুখ থাকিয়া বরাবর পর্ম নিষ্ঠার সহিত সান্তিক জীবন যাপন করিয়া গিয়াছেন। দিবদে একমুষ্টি আতপান্ন, কাঁচকলা ও ডমুরের ঝোল, এবং রাত্রিকালে সাগু, বালি এবং সামাগ্র হ্রগ্ধ ছিল তাঁহার নিত্য আহার। শ্রীগোবিনের প্রসাদী মিষ্টার পকার প্রসাদ বলিয়া কণিকামাত্র প্রতিদিন জিহবায় স্পর্শ করিতেন।

স্বর্গীয় মহাত্মা রায় সাহেব মহাশয় একজন পর্ম নিষ্ঠাবান বৈষ্ণব

ছিলেন। প্রকৃত বৈষ্ণবের যে লক্ষণ তাহা তাঁহার জীবনের দৈনন্দিন প্রত্যেক কার্য্যের মধ্যে স্বতঃই ফুটিয়া উঠিত। একজন প্রবল প্রতাপশালী জমিদার ইয়াও তিনি লোকব্যবহারে ত্ণাদপি নীচ হইয়া থাকিতেন, তকর মত তাঁহার সহিষ্ণৃতা ছিল এবং সর্বাদ। হরিনাম কীর্ত্তন ও ধর্মপ্রসঙ্গ লইয়া সাধুদজনসহবাসে দিনধাপন করিতেন। তাঁহার বেশভ্যাতেও কোন আড়ম্বর ছিল না। তাঁহাকে জানা না থাকিলে, তাঁহার বেশভ্যা দেখিয়া তাঁহাকে রায় সাহেব বলিয়া লোকে ব্ঝিতে পারিত না। প্রকৃত বৈষ্ণবের মত তিনি অতি দীনভাবাপর এবং বিবিধ সংগুণে ভৃষিত ছিলেন। সাক্ষাৎ হইলে প্রথম সম্ভাষণ তিনিই করিতেন, অপরকে সে অবসর দিতেন না। এমন কি একটা বালকের সহিত কথা কহিতে, কি আলাপ করিতে হইলেও তিনি বিনীতভাবেই কথা কহিতেন। আজিকালিকার বড়লোক বা জমিদারগণের স্তায় তিনি অনধিগম্য ছিলেন না। সামাস্ত ইতর লোক, এমন কি একটা বালক পর্যান্ত অসক্ষোচে তাঁহার দিকট উপস্থিত হইয়া তাঁহার সহিত কথা কহিতে।

তিনি প্রতাহ বাদ্ধমুহুর্ত্তে গাত্রোখান করিতেন। বাড়ীতে যে রাধাগোবিদ বিগ্রহ প্রতিষ্ঠিত ছিল, নিম্নলিথিতভাবে তাঁহার সেবার্জনা এবং ভোগরাগাদি সম্পন্ন হইত। কোনওক্রমে তাহার ব্যতিক্রম হইবার উপায় ছিল না। অতি প্রত্যুবে মঙ্গল আরতি, প্রভাতী-কীর্ত্তন। লুচি, ভাজা ও ক্ষীরের লাড়ু ভোগ। বাড়ী প্রদক্ষিণ করিয়া সংকীর্ত্তন।

তাহার পর স্নান, আরতি, ফলমূল, লুচিভোগ।

তৎপরে মধ্যাহ্নে রাজভোগ—আধ মণ অন্ন, বছবিধ তরকারি, বিবিধ মিষ্টান্ন, ভোগ, আরতি ও কীর্ত্তন।

বৈকালে—রাস, বৈকালী ভোগ—ফলমূল, ডাব, নানাবিধ সরবং, ছানা, মাধন, ক্রীর সর ইত্যাদি।

সন্ধ্যায়—আরতি, ২ ঘণ্টা কীর্ত্তন।

রাত্রি >•টায়, শয়ন আরতি ও কীর্ত্তন।

এই ছিল তাঁহার দেবসেবার দৈনন্দিন ব্যবস্থা। প্রোঢ়াবস্থা পর্যান্ত ভিনি স্বহস্তে ঠাকুরবাড়ী খোভ করিভেন, বাসন মাজিভেন, পাখা টানিভেন। গ্রীম্মকালে রাত্রি একটা কিংবা ছুইটা পর্যান্ত বসিয়া নিজহস্তে পাখা টানিভেন, কাহারও নিষেধ ভনিভেন না। তাঁহার মত এত বড় একনিষ্ঠ ভক্ত আজিকার দিনে বড় একটা দেখা যায় না। অথচ কোন বিষয়ে প্রভিষ্ঠা-ভিখারী ছিলেন না। ভিনি আপনাকে গোবিল জ্ঞীউর বাড়ীর কাল কুকুর বলিয়া অভিহিত করিভেন।

রাজর্ষি জনকের মত তিনি সংসারে থাকিয়াও সকল বিষয়ে অনাসক্ত এবং উদাসীন ছিলেন! তাঁহার সমস্ত কার্য্যে গীতার নিকামতা প্রকটিত হইত। দিনান্তে এক সন্ধ্যা ভগবৎ প্রসাদ গ্রহণ করিয়া এই মহাত্মা পরার্থে জীবন যাপন করিতেন। তাঁহার দান সাত্তিক দান ছিল। তিনি কথনও নাম বা প্রতিষ্ঠার লোভে ডঙ্কা বাজাইয়া দান করেন নাই। প্রত্যহ কত অনাথ, আতুর, সাধু, সন্ন্যাসী, বৈষ্ণব, অভ্যাগত, ভিখারী তাঁহার নিকট অন্ন ও দাহায্য পাইত, তাহার ইয়তা নাই। এক কথায় তাঁহার গৃহ ও অতিথিশালা একটা অনাথ ভাণ্ডার ছিল। এ স্থান হইতে তাঁহার জীবদ্দশায় কোন অর্থাকে বিফলমনোর্থ হট্যা ব্রিক্ত-হত্তে ফিরিতে হয় নাই। কত অনাথ বালক, কত হু:স্থ বিছার্থী তাঁহার আর্থে শিক্ষা লাভ করিয়া ধন্ত হইয়া গিয়াছে। তিনি স্বজাতি দরিদ্র উত্তর রাঢ়ীয় কায়স্থসন্তানগণের বিভাশিক্ষার জক্ত বহুকাল যাবং বার্ষিক প্রায় সহত্র মূড়া বৃত্তি বরাদ করিয়া দিয়াছিলেন। দিনাজপুর, कांभी, तुन्नावन ও यानम्ट्य चार्डिश-मरकाद्वत ज्ञ छिनि श्रिष्ठ ৰৎসর ৫০।৬০ হাজার টাকা দান করিয়া গিয়াছেন, এতন্তির বার্ষিক অধ্যাপক পণ্ডিত-বিদায়েও প্রায় ১০।১২ হাজার টাকা ব্যয় করিতেন। ভাঁহার দানশৌওতার অবধি ছিল না। তিনি বছ বৈষ্ণব প্রতিষ্ঠানের পৃষ্ঠপোষক ছিলেন। "বঙ্গদেশীয় কায়স্থ সভা"র কার্য্যে তিনি প্রতি বংসর রীতিমত সাহায্য করিতেন এবং বিগত ৩০ বংসর ষাবং উত্তর রাটীয় কায়স্থ সভার শিক্ষা-সমিতিতে বার্ষিক সহস্র টাকা করিয়া সাহায্য করিয়া গিয়াছেন। তাঁহার বংশের এই অক্ষয়কীর্ত্তি যাহাতে চিরস্থায়ী হয়, তাহার উপায়বিধানকয়ে তিনি বার্ষিক চল্লিশ হাজার টাকা আয়ের জমিদারী দেবোত্তর করিয়া গিয়াছেন। উহার সমস্ত অং ই দেবতা, অতিথি ও বৈষ্ণবসেবায় ব্যয়িত হইবে। তাহার জমিদারীর বিভিন্ন স্থানে যে সকল সেবা-প্রতিষ্ঠান এবং শ্রীরুলাবনধামে তাহার প্রতিষ্ঠিত যে ঘুইটি কৃঞ্জ বা মন্দির আছে তাহার ব্যয়-নিক্যাহের বাবস্থাও তিনি করিয়া গিয়াছেন। অর্থের সার্থকতা নিজের বিলাসভোগে নয়—উহার সার্থকতা দানে। পরলোকগত মহাত্মা রায় সাহেব তাহার বিপুল সম্পদ পরের সেবায়, আর্ত্তের ছংথমোচনে বিলাইয়া দিয়া তাহার উজ্জ্বল দৃষ্টান্ত রাধিয়া গিয়াছেন। তাঁহার নথর দেহ লয় হইয়াছে, কিন্তু তাঁহার এইসকল কীর্ত্তি চিরদিন অক্ষয় হইয়া দেদীপ্যমান থাকিবে।

১৮৭৪ খ্রীষ্টাব্দে যথন ভীষণ ছর্ভিক্ষে দেশময় হাহাকার পড়িয়া যায়,
একমৃষ্টি অরের জন্ম যথন হাজার হাজার লোক লালায়িত হইয়া মরণের
কোলে ঢলিয়া পড়িতে থাকে, সেই সময়ে যে সকল মহাত্মা অনশনমৃত্যুর কবল হইতে লোকক্ষয় নিবারণ করিবার জন্ম মৃক্তহন্তে অগ্রসর
হইয়াছিলেন তাঁহাদের মধ্যে স্বর্গীয় রায় সাহেব অন্ততম। প্রজার
প্রাণরক্ষাহেতু তাঁহার অসাধারণ দানে মৃথ্য হইয়া গভর্ণমেন্ট তাঁহার
সদম্ভানের পারিভোষিকস্বরূপ তাঁহাকে রায় সাহেব উপাধি দানকরেন। গভর্ণমেন্ট যথন তাঁহাকে এই উপাধি-অলঙ্কারে ভূষিত করেন,
তথন তিনি তরুণ যুবক। পরবর্ত্তী কালে অর্থাৎ ১৮৮২ সালে গভর্ণমেন্ট
তাঁহাকে আরও সন্মানিত করিবার নিমিত্ত যথন রাজা উপাধি দিবার জন্ম

আগ্রহ প্রকাশ করিলেন তথন তিনি সবিনয়ে তাহা প্রত্যাখ্যান করেন। তিনি পার্থিব থাতি বা প্রতিপত্তির প্রত্যাশী ছিলেন না। তথন তাঁহার বৈরাগ্যোদয় হইয়াছে—প্রতিষ্ঠা তথন তাঁহার নিকট শ্করীবিষ্ঠাবং। যিনি আপনাকে গোবিন্দজীউর বাড়ীর কাল কুকুর নামে অভিহিত করিয়া বিপুল নির্মাল আনন্দ লাভ এবং নিজেকে পরম সৌভাগ্যবান ও সম্মানিত মনে করিতেন, পার্থিব রাজ-সম্মান তাঁহাকে কি আর বিচলিত করিতে পারে? বছ ব্রাহ্মণপণ্ডিত এবং ভক্ত বৈষ্ণব তাঁহাকে ভক্তিভূষণ, ভক্তিভূঙ্গ, বিছারত্ব বা বিছাবিনোদ প্রভৃতি উপাধিগ্রহণ করিবার জন্ম অনুরোধ করিয়াছিলেন, কিন্তু তিনি সকল সময়ে সহাস্যে সবিনয়ে সে সকল প্রত্যাখ্যান করিয়া বলিতেন, "গোবিন্দজীর কাল কুকুরই আমার শ্রেষ্ঠ উপাধি। অন্ত উপাধির আকাজ্জা নাই।"

তিনি বিষয়ে অনাসক্ত এবং সর্বাদা ভগবচ্চিস্তায় ব্যাপৃত থাকিলেও কোনও রূপ বৈষ্ট্রিক বিষয়ের পর্যাবেক্ষণে বা সাংসারিক কোনও রূপ কর্ত্তব্য-পালনে কেই কোনওদিন তাঁহার কোনও রূপ ক্রতী লক্ষ্য করে নাই। তিনি চিরজীবন দিনাজপুরেই অতিবাহিত করিয়াছেন এবংপ্রতিদিন আহ্নিক পূজার পর নিয়মিতভাবে জমিদারীর কার্য্য পরিচালনা করিয়াছেন। এমন কি অন্ধ হইবার পরও এ কার্য্য হইতে বিরত হন নাই। চক্ষে দেখিতে না পাইলে অর্থা-প্রত্যর্থার এবং হংস্থ প্রজার আর্জিবা নিবেদন শুনিয়া তাহার যথাযোগ্য ব্যবস্থা করিয়াছেন এবং কর্মচারী-দিগকে যথাবিহিত আদেশ ও পরামর্শ দিয়াছেন। প্রজার স্থেমছন্দতা এবং অভাব-অভিযোগের প্রতিকারে সকল সময়েই তাঁহাকে অবহিত দেখা গিয়াছে। স্বধর্ম্মে বেমন তাঁহার বিশ্বাস ছিল, পরধর্ম্মেও তেমনই তাঁহার প্রজা ছিল। মুসলমান প্রজার জন্তুও মসজিদ নির্মাণ করিয়া দিয়া সর্ব্ধর্মের তাঁহার সমদর্শিতা দেখাইয়া গিয়াছেন। এই জন্তুই মুসলমানগণও তাঁহাকে শ্রজা ও ভক্তির চক্ষে নিরীক্ষণ করিত এবং

তাঁহার পরলোকগমনের পর দিনাজপুরের মুসলমান সম্প্রদায় অগ্রণী ইইয়া সর্বপ্রথমে শোকসভা আহ্বান করিয়াছিলেন।

আজিকালিকার দিন স্বর্গগত রায়, সাহেবের মত আশ্রিতবৎসল, বহজন-প্রতিপালক বড় কমই দেখা যায়। তাঁহার অধীন কর্মচারীরা কোন দিনই তাঁহার প্রভুত্বশক্তির পরিচয় পায় নাই। অতি নিম্নপদস্থ কর্ম্মচারীর সহিতও তিনি বন্ধুবং আচরণ করিতেন। তাঁহারা যে পরাধীন একথা উপলব্ধি করিবার অবসর তাঁহারা কোনও দিনই পান নাই। জীবনে তাঁহাকে কাহারও নিলা করিতে বা ক্রোধের বশীভূত হইতে কেহ দেখে নাই। একবারমাত্র তিনি একজন দারবানের হর্ক্যবহারে বিরক্ত হইয়া তাহাকে তিরস্কার করিয়াছিলেন! সেই ঘটনার অল্লক্ষণ পরেই পার্শস্থিত একজন স্বস্থৎ কর্মচারীকে সম্বোধন করিয়া বলিলেন,—''আমার ক্রোধ হল, আমাকে সাবধান করিলেন না কেন?" তত্ত্তেরে সেই স্বন্ধৎ বলিয়াছিলেন,—"অস্তায় কিছু করেন নাই। এতে কার না ক্রোধ হয়:" তিনি উত্তর করিলেন, —''অস্তায় না হোক্ ক্রোধ ত বটে, কুদ্ধ না হলেও ত প্রতিকার করিতে পারিভাম, এখনও বুক হর হর করছে।" সাধিক ব্রহ্মচারীর যাহ। লক্ষণ, তাহা পূর্ণ মাত্রায়ই তাঁহার স্বভাব-চরিত্রে প্রতিভাত হইয়াছিল।

প্রাচ্যবিত্যামহার্ণব শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বস্থবর্শ্ম মহাশয় ১৩৩০ সালের কায়স্থ পত্রিকার ফান্ধন সংখ্যায় উক্ত মহাত্মার লোকান্তর গমনের পর যথার্থই লিখিয়াছেন,—"কায়স্ত সৌরজগতের আর একটা উজ্জ্বল জ্যোতিষ্ক অন্তমিত হইল। স্থামাদের কায়স্থ সমাজের গৌরব, বঙ্গীয় বৈষ্ণব সমাজের উজ্জ্বল রত্ন, দিনাজপুরের স্থপ্রসিদ্ধ রায় সাহেব মহোদয় সম্প্রতি তাঁহার কর্মজীবন হইতে চিরবিদায় গ্রহণ করিয়াছেন।

তিনি আরও লিথিয়াছেন,—"১৫ বৎসরের উপর তাঁহার সহিত্ত আমার আলাপপরিচয়ের সৌভাগ্য ঘটিয়াছে। আমি বছবার তাঁহার

সহিত আলাপ করিবার স্থযোগ পাইয়া ধন্ত হইয়াছি। কনিষ্ঠ সহোদরের স্তায় আমাকে ক্ষেহের চক্ষে দেখিতেন। কেবল আমি বলিয়া নহে, যিনি কথনও সেই মহাপুরুষের সহিত সাক্ষাৎ করিয়াছেন, তিনিই তাঁহার সাধুতা, উদারতা, সরলতা, বৈষ্ণবধর্ম্মে প্রগাঢ় নিষ্ঠা ও জ্ঞানীর উপযুক্ত সদালাপে মুগ্ধ হইয়াছেন। কায়স্থ জাতির তিনি বথার্থ একজন বান্ধব ছিলেন। কিসে কায়স্ত জাতির মর্যাদা, সামাজিক গৌরব ও স্বধর্মোচিত সংস্থার অকুর থাকে এ সম্বন্ধে তিনি অনেকের সহিত আলোচনা করিয়াছেন। স্বজাতির গৌরব-প্রতিষ্ঠা করে তাঁহারই উদারভা-প্রভাবে প্রথমে তাঁহার জ্যেষ্ঠ পুত্র শ্রীযুক্ত শ্রদিন্দুনারায়ণ রায় প্রাক্ত এম-এ মহোদয় এবং পরে তাঁহার কনিষ্ঠ শ্রীযুক্ত পূর্ণেন্ নারায়ণ রায় মহাশয় যথাশাস্ত্র ক্রোচিত উপনয়ন-সংস্কারে সংস্কৃত হইয়াছেন। কারস্থ সভার প্রতিষ্ঠা হইতে রায় সাহেব এই সভার সভ্য হইয়াছেন এবং সভার সকল কার্যোই তিনি সহাত্ত্তি ও উৎসাহ প্রকাশ করিয়া আসিয়াছেন। আজ তাঁহার অভাবে কায়স্থ-জগতের যে বিশেষ ক্ষতি হইয়াছে তাহা বলাই বাহুল্য। আশা করি এবং করুণাময় ভগবানের নিকট প্রার্থনা করি. সেই মহাপুরুষের উপযুক্ত পুত্রদ্বয় পিতৃদেবের নির্মাল চরিত্রের উজ্জ্বল দৃষ্টা:স্তর অমুবর্ত্তী হইয়া স্বজাতির ও সমাজের গৌরব ও মঙ্গল-বিধানে নিয়ত তৎপর হইবেন।"

ভগবানের বিধানে তাঁহার অচলা ভক্তি ছিল। শেষ জীবনে তাঁহার স্ত্রী ও জামাতৃ-বিয়োগ হয় ও তিনি নিজে অন্ধ হন। এই হুর্ভাগ্যের জন্ম তিনি শোকার্ত্ত, ক্লিষ্ট বা লকাত্রন্ত হন নাই। এ সকলও সেই ভগবানের নির্দেশ মনে করিয়া মাথা পাতিয়া লইয়াছিলেন এবং প্রকৃত বৈষ্ণবের ন্থায় 'হুরোরপি সহিষ্ণৃতা' প্রদর্শন করিয়া অটল প্রশান্ত ছিলেন। কেবল একটা বিষয়ে তাঁহাকে বিচলিত করিয়াছিল। তিনি অন্ধ হুইবার পর পাছে অতিথি-সৎকারে কোনও ক্রটী হয় ভাবিয়া

সময়ে সময়ে বড়ই ব্যাকুলতা প্রকাশ করিতেন এবং সে জন্ম সর্বাদা চিন্দ্রিত থাকিতেন। অন্ধাবস্থায়ও তাঁহার শাস্ত্রচর্চ্চার বিরতি ঘটে নাই। একজন পণ্ডিত তাঁহার নিকটে বসিয়া প্রতিদিন তাঁহার অভিপ্রায়-অমুযায়ী শাস্ত্রপাঠ করিয়া শুনাইতেন।

গিরিশ্চক্র বস্থবর্ম বিভালন্ধার তাঁহার সম্বন্ধে একস্থানে লিথিয়াছেন, "যৌবনকাল হইতে তাঁহার অলোকসামান্ত ব্রহ্মচর্য্য ও চরিত্রের দৃঢ়তা সত্যব্রত ভীম্মের প্রতিজ্ঞা ও চরিত্রের ন্তায় সম্জ্জল। এই ভোগসর্বস্থ বুগে অতুল সম্পদ ও ভোগ্যবস্তর মধ্যে এমন অনাসক্তি আমাদের অসাধারণ বিশ্বয় উৎপাদন করিতেছে। ইহাও বিশ্বয়ের বিষয় যে, তাঁহার নিজম্থ হইতে তাঁহার অলৌকিক বৈরাগা ও ব্রহ্মচর্য্যের সামান্ত আভাসও কেহ কথনও প্রাপ্ত হয় নাই। "শুচীনাং শ্রীমতাং গেহে যোগভ্রষ্টেই ভিজায়তে"—এই ভগবছক্তি তাঁহার সম্বন্ধেই প্রয়োজ্য। ধন্য সেই বংশ, ধন্য সেই ভূমি, মাহাতে এই লোকান্তর মহাপ্তক্ষ জন্মগ্রহণ করিয়াছেন।

এই মহাপুরুষ ৭৭ বংসর বয়সে ১৩৩৩ দালে ২৯শে অগ্রহায়ণ একাদশার দিন ইহলোক পরিত্যাগ করিয়া অমরধামে মহাপ্রস্থান করিয়াছেন।

## চাঁচল রাজ-বংশ।

২৪ পরগণার অন্তর্গত বড়িশা (বেহালা-বড়িশা) গ্রামের দাবল চৌধুরী বংশের ৬ সন্তোষ রায় এবং ৬ কালীচরণ রায় দুই সহোদর লাতা ছিলেন। গৃহবিবাদের জন্ত ৬ কালীচরণ রায় সাঁওতাল পর্বাণার অন্তর্গত সাহেবগঞ্জ হইয়া মালদহ জেলার অন্তর্গত চাঁচলের অতি সরিকটে পাহাড়পুরে যাইয়া তথায় ভূসম্পত্তি থরিদ করিয়া বসবাদ করেন। তদবিধ চাঁচলের রাজবংশ চলিয়া আসিতেছে। ৬ কালীচরণ রায় চৌধুরী মহাশ্যের পুত্র ৬ ক্লফচন্দ্র রায় চৌধুরী, তাঁহার দত্তক পুত্র ৬ ধরণীধর রায় চৌধুরী, তাঁহার পুত্র ৬ গাঁরীকান্ত রায় চৌধুরী. তাঁহার পুত্র ৬ রামচন্দ্র রায় চৌধুরী, তাঁহার পুত্র ৬ ক্লয়রচন্দ্র রায় চৌধুরী, তাঁহার পুত্র ৬ রামচন্দ্র রায় চৌধুরী, তাঁহার পুত্র ৬ ক্লয়রচন্দ্র রায় চৌধুরী, তাঁহার পুত্র ৮ ক্লয়রচন্দ্র রায় চৌধুরী, তাঁহার পুত্র ৮ ক্লয়রচন্দ্র রায় চৌধুরী, তাঁহার পুত্র ৮ ক্লয়রচন্দ্র রায় চৌধুরী, তাঁহার দত্তক পুত্র রাজা শরচন্দ্র রায় চৌধুরী বাহাছর।



বায়ে শ্রাষ্ঠ শাবা প্রসন্ন মূখে পোনায়ে ব'হাছব সি. ভাই, ই

## রায় তারাপ্রসন্ন মুখোপাধ্যায় বাহাত্র

সি-আই-ই

রায় শ্রীয়ত তারাপ্রসন্ন মুখোপাধ্যায় বাহাত্ব তাঁহার মাতার মাতুলালয় বর্দ্ধমান জেলার জামালপুর থানার অন্তর্গত রাণাপাড়া গ্রামে ১২৭২ সনে পৌষসংক্রান্তিতে জন্মগ্রহণ করেন। তাঁহার পিতার নাম ৮ রাখালদাস মুখোপাধ্যায় এবং মাতার নাম শ্রীমতী মোহিনী দেবী।

ভ রাথালদাস মুখোপাধ্যায় কুলীন বংশোদ্ভব, কুলের মুক্টি, গঙ্গাধর ঠাকুরের সস্তান। উত্তরপাড়া-নিবাসী ভ রাজা প্যারীমোহন মুখো-পাধ্যায় যে বংশোদ্ভব, রায় তারাপ্রসন্নও সেই বংশোদ্ভব। রাজা শ্যারীমোহন তারাপ্রসন্নের নিকট জ্ঞাতি ছিলেন।

রায় তারাপ্রসন্ন মুখোপাধ্যায় ও রাজা প্যারীমোহন মুখোপাধ্যায়ের পূর্বপুরুষণ হগলী জেলার অন্তঃপাতী খামারগাছি গ্রামে বাদ করিতেন, পরে তাঁহারা বিচ্ছিন্ন হন। রায় বাহাছরের পিতাজেলা বর্দ্ধমানের অন্তঃপাতী পাঁচড়া গ্রামে তাঁহার মাতুলালয়ে বাদ করিতেন, এক্ষণে রায় বাহাছর সেইস্থানে বাদ করিতেছেন। রায় বাহাছর বাল্যকালে কিছুদিন বর্দ্ধমান রাজ-ক্লে অধ্যয়ন করিয়া বর্দ্ধমান হইতে চুঁচুড়ায় যান, তথায় তাঁহার পিতা তাঁহাকে হুগলী কলেজিয়েট ক্লে ভর্তি করিয়া দেন এবং তথা হইতে প্রবেশিকা পরীক্ষা পাশ করিয়া হুগলী কলেজে এফ্-এ পড়েন। পরে কলিকাতায় আসিয়া জেনারেল এসেম্ব্রী কলেজ হইতে এফ্-এ পাশ করেন। মেট্রোপলিটন কলেজ হইতে তিনি বি-এ পাশ করেন। বি-এ পাশ করিবার পর কিছুদিন এটর্ণী অফিসে কার্য্য করিয়া তিনি হাওড়া জেলার

অন্তঃপাতী জগংবল্লভপুর হাই স্থলের হেড্ মাষ্টার হন। উক্ত পদে কার্য্য করিতে করিতে তিনি বি-এল্ পরীক্ষা দেন এবং বর্জমানে ওকালতী আরম্ভ করেন। জগংবল্লভপুরের অধিবাসিগণ তাঁহার উপর এতাদৃশ সম্ভষ্ট হইয়াছিলেন যে, তাঁহারা তাঁহাকে স্থলের সেক্রেটারীপদে নিযুক্ত করেন; কিন্তু বর্জমান হইতে জগংবল্লভপুরে আসিয়া সেক্রেটারীর গুরু দায়িত্বপূর্ণ কার্য্য করিতে অস্থবিধা হওয়ায় কিছুদিন পরে তিনি উক্ত পদ পরিত্যাগ করেন।

আজ প্রায় ৪০ বংসরকাল তিনি বর্দ্ধমানে ওকালতী করিতেছেন। ওকালতী ব্যবসায়ে প্রবৃত্ত হইবার পরই তিনি সদর লোকাল বোর্ডের মেম্বর নির্বাচিত হন। এই প্রকার অবৈতনিক জনহিতকর কার্য্য করিতে তারাপ্রসন্নবাব বিশেষ আনন্দ অনুভব করেন। বর্দ্ধমানের স্বনামংগ্র রায় ৬ নলিনাক্ষ বস্থ বাহাছর তাঁহাকে সমধিক শ্লেহ করিতেন। রায় বাহাছরের জীবন হেতমপুর রাজ-ষ্টেটের কার্য্যে অতিবাহিত হইয়াছে বলিলেও অত্যক্তি হয় না। তিনি অনেক সময় বলেন যে, তিনি আপন স্ত্রী পুত্র কন্তা প্রভৃতির অপেক্ষা জেলা বোর্ডকে অধিকতর ভালবাদেন। তিনি নিজের পয়সা-কড়ির আদৌ কোন হিদাব রাখেন না, কিন্তু জেলাবোর্ডের একটি পয়সার কোন মতে অপচয় হইবার উপায় নাই। এজন্ম তিনি জেলাবোর্ডের অনেক স্বার্থারেষী কর্মচারীর বিরাগভাজন হইয়াছেন বটে, কিন্তু তাহাতে কখনও আপন কর্ত্তব্যপথ হইতে বিন্দুমাত্র খালিত হন নাই ৷ বর্দ্ধমানের প্রবীণ ম্যাজিষ্টেট্ তাঁহার বাৎসবিক বিপোর্টে লিখিয়াছেন, - "Rai Tara Prasanna Mukherjee Bahadoor, a faithful guardian of the District Board finance" অর্থাৎ তারাপ্রসন্নবার জেলা বোর্ডের টাকাকডির একজন বিশ্বাসভাজন পরিরক্ষক।

বদ্ধমান লোকাল বোর্ডের সদস্ত হইবার পর কিছুদিনের মধ্যে তিনি

উক্ত বোর্ডের চেয়ারম্যান এবং জেলাবোর্ডের সদস্থ নির্বাচিত হন।
একাদিক্রমে ১৮ বৎসরকাল কার্য্য করিবার পর তিনি সদর লোকালবোডের চেয়ারম্যানের কার্য্য করিয়া ঐ কার্য্য পরিভ্যাগ করেন।
বরাবরই সহরবাসীরা তাঁহাকে লোকাল বোর্ড ও জেলা বোর্ডের সদস্থ
নির্বাচিত করিয়া আসিভেছে। স্তদীর্ঘ ৪০ বৎসরকাল দেশবাসীর
অকপট ভক্তি ও শ্রদ্ধা লাভ করা নিতাস্ত কম লোকপ্রিয়তার পরিচায়ক নহে। এই বৃদ্ধ বয়সেও তিনি বেতনভোগী ভৃত্যের হায় ১১টা
হইতে ৪টা পর্যাস্ত ভাইস্-চেয়ারম্যানের কার্য্য করিয়া থাকেন। তাঁহার
দেশহিতকর কার্য্যে পরিভূপ্ত হইয়া গ্রেণ্মেণ্ট তাঁহাকে "রায় বাছাতর"
৪ " সি-আই-ই" উপাধি প্রদান করেন।

তাহার মাতৃপিতৃ-ভক্তি আদর্শস্থানীয়। তিনি বলেন, জগতে মাতা-পিতার তায় "সাক্ষাৎ ঈশ্বর" আর নাই। মাতাপিতার পূজা না করিয়া তিনি জল গ্রহণ করেন না। তিনি তাঁহার আপন চেষ্টায় শ্বগ্রামে একটি দাতব্য চিকিৎসালয়, একটি পাকা রাস্তা, মধ্য ইংরাজি কুল, সংস্কৃত টোল, বালিকা বিদ্যালয় ও পানীয় জলের বন্দোবস্ত করিয়াছেন। তিনি অস্তুকে উপদেশ দেন—Appearless than what you are. Go supperless to bed than to rise in debt.

রায় বাহাছর বেশভ্ষা সম্বন্ধে যৎপরোনাস্তি অনাড়ম্বর। তাঁহার পিতা তাঁহাকে মৃত্যুকালে বলিয়া গিয়াছিলেন, "কখনও আশ্রিত অথবা অতিথিকে গৃহ হইতে বিফলমনোর্থ হইয়া যাইতে দিবে না।" রাম বাহাছর কখনও পিতৃ আজ্ঞা লজ্মন করেন নাই এবং অনেক গরীব-হংখী ছাত্রকে অয়দান করিয়া তিনি তাহাদের লেখাপড়া শিক্ষার স্বিধা করিয়া দিতেছেন।

তিনি তোষামদপ্রিয় লোককে অত্যন্ত ঘূণা করেন; বাঁহারা

তাঁহাকে উচিত কথা বলে তিনি তাহাদিগকে বরং অধিক শ্রদা করেন।
তাঁহাকে উচ্চপদস্থ রাজকর্মাচারিগণ অত্যন্ত ভক্তি ও শ্রদা করেন
বলিয়া কেহ কেহ মনে করেন, তিনি বুঝি গবর্ণমেন্টের তোষামদপ্রিয়;
কিন্ত প্রক্তপক্ষে তাহা নহে। ব্যবস্থাপক সভার সদস্তরূপে নানা
বিষয়ে তিনি যে বক্তৃতা করিয়াছিলেন তাহা পাঠ করিলে বুঝা যায়,
তিনি কতদ্র স্বাধীনচেতা। বিচার ও শাসনবিভাগ পৃথকীকরণ
বিষয়ে তিনি ভারতীয় ব্যবস্থা পরিষদের সদস্তরূপে অতি জালাময়ী
বক্তৃতা করিয়াছিলেন। সেই বক্তৃতার সারাংশ এই—

"The union of Magistrates with Collectors has been stigmatised as incompatible, but the junction of the thief-catcher with judge is surely more anomalous in theory, more mischievous in practice; so long as it lasts, the public confidence in our criminal tribunals must always be liable to injury and the authority of justice itself must often be abused and mis-applied, and the power of appeal is not a sufficient remedy for the evils."

রায় বাহাতুর ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট হইতে ভারতীয় ব্যবস্থাপক সভার সদস্তপদে কার্য্য করিয়াছেন :

রায় বাহাত্বর প্রবেশিকা পরীক্ষা পাশ করিবার পূর্ব্বে মেদিনীপুর জেলার অন্তঃপাতী মনোহরপুর-নিবাসী ৮চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের কন্তা শ্রীমতী শরংকুমারী দেবীকে বিবাহ করেন, প্রায় ৬।৭ বংসর হইল শরংকুমারী পরলোক গমন করিয়াছেন। মৃত্যুকালে তিনি বামনদাস নামক একমাত্র পুত্র ও একমাত্র কন্তা শ্রীমতী পঞ্বালা দেবীকে রাখিয়া যান। শ্রীমতী পঞ্বালার তিনটি পুত্র ও এক কন্তা।

দৌহিত্র ও দৌহিত্রী-পরিবেষ্টিত হইয়াই তিনি কন্তার কলিকাতাস্থ বাসায় মানবলীলা সম্বরণ করেন।

রায় বাহাছরের পিতাও তাঁহার মৃত্যুর সময় তাঁহার জ্যেষ্ঠ পুত্র রায় রাহাছর ও কনিষ্ঠ পুত্র হারাধন মুখোপাধ্যায় ও তিনটি কন্তাকে রাখিয়া পরলোক গমন করেন। কনিষ্ঠ পুত্র হারাধন আজ প্রায় ৬।৭ বৎসর হইল পরলোক গমন করিয়াছেন। তাঁহার একটি মাত্র পুত্র শ্রীযুত্ত পঞ্চানন মুখোপাধ্যায়।

তাঁহার শশুর গবর্ণমেণ্টের স্বরাষ্ট্র-বিভাগের কোষাধ্যক্ষ ছিলেন। তিনি বছ অর্থ উপার্জন করিয়া কলিকাতায় অনেক সম্পত্তি অর্জন করেন। কলিকাতায় তিনি ২১নং ক্রীক রোতে বাস করিতেন।

রায় বাহাত্র নিম্লিখিত জনহিতকর কার্য্যসমূহ করিয়াছেন :--

(১) প্রায় ২৫ বৎসর যাবৎ সদর লোকাল বোর্ডের স্বস্থ্য (২) উক্ত বোর্ডের ১৭ বৎসর যাবৎ চেয়ারম্যান (৩) ৪০ বৎসর যাবৎ বর্জমান জেলা বোর্ডের সভ্য (৪) ৩৫ বৎসর যাবৎ বর্জমান জেলা বোর্ডের সভ্য (৪) ৩৫ বৎসর যাবৎ বর্জমান জেলা বোর্ডের সভ্য (৫) ৩০ বৎসর যাবৎ বর্জমান টেক্নিকাল স্কুল কমিটির সহকারী সভাপতি (৬) ৩০ বৎসর যাবৎ পশু চিকিৎসা কমিটির সেক্রেটারী ও সভ্য (৭) তিন বৎসর যাবৎ বর্জমানের মিউনিসিপ্যাল কমিশনার (৮) বর্জমান জেলা ক্ষমি সমিতির সদস্থ (৮) বর্জমান ফ্রেজার হাসপাতাল কমিটির সদস্থ (৯) বর্জমান কো-জ্পারেটিভ ব্যাঙ্কের ভাইস্ চেয়ারম্যান (১০) ডিয়ার্কট হোম ইন্ডান্তাপের সদস্থ (১) বর্জমান জেলা বোর্ডের ভাইস্-চেয়ারম্যান (১২) অস্তরীণ অবরুজ্বিদিগের ও জেলের বেসরকারী পরিদর্শক (১৩) পাঁচড়া ইউনিয়ন বোর্ডের সভাপতি (১৪) তিন বৎসর যাবৎ ভারতীয় ব্যবস্থা পরিষদের সদস্থ (১৫) বর্জমান জেলা মাাজিষ্ট্রেট-গঠিত ছর্ডিক্ষ-ভাণ্ডারের কার্য্যনির্কাহক সমিতির সদস্থ (১৬) বর্জমান

বক্সাপীজিতদের সাহায্যের জন্ম হাপিত সমিতির সদস্ত (১৭) বর্জমান করোনেশেন কমিট (১৮) যুদ্ধখন কমিট (১৯) সৈন্ত প্রেরন কমিট (২০) "আওয়ার ডে" কমিট (২০) যুদ্ধ বিরতি দিবস কমিট (২১) শান্তি উৎসব কমিট প্রভৃতির কার্য্যনির্ব্বাহক সমিতির সদস্ত : (২২) শিল্প ও ক্ববি-প্রদর্শনীর সেক্রেটারী (২০) য্যান্টিম্যালেরিয়াল কমিটির ভাইস্-প্রেসিডেণ্ট।


১৯২৭ সালে তিনি সি আই-ই উপাধি প্রাপ্ত হন। তিনি দরবার-পদকও প্রস্কার পাইয়াছিলেন। বাঙ্গালা সরকার প্রতি বংসরই তাঁহাদের কার্য্য-বিবরণীতে রায় বাহাত্রের নাম উল্লেখ করিয়া তাঁহার প্রশংসা করেন। বর্দ্ধমান জেলার ম্যাজিট্রেট মিঃ ফিসার, মিঃ ষ্টিভেন্সন, মিঃ ফলী, মিঃ চোজনার, মিঃ ও'ব্রায়েন, মিঃ হেকক্, মিঃ জে হুইটা, মিঃ মোবালী, মিঃ ওয়াস, মিঃ মার, মিঃ ওয়াডেল, মিঃ স্কুপ, মিঃ ডামও, মিঃ হার্ট প্রভৃতি বর্দ্ধমানের ম্যাজিট্রেট ও জেলা বোর্ডের সভাপতিরূপে তাঁহাদের রিপোর্টে রায় বাহাত্রের ভূয়সী প্রশংসা করিয়াছেন।

## বহরমপুরের শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় মহাশয়ের বংশ-পৌর্ব্বাপর্যাক্রম।

हगनी (जनात नानभूत शामात्रगाष्ट्री धारमत भृत्रभूक्य ; रैहाता ভর্মাজ-গোত্র, ৮কামদেব পণ্ডিতের সস্থান, कुनीन, थएमश्रमन।

৮ দীননাথ মুখোপাধ্যায় দেবেক্তনাথের প্রপিতামহ ইং ১৮৬৪ সালের ১২ই জুন হুগলী জেলার দাদপুর গ্রাম পরিভ্যাগ করিয়া নৌকা-বোগে ১৬ই জুন মুর্শিদাবাদ জেলার বহরমপুরে আসেন।

> রামশরণ দয়ারাম জীবনক্লফ



## বংশ-পরিচর

